অন্যান্য বীরগণের উৎপত্তি, মহর্ষি বেদব্যাসের জন্ম এবং ভূতলে দেবগণের অংশক্রমে অবতরণ-কাহিনী বলা হইয়াছে ॥৯৫॥

দৈত্য, দানব, যক্ষ, নাগ, সর্প, গন্ধর্ব্ব, পক্ষী এবং অন্যান্য নানাবিধ প্রাণীর

অন্যেষাঞ্চৈব ভূতানাং বিবিধানাং সমুদ্ভবঃ।
মহর্ষেরাশ্রমপদে কণ্বস্য চ তপস্বিনঃ ॥৯৭॥
শকুন্তলায়াং দুষ্মন্তাদ্ভরতশ্চাপি জজ্ঞিবান্।
যস্য লোকেষু নাম্নেদং প্রথিতং ভারতং কুলম্ ॥৯৮॥
বসূনাং পুনরুৎপত্তির্ভাগীরথ্যাং মহাত্মনাম্।
শান্তনোর্বেশ্মনি পুনস্তেষাং চারোহণং দিবি ॥৯৯॥
তোজোঽংশানাঞ্চ সম্পাতো ভীষ্মস্যাপ্যত্র সম্ভবঃ।
রাজ্যান্নিবর্ত্তনং তস্য ব্রহ্মচর্য্যব্রতে স্থিতিঃ ॥১০০॥

ভারতকৌমুদী

অন্যেষামিতি। ভূতানাং প্রাণিনাম্। কণ্বস্যেত্যপি পরেণান্বীয়তে ॥৯৭॥

শকুন্তলায়ামিতি। জজ্ঞিবান্ জাতবান্। লোকেষু জগৎসু, যস্য ভরতস্য নাম্না ইদং ভারতং কুলং প্রথিতম্ ॥৯৮॥

বসূনামিতি। প্রথমং পুনরিতি পূর্ব্ববাক্যভেদে। শান্তনোবেশ্মনি গৃহে, ভাগীরথ্যাং গঙ্গাদেব্যাম্, মহাত্মনাং বসূনাম্, উৎপত্তিঃ। পুনশ্চ তেষাং দিবি স্বর্গে আরোহণম্ ॥৯৯॥

তেজ ইতি। তেজোঽংশানাং তেষাং বসূনামেব প্রভাবভাগানাম্, সম্পাতঃ সমূহভূতঃ, অত্র শান্তনোরেব বেশ্মনি, ভীষ্মস্যাপি সম্ভবঃ। তস্য ভীষ্মস্য, রাজ্যান্নিবর্ত্তনং পরাঙ্মুখতা ॥১০০॥

ভারতভাবদীপঃ

প্রজায়ৈ পৈতৃকমৃণং ছেত্তুং দারান্ করোতি চেৎ। তদা জরৎকারুরিব কার্য্যান্তে প্রব্রজেদ্গৃহাৎ ॥
তত্ত্বামৃতং শাস্ত্রসিন্ধোঃ সমং লব্ধং সুরাসুরৈঃ। আস্বাদিতং বিষ্ণুভক্তৈঃ সুরৈর্নান্যৈঃ স্ত্রিয়া জিতৈঃ ॥
দেবপংক্তৌ সুধাং লেভে দৈত্যো দেহচ্ছিদা সমম্। সুচিতশ্চিত্তচক্ষুর্ভ্যাং কাশ্যামেব মহেশ্বরাৎ ॥
স্ত্রিয়া মাদ্যন্তি সন্তোঽপীত্যুক্তং ব্যাসস্য জন্মনি। দেবাসুরনরেম্বেবং সন্তীত্যংশাবতারণে ॥১১॥
অত্যল্পস্যাপি পাপস্য বিপাকমতিদারুণম্। অনুভূতাং চিরং ব্রহ্মন্! অণীমাণ্ডব্যভুক্তভৌ ॥১২॥
শিষ্টানাং চেতসস্তুষ্টির্ধর্ম্মে প্রামাণ্যমশ্নুতে। শকুন্তলামীহমানং দুষ্মন্তস্য মনো যথা ॥১৩॥
পিতুর্দুঃখং হরন্ পুত্রঃ শ্রেয়ো লক্ষ্মীঞ্চ বিন্দতি। ভীষ্মবৎ পুরুবন্মানাৎ পতন্তি চ যযাতিবৎ ॥১৪॥

উৎপত্তি কথিত হইয়াছে। আর, মহর্ষি তপস্বী কণ্বের আশ্রমে দুষ্মন্তের ঔরসে শকুন্তলার গর্ভে ভরত জন্মিয়াছিলেন; যাঁহার নামে ত্রিভুবনে এই ভারতবংশ প্রসিদ্ধি লাভ করিয়াছে ॥৯৬—৯৮॥

মহারাজ শান্তনুর গৃহে গঙ্গার গর্ভে মহাত্মা বসুগণের উৎপত্তি হইয়াছিল, আবার তাঁহারা স্বর্গে চলিয়া গিয়াছিলেন ॥৯৯॥

শান্তনুর গৃহে সেই বসুগণের তেজের অংশেই ভীষ্মের জন্ম হয়; সেই ভীষ্ম চিরকাল রাজ্যনিস্পৃহ ছিলেন, ব্রহ্মচর্য্যব্রত পালন করিয়াছিলেন, প্রতিজ্ঞা রক্ষা

প্রতিজ্ঞাপালনং চৈব রক্ষা চিত্রাঙ্গদস্য চ ।
হতে চিত্রাঙ্গদে চৈব রক্ষা ভ্রাতুর্যবীয়সঃ ॥১০১॥
বিচিত্রবীর্য্যস্য তথা রাজ্যে সম্প্রতিপাদনম্ ।
ধর্ম্মস্য নৃষু সম্ভূতিরণীমাণ্ডব্যশাপজা ॥১০২॥ (যুগ্মকম্)
কৃষ্ণদ্বৈপায়নাচ্চৈব প্রসূতির্বরদানজা ।
ধৃতরাষ্ট্রস্য পাণ্ডোশ্চ পাণ্ডবানাঞ্চ সম্ভবঃ ॥১০৩॥
বারণাবতযাত্রা চ মন্ত্রো দুর্য্যোধনস্য চ ।
কূটস্য ধার্ত্তরাষ্ট্রেণ প্রেষণং পাণ্ডবান্ প্রতি ॥১০৪॥

ভারতকৌমুদী

প্রতিজ্ঞেতি। হতে যুদ্ধে গন্ধর্ব্বৈরিতি শেষঃ। যবীয়সঃ কনিষ্ঠস্য ভ্রাতুর্বিচিত্রবীর্য্যস্য রাজ্যে সম্প্রতিপাদনং সংস্থাপনম্। অণীমাণ্ডব্যস্য মুনেঃ শাপজাঃ, ধর্ম্মস্য, নৃষু মনুষ্যেষু, সম্ভূতিরুৎপত্তিঃ ॥১০১—১০২॥

কৃষ্ণেতি। বরদানাৎ অণীমাণ্ডব্যস্যৈব শাপানন্তরবরার্পণাজ্জায়ত ইতি সা, কৃষ্ণদ্বৈপায়নাৎ প্রসূতির্বিদুররূপেণোৎপত্তিঃ। কৃষ্ণদ্বৈপায়নাদেব ধৃতরাষ্ট্রস্য পাণ্ডোশ্চ প্রসূতিঃ; পাণ্ডবানাং সম্ভব উৎপত্তিশ্চ ॥১০৩॥

বারণেতি। বারণাবতে তদাখ্যে নগরে পাণ্ডবানাং যাত্রা, দুর্য্যোধনস্য মন্ত্রো মন্ত্রণা চ, পাণ্ডবান্ প্রতি, ধার্ত্তরাষ্ট্রেণ দুর্য্যোধনেন কূটস্য ছলস্য প্রেষণঞ্চ ॥১০৪॥

ভারতভাবদীপঃ

ক্ষেত্রবীজে বিনা দ্রোণধৃষ্টদ্যুম্নবপুর্জনিঃ। কেবলাৎ কর্ম্মণ ইতি প্রোক্তং সম্ভবপর্ব্বণি ॥১৫॥
বিষবার্য্যগ্নিভির্লুব্ধা ঘাতয়ন্তি স্ম বান্ধবান্। ঈশ্বরস্তানবত্যেবেত্যুক্তং জাতুষপর্ব্বণি ॥১৬॥
অবিশ্বাস্যাঃ স্ত্রিয়ঃ কামাদ্ঘাতয়ন্ত্যপি বান্ধবান্। ইতি দর্শিতবান্ ব্যাসো হিড়িম্ববধপর্ব্বণি ॥১৭॥
যস্মিন্ গেহে পুরে বাপি বসেৎ পুণ্যতমো জনঃ। উপকুর্য্যাৎ তমিত্যেবমুক্তং বকবধেঽপি চ ॥
ব্রাহ্মণানুগ্রহাদেব ক্ষত্রং জয়তি নান্যথা। ইতি তাপসদৃষ্টান্তাদাহ চৈত্ররথে মুনিঃ ॥১৯॥
সূর্য্যস্য কন্যাং তপতীং নষ্টং রাজ্যঞ্চ লব্ধবান্। বসিষ্ঠস্য প্রসাদেন রাজা সংবরণো যথা ॥২০॥

করিয়াছিলেন, চিত্রাঙ্গদকে পালন করিয়াছিলেন এবং চিত্রাঙ্গদ (গন্ধর্ব্বযুদ্ধে) নিহত হইলে, তাঁহার কনিষ্ঠ ভ্রাতা বিচিত্রবীর্য্যকে রাজ্যে স্থাপন করিয়াছিলেন। আর, অণীমাণ্ডব্যের অভিসম্পাতে ধর্ম্ম মনুষ্যরূপে জন্মগ্রহণ করিয়াছিলেন ॥১০০—১০২॥

আবার ধর্ম্ম অণীমাণ্ডব্যেরই বরে বেদব্যাস হইতে বিদুররূপে জন্মগ্রহণ করিয়াছিলেন। ধৃতরাষ্ট্র, পাণ্ডু ও পাণ্ডবগণের উৎপত্তি বর্ণিত আছে ॥১০৩॥

পাণ্ডবগণের বারণাবতে যাত্রা, দুর্য্যোধনের কুমন্ত্রণা এবং পাণ্ডবগণের নিকট দুর্য্যোধনের কুপরামর্শপ্রেরণ ॥১০৪॥

হিতোপদেশশ্চ পথি ধর্ম্মরাজস্য ধীমতঃ।
বিদুরেণ কৃতো যত্র হিতার্থং ম্লেচ্ছভাষয়া ॥১০৫॥
বিদুরস্য চ বাক্যেন সুরঙ্গোপক্রমক্রিয়া।
নিষাদ্যাঃ পঞ্চপুত্রায়াঃ সুপ্তায়া জতুবেশ্মনি ॥১০৬॥
পুরোচনস্য চৈবাত্র দহনং সম্প্রকীর্ত্তিতম্।
পাণ্ডবানাং বনে ঘোরে হিড়িম্বায়াশ্চ দর্শনম্ ॥১০৭॥ (যুগ্মকম্)
তত্রৈব চ হিড়িম্বস্য বধো ভীমান্মহাবলাৎ।
ঘটোৎকচস্য চোৎপত্তিরত্রৈব পরিকীর্ত্তিতা ॥১০৮॥

ভারতকৌমুদী

হিতেতি। যত্র পথি বিদুরেণ ম্লেচ্ছভাষয়া ধীমতো ধর্ম্মরাজস্য হিতার্থং হিতোপদেশঃ কৃতঃ, তত্র পথি পাণ্ডবানাং বারণাবতযাত্রেতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। ম্লেচ্ছভাষয়েতি অন্যেষাং বোধনিবৃত্তয়ে। সা চ ম্লেচ্ছভাষেদানীমিদন্তয়া নির্দেষ্টুমশক্যৈব ॥১০৫॥

বিদুরস্যেতি। কিঞ্চেতি চার্থঃ। বিদুরস্য, বাক্যেন আদেশেন, সুরঙ্গায়া ভূগর্ভগতগর্ত্ত-বিশেষস্য উপক্রমক্রিয়া জতুগৃহদাহকালে পাণ্ডবানাং ততো গোপনেন নির্গমায় ভূত্যৈর্নির্ম্মাণ-কার্য্যম্। পঞ্চ পুত্রা যস্যাস্তস্যাঃ পঞ্চপুত্রসহিতায়া ইত্যর্থঃ, অতএব তস্যাং কুন্তীভ্রম ইতি ভাবঃ, অত্র জতুবেশ্মনি সুপ্তায়াঃ, নিষাদ্যাঃ কস্যাশ্চিৎ ব্যাধভার্য্যায়াঃ, পুরোচনস্য তদাখ্যস্য কস্যচিৎ পুরুষস্য চ, দহনং সম্প্রকীর্ত্তিতম্। ঘোরে বনে, পাণ্ডবানাং হিড়িম্বায়া রাক্ষস্যা দর্শনঞ্চ ॥১০৬—১০৭॥

তত্রেতি। তত্রৈব বনে। ভীমাদ্বধো জাত ইতি শেষঃ ॥১০৮॥

ভারতভাবদীপঃ

বসিষ্ঠস্য শতং পুত্রান্নাশয়ামাস কৌশিকঃ। নৈনং ববাধিরে ব্রহ্মহত্যাস্তাস্তপসো বলাৎ ॥২১॥
প্রাজ্ঞঃ খলার্দ্দিতো দেহং সন্তক্ষতি ন তু ক্ষমাম্। ন শশাপ বসিষ্ঠো হি পুত্রঘ্নমপি কৌশিকম্॥
কৌশিকে ক্রৌর্য্যতপসী রাধেয়ে শৌর্য্যভীরুতে। খলে চ বাচি মাধুর্য্যং বীজসংস্কারসঙ্করাৎ॥

পাণ্ডবগণ যে পথে বারণাবতে যাত্রা করিয়াছিলেন, সেই পথে থাকিয়া বিদুর ম্লেচ্ছভাষায় যুধিষ্ঠিরের মঙ্গলের জন্য তাঁহাকে হিতোপদেশ দিয়াছিলেন ॥১০৫॥

পাণ্ডবগণের নির্গত হইবার জন্য বিদুরের আদেশে একটী সুরঙ্গ নির্ম্মিত হইয়াছিল ; পাঁচটী পুত্রের সহিত নিদ্রিত কোন ব্যাধভার্য্যার এবং পুরোচন-নামক কোন পুরুষের সেই জতুগৃহে দাহ হইয়াছিল এবং ভয়ঙ্কর বনের ভিতরে হিড়িম্বারাক্ষসীর সঙ্গে পাণ্ডবদের সাক্ষাৎ হইয়াছিল ॥১০৬—১০৭॥

সেই বনের ভিতরেই ভীমের হাতে হিড়িম্বরাক্ষসের বধ হয় এবং ঘটোৎ-কচের জন্ম হয় ॥১০৮॥

মহর্ষের্দর্শনঞ্চৈব ব্যাসস্যামিততেজসঃ ।
তদাজ্ঞয়ৈকচক্রায়াং ব্রাহ্মণস্য নিবেশনে ॥১০৯॥
অজ্ঞাতচর্য্যয়া বাসো যত্র তেষাং প্রকীর্ত্তিতঃ ।
বকস্য নিধনঞ্চৈব নাগরাণাঞ্চ বিস্ময়ঃ ॥১১০॥ (যুগ্মকম্)
সম্ভবশ্চৈব কৃষ্ণায়া ধৃষ্টদ্যুম্নস্য চৈব হ ।
ব্রাহ্মণাৎ সমুপশ্রুত্য ব্যাসবাক্যপ্রচোদিতাঃ ॥১১১॥
দ্রৌপদীং প্রার্থয়ন্তস্তে স্বয়ংবরদিদৃক্ষয়া ।
পাঞ্চালানভিতো জগ্মুর্যত্র কৌতূহলান্বিতাঃ ॥১১২॥
অঙ্গারপর্ণং নির্জিত্য গঙ্গাকূলেঽর্জ্জুনস্তদা ।
সখ্যং কৃত্বা ততস্তেন তস্মাদেব চ শুশ্রুবে ॥১১৩॥
তাপত্যমথ বাসিষ্ঠমৌর্ব্বঞ্চাখ্যানমুত্তমম্ ।
ভ্রাতৃভিঃ সহিতঃ সর্ব্বৈঃ পাঞ্চালানভিতো যযৌ ॥১১৪॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

মহর্ষেরিতি। যত্র একচক্রায়াং পুর্য্যাম্, অমিততেজসো মহর্ষের্ব্যাসস্য দর্শনমাসীৎ, তদাজ্ঞয়া চ কস্যচিদ্ব্রাহ্মণস্য নিবেশনে ভবনে, তেষাং পাণ্ডবানাম্, অজ্ঞাতচর্য্যয়া বাসঃ প্রকীর্ত্তিতঃ; তত্রৈব একচক্রায়াং বকস্য রাক্ষসস্য, নিধনং ভীমেন হননঞ্চ জাতম্; তদ্দর্শনেন চ নাগরাণাং তন্নগর-বাসিনাং বিস্ময়ো বভূব ॥১০৯—১১০॥

সম্ভব ইতি। কৃষ্ণায়া দ্রৌপদ্যাঃ, ধৃষ্টদ্যুম্নস্য চ, সম্ভব উৎপত্তিঃ। অত্র বহব এব শব্দাঃ পাদপূরণার্থাঃ। ব্রাহ্মণাৎ দ্রৌপদ্যাঃ স্বয়ংবরবৃত্তান্তং সমুপশ্রুত্য দ্রৌপদীং প্রার্থয়ন্তঃ, তে পাণ্ডবাঃ, ব্যাসবাক্যেন প্রচোদিতাঃ প্রোৎসাহিতাঃ কৌতূহলান্বিতাশ্চ সন্তঃ, স্বয়ংবরদিদৃক্ষয়া

ভারতভাবদীপঃ

ব্রাহ্মণো গর্ভসংস্থোঽপি মাননীয়ো মনীষিণাম্। ঔর্ব্বো হি মাতুরুরুস্থঃ ক্ষত্রমন্ধমচীকরৎ ॥২৪॥
লোকবেদবিরোধেঽপি মাতুর্বাক্যং ন লঙ্ঘয়েৎ। ইত্যেকস্যাং রেমিরেঽমী পঞ্চৈত্যুক্তং স্বয়ংবরে ॥

মহাপ্রভাবশালী মহর্ষি ব্যাসের সহিত পাণ্ডবদের সাক্ষাৎ হয়; তাঁহার আদেশে একচক্রাপুরীতে কোন ব্রাহ্মণের গৃহে পাণ্ডবগণ অজ্ঞাতভাবে বাস করেন; সেখানে ভীমের হাতে বকরাক্ষসবধ হয়; তাহা দেখিয়া পুরবাসীদিগের বিস্ময় জন্মে ॥১০৯—১১০॥

দ্রৌপদী ও ধৃষ্টদ্যুম্নের জন্ম হইল। তাহার পর পাণ্ডবগণ কোন ব্রাহ্মণের নিকট দ্রৌপদীর স্বয়ংবরবৃত্তান্ত শুনিতে পাইলেন এবং তাহা দেখিবার জন্য তাঁহাদের কৌতূহল জন্মিল, বেদব্যাসও সেখানে যাইবার জন্য তাঁহাদিগকে

(১১১) চৈব হি···। (১১৩)···তস্মাদেবং স শুশ্রুবে।

পাঞ্চালনগরে চাপি লক্ষ্যং ভিত্ত্বা ধনঞ্জয়ঃ।
দ্রৌপদীং লব্ধবানত্র মধ্যে সর্বমহীক্ষিতাম্ ॥১১৫॥
ভীমসেনার্জ্জুনৌ যত্র সংরব্ধান্ পৃথিবীপতীন্।
শল্যকর্ণৌ চ তরসা জিতবন্তৌ মহামৃধে ॥১১৬॥
দৃষ্ট্বা তয়োশ্চ তদ্বীর্য্যমপ্রমেয়মমানুষম্।
শঙ্কমানৌ পাণ্ডবাংস্তান্ রামকৃষ্ণৌ মহামতী ॥১১৭॥

ভারতকৌমুদী

তৎস্বয়ংবরমেব দ্রষ্টুমিচ্ছয়া, যত্র যদা, পাঞ্চালান্ পাঞ্চালদেশম্, অভিতো লক্ষ্যীকৃত্য, জগ্মুঃ প্রতস্থিরে; তদা অর্জ্জুনঃ, গঙ্গাকূলে অঙ্গারপর্ণং নাম রাজানং নির্জ্জিত্য, ততঃ, তেন অঙ্গারপর্ণেন সহ সখ্যং কৃত্বা, তস্মাদঙ্গারপর্ণাদেব চ, তপত্যা ইদং তাপত্যম্, বাসিষ্ঠম্, ঔর্ব্বঞ্চ উত্তমম্ আখ্যানম্, শুশ্রুবে শ্রুতবান্, ততশ্চ, সর্ব্বৈর্ভ্রাতৃভিঃ সহিতঃ সন্, পাঞ্চালান্, অভিতো লক্ষ্যীকৃত্য যযৌ ॥১১১—১১৪॥

পাঞ্চালেতি। অত্র পাঞ্চালনগরে চ, ধনঞ্জয়ঃ অর্জ্জুনঃ, সর্ব্বেষাং মহীক্ষিতাং রাজ্ঞাং মধ্যে, লক্ষ্যং ভিত্ত্বা, দ্রৌপদীং লব্ধবান্ ॥১৫॥

ভীমেতি। যত্র পাঞ্চালনগরে, ভীমসেনার্জ্জুনৌ, তরসা বলেন মহামৃধে মহাযুদ্ধে, সংরব্ধান্ ক্রুদ্ধান্, পৃথিবীপতীন্, নৃপান্, শল্যকর্ণৌ চ জিতবন্তৌ ॥১১৬॥

দৃষ্ট্বেতি। তয়োর্ভীমসেনার্জ্জুনয়োঃ, অপ্রমেয়ম্ ইয়ত্তয়া প্রমাতুমশক্যম্, অমানুষম্

ভারতভাবদীপঃ

নম্ন বেদবিরুদ্ধেয়মেকস্যা বহুভর্তৃতা। নৈকস্যৈ বহবো নৈকা দ্বৌ পতী ইতি চ শ্রুতী ॥২৬॥
"নৈকস্যৈ বহবঃ সহপতয়ঃ" ইতি "তস্মান্নৈকা দ্বৌ পতী বিন্দতে" ইতি চ শ্রুতিবিশেষঃ।
অগ্নীন্ পঞ্চ ক্রমাৎ প্রাপ্য হব্যমেতি মনুষ্যতাম্। অগ্নয়স্ত্বগ্নিরর্কঃ স্বাপুরুষো যোষিদিত্যপি ॥২৭॥
অগ্নৌ প্রাস্তাহুতিঃ সম্যগাদিত্যমুপতিষ্ঠতে। আদিত্যাজ্জায়তে বৃষ্টির্বৃষ্টেরন্নং ততঃ প্রজাঃ ॥২৮॥

উৎসাহিত করিলেন; তাই পাণ্ডবগণ দ্রৌপদীকে লাভ করিবার ইচ্ছায় পাঞ্চাল-রাজ্যের দিকে প্রস্থান করিলেন; পথে গঙ্গাতীরে অর্জ্জুন অঙ্গারপর্ণ রাজাকে জয় করিয়া, তাঁহার সহিত সখ্য স্থাপন করিলেন, তৎপরে তাঁহার নিকট তপতী বশিষ্ঠ ও ঔর্ব্বের উৎকৃষ্ট উপাখ্যান শ্রবণ করিলেন, তাহার পর ভ্রাতৃগণের সহিত পাঞ্চালদেশে চলিয়া গেলেন ॥১১১—১১৪॥

অর্জ্জুন পাঞ্চালরাজধানীতে যাইয়া সমস্ত রাজগণের মধ্যে লক্ষ্যভেদ করিয়া দ্রৌপদীকে লাভ করিলেন ॥১১৫॥

যে পাঞ্চালরাজধানীতে ভীম ও অর্জ্জুন আপন বাহুবলে ক্রুদ্ধ রাজগণকে এবং শল্য ও কর্ণকে মহাযুদ্ধে জয় করিয়াছিলেন ॥১১৬॥

তাঁহাদের সেই অসাধারণ ও অলৌকিক বাহুবল দেখিয়া তাঁহাদিগকে

জগ্মতুস্তৈঃ সমাগন্তুং শালাং ভার্গববেশ্মনি ।
পঞ্চানামেকপত্নীত্বে বিমর্শো দ্রুপদস্য চ ॥১১৮॥ (যুগ্মকম্)
পঞ্চেন্দ্রাণামুপাখ্যানমত্রৈবাদ্ভুতমুচ্যতে ।
দ্রৌপদ্যা দেববিহিতো বিবাহশ্চাপ্যমানুষঃ ॥১১৯॥
ক্ষত্তুশ্চ ধৃতরাষ্ট্রেণ প্রেষণং পাণ্ডবান্ প্রতি ।
বিদুরস্য চ সম্প্রাপ্তির্দর্শনং কেশবস্য চ ॥১২০॥

ভারতকৌমুদী

অলৌকিকম্. তৎ বীর্য্যং বলম্, দৃষ্ট্বা চ, তান্ পাণ্ডবান্, শঙ্কমানৌ সন্দিহানৌ, মহামতী রাম-কৃষ্ণৌ, তৈঃ পাণ্ডবৈঃ সার্দ্ধম্, সমাগন্তুং সম্মিলিতুম্, ভার্গববেশ্মনি পরশুরামবাস্তুনি, শালাং তেষাং বাসগৃহম্. জগ্মতুঃ। পঞ্চানাং পুরুষাণাম্, একপত্নীত্বে বিষয়ে, দ্রুপদস্য রাজ্ঞঃ, বিমর্শো বিবেচনঞ্চ ॥১১৭—১১৮॥

পঞ্চেতি। অত্রৈব অস্মিন্নবসর এব, অদ্ভুতং পঞ্চেন্দ্রাণামুপাখ্যানম উচ্যতে। দেববিহিতঃ অতএব অমানুষঃ মানুষলোকাপ্রচলিতঃ, পঞ্চপুরুষসাধ্যত্বাদিতি ভাবঃ, দ্রৌপদ্যা বিবাহশ্চ ॥১১৯॥

ক্ষত্তুরিতি। ধৃতরাষ্ট্রেণ পাণ্ডবান্ প্রতি, ক্ষত্তুর্বিদুরস্য প্রেষণঞ্চ, বিদুরস্য সম্প্রাপ্তিঃ পাণ্ডবান্তিকে উপস্থিতিশ্চ, তেন কেশবস্য কৃষ্ণস্য দর্শনঞ্চ ॥১২০॥

ভারতভাবদীপঃ

দ্রোণো বহ্নিচতুষ্কোত্থো যোষিদগ্নেরভাবতঃ। অগ্নিত্রয়োত্থিতা সীতা ভূত্থা পিত্রোরভাবতঃ ॥২৯॥
অগ্নিদ্বয়োত্থিতা দেবা ন স্পৃশন্তি ক্ষিতিং হি তে। দেবজাঃ পার্থমাদ্রেয়া ভূপুমগ্নিবিবর্জ্জিতাঃ ॥
ক্ষিপ্তমাত্রং হবির্বহ্নৌ মিথুনত্বমুপাগতম্। একাগ্নিজাবতঃ পুত্রৌ দ্রুপদস্য সুরাধিকৌ ॥৩১॥
সর্ব্বে সর্ব্বাত্মকা দেবা বিরজোঽবয়বা যতঃ। সর্ব্ব এব সমাঃ সর্ব্বেঽনন্তা ইতি হি বেদগীঃ ॥৩২॥
ন তেষাং ব্যভিচারোঽস্তি ন চেৎ সূর্য্যযমৌ কথম্। পিতাপুত্রৌ সতীং কুন্তীমুপেয়াতাং সুরোত্তমৌ ॥
দ্রৌপদীং দেবজাং পার্থা দেবজা যদি ভুঞ্জতে। ন তেষামত্র দোষোঽস্তি দেবা এব হি তে স্বয়ম্ ॥
শ্রূয়তে ন হি বৈ দেবান্ পাপং গচ্ছতি সর্ব্বথা। তস্মাদ্‌যজ্ঞৈর্দ্দেবভাবং প্রার্থয়ীত নিরেনসম্ ॥
এতদ্বৈবাহিকে ব্যাসো নানাখ্যানোপবৃংহণৈঃ। দর্শয়ামাস লোকানাং সংশয়স্যাপনুত্তয়ে ॥৩৬॥
প্রণমন্তি জিঘাংসন্তোঽপ্যনুকূলে বিধাতরি। পাণ্ডুপুত্রান্ ধার্ত্তরাষ্ট্রা ইত্যুক্তং বিদুরাগমে ॥৩৭॥

পাণ্ডব মনে করিয়া, মহামতি কৃষ্ণ ও বলরাম তাঁহাদের সঙ্গে মিলিত হইবার জন্য পরশুরামের বাটীতে তাঁহাদের গৃহে গিয়াছিলেন। পাঁচ জন পুরুষের একটী স্ত্রী হইবে এ বিষয়ে দ্রুপদরাজার বিবেচনা ॥১১৭—১১৮॥

এই সময়েই অদ্ভুত পঞ্চ ইন্দ্রের উপাখ্যান বলা হইয়াছে, তাহার পর দ্রৌপদীর দৈবকৃত অলৌকিক বিবাহ বর্ণিত হইয়াছে ॥১১৯॥

ধৃতরাষ্ট্র পাণ্ডবগণের নিকট বিদুরকে প্রেরণ করেন, বিদুর তথায় উপস্থিত হন এবং কৃষ্ণের দর্শন লাভ করেন ॥১২০॥

খাণ্ডবপ্রস্থবাসশ্চ তথা রাজ্যার্দ্ধসর্জনম্ ।
নারদস্যাজ্ঞয়া চৈব দ্রৌপদ্যাঃ সময়ক্রিয়া ॥১২১॥
সুন্দোপসুন্দয়োস্তদ্বদাখ্যানং পরিকীর্ত্তিতম্ ।
অনন্তরঞ্চ দ্রৌপদ্যা সহাসীনং যুধিষ্ঠিরম্ ॥১২২॥
অনুপ্রবিশ্য বিপ্রার্থে ফাল্গুনো গৃহ্য চায়ুধম্ ।
মোক্ষয়িত্বা গৃহং গত্বা বিপ্রার্থং কৃতনিশ্চয়ঃ ॥১২৩॥
সময়ং পালয়ন্ বীরো বনং যত্র জগাম চ ।
পার্থস্য বনবাসে চ উলূপ্যা পথি সঙ্গমঃ ॥১২৪॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

খাণ্ডবেতি। খাণ্ডবপ্রস্থবাসশ্চ পাণ্ডবানাম্। রাজ্যার্দ্ধস্য সর্জনং ধৃতরাষ্ট্রেণ পাণ্ডবেভ্যঃ সমর্পণম্। নারদস্য আজ্ঞয়া দ্রৌপদ্যাঃ সহবাসে, সময়ক্রিয়া পাণ্ডবানাং নিয়মবিধানম্ ॥১২১॥

সুন্দেতি। সুন্দোপসুন্দয়োস্তদাখ্যয়োর্ভ্রাত্রোঃ। অনন্তরঞ্চ বীরঃ ফাল্গুনঃ অর্জ্জুনঃ, বিপ্রার্থে ব্রাহ্মণগবীরক্ষার্থে, দ্রৌপদ্যা সহ আসীনম্ একত্রাবস্থিতম্, যুধিষ্ঠিরম্, অনু লক্ষ্যীকৃত্য, গৃহে প্রবিশ্য, আয়ুধং গৃহ্য গৃহীত্বা চ, বিপ্রস্য গা মোক্ষয়িত্বা, গৃহং গত্বা, বিপ্রার্থং কৃতনিশ্চয়ঃ সন্, সময়ং পূর্ব্বকৃতনিয়মং পালয়ন্, যত্র যদা, বনং জগাম, তদা বনবাসে আশ্রীয়মাণে, পথি, উলূপ্যা নাগকন্যয়া সহ পার্থস্য অর্জ্জুনস্য সঙ্গম আসীৎ ॥১২২—১২৪॥

ভারতভাবদীপঃ

যান্ খলা দগ্ধুমিচ্ছন্তি তান্ বর্দ্ধয়তি কেশবঃ। নিরস্তাঃ পাণ্ডবা দারান্ রাজ্যং কীর্ত্তিঞ্চ লেভিরে॥
একাত্মানোঽপি ভিদ্যন্তে স্ত্রীভিঃ সুন্দোপসুন্দবৎ। তস্মাৎ সখ্যুরপি স্ত্রীভির্ন সম্ভাষেত বুদ্ধিমান্ ॥
বিপ্রার্থান্ পালয়েজ্জ্ঞাত্বাপ্যাপদং দ্বাদশাব্দিকীম্। ইতি দর্শিতবান্ ব্যাস আর্জ্জুন্যা তীর্থযাত্রয়া ॥
ন জ্ঞাতীনাং বচঃ প্রেক্ষ্যং বরে শ্রেয়স্যুপাগতে। ইতীব কৃষ্ণো বিজয়ং স্বস্বসারমহারয়ৎ ॥৪১॥
মাতুলস্য সুতাং পার্থো ধর্ম্মতো ভগিনীং সতীম্। কথং জহার ধর্ম্মাত্মাঽপীতি চেত্তৎ শৃণুষ্ব মে ॥৪২॥

পাণ্ডবগণ খাণ্ডবপ্রস্থে বাস করেন, ধৃতরাষ্ট্র পাণ্ডবদিগকে রাজ্যের অর্দ্ধ সমর্পণ করেন এবং পাণ্ডবগণ নারদের আদেশে দ্রৌপদীর সহবাসবিষয়ে নিয়ম বিধান করেন ॥১২১॥

এই সময়ে সুন্দ ও উপসুন্দের উপাখ্যান কথিত হয়। তাহার পর, কোন সময়ে যুধিষ্ঠির দ্রৌপদীর সঙ্গে এক ঘরে অবস্থান করিতেছিলেন, সেই ঘরে অর্জ্জুনের অস্ত্র ছিল; এদিকে কোন ব্রাহ্মণের গরু চোরে নিয়া যাইতেছিল, ব্রাহ্মণ আসিয়া তাহা জানাইলে, অর্জ্জুন সেই ঘরে যাইয়া, অস্ত্র লইয়া, ব্রাহ্মণের গরু ফিরাইয়া আনিয়া, ঘরে আসিয়া ব্রাহ্মণের জন্যই বনবাসে কৃতনিশ্চয় হইলেন এবং বনে চলিলেন; পথে উলূপীনামে নাগকন্যার সহিত তাঁহার সহবাস হইল ॥১২২—১২৪॥

পুণ্যতীর্থানুসংযানং বভ্রুবাহনজন্ম চ ।
তত্রৈব মোক্ষয়ামাস পঞ্চ সোঽপ্সরসঃ শুভাঃ ॥১২৫॥
শাপাদ্‌গ্রাহত্বমাপন্না ব্রাহ্মণস্য তপস্বিনঃ ।
প্রভাসতীর্থে পার্থেন কৃষ্ণস্য চ সমাগমঃ ॥১২৬॥
দ্বারকায়াং সুভদ্রা চ কাময়ানেন কামিনী ।
বাসুদেবস্যানুমতে প্রাপ্তা চৈব কিরীটিনা ॥১২৭॥
গৃহীত্বা হরণং প্রাপ্তে কৃষ্ণে দেবকিনন্দনে ।
অভিমন্যোঃ সুভদ্রায়াং জন্ম চোত্তমতেজসঃ ॥১২৮॥

ভারতকৌমুদী

পুণ্যেতি। অর্জ্জুনস্য পুণ্যতীর্থেষু অনুসংযানং পর্য্যটনম্, অর্জ্জুনাদুলূপ্যাং বভ্রুবাহনস্য জন্ম চাসীৎ। তত্র তদানীমেব সোঽর্জ্জুনঃ, শুভাঃ পঞ্চ অপ্সরসঃ, ব্রাহ্মণশাপাৎ মোক্ষয়ামাস ॥১২৫॥

শাপাদিতি। গ্রাহত্বং জলজন্তুত্বম্, আপন্নাঃ প্রাপ্তাঃ, অপ্সরস ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। পার্থেন অর্জ্জুনেন সহ। সমাগমঃ সম্মেলনম্ ॥১২৬॥

দ্বারকায়ামিতি। অনুমতে অনুমতৌ প্রাপ্তায়াং সত্যাম্, কাময়ানেন সুভদ্রামেবাভিলষতা, কিরীটিনা অর্জ্জুনেন, কামিনী অর্জ্জুনস্যৈবাভিলাষিণী ॥১২৭॥

গৃহীত্বেতি। হরণং যৌতুকং গৃহীত্বা, প্রাপ্তে খাণ্ডবপ্রস্থে উপস্থিতে সতি। উত্তম-তেজসো ভাবিমহাবলস্য ॥১২৮॥

ভারতভাবদীপঃ

ভ্রাতৃস্বস্রোঃ সুতৌ ভ্রাতৃস্বসারৌ যদি শৌনক ! । সপ্তমাদূর্দ্ধমপ্যেষ সম্বন্ধশ্ছিদ্যতাং কথম্ ॥৪৩॥
তস্মাত্তয়োঃ স্বসৃভ্রাতৃভাবো ত্যক্তো বিগোত্রয়োঃ। দাম্পত্যভাবস্তু তয়োর্মন্ত্রলিঙ্গাৎ পরিস্ফুটঃ ॥
আয়াহীন্দ্র পথিভিরীলিতেভির্যজ্ঞমিমং নো ভাগধেয়ং জুষস্ব।
তৃপ্তাং জহুর্মাতুলস্যেব যোষাং ভাগস্তে পৈতৃস্বসেয়ী বপামিব ॥৪৫॥

অর্জ্জুন পবিত্র তীর্থ পর্য্যটন করেন, বভ্রুবাহনের জন্ম হয় এবং এই সময়েই অর্জ্জুন পাঁচজন অপ্সরাকে ব্রহ্মশাপ হইতে মুক্ত করেন ॥১২৫॥

সেই পাঁচজন অপ্সরা পূর্ব্বে কোন তপস্বী ব্রাহ্মণের অভিসম্পাতে জলজন্তু হইয়া রহিয়াছিল। প্রভাসতীর্থে অর্জ্জুনের সহিত কৃষ্ণের সম্মেলন হয় ॥১২৬॥

অর্জ্জুন সুভদ্রার প্রতি অনুরক্ত হইয়াছিলেন, সুভদ্রাও অর্জ্জুনের প্রতি অনুরক্তা ছিলেন; এই বিষয়ে কৃষ্ণের অনুমোদনও ছিল; তাই অর্জ্জুন দ্বারকায় থাকিয়া সুভদ্রাকে লাভ করেন ॥১২৭॥

দেবকীনন্দন কৃষ্ণ উপহার লইয়া খাণ্ডবপ্রস্থে উপস্থিত হইলে, সুভদ্রার গর্ভে মহাবীর অভিমন্যুর জন্ম হয় ॥১২৮॥

দ্রৌপদ্যাস্তনয়ানাঞ্চ সম্ভবোঽনুপ্রকীর্ত্তিতঃ।
বিহারার্থঞ্চ গতয়োঃ কৃষ্ণয়োর্যমুনামনু ॥১২৯॥
সম্প্রাপ্তিশ্চক্রধনুষোঃ খাণ্ডবস্য চ দাহনম্।
ময়স্য মোক্ষো জ্বলনাদ্ভুজঙ্গস্য চ মোক্ষণম্ ॥১৩০॥
মহর্ষের্মন্দপালস্য শার্ঙ্গ্যাং তনয়সম্ভবঃ।
ইত্যেতদাদিপর্ব্বোক্তং প্রথমং বহুবিস্তরম্ ॥১৩১॥
অধ্যায়ানাং শতে দ্বে তু সংখ্যাতে পরমর্ষিণা।
সপ্তবিংশতিরধ্যায়া ব্যাসেনোত্তমতেজসা ॥১৩২॥

ভারতকৌমুদী

দ্রৌপদ্যা ইতি। অনু অভিমন্যোর্জন্মনঃ পরম্। অনু লক্ষীকৃত্য, গতয়োঃ, কৃষ্ণয়োঃ কৃষ্ণার্জ্জুনয়োর্যথাসংখ্যং চক্রধনুষোঃ সম্প্রাপ্তিরিতি পরেণান্বয়ঃ ॥১২৯॥

সম্প্রাপ্তিরিতি। খাণ্ডবস্য তদাখ্যস্য বনস্য। জ্বলনাদগ্নিতঃ, ময়স্য তদাখ্যস্য দানবস্য। ভুজঙ্গস্য অশ্বসেনস্য ॥১৩০॥

মহর্ষেরিতি। শার্ঙ্গ্যাং তদাখ্যায়াং পক্ষিণ্যাম্। বহবো বিস্তরাঃ প্রতিবৃত্তান্তমেব প্রসারা যস্মিন্ তৎ। এতদ্বৃত্তান্তবৃন্দমস্তীতি শেষঃ ॥১৩১॥

অধ্যায়ানামিতি। পরমর্ষিণা উত্তমতেজসা ব্যাসেন, আদিপর্বণি দ্বে অধ্যায়ানাং শতে সংখ্যাতে রচয়িত্বা গণিতে, তথা সপ্তবিংশতিঃ অধ্যায়াশ্চ সংখ্যাতা ইতি শেষঃ, সপ্তবিংশত্যধিকদ্বিশততমাধ্যায়া রচিতা ইত্যর্থঃ ॥১৩২॥

ভারতভাবদীপঃ

যোষাপত্যং মাতুলীয়ং যথা ভাগঃ পিতৃষস্বুঃ। পুত্রস্যৈবং বপাং তেঽংশং জুষস্বেন্দ্রেত্যৃষির্জগৌ ॥৪৬॥
মানয়স্যাপি জামাতুর্মানং সংবর্দ্ধয়েৎ বুধঃ। স্বসুর্হত্রেঽর্জ্জুনায়াপি দহুর্বিত্তানি বৃষ্ণয়ঃ ॥৪৭॥
অগ্নিমপ্যগ্নিমান্দ্যার্ত্তং নরনারায়ণৌ ঋষী। খাণ্ডবৌষধিদানেন নীরোগং চক্রতুর্যথা ॥৪৮॥
দেবোঽপি দৈহদুঃখার্ত্তো মানুষাদেস্তু কা কথা। শরণীকরণীয়োঽতঃ সর্ব্বদুঃখাপহো হরিঃ ॥৪৯॥
ভুজঙ্গস্যাশ্বসেনস্য ইত্যর্থঃ ॥১৩০॥
পিত্র্যাদৃণাদমুক্তস্য সকলং সুকৃতং বৃথা। বিযোনাবপ্যতঃ পুত্রান্ জনয়েন্মন্দপালবৎ ॥৫০॥

তাহার পর দ্রৌপদীর পুত্রগণের জন্ম হয়। কৃষ্ণ ও অর্জ্জুন জলবিহার করিবার জন্য যমুনায় গিয়াছিলেন, তখন কৃষ্ণ একটী চক্র লাভ করেন এবং অর্জ্জুন একখানি ধনু পান। তৎপরে খাণ্ডবদাহ হয়, তাহার পর অগ্নি হইতে ময়দানব ও অশ্বসেনের উদ্ধার হয় ॥১২৯—১৩০॥

মহর্ষি মন্দপালের ঔরসে শার্ঙ্গীর গর্ভে পুত্রোৎপত্তি। এই সকল বৃত্তান্ত প্রথমে আদিপর্ব্বে বলা হইয়াছে; ইহার প্রত্যেক বৃত্তান্তই বিস্তৃতভাবে উক্ত আছে ॥১৩১॥

অষ্টৌ শ্লোকসহস্রাণি অষ্টৌ শ্লোকশতানি চ।
শ্লোকাশ্চ চতুরাশীতির্মুনিনোক্তা মহাত্মনা ॥১৩৩॥
দ্বিতীয়স্তু সভাপর্ব বহুবৃত্তান্তমুচ্যতে।
সভাক্রিয়া পাণ্ডবানাং কিঙ্করাণাঞ্চ দর্শনম্ ॥১৩৪॥
লোকপালসভাখ্যানং নারদাদ্দেবদর্শিনঃ।
রাজসূয়স্য চারম্ভো জরাসন্ধবধস্তথা ॥১৩৫॥
গিরিব্রজে নিরুদ্ধানাং রাজ্ঞাং কৃষ্ণেন মোক্ষণম্।
তথা দিগ্বিজয়োঽত্রৈব পাণ্ডবানাং প্রকীর্ত্তিতঃ ॥১৩৬॥

ভারতকৌমুদী

অষ্টাবিতি। মুনিনা তেনৈব ব্যাসেন, উক্তা আদিপর্ব্বণীতি শেষঃ ॥১৩৩॥

দ্বিতীয়মিতি। বহবো বৃত্তান্তা যত্র তৎ। সভাক্রিয়া সভাগৃহনির্ম্মাণম্ ॥১৩৪॥

লোকেতি। দেবদর্শিনঃ সমস্তদেবলোকপ্রত্যক্ষকারিণঃ, অতএব সমস্তলোকপালসভা-বর্ণনযোগ্যাতেতি ভাবঃ; লোকপালানামিন্দ্রাদীনাং যাঃ সভাঃ সভাগৃহাণি তেষামাখ্যানং বর্ণনং পাণ্ডবাদিভিঃ শ্রুতমিতি শেষঃ ॥১৩৫॥

গিরীতি। নিরুদ্ধানাং জরাসন্ধেনাবরুদ্ধানাম্। অত্রৈব রাজমোক্ষণানন্তরসময় এব ॥১৩৬॥

ভারতভাবদীপঃ

শার্ঙ্গকান্ স্বতপোঽরক্ষন্নাগং মাতার্জ্জুনো ময়ম্। ভবাগ্নিং তর্ত্তুকামোঽতঃ স্ত্রীনেতান্ শরণং ব্রজেৎ॥

চতুরাশীতিরিতি দৈর্ঘ্যমার্ষম্ ॥১৩৩॥

ইত্যাদিপর্ব্বতাৎপর্য্যং সংক্ষেপেণোপবর্ণিতম্। সভাপর্ব্বাদিতাৎপর্য্যং মুখ্যতঃ কথ্যতেঽধুনা ॥৫২॥
দানবেন্দ্রেণ তুষ্টেন সভা দত্তাদ্ভুতা ভুবি। দিবি দৈবী সভা যজ্ঞপ্রাপ্যা তস্যাঃ শতাধিকা ॥৫৩॥
ততঃ শতগুণা ব্রাহ্মী লভ্যা বিষ্ণোঃ সমর্চ্চনাৎ। ইত্যুক্ত্বা নারদঃ পার্থং যজ্ঞেশার্চ্চামচীকরৎ ॥৫৪॥
বহূনাং যো বধে যত্তস্তং ছলেনাপি নির্দ্দহেৎ। জরাসন্ধবধেনৈতদ্দর্শিতং মুনিনা মুনে! ॥৫৫॥

মহাপ্রতাপশালী মহর্ষি বেদব্যাস আদিপর্ব্বে দুই শত সাতাইশ অধ্যায় রচনা করিয়াছেন ॥১৩২॥

এবং আট হাজার আট শত চৌরাশি শ্লোক বলিয়া গিয়াছেন ॥১৩৩॥

দ্বিতীয় সভাপর্ব্ব; ইহাতে বহুতর বৃত্তান্ত কথিত আছে। পাণ্ডবগণের সভাগৃহনির্ম্মাণ, কিঙ্করদর্শন, দেবলোকদর্শী নারদের নিকট ইন্দ্রাদিদিক্পাল-গণের সভাগৃহবর্ণনাশ্রবণ, রাজসূয়যজ্ঞারম্ভ এবং জরাসন্ধবধ কথিত হইয়াছে ॥১৩৪—১৩৫॥

পূর্ব্বে জরাসন্ধ গিরিব্রজনামক স্থানে কতকগুলি রাজাকে আবদ্ধ করিয়া রাখিয়াছিলেন, কৃষ্ণ তাঁহাদিগকে মুক্ত করিয়া দেন; ইহার পরেই পাণ্ডবগণের দিগ্বিজয় কথিত হইয়াছে ॥১৩৬॥

রাজ্ঞামাগমনঞ্চৈব সার্হণানাং মহাক্রতৌ ।
রাজসূয়েঽর্ঘসংবাদে শিশুপালবধস্তথা ॥১৩৭॥
যজ্ঞে বিভূতিং তাং দৃষ্ট্বা দুঃখামর্ষান্বিতস্য চ ।
দুর্য্যোধনস্যাবহাসো ভীমেন চ সভাতলে ॥১৩৮॥
যত্রাস্য মন্যুরুদ্ভূতো যেন দ্যূতমকারয়ৎ ।
যত্র ধর্ম্মসুতং দ্যূতে শকুনিঃ কিতবোঽজয়ৎ ॥১৩৯॥
যত্র দ্যূতার্ণবে মগ্নাং দ্রৌপদীং নৌরিবার্ণবাৎ ।
ধৃতরাষ্ট্রো মহাপ্রাজ্ঞঃ স্নুষাং পরমদুঃখিতাম্ ॥১৪০॥
তারয়ামাস, তাংস্তীর্ণান্ জ্ঞাত্বা দুর্য্যোধনো নৃপঃ ।
পুনরেব ততো দ্যূতে সমাহ্বয়ত পাণ্ডবান্ ॥১৪১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

রাজ্ঞামিতি। সার্হণানাং দানার্থোপহারসহিতানাম্। অর্ঘসংবাদে কৃষ্ণায়ার্ঘদানপ্রস্তাবে ॥১৩৭॥

যজ্ঞ ইতি। বিভূতিং যুধিষ্ঠিরস্যৈশ্বর্য্যম্। ভীমেন কৃতঃ অবহাস উপহাসঃ ॥১৩৮॥

যত্রেতি। যত্র সভাতলে, অস্য দুর্য্যোধনস্য, মন্যুঃ ক্রোধ উদ্ভূতঃ, স চ মন্যুঃ যেন সভাতলেন পরম্পরয়া কৌরবপাণ্ডবাভ্যাং দ্যূতমকারয়ৎ, যত্র সভাতলে কিতবো ধূর্ত্তঃ শকুনিঃ, দ্যূতে ধর্ম্মসুতং যুধিষ্ঠিরমজয়ৎ ॥১৩৯॥

যত্রেতি। মহাপ্রাজ্ঞো ধৃতরাষ্ট্রঃ, অর্ণবাৎ সমুদ্রাৎ, নৌর্নৌকেব, যত্র সভাতলে দ্যূতার্ণবে

ভারতভাবদীপঃ

বিত্তার্জ্জনং যথায়ৈব মহতামিতি দর্শয়ন্। উচে দিগ্বিজয়াদূর্দ্ধং রাজসূয়ক্রতুক্রিয়াম্ ॥৫৬॥
তত্রৈবার্ঘাভিহরণে বিষ্ণুর্দ্দেবনরর্ষিষু। আদৌ পূজ্যোঽথ তদ্দ্বেষ্টা সদ্যো নশ্যেদিতীরিতম্ ॥৫৭॥
গোপ্যঃ কামাদ্ভয়াৎ কংসো দ্বেষাচ্চৈদ্যাদয়ো নৃপাঃ। তীব্রধ্যানাৎ হরেঃ সাম্যং লেভিরে কীটভৃঙ্গবৎ ॥
ন তথা শূলযক্ষ্মাদ্যাঃ পীড়য়ন্তি গদা নরান্। যথা পরেষামুৎকর্ষঃ পাপিনং ধার্ত্তরাষ্ট্রবৎ ॥৫৯॥
কিতবো দ্যূতকারঃ ॥১৩৯॥ দ্রৌপদীং তারয়ামাসেত্যুত্তরেণান্বয়ঃ। দ্যূতে দ্যূতনিমিত্তম্ ॥১৪১॥

রাজসূয়যজ্ঞে নানাবিধ উপায়নের সহিত রাজগণের আগমন এবং কৃষ্ণকে অর্ঘদান করার পর শিশুপালবধ ॥১৩৭॥

রাজসূয়যজ্ঞে যুধিষ্ঠিরের সেই ঐশ্বর্য্য দেখিয়া দুর্য্যোধনের দুঃখ ও ক্রোধ জন্মে; তাহার উপরে আবার ভীম সভাগৃহে থাকিয়া দুর্য্যোধনকে উপহাস করেন ॥১৩৮॥

যাহাতে দুর্য্যোধনের ক্রোধ জন্মিয়াছিল, সেই ক্রোধ যাহা দ্বারা দ্যূতক্রীড়া করাইয়াছিল এবং যাহাতে থাকিয়া ধূর্ত্ত শকুনি দ্যূতক্রীড়ায় যুধিষ্ঠিরকে জয় করিয়াছিল ॥১৩৯

জিত্বা স বনবাসায় প্রেষয়ামাস তাংস্ততঃ ।
এতৎ সর্বং সভাপর্ব্ব সমাখ্যাতং মহাত্মনা ॥১৪২॥
অধ্যায়াঃ সপ্ততির্জ্ঞেয়াস্তথা চাষ্টৌ প্রসংখ্যয়া ।
শ্লোকানাং দ্বিসহস্রন্তু পঞ্চ শ্লোকশতানি চ ॥১৪৩॥
শ্লোকাশ্চৈকাদশ জ্ঞেয়া পর্ব্বণ্যস্মিন্ দ্বিজোত্তমাঃ ! ।
অতঃ পরং তৃতীয়ন্তু জ্ঞেয়মারণ্যকং মহৎ ॥১৪৪॥ (যুগ্মকম্)
বনবাসং প্রয়াতেষু পাণ্ডবেষু মহাত্মসু ।
পৌরানুগমনঞ্চৈব ধর্ম্মপুত্রস্য ধীমতঃ ॥১৪৫॥

ভারতকৌমুদী

মগ্নাম্, অতএব পরমদুঃখিতাং স্নুষাং পুত্রবধূম্, দ্রৌপদীম্, তারয়ামাস উদ্ধারয়ামাস। ততশ্চ দুর্য্যোধনো নৃপঃ, তান্ পাণ্ডবান্, তীর্ণান্ দ্যূতার্ণবাদুত্তীর্ণান্ জ্ঞাত্বা পুনরেব দ্যূতে পাণ্ডবান্ সমাহ্বয়ত ॥১৪০—১৪১॥

জিত্বেতি। ততঃ স দুর্য্যোধনঃ, পুনরপি দ্যূতে জিত্বা, তান্ পাণ্ডবান্, বনবাসায় প্রেষয়ামাস। মহাত্মনা ব্যাসেন, এতৎ সর্বং এতৎসর্ববৃত্তান্তাত্মকম্ ॥১৪২॥

অধ্যায়া ইতি। অষ্টৌ চাধ্যায়াঃ। হে দ্বিজোত্তমাঃ! অস্মিন্ সভাপর্ব্বণি। তৃতীয়ন্তু পর্ব্ব, আরণ্যকম্ অরণ্যসম্বন্ধি, তচ্চ মহৎ বিশালং জ্ঞেয়ম্ ॥১৪৩—১৪৪॥

ভারতভাবদীপঃ

ন বাহ্যো নান্তরঃ শত্রুর্বাধতে ভগবজ্জনম্। ক্রোধদুঃশাসনৌ কৃষ্ণামাপদ্যপি ন তেরতুঃ ॥৬০॥
জ্ঞাত্বাপি পরমাহাত্ম্যং ন খলঃ খলতাং ত্যজেৎ। দৃষ্ট্বাপি কৃষ্ণমাহাত্ম্যং নৈবাশাম্যৎ সুযোধনঃ ॥
সতং সতাং মহান্ পাশো যেন বদ্ধাঃ পদাৎ পদম্। বঞ্চিতা অপি নো চেলুঃ সমর্থা অপি পাণ্ডবাঃ ॥

পৌরানুগমনং পৌরকর্ত্তৃকমনুগমনম্ ॥১৪৫॥

দ্রৌপদী যে সভায় দ্যূতসাগরে মগ্ন হইয়া অত্যন্ত দুঃখ পাইয়াছিলেন; তাহার পরে নৌকা যেমন সমুদ্রমগ্ন লোককে উদ্ধার করে, সেইরূপ মহাপ্রাজ্ঞ ধৃতরাষ্ট্র পুত্রবধূ দ্রৌপদীকে উদ্ধার করেন। তৎপরে মহারাজ দুর্য্যোধন পাণ্ডবদিগকে উত্তীর্ণ দেখিয়া পুনরায় তাঁহাদিগকে দ্যূতক্রীড়ায় আহ্বান করেন ॥১৪০—১৪১॥

তাহার পর দুর্য্যোধন পুনর্ব্বারও দ্যূতক্রীড়ায় জয় লাভ করিয়া পাণ্ডবগণকে বনে প্রেরণ করেন। মহাত্মা বেদব্যাস এই সমস্ত বৃত্তান্তই সভাপর্ব্বে বলিয়াছেন ॥১৪২॥

এই সভাপর্ব্বে অষ্টাত্তরটী অধ্যায় আছে এবং দু' হাজার পাঁচ শত এগারটী শ্লোক আছে। হে ব্রাহ্মণগণ! ইহার পর তৃতীয় বিশাল বনপর্ব্ব জানিবেন ॥১৪৩—১৪৪॥

অন্নৌষধীনাঞ্চ কৃতে পাণ্ডবেন মহাত্মনা।
দ্বিজানাং ভরণার্থঞ্চ কৃতমারাধনং রবেঃ ॥১৪৬॥
ধৌম্যোপদেশাত্তিগ্মাংশুপ্রসাদাদন্নসম্ভবঃ।
হিতঞ্চ ব্রুবতঃ ক্ষত্তুঃ পরিত্যাগোঽম্বিকাসুতাৎ ॥১৪৭॥ (যুগ্মকম্)
ত্যক্তস্য পাণ্ডুপুত্রাণাং সমীপগমনং তথা।
পুনরাগমনঞ্চৈব ধৃতরাষ্ট্রস্য শাসনাৎ ॥১৪৮॥
কর্ণপ্রোৎসাহনাচ্চৈব ধার্ত্তরাষ্ট্রস্য দুর্ম্মতেঃ।
বনস্থান্ পাণ্ডবান্ হন্তুং মন্ত্রো দুর্য্যোধনস্য চ ॥১৪৯॥

ভারতকৌমুদী

বনেতি। প্রয়াতেষু প্রাপ্তেষু। ধর্ম্মপুত্রস্য যুধিষ্ঠিরস্য ॥১৪৫॥

অন্নেতি। মহাত্মনা পাণ্ডবেন যুধিষ্ঠিরেণ, ধৌম্যস্য পুরোহিতস্য উপদেশাৎ দ্বিজানা-গাশ্রিতব্রাহ্মণানাং ভরণার্থঞ্চ, অন্নৌষধীনাঞ্চ অন্নানি প্রসিদ্ধানি ওষধ্যশ্চ তদুপকরণানি মুদ্গ-কলায়াদীনি তাসাম্, "ওষধিঃ ফলপাকান্তা" ইত্যমরঃ, কৃতে নিমিত্তে, রবেঃ সূর্য্যস্য, আরাধনং কৃতম্। অনন্তরঞ্চ তিগ্মাংশোঃ সূর্য্যস্য প্রসাদাদ্যুধিষ্ঠিরস্য অন্নসম্ভব আসীৎ। হিতং ব্রুবতশ্চ ক্ষত্তুর্বিদুরস্য, অম্বিকাসুতাৎ ধৃতরাষ্ট্রাৎ পরিত্যাগঃ পরিত্যাগেন বিচ্ছেদো জাতঃ ॥১৪৬—১৪৭॥

ত্যক্তস্যেতি। ত্যক্তস্য বিদুরস্য বনে পাণ্ডুপুত্রাণাং সমীপগমনম্, তথা ধৃতরাষ্ট্রস্য শাসনাদা-দেশাৎ পুনর্ধৃতরাষ্ট্রস্য সমীপে তস্যাগমনঞ্চ ॥১৪৮॥

কর্ণেতি। বনস্থান্ পাণ্ডবান্ হন্তুং কর্ণেন প্রোৎসাহনাৎ দুর্ম্মতের্ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য, মন্ত্রো মন্ত্রিভিঃ সহ মন্ত্রণা চাসীৎ ॥১৪৯॥

ভারতভাবদীপঃ

বিপ্রার্থং ভাস্করং ভেজে ন তু রাজ্যায় ধর্ম্মরাট্। ধর্ম্মায়াভ্যর্চ্চয়েদ্দেবং ন রাজ্যায়েতি দর্শয়ন্ ॥৬৩॥
প্রব্রাজিতঃ পথি রিপুং যক্ষ্যন্নামঙ্গলায় তং। পাণ্ডবানাং প্রবসতাং কির্ম্মীরোন্মথনং যথা ॥৬৪॥
উপদেশো হি মূর্খাণাং প্রকোপায় ন শান্তয়ে। ভ্রাতরং পথ্যবক্তারং ধৃতরাষ্ট্রো ব্যবাসয়ৎ ॥৬৫॥

মহাত্মা পাণ্ডবগণ বনে প্রস্থান করিলে, পুরবাসীরা তাঁহাদের অনুগমন করে ॥১৪৫॥

মহাত্মা যুধিষ্ঠির আশ্রিত ব্রাহ্মণগণের ভরণ-পোষণের নিমিত্ত অন্ন এবং তাহার উপকরণ (ভাত ও ডাল) লাভ করিবার ইচ্ছায় ধৌম্যপুরোহিতের উপদেশে সূর্য্যের আরাধনা করেন; তাহাতে সূর্য্যের অনুগ্রহে তাঁহার অন্নের সংস্থান হয়। বিদুর ধৃতরাষ্ট্রকে হিতকথা বলিয়াছিলেন, তাহাতে ধৃতরাষ্ট্র বিদুরকে পরিত্যাগ করেন ॥১৪৬—১৪৭॥

ধৃতরাষ্ট্র পরিত্যাগ করিলে, বিদুর পাণ্ডবগণের নিকট গমন করেন; আবার ধৃতরাষ্ট্রের আদেশে তাঁহার নিকট আগমন করেন ॥১৪৮॥

তং দুষ্টভাবং বিজ্ঞায় ব্যাসস্যাগমনং দ্রুতম্ ।
নির্যাণপ্রতিষেধশ্চ সুরভ্যাখ্যানমেব চ ॥১৫০॥
মৈত্রেয়াগমনঞ্চাত্র রাজ্ঞশ্চৈবানুশাসনম্ ।
শাপোৎসর্গশ্চ তেনৈব রাজ্ঞো দুর্য্যোধনস্য চ ॥১৫১॥
কির্ম্মীরস্য বধশ্চাত্র ভীমসেনেন সংযুগে ।
বৃষ্ণীনামাগমশ্চাত্র পাঞ্চালানাঞ্চ সর্বশঃ ॥১৫২॥
শ্রুত্বা শকুনিনা দ্যূতে নিকৃত্যা নির্জিতাংশ্চ তান্ ।
ক্রুদ্ধস্যানুপ্রশমনং হরেশ্চৈব কিরীটিনা ॥১৫৩॥

ভারতকৌমুদী

তমিতি। দুর্য্যোধনস্য তং দুষ্টভাবং বিজ্ঞায় দ্রুতং ব্যাসস্য আগমনম্, নির্যাণস্য বনস্থানাং পাণ্ডবানাং হননায় নির্গমনস্য ব্যাসেন প্রতিষেধশ্চ, সুরভেরাখ্যানঞ্চ তেনোক্তম্ ॥১৫০॥

মৈত্রেয়েতি। অত্র অস্মিন্নবসরে, মৈত্রেয়স্য মুনেরাগমনঞ্চ, তেন রাজ্ঞো ধৃতরাষ্ট্রস্য অনুশাসনমুপদেশশ্চ, তেন মৈত্রেয়েণৈব ॥১৫১॥

কির্ম্মীরস্যেতি। সংযুগে যুদ্ধে। কির্ম্মীরস্য রাক্ষসস্য। অত্র পাণ্ডবান্তিকে, বৃষ্ণীনাং যদুবংশীয়ানাম্, পাঞ্চালানাং দ্রুপদবংশীয়ানাম্ ॥১৫২॥

শ্রুত্বেতি। নিকৃত্যা অপমানেন। তান্ পাণ্ডবান্। কিরীটিনা অর্জ্জুনেন, অনুপ্রশমনং সান্ত্বনম্ ॥১৫৩॥

ভারতভাবদীপঃ

শত্রুস্তব উরু ভেৎস্যতীতি শাপোৎসর্গঃ ॥১৪৯॥ শত্রুবধঃ, অত্র ধৃতরাষ্ট্রসমীপে কথিত ইতি শেষঃ ॥১৫২॥ নিকৃত্যা ছলেন ॥১৫৩॥

দেবতাসু প্রসন্নাসু দেবশত্রূন্ বিনাশয়েৎ। ইতীব দেবৈর্দত্তাস্ত্রো নিজঘানার্জ্জুনোঽসুরান্ ॥৬৬॥
অকামে কামিনীশাপো দেহগুপ্ত্যৈ ক্বচিদ্ভবেৎ। পার্থস্যেবোর্ব্বশীশাপঃ প্রচ্ছন্নং বাসমীপ্সতঃ ॥৬৭॥

মন্দমতি দুর্য্যোধন কর্ণের প্ররোচনায় বনবাসী পাণ্ডবগণকে বধ করিবার জন্য মন্ত্রণা করেন ॥১৪৯॥

বেদব্যাস দুর্য্যোধনের সেই দুরভিসন্ধি বুঝিতে পারিয়া দ্রুত আগমন করেন এবং দুর্য্যোধনকে যাইতে নিষেধ করেন ও সুরভির উপাখ্যান বলেন ॥১৫০॥

এই সময়ে মৈত্রেয়মুনি আগমন করেন, তিনি ধৃতরাষ্ট্রকে উপদেশ দেন এবং তিনিই রাজা দুর্য্যোধনকে অভিসম্পাত করেন ॥১৫১॥

ইহার পরে ভীম যুদ্ধে কির্ম্মীররাক্ষসকে বধ করেন, তৎপরে যদুবংশীয়েরা ও দ্রুপদবংশীয়েরা পাণ্ডবগণের নিকট আগমন করেন ॥১৫২॥

শকুনি দ্যূতক্রীড়ায় পাণ্ডবগণকে অপমান-সহকারে জয় করিয়াছে ইহা শুনিয়া কৃষ্ণ ক্রুদ্ধ হন, অর্জ্জুন তাঁহাকে সান্ত্বনা প্রদান করেন ॥১৫৩॥

পরিদেবনঞ্চ পাঞ্চাল্যা বাসুদেবস্য সন্নিধৌ।
আশ্বাসনঞ্চ কৃষ্ণেন দুঃখার্ত্তায়াঃ প্রকীর্ত্তিতম্ ॥১৫৪॥
তথা সৌভবধাখ্যানমত্রৈবোক্তং মহর্ষিণা।
সুভদ্রায়াঃ সপুত্রায়াঃ কৃষ্ণেন দ্বারকাং পুরীম্ ॥১৫৫॥
নয়নং দ্রৌপদেয়ানাং ধৃষ্টদ্যুম্নেন চৈব হ।
প্রবেশঃ পাণ্ডবেয়ানাং রম্যে দ্বৈতবনে ততঃ ॥১৫৬॥ (যুগ্মকম্)
ধর্ম্মরাজস্য চাত্রৈব সংবাদঃ সহ কৃষ্ণয়া।
সংবাদশ্চ তথা রাজ্ঞা ভীমস্যাপি প্রকীর্ত্তিতঃ ॥১৫৭॥
সমীপং পাণ্ডুপুত্রাণাং ব্যাসস্যাগমনং তথা।
প্রতিশ্রুত্যাথ বিদ্যায়া দানং রাজ্ঞো মহর্ষিণা ॥১৫৮॥

ভারতকৌমুদী

পরীতি। পাঞ্চাল্যা দ্রৌপদ্যাঃ, পরিদেবনং বিলাপঃ ॥১৫৪॥

তথেতি। সৌভস্য সৌভপতেঃ শাল্বস্য বধাখ্যানম্। কৃষ্ণেন দ্বারকাং পুরীং প্রতি, পুত্রেণ অভিমন্যুনা সহেতি সপুত্রা তস্যাঃ। নয়নং প্রাপণম্। ধৃষ্টদ্যুম্নেন চ দ্রৌপদেয়ানাং দ্রৌপদীপুত্রাণাম্, স্বাং পুরীং প্রতি নয়নমিত্যন্বয়ঃ। পাণ্ডবেয়ানাং যুধিষ্ঠিরাদীনাং পাণ্ডবানাম্ ॥১৫৫—১৫৬॥

ধর্ম্মেতি। কৃষ্ণয়া দ্রৌপদ্যা। সংবাদঃ সংলাপঃ। রাজ্ঞা যুধিষ্ঠিরেণ সহ ॥১৫৭॥

সমীপমিতি। সমীপং প্রতি। মহর্ষিণা ব্যাসেন, প্রতিশ্রুত্য ঈদৃশং ফলমবশ্যমেব ভবিষ্যতীতি দৃঢ়মুক্ত্বা, রাজ্ঞো যুধিষ্ঠিরস্য। বিদ্যায়াঃ প্রতিস্মৃত্যভিধানায়াঃ ॥১৫৮॥

ভারতভাবদীপঃ

পরিদেবনং বিলাপঃ ॥১৫৪॥ মহর্ষিণা কৃষ্ণেন ॥১৫৫॥

দ্রৌপদী কৃষ্ণের নিকটে বিলাপ করেন, কৃষ্ণ আবার দুঃখার্ত্ত দ্রৌপদীকে আশ্বস্ত করেন ॥১৫৪॥

ইহার পরে মহর্ষি শাল্ববধের উপাখ্যান বলিয়াছেন; তাহার পর কৃষ্ণ অভিমন্যুর সহিত সুভদ্রাকে দ্বারকায় নিয়া যান এবং ধৃষ্টদ্যুম্ন দ্রৌপদীর পুত্রদিগকে পাঞ্চালরাজধানীতে আনয়ন করেন। তাহার পর, পাণ্ডবগণ মনোহর দ্বৈতবনে প্রবেশ করেন ॥১৫৫–১৫৬॥

এই সময়েই দ্রৌপদীর সহিত যুধিষ্ঠিরের কথোপকথন এবং যুধিষ্ঠিরের সহিত ভীমের কথোপকথন ॥১৫৭॥

(১৫৮)···প্রতিস্মৃত্যাথ···।

গমনং কাম্যকে চাপি ব্যাসে প্রতিগতে ততঃ ।
অস্ত্রহেতোর্বিবাসশ্চ পার্থস্যামিততেজসঃ ॥১৫৯॥
মহাদেবেন যুদ্ধঞ্চ কিরাতবপুষা সহ ।
দর্শনং লোকপালানামস্ত্রপ্রাপ্তিস্তথৈব চ ॥১৬০॥
মহেন্দ্রলোকগমনমস্ত্রার্থে চ কিরীটিনঃ ।
যত্র চিন্তা সমুৎপন্না ধৃতরাষ্ট্রস্য ভূয়সী ॥১৬১॥
দর্শনং বৃহদশ্বস্য মহর্ষের্ভাবিতাত্মনঃ ।
যুধিষ্ঠিরস্য চার্ত্তস্য ব্যসনং পরিদেবনম্ ॥১৬২॥
নলোপাখ্যানমত্রৈব ধর্ম্মিষ্ঠং করুণোদয়ম্ ।
দময়ন্ত্যাঃ স্থিতির্যত্র নলস্য চরিতং তথা ॥১৬৩॥

ভারতকৌমুদী

গমনমিতি। ততো দ্বৈতবনাৎ। কাম্যকে বনে, গমনং পাণ্ডবানাম্। পার্থস্য অর্জ্জুনস্য, অস্ত্রহেতোঃ পাশুপতাস্ত্রলাভায়, বিবাসো হিমালয়গমনম্ ॥১৫৯॥

মহেতি। যুদ্ধং দর্শনমস্ত্রপ্রাপ্তিশ্চ পার্থস্যৈব ॥১৬০॥

মহেন্দ্রেতি। কিরীটিনঃ অর্জ্জুনস্য। যত্র অস্ত্রপ্রাপ্তিবিষয়ে, চিন্তা উদ্বেগঃ ॥১৬১॥

দর্শনমিতি। ভাবিতাত্মন উদারহৃদয়স্য। ব্যসনং স্ববিপদমাশ্রিত্য পরিদেবনং বিলাপঃ ॥১৬২॥

নলেতি। ধর্ম্মিষ্ঠম্ অতীবধর্ম্মসম্বদ্ধম্, করুণস্য রসস্য উদয়ো যস্মাত্তৎ ॥১৬৩॥

ভারতভাবদীপঃ

ব্যসনং দ্যূতজমনর্থম্ ॥১৬২॥ স্থিতিবিপদ্যপি সত্যং মর্য্যাদাপ্রতিপালনম্ ॥১৬৩॥
দুঃখে দুঃখাধিকান্ পশ্যেত্তেন শোকোঽপনীয়তে। ইতীব শ্রাবিতো রাজা নলোপাখ্যানমদ্ভুতম্ ॥

পাণ্ডবদিগের নিকটে ব্যাসের আগমন এবং ব্যাস প্রতিজ্ঞাপূর্ব্বক রাজা যুধিষ্ঠিরকে প্রতিস্মৃতিনামক বিদ্যা দান করেন ॥১৫৮॥

দ্বৈতবন হইতে ব্যাস চলিয়া গেলে, পাণ্ডবগণের কাম্যকবনে গমন এবং পাশুপত অস্ত্রলাভের জন্য মহাবীর অর্জ্জুনের হিমালয়ে গমন ॥১৫৯॥

ব্যাধবেশধারী মহাদেবের সঙ্গে অর্জ্জুনের যুদ্ধ, দিক্‌পালগণের সহিত অর্জ্জুনের সাক্ষাৎকার এবং দিক্‌পালগণের নিকট হইতে অস্ত্রলাভ ॥১৬০॥

অস্ত্রলাভের নিমিত্ত অর্জ্জুনের ইন্দ্রলোকে গমন; অর্জ্জুনের যে অস্ত্রলাভ-বিষয়ে ধৃতরাষ্ট্রের গুরুতর চিন্তা জন্মিয়াছিল ॥১৬১॥

উদারচেতা মহর্ষি বৃহদশ্বের সাক্ষাৎকার লাভ, আপনার বিপদের বিষয় ভাবিয়া দুঃখিত যুধিষ্ঠিরের বিলাপ ॥১৬২॥

তথাক্ষহৃদয়প্রাপ্তিস্তস্মাদেব মহর্ষিতঃ।
লোমশস্যাগমস্তত্র স্বর্গাৎ পাণ্ডুসুতান্ প্রতি ॥১৬৪॥
বনবাসগতানাঞ্চ পাণ্ডবানাং মহাত্মনাম্।
স্বর্গে প্রবৃত্তিরাখ্যাতা লোমশেনার্জ্জুনস্য বৈ ॥১৬৫॥
সন্দেশাদর্জ্জুনস্যাত্র তীর্থাভিগমনক্রিয়া।
তীর্থানাঞ্চ ফলপ্রাপ্তিঃ পুণ্যত্বঞ্চাপি কীর্ত্তিতম্ ॥১৬৬॥
পুলস্ত্যতীর্থযাত্রা চ নারদেন মহর্ষিণা।
তীর্থযাত্রা চ তত্রৈব পাণ্ডবানাং মহাত্মনাম্ ॥১৬৭॥
কর্ণস্য পরিমোক্ষোঽত্র কুণ্ডলাভ্যাং পুরন্দরাৎ।
তথা যজ্ঞবিভূতিশ্চ গয়স্যাত্র প্রকীর্ত্তিতা ॥১৬৮॥

ভারতকৌমুদী

তথেতি। তস্মাৎ বৃহদশ্বাদেব, অক্ষহৃদয়স্য তদাখ্যায়া বিদ্যায়াঃ প্রাপ্তির্যুধিষ্ঠিরস্য ॥১৬৪॥

বনেতি। লোমশেন, পাণ্ডবানামন্তিকে, স্বর্গে স্থিতস্য অর্জ্জুনস্য, প্রবৃত্তির্বৃত্তান্তঃ ॥১৬৫॥

সন্দেশাদিতি। অর্জ্জুনস্য সন্দেশাৎ লোমশমুখেন তীর্থযাত্রার্থবাচিকপ্রেরণাৎ, তীর্থাভিগমনক্রিয়া যুধিষ্ঠিরাদীনাম্। তীর্থানামেব পুণ্যত্বং পুণ্যজনকত্বম্ ॥১৬৬॥

পুলস্ত্যেতি। মহর্ষিণা নারদেন, পুলস্ত্যতীর্থে যাত্রা কৃতেতি শেষঃ ॥১৬৭॥

কর্ণস্যেতি। কুণ্ডলাভ্যাং স্বকীয়কুণ্ডলদ্বয়দানেন, পুরন্দরাদিন্দ্রাৎ, কর্ণস্য রাধেয়স্য, পরিমোক্ষো মুক্তিলাভঃ। গয়স্য গয়াসুরস্য, যজ্ঞস্য বিভূতিরৈশ্বর্য্যম্ ॥১৬৮॥

ভারতভাবদীপঃ

স্বর্গে প্রবৃত্তিঃ স্বর্গীয়বৃত্তান্তঃ ॥১৬৫॥

এই সময়েই নলের উপাখ্যান বলা হইয়াছে, সে উপাখ্যান অত্যন্ত ধর্ম্মসংবদ্ধ এবং করুণরসোদ্দীপক ; যাহাতে দময়ন্তী ও নলের চরিত্র কীর্ত্তিত হইয়াছে ॥১৬৩॥

যুধিষ্ঠির মহর্ষি বৃহদশ্বের নিকট অক্ষহৃদয়নামে বিদ্যা লাভ করেন, এই সময়ে মহর্ষি লোমশ স্বর্গ হইতে পাণ্ডবগণের নিকট আগমন করেন ॥১৬৪॥

মহর্ষি লোমশ বনবাসী পাণ্ডবগণের নিকট স্বর্গবাসী অর্জ্জুনের সমস্ত বৃত্তান্ত বলেন ॥১৬৫॥

অর্জ্জুন লোমশকে দিয়া খবর পাঠাইয়াছিলেন বলিয়া যুধিষ্ঠিরপ্রভৃতি এই সময়ে তীর্থপর্য্যটন করেন, তীর্থপর্য্যটনের ফল এবং তীর্থের ধর্ম্মজনকতার বিষয় এই সময়ে বলা হইয়াছে ॥১৬৬॥

নারদের পুলস্ত্যতীর্থে গমন এবং পাণ্ডবগণের তীর্থপর্য্যটন ॥১৬৭॥

কর্ণ নিজের কুণ্ডল দুইটী দিয়া ইন্দ্রের নিকট হইতে মুক্তিলাভ করেন এবং এই সময়ে গয়াসুরের যজ্ঞের ঐশ্বর্য্য বর্ণনা করা হইয়াছে ॥১৬৮॥

আগস্ত্যমপি চাখ্যানং যত্র বাতাপিভক্ষণম্ ।
লোপামুদ্রাভিগমনমপত্যার্থমৃষেস্তথা ॥১৬৯॥
ঋষ্যশৃঙ্গস্য চরিতং কৌমারব্রহ্মচারিণঃ ।
জামদগ্ন্যস্য রামস্য চরিতং ভূরিতেজসঃ ॥১৭০॥
কার্ত্তবীর্য্যবধো যত্র হৈহয়ানাঞ্চ বর্ণ্যতে ।
প্রভাসতীর্থে পাণ্ডূনাং বৃষ্ণিভিশ্চ সমাগমঃ ॥১৭১॥
সৌকন্যমপি চাখ্যানং চ্যবনো যত্র ভার্গবঃ ।
শর্য্যাতিযজ্ঞে নাসত্যৌ কৃতবান্ সোমপীথিনৌ ॥১৭২॥

ভারতকৌমুদী

আগস্ত্যমিতি। অগস্ত্যস্যেদমাগস্ত্যম্। ঋষেস্তস্যৈবাগস্ত্যস্য, লোপামুদ্রায়া অভিগমনং পরিগ্রহঃ ।১৬৯॥

ঋষ্যেতি। কৌমারাদারভ্য ব্রহ্মচারিণঃ। ভূরিতেজসো মহাবলস্য ॥১৭০॥

কার্ত্তেতি। যত্র জামদগ্ন্যস্য চরিতে, কার্ত্তবীর্য্যস্য অর্জ্জুনস্য বধঃ, হৈহয়ানাং তদ্বংশীয়ানাঞ্চ বধো বর্ণ্যতে। বৃষ্ণিভির্যদুবংশীয়ৈঃ সহ পাণ্ডূনাং পাণ্ডবানাম্, সমাগমঃ সম্মেলনম্ ॥১৭১॥

সৌকন্যমিতি। সুকন্যায়াস্তদাখ্যায়াঃ শর্য্যাতিতনয়ায়া ইদং সৌকন্যম্। যত্র সৌকন্যাখ্যানে, ভার্গবো ভৃগুবংশীয়ঃ, চ্যবনো মুনিঃ, শর্য্যাতের্নৃপতের্যজ্ঞে, নাসত্যৌ অশ্বিনীকুমারৌ সোমপীথিনৌ সোমরসপায়িনৌ কৃতবান্। সোমস্য পীতং পানমনয়োরস্তীতি তৌ সোমপীথিনৌ পৃষোদরাদিত্বাত্তকারস্য থকারঃ ॥১৭২॥

ভারতভাবদীপঃ

ঋষেরগস্ত্যস্য ॥১৬৯॥

ক্রোধী পুত্রান্ কলত্রঞ্চ হন্তি লোকাংশ্চ ভূরিশঃ। জমদগ্নিঃ সপুত্রোঽত্র নিদর্শনমুদীরিতম্ ॥৬৯॥
দেবত্বং দেবতানাং হি ব্রাহ্মণ্যাচ্চ্যবনো যতঃ। শর্য্যাতিযজ্ঞে নাসত্যৌ কৃতবান্ সোমপায়িনৌ॥
যাজকো নরকং যাতি ন যাজ্যঃ পাপমাচরন্ । জন্তুং হত্বা সোমকায় শতং পুত্রান্ দদদ্‌যথা ॥৭১॥
উৎকৃত্যাপি স্বমাংসানি দত্বা বাপ্যখিলং বপুঃ। শিবিঃ কপোতমিব চ ত্রায়েত শরণাগতম্ ॥৭২॥

মহর্ষি অগস্ত্যের উপাখ্যান, যে উপাখ্যানে বাতাপিদানবের ভক্ষণ এবং সন্তানের জন্য অগস্ত্যের লোপমুদ্রাবিবাহ বর্ণিত আছে ॥১৬৯॥

তাহার পর, কৌমার বয়স হইতে ব্রহ্মচারী ঋষ্যশৃঙ্গের চরিত্র এবং মহাশক্তিশালী পরশুরামের চরিত্র বলা হইয়াছে ॥১৭০॥

যে পরশুরামের চরিত্রে কার্ত্তবীর্য্যার্জ্জুনবধ এবং হৈহয়বংশীয়দিগের বধ বর্ণিত আছে। তৎপরে প্রভাসতীর্থে যাদবগণের সহিত পাণ্ডবগণের সম্মেলন ॥১৭১॥

তাহার পর সুকন্যার উপাখ্যান; যে উপাখ্যানে মহর্ষি চ্যবন শর্য্যাতিরাজার যজ্ঞে অশ্বিনীকুমারদ্বয়কে সোমরস পান করাইয়াছিলেন ॥১৭২॥

তাভ্যাঞ্চ যত্র স মুনির্যৌবনং প্রতিপাদিতঃ।
মান্ধাতুশ্চাপ্যুপাখ্যানং রাজ্ঞোঽত্রৈব প্রকীর্ত্তিতম্ ॥১৭৩॥
জন্তূপাখ্যানমত্রৈব যত্র পুত্রেণ সোমকঃ।
পুত্রার্থমযজদ্রাজা লেভে পুত্রশতঞ্চ সঃ ॥১৭৪॥
ততঃ শ্যেনকপোতীয়মুপাখ্যানমনুত্তমম্।
ইন্দ্রাগ্নী যত্র ধর্ম্মশ্চাপ্যজিজ্ঞাসচ্ছিবিং নৃপম্ ॥১৭৫॥
অষ্টাবক্রীয়মত্রৈব বিবাদো যত্র বন্দিনা।
অষ্টাবক্রস্য বিপ্রর্ষের্জনকস্যাধ্বরেঽভবৎ ॥১৭৬॥
নৈয়ায়িকানাং মুখ্যেন বরুণস্যাত্মজেন চ।
পরাজিতো যত্র বন্দী বিবাদেন মহাত্মনা ॥১৭৭॥

ভারতকৌমুদী

তাভ্যামিতি। তাভ্যাং নাসত্যাভ্যাং দেবলোকচিকিৎসকাভ্যাম্, স মুনিশ্চ্যবনঃ ॥১৭৩॥

জন্ত্বিতি। জন্তোস্তদাখ্যস্য সোমকপুত্রস্য উপাখ্যানম্। সোমকো নাম রাজা, পুত্রার্থং পুত্রেণ তেন জন্তুনাম্না তনয়েন তচ্ছেদনেনেত্যর্থঃ, অযজৎ ॥১৭৪॥

তত ইতি। অনুত্তমং সর্বোত্তমম্। অজিজ্ঞাসৎ পরীক্ষিতবান্ ॥১৭৫॥

অষ্টেতি। অষ্টাবক্রীয়মুপাখ্যানম্। যত্র অষ্টাবক্রীয়োপাখ্যানে, জনকস্য অধ্বরে যজ্ঞে, বন্দিনা সহ, বিপ্রর্ষেরষ্টাবক্রস্য বিবাদোঽভবৎ ॥১৭৬॥

নৈয়ায়িকানামিতি। যত্র চাষ্টাবক্রীয়োপাখ্যানে। বিবাদেন বিশিষ্টবাদবিচারেণ ॥১৭৭॥

ভারতভাবদীপঃ

পুত্রেণ পশুভূতেন ॥১৭৪॥ অজিজ্ঞাসৎ পরীক্ষিতবান্ ॥১৭৫॥ নৈয়ায়িকানাং মুখ্যেন যুক্তিরেব বলীয়সী ন তু শ্রুতিরিতি মন্যমানেন ॥১৭৭॥

যে উপাখ্যানে অশ্বিনীকুমারেরা বৃদ্ধ চ্যবনকে যুবক করিয়া দিয়াছিলেন। ইহার পরে রাজা মান্ধাতার উপাখ্যান বলা হইয়াছে ॥১৭৩॥

ইহার পরে জন্তুনামক রাজপুত্রের উপাখ্যান কথিত হইয়াছে; যাহাতে রাজা সোমক জন্তুনামক আপন পুত্রকে ছেদন করিয়া পুত্রের নিমিত্ত যজ্ঞ করিয়াছিলেন এবং তাহাতে তিনি শত পুত্র লাভ করিয়াছিলেন ॥১৭৪॥

তাহার পর, অতি উৎকৃষ্ট শ্যেন-কপোতীয় উপাখ্যান; যাহাতে ইন্দ্র, অগ্নি ও ধর্ম্ম, শিবিরাজাকে পরীক্ষা করিয়াছিলেন ॥১৭৫॥

ইহার পরে অষ্টাবক্রের উপাখ্যান; যাহাতে জনক রাজার যজ্ঞে বন্দীর সহিত বিপ্রর্ষি অষ্টাবক্রের বিবাদ হইয়াছিল ॥১৭৬॥

এবং যে উপাখ্যানে নৈয়ায়িকপ্রধান মহাত্মা বরুণপুত্র বিবাদে বন্দীকে পরাভূত করিয়াছিলেন ॥১৭৭॥

বিজিত্য সাগরং প্রাপ্তং পিতরং লব্ধবানৃষিঃ।
যবক্রীতস্য চাখ্যানং রৈভ্যস্য চ মহাত্মনঃ॥১৭৮॥
গন্ধমাদনযাত্রা চ বাসো নারায়ণাশ্রমে।
নিযুক্তো ভীমসেনশ্চ দ্রৌপদ্যা গন্ধমাদনে॥১৭৯॥
ব্রজন্ পথি মহাবাহুর্দৃষ্টবান্ পবনাত্মজম্।
কদলীষণ্ডমধ্যস্থং হনূমন্তং মহাবলম্॥১৮০॥
যত্র সৌগন্ধিকার্থেঽসৌ নলিনীং তামধর্ষয়ৎ।
যত্রাস্য যুদ্ধমভবৎ সুমহদ্রাক্ষসৈঃ সহ।
যক্ষৈশ্চৈব মহাবীর্য্যৈর্মণিমৎপ্রমুখৈস্তথা॥১৮১॥

ভারতকৌমুদী

বিজিত্যেতি। ঋষিরষ্টাবক্রঃ, সাগরং প্রাপ্তং সাগরাভ্যন্তরে প্রবেশিতম্॥১৭৮॥

গন্ধেতি। গন্ধমাদনে পর্ব্বতে যাত্রা পাণ্ডবানাম্, বাসোঽপি তেষামেব। নিযুক্তঃ পুষ্পাহরণায় ব্যাপারিতঃ॥১৭৯॥

ব্রজন্নিতি। মহাবাহুর্ভীমসেনঃ। কদলীষণ্ডমধ্যস্থং কদলীবৃক্ষসমূহমধ্যবর্ত্তিনম্॥১৮০॥

যত্রেতি। যত্রোপাখ্যানে, অসৌ ভীমঃ, সৌগন্ধিকার্থে কহ্লারার্থে রক্তোৎপলনিমিত্তমিত্যর্থঃ, তাং তদাধারভূতাম্, নলিনীং পদ্মশালিনং সরোবরম্, অধর্ষয়ৎ অবগাহনেনালোড়িতবান্। অস্য ভীমস্য। অয়ং ষট্পদঃ শ্লোকঃ॥১৮১॥

ভারতভাবদীপঃ

সাগরং প্রাপ্তং সাগরং গতম্, পিতরং কহোড়ম্। ঋষিরষ্টাবক্রঃ॥১৭৮॥

ন বেদ্যং যুক্তিতো লভ্যং ন চ বেদো গুরুং বিনা। অষ্টাবক্রযবক্রীতকথাভ্যামেতদীরিতম্॥৭৩॥

নির্গুণঃ পরমাত্মায়ং দেহং ব্যাপ্যাবতিষ্ঠতে। ইত্যুক্ত্বাহ কপীন্দ্রায় নাবমন্যে ন লঙ্ঘয়ে॥৭৪॥

সৌগন্ধিকার্থে কহ্লারার্থে; "সৌগন্ধিকন্তু কহ্লারে পদ্মরাগেঽপি কতৃণে" ইতি মেদিনী। নলিনীং পুষ্করিণীম্। অধর্ষয়দাকুলীকৃতবান্॥১৮১॥

অষ্টাবক্র বিবাদে বন্দীকে জয় করিয়া, সমুদ্রের ভিতরে গত পিতাকে লাভ করিয়াছিলেন। ইহার পর, যবক্রীত ও মহাত্মা রৈভ্যের উপাখ্যান॥১৭৮॥

তাহার পর, পাণ্ডবগণের গন্ধমাদনপর্বতে যাত্রা; নারায়ণাশ্রমে বাস এবং দ্রৌপদী পুষ্প আনয়নের জন্য ভীমকে গন্ধমাদনে যাইবার নিমিত্ত নিযুক্ত করেন॥১৭৯॥

ভীমসেন, পথে যাইতে যাইতে কদলীবনের মধ্যে পবননন্দন মহাবলী হনূমানকে দর্শন করেন॥১৮০॥

তাহার পর ভীমসেন রক্তোৎপলের জন্য একটী সরোবরকে আলোড়িত করেন তাহাতে মণিমান্প্রভৃতি মহাবীর যক্ষ ও রাক্ষসগণের সহিত ভীমের মহাযুদ্ধ হয়॥১৮১॥

জটাসুরস্য চ বধো রাক্ষসস্য বৃকোদরাৎ।
বৃষপর্ব্বণো রাজর্ষেস্ততোঽভিগমনং স্মৃতম্ ॥১৮২॥
আর্ষ্টিষেণাশ্রমে চৈষাং গমনং বাস এব চ।
প্রোৎসাহনঞ্চ পাঞ্চাল্যা ভীমস্যাত্র মহাত্মনঃ ॥১৮৩॥
কৈলাসারোহণং প্রোক্তং যত্র যক্ষৈর্বলোৎকটৈঃ।
যুদ্ধমাসীন্মহাঘোরং মণিমৎপ্রমুখৈঃ সহ ॥১৮৪॥
সমাগমশ্চ পাণ্ডূনাং যত্র বৈশ্রবণেন চ।
সমাগমশ্চার্জ্জুনস্য তত্রৈব ভ্রাতৃভিঃ সহ ॥১৮৫॥
অবাপ্য দিব্যান্যস্ত্রাণি গুর্ব্বর্থং সব্যসাচিনা।
নিবাতকবচৈর্যুদ্ধং হিরণ্যপুরবাসিভিঃ ॥১৮৬॥

ভারতকৌমুদী

জটেতি। অভিগমনম্ আগমনম্ ॥১৮২॥

আর্ষ্টীতি। এষাং পাণ্ডবানাম্ ॥১৮৩॥

কৈলাসেতি। কৈলাসারোহণং ভীমস্য। যত্রারোহণে। যুদ্ধং ভীমস্য ॥১৮৪॥

সমাগম ইতি। বৈশ্রবণেন কুবেরেণ সহ, পাণ্ডূনাং পাণ্ডবানাম্, সমাগমঃ সম্মেলনম্। ভ্রাতৃভির্যুধিষ্ঠিরাদিভিঃ সহ ॥১৮৫॥

অবাপ্যেতি। দিব্যানি স্বর্গীয়াণি, অস্ত্রাণি অবাপ্য বিদ্যমানেন, সব্যসাচিনা অর্জ্জুনেন, গুর্ব্বর্থম্ অস্ত্রশিক্ষকেন্দ্রাদিদেবগণার্থম্, হিরণ্যপুরবাসিভির্নিবাতকবচৈঃ সার্দ্ধং যুদ্ধং কৃতমিতি শেষঃ ॥১৮৬॥

ভারতভাবদীপঃ

তীর্থযাত্রাখলবধৌ সমানাবিতি দর্শয়ন্। পপাঠ তীর্থযাত্রান্তে জটাসুরবধাদিকম্ ॥৭৫॥
শারীরাদ্বলতো ব্রহ্মন্! বলং বৈদ্যং মহত্তমম্। ভীমং হ্যজগরগ্রস্তং ধর্ম্মরাজো হ্যমোচয়ৎ ॥৭৬॥

ভীমের হাতে জটাসুরের বধ এবং তথায় রাজর্ষি বৃষপর্ব্বার আগমন ॥১৮২॥

পাণ্ডবগণ আর্ষ্টিষেণের আশ্রমে গমন করেন ও তথায় বাস করেন এবং দ্রৌপদী ভীমসেনকে উৎসাহিত করেন ॥১৮৩॥

ভীমের কৈলাসপর্বতে আরোহণ; যাহাতে বলমত্ত মণিমান্প্রভৃতি যক্ষগণের সহিত ভীমের ভয়ঙ্কর যুদ্ধ হইয়াছিল ॥১৮৪॥

তাহার পর কুবেরের সহিত পাণ্ডবগণের সম্মেলন; তৎপরে যুধিষ্ঠির-প্রভৃতির সহিত অর্জ্জুনের মিলন ॥১৮৫॥

অর্জ্জুন দেবগণের নিকট স্বর্গীয় অস্ত্র শিক্ষা করিয়া তাঁহাদেরই জন্য হিরণ্য-পুরবাসী নিবাতকবচগণের সহিত যুদ্ধ করেন ॥১৮৬॥

নিবাতকবচৈর্ঘোরৈর্দানবৈঃ সুরশত্রুভিঃ।
পৌলোমৈঃ কালকেয়ৈশ্চ যত্র যুদ্ধং কিরীটিনঃ ॥১৮৭॥
বধশ্চৈষাং সমাখ্যাতো রাজ্ঞস্তেনৈব ধীমতা।
অস্ত্রসন্দর্শনারম্ভো ধর্ম্মরাজস্য সন্নিধৌ ॥১৮৮॥
পার্থস্য প্রতিষেধশ্চ নারদেন সুরর্ষিণা।
অবরোহণং পুনশ্চৈব পাণ্ডূনাং গন্ধমাদনাৎ ॥১৮৯॥
ভীমস্য গ্রহণং চাত্র পর্ব্বতাভোগবর্ম্মণা।
ভুজঙ্গেন্দ্রেণ বলিনা তস্মিন্ সুগহনে বনে ॥১৯০॥
অমোক্ষয়দ্যত্র চৈনং প্রশ্নানুক্ত্বা যুধিষ্ঠিরঃ।
কাম্যকাগমনঞ্চৈব পুনস্তেষাং মহাত্মনাম্ ॥১৯১॥

ভারতকৌমুদী

কে তে নিবাতকবচা ইত্যাহ নিবাতেতি। নিবাতকবচৈস্তদাখ্যয়া পরিভাষিতৈঃ। পুলোম্নোঽপত্যানি পৌলোমাস্তৈঃ, কালকস্যাপত্যানি কালকেয়াস্তৈশ্চ ॥১৮৭॥

বধ ইতি। তেনৈব ধীমতা অর্জ্জুনেন, এষাং নিবাতকবচানাং রাজ্ঞো বধঃ কৃতঃ সমাখ্যাতঃ। অস্ত্রাণাং স্বর্গে লব্ধানাং সন্দর্শনারম্ভঃ কৃতঃ, তেনৈবেতি সম্বন্ধঃ ॥১৮৮॥

পার্থস্যেতি। প্রতিষেধঃ অস্ত্রসন্দর্শনে ইতি শেষঃ, জগদনর্থাশঙ্কাবশাদিতি ভাবঃ ॥১৮৯॥

ভীমস্যেতি। পর্ব্বতস্য আভোগো বিস্তারস্তদ্বৎ বর্ম্ম শরীরং যস্য তেন। গ্রহণং ধারণম্ ॥১৯০॥

অমোক্ষয়দিতি। এনং ভীমম্। প্রশ্নান্ সর্পকৃতপ্রশ্নানামুত্তরাণি ॥১৯১॥

ভারতভাবদীপঃ

রাজ্ঞোঽগ্র ইতি শেষঃ। তেনৈবার্জ্জুনেনৈব, এষাং দানবানাং বধ আখ্যাতঃ ॥১৮৮॥ পর্ব্বতবৎ আভোগঃ পরিপূর্ণত্বং যস্য তাদৃশং বর্ম্ম শরীরং যস্য তেন, পর্ব্বততুল্যেনেত্যর্থঃ ॥১৯০॥ যাবৎ কীর্ত্তিরকীর্ত্তির্বা তাবৎ স্বর্নরকেঽথবা। পুমানস্তীতি জানীয়াদিন্দ্রদ্যুম্ননিদর্শনাৎ ॥৭৭॥

পুলোমা ও কালকেয়ের সন্তানগণকেই লোকে 'নিবাতকবচ' বলিত, তাহারা দানব ছিল ও দেবগণের ভয়ঙ্কর শত্রু ছিল; তাহাদের সঙ্গেই অর্জ্জুনের যুদ্ধ হইয়াছিল ॥১৮৭॥

অর্জ্জুন নিবাতকবচদিগের রাজাকে বধ করেন, তাহার পর যুধিষ্ঠিরের নিকটে অস্ত্র দেখাইতে আরম্ভ করেন ॥১৮৮॥

দেবর্ষি নারদ অস্ত্র দেখাইতে অর্জ্জুনকে নিষেধ করেন। তাহার পরে পাণ্ডবগণ গন্ধমাদনপর্ব্বত হইতে অবতরণ করেন ॥১৮৯॥

তৎপরে পর্বতের ন্যায় বিস্তৃতশরীর অত্যন্তবলবান্ একটী সর্প সেই ভয়ঙ্কর বনের ভিতরে ভীমকে আক্রমণ করে ॥১৯০॥

তত্রস্থাংশ্চ পুনর্দ্রষ্টুং পাণ্ডবান্ পুরুষর্ষভান্।
বাসুদেবস্যাগমনম্ অত্রৈব পরিকীর্ত্তিতম্ ॥১৯২॥
মার্কণ্ডেয়সমাস্যায়ামুপাখ্যানানি সর্বশঃ।
পৃথোর্বৈণ্যস্য যত্রোক্তমাখ্যানং পরমর্ষিণা ॥১৯৩॥
সংবাদশ্চ সরস্বত্যাস্তার্ক্ষ্যর্ষেঃ সুমহাত্মনঃ।
মৎস্যোপাখ্যানমত্রৈব প্রোচ্যতে তদনন্তরম্ ॥১৯৪॥
মার্কণ্ডেয়সমাস্যা চ পুরাণং পরিকীর্ত্তিতম্।
ঐন্দ্রদ্যুম্নমুপাখ্যানং ধৌন্ধুমারং তথৈব চ ॥১৯৫॥

ভারতকৌমুদী

তত্রেতি। তত্রস্থান্ কাম্যকবনস্থিতান্ ॥১৯২॥

মার্কণ্ডেয়েতি। মার্কণ্ডেয়স্য সমাস্যায়াং সমুপবেশনে মার্কণ্ডেয়েনোপবিশ্য কথ্যমানে বৃত্তান্তে ইত্যর্থঃ। বেণস্যাপত্যং বৈণ্যস্তস্য পৃথোঃ ॥১৯৩॥

সংবাদ ইতি। সংবাদো বৃত্তান্তঃ ॥১৯৪॥

মার্কণ্ডেয়েতি। পুরাণম্ অতীবপ্রাচীনমাখ্যানম্ ॥১৯৫॥

ভারতভাবদীপঃ

সমাস্যায়াং সহোপবেশনে ॥১৯৩॥

পিত্রোঃ শুশ্রূষয়া ব্যাধঃ সিদ্ধঃ পত্যুঃ পতিব্রতা। সিধ্যন্তি ব্রাহ্মণা বহুের্যোগিনস্ত্বাত্মসেবয়া ॥৭৮॥
পতিব্রতানাং ধর্ম্মাশ্চ দ্রৌপদীসত্যভাময়োঃ। সংবাদাদধিগন্তব্যাঃ সেব্যাস্তাসাং সুখাবহাঃ ॥৭৯॥

যুধিষ্ঠির সর্পকৃত প্রশ্নের উত্তর করিয়া ভীমকে মুক্ত করেন। তাহার পর, পাণ্ডবগণের পুনরায় কাম্যকবনে আগমন ॥১৯১॥

পাণ্ডবেরা যখন কাম্যকবনে অবস্থান করিতেছিলেন, তখন তাঁহাদিগকে দেখিবার জন্য কৃষ্ণ সেখানে আগমন করেন ॥১৯২॥

মার্কণ্ডেয়সমাস্যায় সর্ব্বপ্রকার উপাখ্যান আছে; বেদব্যাস প্রথমে বেণপুত্র পৃথুর উপাখ্যান বলিয়াছেন ॥১৯৩॥

তাহার পর সরস্বতী ও তার্ক্ষ্যমুনির উপাখ্যান; তৎপরে মৎস্যের উপাখ্যান বলিয়াছেন ॥১৯৪॥

এই মার্কণ্ডেয়সমাস্যা অতিপ্রাচীন বৃত্তান্ত; তৎপরে ইন্দ্রদ্যুম্নরাজা ও ধুন্ধুমার রাজার উপাখ্যান ॥১৯৫॥

---

(১৯৩)... ইতঃ শ্লোকাৎ পূর্বম্ "মার্কণ্ডেয়স্য চ তথা দেবর্ষের্নারদস্য চ" ইত্যর্দ্ধং ক্বচিদধিকং দৃশ্যতে। (১৯৫)...পুরাণং পরিকীর্ত্ত্যতে...।

পতিব্রতায়াশ্চাখ্যানং তথৈবাঙ্গিরসং স্মৃতম্ ।
দ্রৌপদ্যাঃ কীর্ত্তিতশ্চাত্র সংবাদঃ সত্যভাময়া ॥১৯৬॥
পুনর্দ্বৈতবনং চৈব পাণ্ডবাঃ সমুপাগতাঃ ।
ঘোষযাত্রা চ গন্ধর্বৈর্যত্র বদ্ধঃ সুযোধনঃ ॥১৯৭॥
হ্রিয়মাণস্তু মন্দাত্মা মোক্ষিতোঽসৌ কিরীটিনা ।
ধর্ম্মরাজস্য চাত্রৈব মৃগস্বপ্ননিদর্শনম্ ॥১৯৮॥
কাম্যকে কাননশ্রেষ্ঠে পুনর্গমনমুচ্যতে ।
ব্রীহিদ্রৌণিকমাখ্যানমত্রৈব বহুবিস্তরম্ ॥১৯৯॥
দুর্বাসসোঽপ্যুপাখ্যানমত্রৈব পরিকীর্ত্তিতম্ ।
জয়দ্রথেনাপহারো দ্রৌপদ্যাশ্চাশ্রমান্তরাৎ ॥২০০॥

ভারতকৌমুদী

পতীতি। অঙ্গিরস ইদমাঙ্গিরসম্ আখ্যানম্। সংবাদ আলাপঃ ॥১৯৬॥

পুনরিতি। ঘোষায় আভীরপল্লীদর্শনায় দুর্য্যোধনাদীনাং যাত্রা ঘোষযাত্রা। যত্র ঘোষ-যাত্রায়াং গন্ধর্ব্বৈঃ সুযোধনো বদ্ধঃ ॥১৯৭॥

হ্রিয়মাণ ইতি। অসৌ মন্দাত্মা দূষিতহৃদয়ঃ সুযোধনঃ, গন্ধর্ব্বৈঃ হ্রিয়মাণঃ সন্, কিরীটিনা অর্জ্জুনেন তু মোক্ষিতঃ। মৃগাণাং স্বপ্নে নিদর্শনং মৃগস্বপ্ননিদর্শনম্ ॥১৯৮॥

কাম্যক ইতি। পুনর্গমনং পাণ্ডবানামেব ॥১৯৯॥

জয়দ্রথেনেতি। আশ্রমান্তরাৎ যুধিষ্ঠিরাশ্রমমধ্যাৎ। অপহারঃ অপহরণম্ ॥২০০॥

ভারতভাবদীপঃ

সাধূনভিবুভূষূহি স্বয়মেবাভিভূয়তে। ইতি সন্দর্শয়ন্নাহ ঘোষযাত্রাং মহামুনিঃ ॥৮০॥
ন দেবব্রাহ্মণার্থেঽপি হিংসা বহ্বী প্রশস্যতে। ইতি সন্দর্শয়ন্নাহ মৃগস্বপ্ননিদর্শনম্ ॥৮১॥
ব্রীহিদ্রৌণিকদৃষ্টান্তাদ্বৃত্তিশুদ্ধোঽতিথিপ্রিয়ঃ। অত্যল্পেনাপি দানেন সিধ্যতীত্যেতদীরিতম্ ॥
দৌর্ব্বাসসে তু সার্ব্বাত্ম্যং কারুণ্যঞ্চেরিতং হরেঃ। তত্তৃপ্ত্যা হি জগৎ তৃপ্তমত্যল্পেনাপি তৃপ্যতঃ ॥

পতিব্রতার উপাখ্যান, আঙ্গিরসের উপাখ্যান এবং দ্রৌপদী ও সত্যভামার বৃত্তান্ত ॥১৯৬॥

পাণ্ডবগণ পুনরায় দ্বৈতবনে গমন করেন; তৎপরে দুর্য্যোধনপ্রভৃতির ঘোষযাত্রা; যাহাতে গন্ধর্ব্বগণ দুর্য্যোধনকে বন্ধন করে ॥১৯৭॥

গন্ধর্ব্বগণ মন্দমতি দুর্য্যোধনকে বন্ধন করিয়া নিয়া যাইতে থাকে, তখন অর্জ্জুন তাঁহাকে মুক্ত করিয়া দেন। তাহার পর যুধিষ্ঠির স্বপ্নে হরিণ-দিগকে দর্শন করেন ॥১৯৮॥

পাণ্ডবগণ পুনরায় কাম্যকবনে গমন করেন। ইহার পরেই অতিবিস্তৃত ব্রীহি-দ্রৌণিক উপাখ্যান ॥১৯৯॥

যত্রৈনমন্বয়াদ্ভীমো বায়ুবেগসমো জবে।
চক্রে চৈনং পঞ্চশিখং যত্র ভীমো মহাবলঃ ॥২০১॥
রামায়ণমুপাখ্যানমত্রৈব বহুবিস্তরম্।
যত্র রামেণ বিক্রম্য নিহতো রাবণো যুধি ॥২০২॥
সাবিত্র্যাশ্চাপ্যুপাখ্যানমত্রৈব পরিকীর্ত্তিতম্।
কর্ণস্য পরিমোক্ষোঽত্র কুণ্ডলাভ্যাং পুরন্দরাৎ ॥২০৩॥
যত্রাস্য শক্তিং তুষ্টোঽসাবদাদেকবধায় চ।
আরণেয়মুপাখ্যানং যত্র ধর্ম্মোঽন্বশাৎ সুতম্ ॥২০৪॥

ভারতকৌমুদী

যত্রেতি। জবে বেগে বায়োর্ব্বেগঃ সমো যস্য সঃ। এনং জয়দ্রথম্, অন্বয়াৎ অনুধাবিতবান্। এনং জয়দ্রথম্, পঞ্চ শিখা যস্য তম্, পঞ্চশিখামাত্রং রক্ষিত্বা তন্মস্তকং মুণ্ডিতবানিত্যর্থঃ ॥২০১॥

রামেতি। বহবো বিস্তরা যস্য তৎ। বিক্রম্য আত্মনো মহাশক্তিং প্রদর্শ্য ॥২০২॥

সাবিত্র্যা ইতি। কুণ্ডলাভ্যাং স্বকীয়কুণ্ডলদ্বয়দানেন, পুরন্দরাদিন্দ্রাৎ, কর্ণস্য পরিমোক্ষো মুক্তিঃ ॥২০৩॥

যত্রেতি। অসৌ পুরন্দরঃ, তুষ্টঃ সন্, একস্য পুরুষস্য বধায়, অস্য কর্ণস্য, শক্তিং নামাস্ত্রম্,

ভারতভাবদীপঃ

ভীমো ভয়ঙ্করঃ, ভীমঃ পাণ্ডবঃ। পঞ্চসটমিতি পাঠেঽপি স এবার্থঃ ॥২০১॥
পরস্ত্রীস্পর্শমাত্রেণ জয়দ্রথদশাস্যয়োঃ। আদ্যঃ পঞ্চসটো জাতঃ সপুত্রো হতঃ পরঃ ॥৮৪॥
কার্য্যার্থী মিত্রমন্বিচ্ছন্ নৃশংসঃ স্যান্মহানপি। জঘান বালিনং রামো নির্দ্দোষমপি সাহসাৎ ॥৮৫॥
পতিব্রতায়া মাহাত্ম্যং কুলদ্বয়সুখাবহম্। ভর্তৃমৃত্যুহরঞ্চৈব সাবিত্রীহ নিদর্শনম্ ॥৮৬॥
পরিমোক্ষো বিয়োগঃ ॥২০৩॥
কর্ণো দাতা, পাত্রমিন্দ্রো, দেয়ং স্বাত্মসমং ধনম্। শক্ত্যা বিনিময়শ্চেজ্জো ধর্ম্মো নাভ্যভবদ্রিপুম্ ॥
আরণেয়ম্ অরণীহরণম্, ধর্ম্মো মৃগরূপী ॥২০৪॥

দুর্ব্বাসার উপাখ্যানও এই সময়েই বলিয়াছেন। তাহার পরে জয়দ্রথ যুধিষ্ঠিরের আশ্রমের ভিতর হইতে দ্রৌপদীকে অপহরণ করে ॥২০০॥

বায়ুর তুল্য বেগবান্ ভীম জয়দ্রথের পশ্চাৎ ধাবিত হন এবং পাঁচটী শিখামাত্র রাখিয়া জয়দ্রথের মস্তক মুণ্ডন করিয়া দেন ॥২০১॥

ইহার পরেই অতিবিস্তৃত রামের উপাখ্যান; যাহাতে রাম বিক্রম প্রকাশ করিয়া যুদ্ধে রাবণকে বধ করেন ॥২০২॥

এই সময়েই সাবিত্রীর উপাখ্যান বলা হইয়াছে। তাহার পরে নিজের কুণ্ডল দুইটী দান করিয়া কর্ণ ইন্দ্রের হস্ত হইতে মুক্তি লাভ করেন ॥২০৩॥

জগ্মুর্লব্ধবরা যত্র পাণ্ডবাঃ পশ্চিমাং দিশম্ ।
এতদারণ্যকং পর্ব্ব তৃতীয়ং পরিকীর্ত্তিতম্ ॥২০৫॥
অত্রাধ্যায়শতে দ্বে তু সংখ্যয়া পরিকীর্ত্তিতে ।
একোনসপ্ততিশ্চৈব তথাধ্যায়াঃ প্রকীর্ত্তিতাঃ ॥২০৬॥
একাদশ সহস্রাণি শ্লোকানাং ষট্ শতানি চ ।
চতুঃষষ্টিস্তথা শ্লোকাঃ পর্ব্বণ্যস্মিন্ প্রকীর্ত্তিতাঃ ॥২০৭॥
অতঃ পরং নিবোধেদং বৈরাটং পর্ব্ব বিস্তরম্ ।
বিরাটনগরে গত্বা শ্মশানে বিপুলাং শমীম্ ॥২০৮॥
দৃষ্ট্বা সন্নিদধুস্তত্র পাণ্ডবা হ্যায়ুধান্যুত ।
যত্র প্রবিশ্য নগরং ছদ্মনা ন্যবসংস্ত তে ॥২০৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অদাৎ দত্তবান্ । আরণেয়ম্ অরণীমন্থসম্বন্ধি । ধর্ম্মো দেবঃ, সুতং স্বপুত্রং যুধিষ্ঠিরম্, অন্বশাৎ উপদিষ্টবান্ ॥২০৪॥

জগ্মুরিতি । লব্ধবরা ধর্ম্মাদেব প্রাপ্তবরাঃ সন্তঃ ॥২০৫॥

অত্রেতি । অত্র আরণ্যকে পর্ব্বণি ॥২০৬॥

একাদশেতি । শ্লোকানামেকাদশ সহস্রাণি ষট্ শতানি চেত্যন্বয়ঃ ॥২০৭॥

অত ইতি । নিবোধ শ্রবণেন জানীহি । ইতি প্রশ্নকর্ত্তারং প্রত্যোবোক্তিঃ । পাণ্ডবা বিরাটনগরে শ্মশানে গত্বা, বিপুলাং বিশালাম্, শমীং তরুম্, দৃষ্ট্বা, তত্র শমীতরৌ, আয়ুধানি স্বস্বাস্ত্রাণি, সন্নিদধুঃ সংস্থাপয়ামাসুঃ ॥২০৮—২০৯॥

ভারতভাবদীপঃ

পর্ব্বত্রয়োদিতার্থানামুপসংহারবর্ণনম্ । আরণেয়ে ধর্ম্মপার্থসংবাদব্যাজতঃ কৃতম্ ॥৮৮॥
আদিরেকোনবিংশত্যা পর্ব্বভির্নবভিঃ সভা । আরণ্যকং ষোড়শভির্ধর্ম্মমেবাত্মরূপয়ং ॥৮৯॥
ধর্ম্ম উক্তস্ত্রিভিঃ সেবা নীতি-যুদ্ধাদিহেতুকম্ । শোকভোগফলঞ্চার্থং বক্তি পর্ব্বভিরষ্টভিঃ ॥৯০॥

ইন্দ্র সন্তুষ্ট হইয়া এক পুরুষবধের জন্য কর্ণকে একটী শক্তি দান করেন। তাহার পর অরণীমন্থ হরণের উপাখ্যান; যাহাতে স্বয়ং ধর্ম্ম আপন পুত্র যুধিষ্ঠিরকে, উপদেশ দিয়াছিলেন ॥২০৪॥

ইহার পর পাণ্ডবগণ ধর্ম্মের নিকট বরলাভ করিয়া, পশ্চিমদিকে চলিয়া যান। ইহাই তৃতীয় বনপর্ব্ব কথিত হইল ॥২০৫॥

এই বনপর্ব্বে দুই শত উনসত্তরটী অধ্যায় আছে ॥২০৬॥

এবং এগার হাজার ছয় শত চৌষট্টিটী শ্লোক আছে ॥২০৭॥

ইহার পর বিস্তৃত বিরাটপর্ব্ব শ্রবণ করুন। পাণ্ডবগণ বিরাটনগরে শ্মশানে যাইয়া, বিশাল একটা শমীবৃক্ষ দেখিয়া তাহাতে আপন আপন অস্ত্র

পাঞ্চালীং প্রার্থয়ানস্থ কামোপহতচেতসঃ।
দুষ্টাত্মনো বধো যত্র কীচকস্থ বৃকোদরাৎ ॥২১০॥
পাণ্ডবান্বেষণার্থঞ্চ রাজ্ঞো দুর্য্যোধনস্থ চ।
চরাঃ প্রস্থাপিতাশ্চাত্র নিপুণাঃ সর্ব্বতো দিশম্ ॥২১১॥
ন চ প্রবৃত্তিস্তৈর্লব্ধা পাণ্ডবানাং মহাত্মনাম্।
গোগ্রহশ্চ বিরাটস্থ ত্রিগর্ত্তৈঃ প্রথমং কৃতঃ ॥২১২॥
যত্রাস্থ যুদ্ধং সুমহত্তৈরাসীল্লোমহর্ষণম্।
হ্রিয়মাণশ্চ যত্রাসৌ ভীমসেনেন মোক্ষিতঃ ॥২১৩॥
গোধনঞ্চ বিরাটস্থ মোক্ষিতং যত্র পাণ্ডবৈঃ।
অনন্তরঞ্চ কুরুভিস্তস্থ গোগ্রহণং কৃতম্ ॥২১৪॥

ভারতকৌমুদী

পাঞ্চালীমিতি। প্রার্থয়ানস্তেতি মকারাগমাভাব আর্ষঃ ॥২১০॥

পাণ্ডবেতি। প্রস্থাপিতাঃ প্রধানপুরুষৈঃ প্রেরিতাঃ ॥২১১॥

নেতি। তৈশ্চরৈঃ, প্রবৃত্তির্ব্বৃত্তান্তঃ। ত্রিগর্ত্তৈঃ সুশর্ম্মাদিভিঃ, গোগ্রহো দক্ষিণস্থা দিশো গোহরণম্ ॥২১২॥

যত্রেতি। অস্থ বিরাটস্থ। অসৌ বিরাটঃ হ্রিয়মাণস্ত্রিগর্ত্তৈর্জিত্বা নীয়মানশ্চ ॥২১৩॥

গোধনমিতি। কুরুভির্দুর্য্যোধনাদিভিঃ, তস্থ বিরাটস্থ, গোগ্রহণম্ উত্তরস্থা দিশো গোহরণম্ ॥২১৪॥

ভারতভাবদীপঃ

বিরাটে প্রথমং প্রোক্তঃ সেবাধর্ম্মঃ প্রবেশনে। তত্রাপি খলবাধাস্তীত্যুক্তং কীচকদারণে ॥৯১॥

স্থাপন করিলেন ; তাহার পর তাঁহারা ছদ্মবেশে বিরাটনগরে প্রবেশ করিয়া বাস করিতে লাগিলেন ॥২০৮—২০৯॥

কামাতুরহৃদয় দুরাত্মা কীচক দ্রৌপদীকে প্রার্থনা করিলে, ভীম তাহার প্রাণসংহার করেন ॥২১০॥

মহারাজ দুর্য্যোধন পাণ্ডবগণের অন্বেষণের জন্য সকল দিকে সুদক্ষ গুপ্তচরদিগকে প্রেরণ করেন ॥২১১॥

কিন্তু সেই গুপ্তচরগণ মহাত্মা পাণ্ডবগণের কোন সন্ধান পায় নাই। তাহার পর সুশর্ম্মাপ্রভৃতি ত্রিগর্ত্তদেশীয়েরা প্রথমে বিরাটের দক্ষিণ দিকের গোহরণ করে ॥২১২॥

তাহার পরে সেই ত্রিগর্ত্তদেশীয়দিগের সহিত বিরাটের লোমহর্ষণ মহাযুদ্ধ হয় ; তাহাতে ত্রিগর্ত্তীয়েরা বিরাটরাজাকে আবদ্ধ করিয়া নিয়া যাইতে থাকে, তখন ভীম তাঁহাকে মুক্ত করিয়া দেন ॥২১৩॥

সমস্তা যত্র পার্থেন নির্জিতাঃ কুরবো যুধি।
প্রত্যাহৃতং গোধনঞ্চ বিক্রমেণ কিরীটিনা ॥২১৫॥
বিরাটেনোত্তরা দত্তা স্নুষা যত্র কিরীটিনঃ।
অভিমন্যুং সমুদ্দিশ্য সৌভদ্রমরিঘাতিনম্ ॥২১৬॥
চতুর্থমেতদ্বিপুলং বৈরাটং পর্ব বর্ণিতম্।
অত্রাপি পরিসংখ্যাতা অধ্যায়াঃ পরমর্ষিণা ॥২১৭॥
সপ্তষষ্টিরথো পূর্ণাঃ শ্লোকানামপি মে শৃণু।
শ্লোকানাং দ্বে সহস্রে তু শ্লোকাঃ পঞ্চাশদেব তু ॥২১৮॥ (যুগ্মকম্)
উক্তানি বেদবিদুষা পর্ব্বণ্যস্মিন্ মহর্ষিণা।
উদ্যোগং পর্ব্ব বিজ্ঞেয়ং পঞ্চমং শৃণ্বতঃ পরম্ ॥২১৯॥

ভারতকৌমুদী

সমস্তা ইতি। যত্র উত্তরগোগ্রহপ্রস্তাবে, পার্থেন কিরীটিনা অর্জ্জুনেন, যুধি যুদ্ধে, বিক্রম্য, সমস্তাঃ কুরবো নির্জিতাঃ, গোধনঞ্চ প্রত্যাহৃতম্ ॥২১৫॥

বিরাটেনেতি। উত্তরা নাম নিজকন্যা, কিরীটিনোঽর্জ্জুনস্য, স্নুষা পুত্রবধূরূপা ॥২১৬॥

চতুর্থমিতি। পরমর্ষিণা ব্যাসেন, নানোপাখ্যানৈঃ পূর্ণাঃ, সপ্তষষ্টিঃ অধ্যায়াঃ পরিসংখ্যাতাঃ; শ্লোকানামপি সংখ্যাং মে শৃণ্বিত্যন্বয়ঃ ॥২১৭—২১৮॥

উক্তানীতি। অতো বিরাটপর্ব্বণঃ পরম্, বিজ্ঞেয়ম্ আশ্চর্য্যময়ত্বাৎ সর্ব্বৈরেব জ্ঞাতব্যম্, পঞ্চমম্ উদ্যোগং নাম পর্ব্ব শৃণু ॥২১৯॥

ভারতভাবদীপঃ

পৌরুষং দর্শয়িত্বৈব স্বামিনে গোত্রনামনী। প্রকীর্ত্তয়েদিতি প্রোচে মুনির্গোগ্রহপর্ব্বণি ॥৯২॥

এদিকে যুধিষ্ঠির, নকুল ও সহদেব ইহাঁরা বিরাটের গোধন মুক্ত করিয়া রাখেন। তাহার পর কৌরবগণ বিরাটের উত্তর দিকের গো হরণ করেন ॥২১৪॥

যত্রার্জ্জুনো দ্বারবতীমেত্য বৃষ্ণিবিনাকৃতাম্।
দৃষ্ট্বা বিষাদমগমৎ পরাঞ্চার্ত্তিং নরর্ষভঃ ॥৩৫৭॥
স সংস্কৃত্য নরশ্রেষ্ঠং মাতুলং শৌরিমাত্মনঃ।
দদর্শ যদুবীরাণামাপানে বৈশসং মহৎ ॥৩৫৮॥

ভারতকৌমুদী

নমু কথং শস্ত্রস্পর্শমাত্রেণৈব হতা ইত্যাহ ব্রহ্মেতি। ব্রহ্মদণ্ডেন দণ্ডরূপেণ ব্রহ্মশাপেন বিনিষ্পিষ্টা আদাবেব নাশিতাঃ; অতএব দৈবেন অভিপ্রচোদিতাঃ প্রেরিতাঃ, লবণাম্ভসঃ সমুদ্রস্য সমীপে, আপানে সুরাপানগোষ্ঠ্যাম্, পানকলিতাঃ সুরাপানেন মত্তাঃ। অতএব এরকারূপিভিঃ তৃণবিশেষস্বরূপৈর্ব্বজ্রৈঃ, ইতরেতরং পরস্পরম্, নিজঘ্নুর্বিনাশয়ামাসুঃ। অয়ং ষট্পদঃ শ্লোকঃ ॥৩৫৫॥

যত্রেতি। প্রাপ্তমুপস্থিতম্, সর্ব্বহরং সর্ব্বনাশকরম্। সমং সমানম্ ইতরসাধারণমেব যথা স্যাত্তথেত্যর্থঃ, ন অতিচক্রমতুঃ ন লঙ্ঘয়ামাসতুঃ, অপি তু কালবশমেব গতৌ মৃতাবিত্যর্থঃ ॥৩৫৬॥

যত্রেতি। নরর্ষভঃ পুরুষশ্রেষ্ঠোঽপি অর্জ্জুনঃ, এত্য আগত্য, দ্বারবতীং দ্বারকাম্, বৃষ্ণিভির্যাদবৈঃ বিনাকৃতাং পরিত্যক্তাম্, দৃষ্ট্বা, বিষাদং পরামত্যন্তাম্ আর্ত্তিং মনঃপীড়াঞ্চ অগমৎ ॥৩৫৭॥

ভারতভাবদীপঃ

ইত্যর্থঃ। এরকা নিগ্রন্থি তৃণম্ ॥৩৫৫॥ রামকৃষ্ণৌ মহৎপরং ব্রহ্মাপি সন্তৌ কালং নাতিচক্রমতুঃ, সমর্থাবপি মর্য্যাদাং নোল্লঙ্ঘিতবন্তাবিত্যর্থঃ ॥৩৫৬॥
ব্রহ্মক্ষোভাৎ সুরাপানাদ্বিনষ্টাঃ সর্ব্বযাদবাঃ। তস্মাদেতদ্দ্বয়ং সদ্ভির্নৈব কার্য্যং কদাচন ॥১৩১॥
আর্ত্তিং পীড়াম্ ॥৩৫৭॥ বৈশসং পরস্পরং বিশসনম্ ॥৩৫৮॥

ব্রাহ্মণের অভিসম্পাতে পূর্ব্বেই যাদবগণের আয়ুঃশেষ হইয়াছিল; তাই তাঁহারা লবণসমুদ্রের তীরে সুরাপানের আসরে সুরাপানে মত্ত হইয়া, দৈবের প্রেরণায় নলখাগড়ারূপ (শরগাছরূপ) বজ্রদ্বারা পরস্পর পরস্পরকে বধ করেন ॥৩৫৫॥

সর্ব্বনাশকারী কাল সকলকেই নাশ করিয়া উপস্থিত হইয়াছিল, তাই বলরাম এবং কৃষ্ণও অন্যান্যেরই মত সে কালকে অতিক্রম করিতে পারেন নাই ॥৩৫৬॥

পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুন যাইয়া দ্বারকানগরীকে যাদবশূন্য দেখিয়া, বিষাদ ও অত্যন্ত মনঃপীড়া পাইলেন ॥৩৫৭॥

(৩৫৬)·· সর্বহরং মহৎ।

শরীরং বাসুদেবস্য রামস্য চ মহাত্মনঃ।
সংস্কারং লম্ভয়ামাস বৃষ্ণীনাঞ্চ প্রধানতঃ ॥৩৫৯॥
স বৃদ্ধবালমাদায় দ্বারবত্যাস্ততো জনম্।
দদর্শাপদি কষ্টায়াং গাণ্ডীবস্য পরাভবম্ ॥৩৬০॥
সর্বেষাঞ্চৈব দিব্যানামস্ত্রাণামপ্রসন্নতাম্।
নাশং বৃষ্ণিকলত্রাণাং প্রভাবাণামনিত্যতাম্ ॥৩৬১॥ (যুগ্মকম্)
দৃষ্ট্বা নির্বেদমাপন্নো ব্যাসবাক্যপ্রণোদিতঃ।
ধর্ম্মরাজং সমাসাদ্য সন্ন্যাসং সমরোচয়ৎ ॥৩৬২॥

ভারতকৌমুদী

স ইতি। সঃ অর্জ্জুনঃ, আত্মনো মাতুলং নরশ্রেষ্ঠং শৌরিং বসুদেবম্, সংস্কৃত্য দগ্ধ্বা, আপানে সুরাপানগোষ্ঠ্যাম্, যদুবীরাণাং মহৎ বৈশসং ধ্বংসং দদর্শ ॥৩৫৮॥

শরীরমিতি। সংস্কারং দাহসৎকারম্, লম্ভয়ামাস প্রাপয়ামাস, অর্জ্জুন ইতি সম্বন্ধঃ ॥৩৫৯॥

স ইতি। সঃ অর্জ্জুনঃ, ততো দ্বারবত্যাঃ সকাশাৎ, বৃদ্ধবালাত্মকং জনমাদায় আগচ্ছন্নিতি শেষঃ, কষ্টায়াং কষ্টদায়িন্যাম্, আপদি দস্যুকর্ত্তৃকাক্রমণরূপায়াং বিপদি, গাণ্ডীবস্য ধনুষঃ, পরাভবং দদর্শ। অপ্রসন্নতাং বিস্মৃতিমিত্যর্থঃ, নাশং দস্যুভির্হরণেনাদর্শনম্, তথা প্রভাবাণামাত্মতেজসাম্, অনিত্যতাং নশ্বরত্বং লোপমিত্যর্থঃ দদর্শ ॥৩৬০—৩৬১॥

দৃষ্টেতি। নির্বেদম্ আত্মাবমাননাম্। ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্। সমরোচয়ৎ অভিলষিতবান্ ॥৩৬২॥

ভারতভাবদীপঃ

সর্বে ক্ষয়াস্তা নিচয়া বৃষ্ণীনামপি সঙ্ক্ষয়াং। পরাভবাদর্জ্জুনস্য পতনান্তাঃ সমুচ্ছ্রয়াঃ ॥১৩২॥

অপ্রসন্নতামস্ফুরণম্ ॥৩৬১॥ সন্ন্যাসং রাজ্যত্যাগম্ ॥৩৬২॥

অর্জ্জুন আপন মাতুল বসুদেবের সৎকার করিয়া, সুরাপানের আসরে যাইয়া যাদবগণের ভয়ঙ্কর ধ্বংস দেখিতে পাইলেন ॥৩৫৮॥

তখন তিনি মহাত্মা কৃষ্ণ, বলরাম ও প্রধান প্রধান যাদবগণের শরীরগুলির দাহসংস্কার করাইলেন ॥৩৫৯॥

তাহার পর, অর্জ্জুন দ্বারকা হইতে বালক, বৃদ্ধ ও স্ত্রীলোক-সকল নিয়া আসিতেছিলেন, এই সময়ে দস্যুরা আসিয়া তাঁহাকে আক্রমণ করিল; তখন তিনি গাণ্ডীব ধনুর পরাজয়, সমস্ত দিব্য অস্ত্রের বিস্মৃতি, স্ত্রীলোকদিগের অপসরণ এবং নিজের ক্ষমতার অভাব দেখিতে পাইলেন ॥৩৬০—৩৬১॥

এই সকল দেখিয়া অর্জ্জুনের আত্মগ্লানি উপস্থিত হইল; তাই তিনি ব্যাসের উপদেশে যুধিষ্ঠিরের নিকট আসিয়া সন্ন্যাস অবলম্বন করিবার ইচ্ছা করিলেন ॥৩৬২॥

ইত্যেতন্মৌসলং পর্ব ষোড়শং পরিকীর্ত্তিতম্।
অধ্যায়াষ্টৌ সমাখ্যাতাঃ শ্লোকানাঞ্চ শতত্রয়ম্ ॥৩৬৩॥
শ্লোকানাং বিংশতিশ্চৈব সংখ্যাতাস্তত্ত্বদর্শিনা।
মহাপ্রস্থানিকং তস্মাদূর্দ্ধং সপ্তদশং স্মৃতম্ ॥৩৬৪॥
যত্র রাজ্যং পরিত্যজ্য পাণ্ডবাঃ পুরুষর্ষভাঃ।
দ্রৌপদ্যা সহিতা দেব্যা মহাপ্রস্থানমাস্থিতাঃ ॥৩৬৫॥
যত্র তেঽগ্নিং দদৃশিরে লৌহিত্যং প্রাপ্য সাগরম্।
যত্রাগ্নিনা চোদিতশ্চ পার্থস্তস্মৈ মহাত্মনে।
দদৌ সম্পূজ্য তদ্দিব্যং গাণ্ডীবং ধনুরুত্তমম্ ॥৩৬৬॥
যত্র ভ্রাতৄন্ নিপতিতান্ দ্রৌপদীঞ্চ যুধিষ্ঠিরঃ।
দৃষ্ট্বা হিত্বা জগামৈব সর্বাননবলোকয়ন্ ॥৩৬৭॥

ভারতকৌমুদী

ইতীতি। অধ্যায়া অষ্টৌ অধ্যায়াষ্টৌ সন্ধিরার্ষঃ ॥৩৬৩॥

শ্লোকানামিতি। তস্মাৎ মৌসলপর্ব্বণঃ, উর্দ্ধং পরম্, মহাপ্রস্থানিকং নাম পর্ব ॥৩৬৪॥

যত্রেতি। মহাপ্রস্থানং স্বর্গারোহণায় উত্তরদিগ্গমনম্, আস্থিতা অবলম্বিতবন্তঃ ॥৩৬৫॥

যত্রেতি। তে পাণ্ডবাঃ, লৌহিত্যং নাম সাগরং প্রাপ্য মূর্ত্তিমন্তমগ্নিং দদৃশিরে দৃষ্টবন্তঃ। আত্মনেপদমার্ষম্। যত্র লৌহিত্যসাগরতীরে, অগ্নিনা চোদিতো গাণ্ডীবপ্রত্যর্পণায় অনুরুদ্ধঃ পার্থঃ অর্জ্জুনঃ, তস্মৈ অগ্নয়ে। অযং ষট্চরণঃ শ্লোকঃ ॥৩৬৬॥

যত্রেতি। যত্র মহাপ্রস্থানে পর্বণি। দ্রৌপদীঞ্চ নিপতিতাম্। জগামৈব ন পুনস্তানপেক্ষাঞ্চক্রে ইত্যর্থঃ, তেষাং পুনরাবর্ত্তনাসম্ভবাদিতি ভাবঃ ॥৩৬৭॥

ভারতভাবদীপঃ

অধ্যায়াষ্টৌ সন্ধিরার্ষঃ ॥৩৬৩॥ মহাপ্রস্থানং দেহত্যাগার্থমুদ্গমনম্ ॥৩৬৪॥
স্বস্থ মৃত্যুং বিনিশ্চিত্য পরং শোচেত কঃ পুমান্। যুধিষ্ঠির ইবোপেক্ষাং কুর্য্যাদ্বন্ধোমুমূর্ষতঃ ॥

ইহা মহাভারতের ষোড়শ পর্ব্ব, ইহার নাম মৌসল; ইহাতে আটটী অধ্যায় এবং তিন শত কুড়িটী শ্লোক আছে। ইহার পরে মহাপ্রস্থানিক নামে সপ্তদশ পর্ব্ব ॥৩৬৩—৩৬৪॥

যে পর্বে পুরুষপ্রধান পাণ্ডবগণ রাজ্য পরিত্যাগ করিয়া দ্রৌপদীদেবীর সহিত মহাপ্রস্থান অবলম্বন করিয়াছিলেন ॥৩৬৫॥

পাণ্ডবগণ লোহিতসাগরের তীরে উপস্থিত হইয়া অগ্নিদেবকে দেখিতে পাইলেন; তখন অগ্নিদেব গাণ্ডীব ধনু ফিরাইয়া দিবার জন্য অনুরোধ করিলে, অর্জ্জুন অগ্নিদেবকে পূজা করিয়া, সেই দিব্য গাণ্ডীব ধনু তাঁহার নিকট ফিরাইয়া দিলেন ॥৩৬৬॥

এতৎ সপ্তদশং পর্ব্ব মহাপ্রস্থানিকং স্মৃতম্ ।
অত্রাধ্যায়াস্ত্রয়ঃ প্রোক্তাঃ শ্লোকানাঞ্চ শতত্রয়ম্ ॥৩৬৮॥
বিংশতিশ্চ তথা শ্লোকাঃ সংখ্যাতাস্তত্ত্বদর্শিনা ।
স্বর্গপর্ব্ব ততো জ্ঞেয়ং দিব্যং যত্তদমানুষম্ ॥৩৬৯॥ (যুগ্মকম্)
প্রাপ্তং দেবরথং স্বর্গান্নেষ্টবান্ যত্র ধর্ম্মরাট্ ।
নারোহৎ স মহাপ্রাজ্ঞ আনৃশংস্যাচ্ছুনা বিনা ॥৩৭০॥
তামস্যাবিচলাং জ্ঞাত্বা স্থিতিং ধর্ম্মে মহাত্মনঃ ।
শ্বরূপং যত্র তত্ত্যক্ত্বা ধর্ম্মেণাসৌ সমন্বিতঃ ॥৩৭১॥

ভারতকৌমুদী

এতদিতি। শতঞ্চ ত্রয়ঞ্চেতি শতত্রয়ং ত্র্যধিকশতমিত্যর্থঃ। যদ্ যস্মাৎ, দিব্যং স্বর্গীয়ম্, অতএব তৎ স্বর্গপর্ব্ব অমানুষং মানুষসম্বন্ধিঘটনারহিতম্ ॥৩৬৮—৩৬৯॥

প্রাপ্তমিতি। যত্র স্বর্গপর্ব্বণি, মহাপ্রাজ্ঞঃ স ধর্ম্মরাড় যুধিষ্ঠিরঃ, স্বর্গাৎ প্রাপ্তং গমনপথে উপস্থিতং দেবরথম্, আনৃশংস্যাৎ পতিতান্ ভীমাদীন্ প্রতি দয়ার্দ্রত্বাৎ ন ইষ্টবান্, তথা শুনা সহগামিনা কুক্কুরেণ বিনা স্থিতত্বাৎ, নারোহৎ ॥৩৭০॥

তামিতি। যত্র স্বর্গপর্ব্বণি, ধর্ম্মেণ দেবেন, অস্য মহাত্মনো যুধিষ্ঠিরস্য, ধর্ম্মে পুণ্যে, তাম্ অবিচলাং স্থিতিম্ আসক্তিম্, জ্ঞাত্বা, তৎ পূর্ব্বধৃতম্, শ্বরূপং কুক্কুরাকৃতিম্, ত্যক্ত্বা, অসৌ যুধিষ্ঠিরঃ, সমন্বিতঃ স্বকীয়প্রকৃতরূপেণৈব মিলিতঃ ॥৩৭১॥

ভারতভাবদীপঃ

শতঞ্চ ত্রয়ঞ্চেতি সমাসে শতত্রয়মিত্যস্য ত্র্যধিকং শতমিত্যর্থঃ। ততশ্চ ত্রয়োবিংশত্যধিকং শতং শ্লোকা ইত্যর্থঃ; তাবতামেবোপলম্ভাৎ ॥৩৬৮॥ আনৃশংস্যাৎ কারুণ্যাৎ ॥৩৭০॥
আনৃশংস্যং পরো ধর্ম্মো যেন রাজা যুধিষ্ঠিরঃ। শ্বানং ভ্রাতৄন্ বিনা দেবরথং স্বর্গঞ্চ নারুহৎ ॥১৩৩॥
এবং সর্বত্র তাৎপর্য্যং কথায়ামুন্নয়েদ্যতঃ। ন প্রবৃত্তি-নিবৃত্তিভ্যাং বিনা বাচঃ কৃতার্থতা ॥১৩৪॥

ভ্রাতারা এবং দ্রৌপদী পড়িয়া গেলেন ইহা দেখিয়াও যুধিষ্ঠির তাঁহাদিগকে পরিত্যাগ করিয়াই যাইতে লাগিলেন ॥৩৬৭॥

ইহা মহাভারতের সপ্তদশ পর্ব্ব, ইহার নাম মহাপ্রস্থানিক; ইহাতে তিনটী অধ্যায় এবং এক শত তেইশটী শ্লোক আছে। পরে অলৌকিক স্বর্গীয় সেই স্বর্গপর্ব্ব জানিবেন ॥৩৬৮—৩৬৯॥

স্বর্গ হইতে একখানি দেবরথ আসিয়া উপস্থিত হইল; কিন্তু ভীমপ্রভৃতির প্রতি দয়াবশতঃ যুধিষ্ঠির সে দেবরথ চাহিলেন না এবং সঙ্গের কুকুরটী ছিল না বলিয়া তিনি তাহাতেও আরোহণ করিলেন না ॥৩৭০॥

ধর্ম্মে যুধিষ্ঠিরের সেই অবিচলিত অনুরাগ দেখিয়া, ধর্ম্মদেব নিজের সেই কুক্কুররূপ পরিত্যাগ করিয়া, তাঁহার সঙ্গে মিলিত হইলেন ॥৩৭১॥

[৩৭০]…দৈবরথম্…আরোঢুং, সুমহাপ্রাজ্ঞঃ…। [৩৭১]…স্বরূপং যত্র…।

স্বর্গং প্রাপ্তঃ স চ তথা যাতনাং বিপুলাং ভৃশম্।
দেবদূতেন নরকং যত্র ব্যাজেন দর্শিতম্ ॥৩৭২॥
শুশ্রাব যত্র ধর্ম্মাত্মা ভ্রাতৄণাং করুণা গিরঃ।
নিদেশে বর্ত্তমানানাং দেশে তত্রৈব বর্ত্ততাম্ ॥৩৭৩॥
অনুদর্শিতশ্চ ধর্ম্মেণ দেবরাজেন পাণ্ডবঃ।
আপ্লুত্যাকাশগঙ্গায়াং দেহং ত্যক্ত্বা স মানুষম্ ॥৩৭৪॥
স্বধর্ম্মনির্জ্জিতং স্থানং স্বর্গে প্রাপ্য স ধর্ম্মরাট্।
মুমুদে পূজিতঃ সর্ব্বৈঃ সেন্দ্রৈঃ সুরগণৈঃ সহ ॥৩৭৫॥

ভারতকৌমুদী

স্বর্গমিতি। স যুধিষ্ঠিরঃ, স্বর্গং প্রাপ্তোঽপি চ সন্, বিপুলাং যাতনাং ভৃশং প্রাপ্তঃ, রাজ্য-ধনজনাদিস্মরণাদিতি ভাবঃ। দেবদূতেন ব্যাজেন চাস্মৈ নরকং দর্শিতম্ ॥৩৭২॥

শুশ্রাবেতি। যত্র ধর্ম্মাত্মা যুধিষ্ঠিরঃ, তত্রৈব দেশে যমপুরে বর্ত্ততাং স্থিতানাম, অতএব যমস্য নিদেশে আজ্ঞায়াং বর্ত্তমানানাম্, ভ্রাতৄণাং ভীমাদীনাম্, করুণা হা কষ্টমিত্যাদিরূপাঃ সশোকাঃ, গিরো বিলাপবচনানি, শুশ্রাব মৃতমাত্রস্যৈব কিয়ৎকালং তৎসম্ভবাদিতি ভাবঃ ॥৩৭৩॥

অন্বিতি। স পাণ্ডবো যুধিষ্ঠিরঃ, আকাশগঙ্গায়াম্, আপ্লুত্য স্নাত্বা, মানুষং দেহং ত্যক্ত্বা, ধর্ম্মেণ দেবেন দেবরাজেন চ ভ্রাতৃভ্যঃ অনুদর্শিত আসীৎ ॥৩৭৪॥

স্বেতি। স ধর্ম্মরাড্ যুধিষ্ঠিরঃ, স্বর্গে লোকে, স্বধর্ম্মনির্জ্জিতং স্থানং প্রাপ্য, সর্ব্বৈঃ পূজিতঃ সন্, সেন্দ্রৈঃ সুরগণৈঃ সহ, মুমুদে আনন্দ ॥৩৭৫॥

ভারতভাবদীপঃ

অর্থো ধর্ম্মায় ভোগায় ধর্ম্মঃ স্বর্গায় মুক্তয়ে। কামো ধর্ম্মার্থনাশায় মোক্ষঃ স্বার্থস্ত্রিবর্গজিৎ ॥১৫॥

স্বর্গমিতি রাজ্যান্তে মহতামপি যাতনাপ্রাপ্তিরস্তীতি দর্শিতমিতি ভাবঃ ॥৩৭২॥ নিদেশে যমস্য শাসনে, যাতনায়ামিত্যর্থঃ ॥৩৭৩॥ অনুদর্শিতঃ ঈদৃক্‌ফলৈশ্বর্য্যস্থপমস্তীতি বোধিতঃ ॥৩৭৪॥

যুধিষ্ঠির স্বর্গে যাইয়াও রাজ্যপ্রভৃতি স্মরণ করিয়া অত্যন্ত মনঃকষ্ট পাইলেন, তাহার পর দেবদূত ছল করিয়া তাঁহাকে নরক দেখাইল ॥৩৭২॥

ভীমপ্রভৃতি সেই স্থানেই যমের শাসনাধীন ছিলেন; তাই যুধিষ্ঠির তাঁহাদের করুণ বিলাপ শ্রবণ করিলেন ॥৩৭৩॥

তাহার পর, যুধিষ্ঠির আকাশ গঙ্গায় স্নান করিয়া, মানুষ দেহ পরিত্যাগ করিলেন; তৎপরে ধর্ম্মদেব ও ইন্দ্র তাঁহাকে ভ্রাতৃগণের সঙ্গে দেখা করাইয়া দেন ॥৩৭৪॥

তদনন্তর যুধিষ্ঠির সেই স্বর্গলোকে আপন পুণ্যবিজিত স্থান লাভ করিয়া সকলের নিকট সম্মানিত হইয়া, ইন্দ্রপ্রভৃতি দেবগণের সহিত আনন্দ অনুভব করিতে লাগিলেন ॥৩৭৫॥

[৩৭২]…যাতনা বিপুলা ভৃশম্…।

কর্ণস্য নরকপ্রাপ্তিঃ প্রমোক্ষশ্চাত্র কীর্ত্ত্যতে।
সমাগমশ্চ বীরাণাং স্বর্গলোকে মহাত্মনা ॥৩৭৬॥
কীর্ত্ত্যতে যত্র বিধিবৎ স্বর্গসংবাদ এব চ।
স্বানি স্থানানি চ প্রাপ্তা যত্র তে পুরুষর্ষভাঃ ॥৩৭৭॥
এতদষ্টাদশং পর্ব্ব প্রোক্তং ব্যাসেন ধীমতা।
অধ্যায়াঃ পঞ্চ সংখ্যাতাঃ পর্ব্বণ্যস্মিন্ মহাত্মনা ॥৩৭৮॥
শ্লোকানাং দ্বে শতে চৈব প্রসংখ্যাতে তপোধনাঃ !।
নব শ্লোকাস্তথৈবান্যে সংখ্যাতাঃ পরমর্ষিণা ॥৩৭৯॥
অষ্টাদশৈবমেতানি পর্বাণ্যুক্তান্যশেষতঃ।
খিলেষু হরিবংশশ্চ ভবিষ্যঞ্চ প্রকীর্ত্তিতম্ ॥৩৮০॥

ভারতকৌমুদী

কর্ণস্যেতি। অত্র স্বর্গপর্ব্বণি, কর্ণস্য নরকপ্রাপ্তিঃ নরকাৎ প্রমোক্ষশ্চ, স্বর্গলোকে মহাত্মনা যুধিষ্ঠিরেণ সহ বীরাণাং দুর্য্যোধনাদীনাম্, সমাগমঃ সম্মেলনঞ্চ, কীর্ত্ত্যতে ॥৩৭৬॥

কীর্ত্ত্যত ইতি। তে পুরুষর্ষভা ভীমাদয়ঃ। স্বানি স্বস্বকর্ম্মযোগ্যানি ॥৩৭৭॥

এতদিতি। অষ্টাদশানাং পূরণমষ্টাদশম্ ॥৩৭৮॥

শ্লোকানামিতি। তপোধনা ইতি নৈমিষারণ্যস্থিতানাং মুনীনাং সম্বোধনম্। অন্যে চতুর্দ্দশাধিকশতশ্লোকা ইত্যর্থঃ। ততশ্চ সাকল্যেন ত্রয়োবিংশত্যধিকত্রিশতশ্লোকা ভবন্তি; তথৈব পুস্তকেষু দর্শনাৎ ॥৩৭৯॥

অষ্টেতি। খিলেষু খিলসংজ্ঞকেষু ভাগেষু, চকারাৎ পৌষ্করশ্চ ॥৩৮০॥

এই স্বর্গপর্বে কর্ণের নরকভোগ, আবার তাহা হইতে তাহার মুক্তি কথিত হইয়াছে এবং স্বর্গলোকে মহাত্মা যুধিষ্ঠিরের সঙ্গে অন্যান্য বীরগণের সম্মেলন উক্ত আছে ॥৩৭৬॥

যে স্বর্গপর্ব্বে যথাবিধানে স্বর্গের সমস্ত সংবাদ কথিত আছে এবং ভীমসেন-প্রভৃতি পুরুষশ্রেষ্ঠগণ আপন আপন কর্ম্মযোগ্য স্থান লাভ করেন ইহা উক্ত আছে ॥৩৭৭॥

মহাত্মা বেদব্যাস এই অষ্টাদশ পর্ব্ব বলিয়াছেন; ইহাতে পাঁচটী অধ্যায় কথিত আছে ॥৩৭৮॥

হে তপস্বিগণ! এই স্বর্গপর্ব্বে তিন শত তেইশটী শ্লোক আছে ॥৩৭৯॥

আমি এই ভাবে আপনাদের নিকট অষ্টাদশ পর্ব্ব সমস্ত বলিলাম। পরে 'খিল' নামে ইহার শেষ অংশ; তাহাতে হরিবংশ, ভবিষ্য ও পৌষ্করনামে তিনটী ভাগ আছে ॥৩৮০॥

৩৭৬—৩৭৭ শ্লোকৌ পুস্তকান্তরে ন দৃশ্যেতে।

অতঃ পরং বিষ্ণুপর্ব মহৎপর্বেত্যুদাহৃতম্।
জন্ম যত্র তু দেবস্য পদ্মনাভস্য মানুষম্ ॥৩৮১॥
বসুদেবকুলে জাতো নন্দগোপকুলে ধৃতঃ।
যত্র বাল্যস্য কর্ম্মাণি রমণান্যদ্ভুতানি চ ॥৩৮২॥
যত্র কংসবধং কৃত্বা রঙ্গমধ্যে চকর্ষ হ।
অনেকৈঃ সংশ্রয়ৈশ্চাপি জরাসন্ধবধেন হ ॥৩৮৩॥
বিক্রমাদ্রুক্মিণীং দেবীমাহৃত্য পরবীরহা।
পরীক্ষ্য চ নিবাসার্থং দ্বারকাং বিন্যবেশয়ৎ ॥৩৮৪॥
কালিঙ্গং দন্তবক্রঞ্চ রণে বিক্রম্য জঘ্নিবান্।
রাজশুল্কাঞ্চ বৈ কৃষ্ণঃ সত্যভামামথোদ্বহৎ ॥৩৮৫॥

ভারতকৌমুদী

অত ইতি। অতঃ স্বর্গপর্ব্বাখ্যাদষ্টাদশপর্ব্বণঃ পরং যৎ হরিবংশপব, তৎ বিষ্ণুপর্ব্ব মহৎ-পর্ব্ব চ ইতি সংজ্ঞয়া উদাহৃতমিত্যর্থঃ। পদ্মনাভস্য বিষ্ণোঃ, মানুষস্যেদং মানুষম্ ॥৩৮১॥

বসুদেবেতি। ধৃতঃ পরিপালিতঃ। অদ্ভুতানীত্যুভয়ত্রৈবান্বেতি ॥৩৮২॥

যত্রেতি। বাসুদেবঃ, যত্র হরিবংশে কংশবধং কৃত্বা, রঙ্গমধ্যে তমেব কংসং চকর্ষ। পরঞ্চ অনেকৈঃ সংশ্রয়ৈর্ব্যাপারৈঃ, জরাসন্ধবধেন লীলাঞ্চকারেতি শেষঃ। হদ্বয়ং পাদপূরণে ॥৩৮৩॥

বিক্রমাদিতি। পরবীরহা শত্রুবীরহন্তা কৃষ্ণঃ, বিক্রমাৎ রুক্মিণীং দেবীম্ আহৃত্য, পরীক্ষ্য বাসসৌকর্য্যং ভবিষ্যতি নবেতি পর্য্যালোচ্য, নিবাসার্থং দ্বারকাং পুরীম্, বিন্যবেশয়ৎ সংস্থাপিতবান্ ॥৩৮৪॥

ভারতভাবদীপঃ

খিলেষ্বাখ্যানান্তরেষু সৎস্বপি হরিবংশেষু পুষ্করভবিষ্যয়োগ্রহণং তয়োরভ্যর্হিতত্বপ্রদর্শনার্থম্ ॥৩৮০॥

সেই খিলের 'বিষ্ণুপর্ব্ব' এবং 'মহৎপর্ব' এই দুইটী নাম আছে, যাহাতে মানুষরূপে নারায়ণের জন্ম বর্ণিত আছে ॥৩৮১॥

নারায়ণ প্রথমে বসুদেবের গৃহে জন্ম গ্রহণ করেন, পরে নন্দগোপের গৃহে পরিপালিত হন, তৎপরে তাঁহার বাল্যকালের অদ্ভুত কার্য্য এবং তাহার পরে যৌবনকালের আশ্চর্য্য লীলা বর্ণিত আছে ॥৩৮২॥

যে হরিবংশে কৃষ্ণ কংসকে বধ করিয়া রঙ্গালয়ের মধ্যে তাঁহাকে আকর্ষণ করেন এবং নানাবিধ ঘটনাপূর্ব্বক জরাসন্ধকে বধ করাইয়া লীলা প্রকাশ করেন ॥৩৮৩॥

শত্রুবীরহন্তা কৃষ্ণ বাহুবলে রুক্মিণীদেবীকে হরণ করিয়া, পরে বিশেষ পর্য্যালোচনাপূর্ব্বক বাসের জন্য দ্বারকানগরী নির্ম্মাণ করেন ॥৩৮৪॥

৩৮১ শ্লোকাদারভ্য নব শ্লোকাঃ পুস্তকান্তরে ন দৃশ্যন্তে। কিন্তু হরিবংশস্য মহা-ভারতান্তর্গতত্বেন তদ্বিবরণস্যাবশ্যকতয়া এতেষামবস্থানমপ্যাবশ্যকমেব।

জঘ্নে যশ্চ মহাবাহুর্ধেনুকং রণমূর্দ্ধনি।
নরকাসুরঞ্চ কালীয়ং হয়গ্রীবঞ্চ দানবম্ ॥৩৮৬॥
কেশিনং কালযবনং কালনেমিনমেব চ।
দোষ্ণাং সহস্রং চিচ্ছেদ বাণস্যাদ্ভুতকর্ম্মণঃ।
নপ্তারং ভার্য্যয়া সার্দ্ধং মোচয়দ্যত্র সংযুগে ॥৩৮৭॥
ভারতীয়াঃ কথা যত্র বৃষ্ণিবংশশ্চ কীর্ত্তিতঃ।
ভবিষ্যং হরিবংশস্য খিলাখ্যমিতি কথ্যতে ॥৩৮৮॥
বারাহং নারসিংহঞ্চ বামনং পুষ্করং তথা।
অধ্যায়ানাং সহস্রং হি কীর্ত্তিতং বৈ দ্বিজোত্তমাঃ ! ॥৩৮৯॥
দশ শ্লোকসহস্রাণি বিংশচ্ছোকশতানি চ।
খিলেষু হরিবংশে চ সংখ্যাতানি মহর্ষিণা ॥৩৯০॥ *

ভারতকৌমুদী

কালিঙ্গমিতি। জঘ্নিবান্ নিহতবান্ ॥৩৮৫॥

জঘ্ন ইতি। জঘ্ন ইত্যাত্মনেপদমার্ষম্ ॥৩৮৬॥

কেশিনমিতি। কেশিনমিত্যাদিত্রয়স্য জঘ্ন ইতি পূর্ব্বানুকর্ষেণ সম্বন্ধঃ। দোষ্ণাং বাহুনাম্। ভার্য্যয়া উষয়া সার্দ্ধম্, নপ্তারং পৌত্রমনিরুদ্ধম্, মোচয়ৎ অমোচয়ৎ। অড়াগমাভাব আর্ষঃ। অয়ং ষট্পদঃ শ্লোকঃ ॥৩৮৭॥

ভারতীয়া ইতি। ভারতীয়া ভরতবংশীয়াঃ। হরিবংশস্য ভবিষ্যং খণ্ডম্, খিলাখ্যমিতি কথ্যতে। তৎখিলসম্বন্ধাৎ হরিবংশস্যাপি খিলাখ্যতেতি বোধ্যম্ ॥৩৮৮॥

বারাহমিতি। হে দ্বিজোত্তমাঃ ! বারাহং চরিত্রম্। অপরমপি তথা ॥৩৮৯॥

ভারতভাবদীপঃ

দশ শ্লোকসহস্রাণীতি। হরিবংশে ভবিষ্যান্তগ্রন্থস্য দ্বাদশসহস্রোন্মিতত্বম্, ন তু কৃৎস্নহরিবংশস্য,

---

তাহার পর যুদ্ধে বিক্রম প্রকাশ করিয়া, কলিঙ্গরাজ ও দন্তবক্রকে বধ করেন, তৎপরে সত্যভামাকে বিবাহ করেন ॥৩৮৫॥

তদনন্তর যুদ্ধে ধেনুক, নরকাসুর, কালীয় ও হয়গ্রীবকে বধ করেন ॥৩৮৬॥

পরে কেশী, কালযবন ও কালনেমীকে বধ করিয়া, অদ্ভুতকর্ম্মা বাণরাজার সহস্রবাহু ছেদন করেন; তৎপরে উষার সহিত অনিরুদ্ধকে মুক্তকরেন ॥৩৮৭॥

যাহাতে ভরতবংশ ও যদুবংশের উপাখ্যান বলা হইয়াছে, সেই হরিবংশের ভবিষ্যখণ্ডকে 'খিল' বলা হইয়া থাকে ॥৩৮৮॥

তাহাতে বরাহ, নরসিংহ, বামন ও পুষ্করের উপাখ্যান আছে। হে ব্রাহ্মণগণ ! ইহাতে সহস্র অধ্যায় বলা হইয়াছে ॥৩৮৯॥

---

* শ্লোকাদিসংখ্যাসঙ্কলনং স্থানান্তরে করিষ্যতে।

এতৎ সর্বং সমাখ্যাতং ভারতং পর্ব্বসংগ্রহাৎ।
অষ্টাদশ সমাজগ্মুরক্ষৌহিণ্যো যুযুৎসয়া।
তন্মহাদারুণং যুদ্ধমহান্যষ্টাদশাভবৎ ॥৩৯১॥
যো বিদ্যাচ্চতুরো বেদান্ সাঙ্গোপনিষদো দ্বিজঃ।
ন চাখ্যানমিদং বিদ্যান্নৈব স স্যাদ্বিচক্ষণঃ ॥৩৯২॥
অর্থশাস্ত্রমিদং প্রোক্তং ধর্ম্মশাস্ত্রমিদং মহৎ।
কামশাস্ত্রমিদং প্রোক্তং ব্যাসেনামিতবুদ্ধিনা ॥৩৯৩॥

ভারতকৌমুদী

দশেতি। বিংশচ্ছ্লোকশতানি দ্বে সহস্রে। বিংশদিতি তেরিকারলোপ আর্ষঃ ॥৩৯০॥

এতদিতি। পর্ব্বসংগ্রহাৎ পর্বসংগ্রহপ্রকারাৎ তমাশ্রিত্যেত্যর্থঃ। অয়ং ষট্‌পদঃ শ্লোকঃ ॥৩৯১॥

ইদানীং রোচনার্থমস্যা ভার্হিতত্বমাহ য ইতি। অঙ্গৈঃ শিক্ষাদিভিঃ ষড়্‌ভিঃ উপনিষদ্ভিশ্চ সহেতি সাঙ্গোপনিষদঃ। স বিচক্ষণো বাস্তবিকবিদ্বান্ ন স্যাৎ, জ্ঞানস্যাসম্পূর্ণত্বাদিতি ভাবঃ ॥৩৯২॥

অর্থেতি। সর্ব্বশাস্ত্রময়ত্বাদবশ্যমেবেদং জ্ঞাতব্যমিতি ভাবঃ ॥৩৯৩॥

ভারতভাবদীপঃ

অধিকস্য গ্রন্থস্য দর্শনাত্তাবন্মাত্রবিবক্ষায়াঞ্চ লক্ষপূর্ত্তেরযোগাৎ। তথা হ্যত্র কণ্ঠোক্তায়াঃ সংখ্যায়াঃ সঙ্কলনে নবতিঃ সহস্রাণি দ্বে শতে ষোড়শ চ শ্লোকাঃ। পারিশেষ্যাৎ পুষ্কর-প্রাদুর্ভাবাদ্যুপরিতনগ্রন্থে কৈলাসযাত্রাসহিতে কিঞ্চিদূনং চ সহস্রচতুষ্টয়ং জ্ঞেয়ম্। তেন "ততোঽপ্যর্দ্ধশতং ভূয় সংক্ষেপং কৃতবান্ ঋষিঃ। অনুক্রমণিকাধ্যায়ম্" ইত্যাদৌ ভূয়ঃশব্দা-দধ্যর্দ্ধশতাধিকং লক্ষং পরিপূর্ণং জ্ঞেয়ম্। "অষ্টাদশসহস্রাণি" ইত্যাদয়ো বিগীতপাঠাস্থিষ্ট-সংখ্যাপ্রাতিকূল্যাদুপেক্ষণীয়াঃ ॥৩৯০॥ যুযুৎসয়া যোদ্ধুমিচ্ছয়া ॥৩৯১॥ অঙ্গানি শিক্ষাকল্পাদীনি, উপনিষদো রহস্যবিদ্যাস্তৎসহিতান্ সাঙ্গোপনিষদঃ। বিচক্ষণঃ স্বার্থজ্ঞঃ ॥৩৯২॥

মহর্ষি বেদব্যাস এই খিলনামক হরিবংশে দশ হাজার বিংশতি শত (বার হাজার) শ্লোক বলিয়াছেন ॥৩৯০॥

পর্বসংগ্রহের আকারে এই সমস্ত মহাভারত বলিলাম। আঠার অক্ষৌহিণী সৈন্য যুদ্ধ করিবার জন্য আসিয়াছিল; সেই ভীষণ যুদ্ধ আঠার দিন ব্যাপিয়া হইয়াছিল ॥৩৯১॥

যে ব্রাহ্মণ শিক্ষা প্রভৃতি অঙ্গ এবং উপনিষদের সহিত চারিটী বেদ জানেন, অথ চ এই মহাভারত জানেন না; তিনি প্রকৃত বিদ্বান্ হইতে পারেন না ॥৩৯২॥

[৩৯১] ··ভারতে পর্ব্বসংগ্রহঃ···। [৩৯৩]···ব্যাসেনামিততেজসা···।

[শ্রুত্বা ত্বিদমুপাখ্যানং শ্রাব্যমন্যন্ন রোচতে ।
পুংস্কোকিলরুতং শ্রুত্বা রূক্ষা ধ্বাঙ্ক্ষস্য বাগিব ॥]৩৯৪॥
(ইতিহাসোত্তমাদস্মাজ্জায়ন্তে কবিবুদ্ধয়ঃ ।
পঞ্চভ্য ইব ভূতেভ্যো লোকসংবিধয়স্ত্রয়ঃ ॥)৩৯৫॥
অস্যাখ্যানস্য বিষয়ে পুরাণং বর্ত্ততে দ্বিজাঃ ! ।
অন্তরিক্ষস্য বিষয়ে প্রজা ইব চতুর্বিধাঃ ॥৩৯৬॥
ক্রিয়াগুণানাং সর্বেষামিদমাখ্যানমাশ্রয়ঃ ।
ইন্দ্রিয়াণাং সমস্তানাং চিত্রা ইব মনঃক্রিয়াঃ ॥৩৯৭॥

ভারতকৌমুদী

শ্রুত্বেতি । পুমাংশ্চাসৌ কোকিলশ্চেতি পুংস্কোকিলস্তস্য রুতং রবং শ্রুত্বা । পুংগ্রহণং তদীয়রবস্য মাধুর্য্যাতিশয়দ্যোতনার্থম্ । রূক্ষা কর্কশা, ধ্বাঙ্ক্ষস্য কাকস্য, বাগ্ রব ইব ; ইদমুপাখ্যানং মহাভারতং শ্রুত্বা বিদ্যমানস্য জনস্য, অন্যৎ শ্রাব্যমুপাখ্যানং ন রোচতে , অস্যৈবোৎকর্ষাদিতি ভাবঃ ॥৩৯৪॥

ইতিহাসেতি । ক্ষিত্যাদিভ্যঃ পঞ্চভ্যো ভূতেভ্যঃ, ত্রয়ো লোকানাং স্বর্গমর্ত্ত্যপাতালানাং সংবিধয়ঃ সৃষ্টয় ইব, অস্মাৎ ইতিহাসোত্তমাৎ, কবিবুদ্ধয়ঃ কবিত্বোপযোগীনি জ্ঞানানি জায়ন্তে ; অস্য কবিত্বপূর্ণত্বাদিত্যাশয়ঃ ॥৩৯৫॥

অস্যেতি । হে দ্বিজাঃ ! অন্তরিক্ষস্য আকাশস্য, বিষয়ে দেশে অভ্যন্তর ইত্যর্থঃ, চতুর্ব্বিধা জরায়ুজাণ্ডজ-স্বেদজোদ্ভিজ্জাঃ, প্রজাঃ প্রাণিন ইব, অস্য আখ্যানস্য, বিষয়ে অভ্যন্তরে, পুরাণম অষ্টাদশবিধং ব্রাহ্মাদিপুরাণশাস্ত্রম্, বর্ত্ততে ॥৩৯৬॥

ভারতভাবদীপঃ

ধ্বাঙ্ক্ষস্য কাকস্য ॥৩৯৪॥ লোকসংবিধয়স্ত্রয় আধ্যাত্মাধিভূতাধিদৈবানাং সম্যগ্বিধয়ো রচনাঃ ॥৩৯৫॥ বিষয়ে দেশে, অন্তরিত্যর্থঃ । পুরাণমষ্টাদশভেদং পাদ্মাদি । চতুর্ব্বিধা জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জাঃ ॥৩৯৬॥ ক্রিয়া লৌকিক্যো বৈদিক্যশ্চ, তাসাং গুণা উৎকৃষ্টফলসাধনানি । অথবা

অসাধারণবুদ্ধিমান্ বেদব্যাস এই মহাভারতকে অর্থশাস্ত্রভাবে বলিয়াছেন, বিশাল ধর্ম্মশাস্ত্রভাবে বলিয়াছেন এবং কামশাস্ত্রভাবেও বলিয়াছেন ॥৩৯৩॥

পুরুষজাতীয় কোকিলের রব শুনিয়া. যেমন আর কাকের কর্কশ রব শুনিতে ইচ্ছা করে না ; সেইরূপ এই উপাখ্যান শুনিয়া আর অন্য উপাখ্যান শুনিতে ইচ্ছা করে না ॥৩৯৪॥

পঞ্চ ভূত হইতে যেমন ত্রিভুবনের সৃষ্টি হয়, তেমন এই উৎকৃষ্ট ইতিহাস হইতেই কবিত্বের উপযোগী বুদ্ধি হয় ॥৩৯৫॥

হে ব্রাহ্মণগণ ! জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ ও উদ্ভিজ্জ এই চতুর্বিধ প্রাণী যেমন আকাশের অন্তর্গত ; তেমন সমস্ত পুরাণই এই মহাভারতের অন্তর্গত ॥৩৯৬॥

অনাশ্রিত্যৈতদাখ্যানং কথা ভুবি ন বিদ্যতে।
আহারমনপাশ্রিত্য শরীরস্যেব ধারণম্ ॥৩৯৮॥
ইদং কবিবরৈঃ সর্ব্বৈরাখ্যানমুপজীব্যতে।
উদয়প্রেপ্সুভির্ভৃত্যৈরভিজাত ইবেশ্বরঃ ॥৩৯৯॥
অস্য কাব্যস্য কবয়ো ন সমর্থা বিশেষণে।
সাধোরিব গৃহস্থস্য শেষাস্ত্রয় ইবাশ্রমাঃ ॥৪০০॥

ধর্ম্মে মতির্ভবতু বঃ সততোত্থিতানাং স হ্যেক এব পরলোকগতস্য বন্ধুঃ।
অর্থাঃ স্ত্রিয়শ্চ নিপুণৈরপি সেব্যমানা নৈবাপ্তভাবমুপযান্তি ন চ স্থিরত্বম্ ॥৪০১॥

ভারতকৌমুদী

ক্রিয়েতি। চিত্রা নানাবিধাঃ, মনসঃ ক্রিয়া বৃত্তয়ঃ, সমস্তানাম্, ইন্দ্রিয়াণাং চক্ষুরাদীন্দ্রিয়-বৃত্তীনামিব, ইদমাখ্যানম্, সর্ব্বেষাম্, ক্রিয়া দানাদয়ঃ গুণাশ্চ শমাদয়স্তেষাম্, আশ্রয়ো হেতুঃ; প্রবর্ত্তকত্বাদিত্যভিপ্রায়ঃ ॥৩৯৭॥

অনাশ্রিত্যেতি। আহারম্ অনপাশ্রিত্য অনবলম্ব্য শরীরস্য ধারণমিব, এতদাখ্যানমনাশ্রিত্য, ভুবি জগতি, কথা আখ্যানম্, ন বিদ্যতে; মূলত্বাদিতি তাৎপর্য্যম্ ॥৩৯৮॥

ইদমিতি। উদয়প্রেপ্সুভির্নোন্নতিলিপ্সুভির্ভৃত্যৈঃ, অভিজাতঃ প্রাজ্ঞঃ, মূর্খেশ্বরোপজীবনে উদয়াভাব ইতি ভাবঃ, ঈশ্বরঃ প্রভুরিব, উদয়প্রেপ্সুভিঃ কবিত্বোন্নতিলিপ্সুভিঃ, সর্ব্বৈঃ কবিবরৈঃ, ইদমাখ্যানম্, উপজীব্যতে আশ্রিত্য জীব্যতে ॥৩৯৯॥

অস্যেতি। শেষা অবশিষ্টা ব্রহ্মচর্য্যাদয়স্ত্রয় আশ্রমাঃ, সাধোস্তেভ্য উৎকৃষ্টস্য, গৃহস্থস্য আশ্রমস্যেব, অন্যে কবয়ঃ, অস্য কাব্যস্য, বিশেষণে অতিক্রমণে, ন সমর্থা ভবন্তি; সর্ব্বোৎকর্ষাদিতি ভাবঃ ॥৪০০॥

ধর্ম্ম ইতি। হে মুনয়ঃ! সততোত্থিতানাং ধর্ম্মার্থকামসাধনায় সর্ব্বদোদ্যুক্তানাম্, বো

ভারতভাবদীপঃ

ক্রিয়া দানাধ্যয়নাদয়ঃ, গুণাঃ শমাদয়ঃ। মনসি ইন্দ্রিয়াণীবাত্র সর্ব্বে শাস্ত্রার্থাঃ প্রতিপাদিতা ইত্যর্থঃ ॥৩৯৭॥ ইদং কবিভিরুপজীব্যতে, এতচ্ছায়াহরণেনৈব কাব্যনির্ব্বাহাৎ ॥৩৯৯॥ বিশেষণে অতিশয়করণে। অনেন গ্রন্থস্য সর্ব্বোৎ

নানাবিধ মনোবৃত্তি যেমন অন্যান্য ইন্দ্রিয়বৃত্তির হেতু, তেমন এই উপাখ্যানই দানাদিকার্য্য এবং শমাদিগুণের হেতু ॥৩৯৭॥

আহার না করিয়া যেমন শরীর ধারণ করা যায় না, তেমন এই উপাখ্যান অবলম্বন না করিয়া জগতে কোন উপাখ্যানই হইতে পারে না ॥৩৯৮॥

উন্নতিলিপ্সু ভৃত্যেরা যেমন অভিজ্ঞ প্রভুর সেবা করে, উন্নতিলিপ্সু প্রধান কবিরাও তেমন এই মহাভারতের সেবা করিয়া থাকেন ॥৩৯৯॥

ব্রহ্মচারী, বানপ্রস্থ ও ভিক্ষু এই তিনটী আশ্রম যেমন প্রধান গৃহস্থ-আশ্রমকে অতিক্রম করিতে সমর্থ হয় না, তেমন অন্যান্য কবিরা এই কাব্যকে অতিক্রম করিতে সমর্থ হন না ॥৪০০॥

দ্বৈপায়নোষ্ঠপুটনিঃস্থতমপ্রমেয়ং পুণ্যং পবিত্রমথ পাপহরং শিবঞ্চ।
যো ভারতং সমধিগচ্ছতি বাচ্যমানং কিং তস্য পুষ্করজলৈরভিষেচনেন ॥৪০২॥
যদহ্না কুরুতে পাপং ব্রাহ্মণস্ত্বিন্দ্রিয়ৈশ্চরন্।
মহাভারতমাখ্যায় সন্ধ্যাং মুচ্যতি পশ্চিমাম্ ॥৪০৩॥

ভারতকৌমুদী

যুষ্মাকম্, ধর্ম্ম এব মতির্ভবতু। হি যস্মাৎ, স এক এব ধর্ম্মঃ পরলোকগতস্য জনস্য, বন্ধুর্ভবতি সর্ব্বদৈবানুসরণাদিতি ভাবঃ। কিন্তু নিপুণৈর্ভাবৈঃ, সেব্যমানা অপি অর্থাঃ স্ত্রিয়শ্চ, আপ্তভাবং বিশ্বস্ততাম্, নৈব উপযান্তি, স্থিরত্বঞ্চ ন উপযান্তি প্রাপ্নুবন্তি। অতস্তয়োঃ পরলোকগতস্য বন্ধুত্বাসম্ভব ইত্যাশয়ঃ ॥৪০১॥

দ্বৈপায়নেতি। দ্বৈপায়নস্য ব্যাসস্য ওষ্ঠপুটান্নিঃস্থতম্, অতএব অপ্রমেয়ম্ উপমারহিতম্, পুণ্যং পুণ্যজনকম্, পবিত্রং মনঃশুদ্ধিকরম্, পাপহরম্, অথ শিবং মঙ্গলকরঞ্চ, বাচ্যমানং পঠ্যমানম্, ইদং ভারতম্, যো জনঃ সমধিগচ্ছতি শৃণোতি, তস্য জনস্য, পুষ্করস্য মহাতীর্থস্য জলৈঃ অভিষেচনেন স্নানেন, কিং প্রয়োজনম্, অপি তু কিমপি নেত্যর্থঃ, এতেন স্বকরেণৈব তৎফলনির্বাহাদিতি ভাবঃ ॥৪০২॥

যদিতি। ব্রাহ্মণ ইতি ক্ষত্রিয়স্যাপ্যুপলক্ষণম্, তস্যাপি পাঠেঽধিকারাৎ। শূদ্রাদিস্তু শ্রুত্বা। "অধ্যেতব্যং ন চান্যেন ব্রাহ্মণং ক্ষত্রিয়ং বিনা। শ্রোতব্যমিহ শূদ্রেণ নাধ্যেতব্যং কদাচন॥" ইতি তিথিতত্ত্বধৃতবচনাৎ। তথা চ ব্রাহ্মণঃ, ইন্দ্রিয়ৈর্নয়নাদিভিঃ, চরন্ পরদারদর্শনাদিকং কুর্ব্বন্ সন্, অহ্না দিবসেন, যৎ পাপম্, কুরুতে, মহাভারতং মহাভারতস্য যং কঞ্চিদংশম্,

ভারতভাবদীপঃ

কৃষ্টত্বমুক্তম্ ॥৪০০॥ ভারতসম্প্রদায়প্রবর্ত্তকান্ বাচকানাশিষাভিনন্দতি, ধর্ম্মে ইতি ॥৪০১॥ শ্রোতৄন্ প্রোৎসাহয়তি, দ্বৈপায়নেতি। অপ্রমেয়ম্, নাস্তি প্রকৃষ্টং মেয়ং বিজ্ঞেয়ং যস্মাদিত্যপ্রমেয়ম্, অবশ্যং শ্রাব্যমিত্যর্থঃ। পুণ্যং পুণ্যহেতুঃ। পবিত্রং পবিরিব পবিত্রতুল্যো মৃত্যুঃ তস্মাত্ত্রায়ত ইতি পবিত্রং মৃত্যুতরণমিত্যর্থঃ। যস্মাৎ পাপহরম্। পুণ্যহেতুত্বাদেব শিবং কল্যাণম্। সমধিগচ্ছতি শব্দতোঽর্থতশ্চ জানাতি। যদ্বা অপ্রমেয়মাশয়স্য গম্ভীরত্বাদগাধম্। পুণ্যং জ্যোতিষ্টোমাদিবৎ স্বর্গ্যম্। পবিত্রং সন্ধ্যোপাসনাদিবচ্চিত্তশুদ্ধিকরম্, পাপহরং প্রায়শ্চিত্তবদ্‌ব্রহ্মহত্যাদিদোষঘ্নম্, শিবং যোগাভ্যাসাদিবৎ সর্ব্বকল্যাণপ্রদম্। পুষ্করমাদিতীর্থং শুণ্ডাগ্রং বা, তদুপাহৃতজলৈঃ। এতৎ শৃণ্বতস্তীর্থফলং সাম্রাজ্য-

হে মুনিগণ! আপনারা ত্রিবর্গ সাধনের জন্যই সর্বদা উদ্‌যোগী আছেন, তথাপি আপনাদের ধর্ম্মেই মতি হউক। কারণ, একমাত্র সেই ধর্ম্মই পরলোকগত ব্যক্তির বন্ধু হইয়া থাকে। কিন্তু, বিশেষভাবে সেবা করিলেও অর্থ ও স্ত্রী ইহারা বিশ্বাসযোগ্যও হয় না ॥৪০১॥

বেদব্যাসের ওষ্ঠ হইতে নির্গত, তুলনারহিত, পুণ্যজনক, পবিত্র, পাপনাশক ও মঙ্গলকারক এই মহাভারত পঠিত হইতে থাকিলে, যে ব্যক্তি ইহা শ্রবণ করে, তাহার পুষ্করতীর্থের জলে স্নান করিবার প্রয়োজন কি? ॥৪০২॥

যদ্রাত্রৌ কুরুতে পাপং কর্ম্মণা মনসা গিরা।
মহাভারতমাখ্যায় পূর্ব্বং সন্ধ্যাং প্রমুচ্যতে ॥৪০৪॥
যো গোশতং কনকশৃঙ্গময়ং দদাতি বিপ্রায় বেদবিদুষে চ বহুশ্রুতায়।
পুণ্যঞ্চ ভারতকথাং শৃণুয়াচ্চ নিত্যং তুল্যং ফলং ভবতি তস্য চ তস্য চৈব ॥৪০৫॥
আখ্যানং তদিদমনুত্তমং মহার্ঘং বিজ্ঞেয়ং মহদিহ পর্ব্বসংগ্রহেণ।
শ্রুত্বাদৌ ভবতি নৃণাং সুখাবগাহং বিস্তীর্ণং লবণজলং যথা প্লবেন ॥৪০৬॥

ভারতকৌমুদী

আখ্যায় পঠিত্বা, পশ্চিমাং সন্ধ্যাং সায়ং সন্ধ্যাং প্রাপ্য, মুচ্যতি তৎ পাপং জহাতি। মুচের্দৈবাদিকপরস্মৈপদিত্বমত্রার্ষম্ ॥৪০৩॥

যদিতি। ব্রাহ্মণঃ কর্ম্মণা কায়ব্যাপারেণ মনসা গিরা বা, রাত্রৌ যৎ পাপং কুরুতে, পূর্ব্বাং সন্ধ্যাং প্রাতঃ সন্ধ্যাং প্রাপ্য, মহাভারতং মহাভারতস্য কঞ্চিদংশম্ আখ্যায় পঠিত্বা, প্রমুচ্যতে তস্মাৎ পাপাদিতি শেষঃ ॥৪০৪॥

য ইতি। যো জনঃ, বেদবিদুষে বহুশ্রুতায় চ বিপ্রায়, কনকশৃঙ্গময়ং গোশতং দদাতি, যশ্চ নিত্যং পুণ্যাং ভারতকথাং শৃণুয়াৎ; তস্য চ গোশতদাতুঃ, তস্য চ ভারতকথাশ্রোতুঃ, তুল্যং ফলং পুণ্যং ভবতি ॥৪০৫॥

আখ্যানমিতি। যথা প্লবেন পোতাদিনা, বিস্তীর্ণং লবণজলং লবণসমুদ্রঃ, সুখাবগাহম্ অনায়াসাত্তার্য্যং ভবতি; তথা পর্ব্বসংগ্রহেণ পর্ব্বসংগ্রহাত্মকেন অনেনাধ্যায়েন, আদৌ শ্রুত্বা সম্পূর্ণং মহাভারতং সংক্ষেপত আকর্ণ্য, ইহ জগতি, অনুত্তমং সর্ব্বোৎকৃষ্টম্ অতএব মহার্ঘং মহামূল্যম্, মহদিদমাখ্যানম্, নৃণাম্, সুখেনাবগাহ্যতে বুধ্যত ইতি সুখাবগাহম্, ভবতীতি বিজ্ঞেয়ম্। অতএবায়ং পর্ব্বসংগ্রহাধ্যায় উক্ত ইতি ভাবঃ ॥৪০৬॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥০॥

:*:-

ব্রাহ্মণ ইন্দ্রিয়দ্বারা কার্য্য করতঃ দিনের বেলায় যে পাপ করিবেন, মহাভারতের যে কোন অংশ পাঠ করিয়া সন্ধ্যাকালে সে পাপ হইতে মুক্ত হইবেন ॥৪০৩॥

আবার, রাত্রিতে কায়িক, বাচনিক ও মানসিক যে পাপ করিবেন, প্রাতঃকালে মহাভারতের যে কোন অংশ পাঠ করিয়া সেই পাপ হইতে মুক্ত হইবেন ॥৪০৪॥

যে ব্যক্তি, বেদবিৎ ও বহুশাস্ত্রজ্ঞ ব্রাহ্মণকে স্বর্ণশৃঙ্গভূষিত শতসংখ্যক গো দান করে; আর যে ব্যক্তি, প্রত্যহ পবিত্র মহাভারতের উপাখ্যান শ্রবণ করে; তাহাদের উভয়েরই সমান ফল হয় ॥৪০৫॥

পোতদ্বারা বিস্তীর্ণ সমুদ্র যেমন অনায়াসে পার হওয়া যায়, তেমন এই পর্ব্বসংগ্রহ প্রথমে শুনিয়া, পরে এই উৎকৃষ্ট মহামূল্য বিশাল উপাখ্যান অনায়াসে বোঝা যায় ইহা জানিবেন ॥৪০৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি
পর্ব্বসংগ্রহো নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥০॥

ঃ*ঃ-

ভারতভাবদীপঃ

ফলঞ্চানায়াসসিদ্ধং ভবতীতি ভাবঃ ॥৪০২॥ সন্ধ্যাং সন্ধ্যায়াম্, অত্যন্তসংযোগে দ্বিতীয়া। আখ্যায় পঠিত্বা, প্রমুচ্যতে তস্মাৎ পাপাদিতি শেষঃ ॥৪০৪॥ আখ্যানমিতি। ইদমাখ্যানং পর্ব্বসংগ্রহেণ কৃতেন সুখাবগাহং সুখগ্রাহং ভবতীতি শেষঃ। শ্রুত্বাদৌ ইত্যত্র "দ্বিন্যায়াম্" ইতি পাঠে দ্বৌ শব্দার্থৌ ন্যায়ৌ ন্যায়াদনপেতৌ যস্মিংস্তদ্দ্বিন্যায়াম। অন্যে তু, দ্বাভ্যাং সংক্ষেপবিস্তরাভ্যাং কৃতেন পর্ব্বসংগ্রহেণ শতপর্ব্বাষ্টাদশপর্ব্বরূপেণ ন্যায়াম্, এতচ্ছ্রবণেন কৃৎস্নগ্রন্থার্থাবধারণাদিতি ব্যাচখ্যুঃ। তত্র পর্বসংগ্রহো বররুচিপ্রোক্তয়া কাদিনব-টাদিনব-পাদিপঞ্চ-যাদ্যষ্টাবিতি পরিভাষয়া ক্রিয়তে।

আদিধ্যান-সভাধনং বনচয়ং বৈরাটভূদ্যোগযুক্,
ভীষ্মদ্রোণমজং চ কর্ণকু তথা শল্যেভ সৌপ্তগম্।
স্ত্রীশং শান্তিভ দানধর্ম্মকু হয়েজ্যারাশ্রমাবাসগম্,
কং কং মৌসলযানয়োর্দ্যুগতিকং বংশে খমেতচ্ছতম্ ॥ *

আদিপর্বণি একোনবিংশতিঃ পর্বাণীত্যর্থঃ। এবমগ্রেঽপি। ভীষ্মে ম ৫, দ্রোণে জ ৮, হয়েজ্যা আশ্বমেধিকং রা ২, যানং মহাপ্রস্থানিকম্, দ্যুগতিঃ স্বর্গারোহণম্, বংশে হরিবংশে, এতচ্ছতং পর্বণামিতি শেষঃ। শেষং স্পষ্টম্। শ্লোকসংখ্যাপি প্রাগুক্তৈব জ্ঞেয়া। অথ সর্ব্বপর্বতাৎপর্য্যসংগ্রহঃ—

আদৌ সর্বে দ্বয়োঃ ক্রত্বতধৃতিগুরুসত্তীর্থসেবোত্থধর্ম্মঃ,
সেবানীত্যার্যাহত্যাপ্রমুখদুরিতজঃ শোকদোঃস্থোঃষ্টস্যুক্তঃ।
একস্মিন্ কামমোক্ষাবসুখময়সুখৌ ষট্সু মুক্ত্যৈ দদীজ্যা,
তাপো বৈরাগ্যহানে স্বরপি নিখিলকৃৎ কৃষ্ণভক্তিঃ খিলেষু ॥

দর্দিদ্দানম্, তাপঃ কৃচ্ছ্রাদিকম্, তাপ আশ্রমবাসে, উক্ত ইতি সর্ব্বত্রানুষজ্জতে। হানং ত্যাগঃ, স্বঃ স্বর্গতিরপি ক্রমমুক্ত্যৈ ভবতীত্যর্থঃ।

যঃ সর্গপ্রতিসর্গ-বংশত ইদং চিদ্যোনি চিৎকর্ত্তৃকম্,
চিদ্রূপং জড়মাখ্য তন্তুপটবল্লভ্যোর্ণবদ্বীজবৎ।
সত্ত্বাপ্ত্যৈ মনুভেদপূর্ব্বচরিতৈর্বৈরাগ্যযোগৌ দিশন্,
ভোঃ পঞ্চাঙ্গপুরাণকর্ত্তরমলং ব্যাস! স্বহৃদ্দেহি মে ॥৪০৬॥

ইতি আদিপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥২॥

* আদিপর্বণি ১৯, সভাপর্বণি ৯, বনপর্বণি ১৬, বিরাটপর্বণি ৪, উদ্যোগপর্বণি ১১, ভীষ্মপর্বণি ৫, দ্রোণপর্ব্বণি ৮, কর্ণপর্বণি ১, শল্যপর্বণি ৪, সৌপ্তিকপর্বণি ৩, স্ত্রীপর্বণি ৫, শান্তিপর্ব্বণি ৪, অনুশাসনপর্ব্বণি ১, আশ্বমেধিকপর্বণি ২, আশ্রমবাসিকপর্বণি ৩, মৌসল-পর্বণি ১, মহাপ্রস্থানিকপর্বণি ১, স্বর্গারোহণপর্বণি ১, হরিবংশপর্ব্বণি ২।

তৃতীয়োঽধ্যায়ঃ

সৌতিরুবাচ। জনমেজয়ঃ পারীক্ষিতঃ সহ ভ্রাতৃভিঃ কুরুক্ষেত্রে দীর্ঘসত্রমুপাস্তে। তস্য ভ্রাতরস্ত্রয়ঃ, শ্রুতসেন উগ্রসেনো ভীমসেন ইতি। তেষু তৎ সত্রমুপাসীনেম্বাগচ্ছৎ সারমেয়ঃ ॥১॥

স জনমেজয়স্য ভ্রাতৃভিরভিহতো রোরূয়মাণো মাতুঃ সমীপমুপাগচ্ছৎ ॥২॥

তং মাতা রোরূয়মাণমুবাচ, কিং রোদিষি? কেনাস্যভিহতঃ? ইতি ॥৩॥

ভারতকৌমুদী

"জনমেজয়স্য রাজর্ষেঃ সর্পসত্রে মহাত্মনঃ" ইত্যাদিনা সর্পসত্রে বৈশম্পায়নেন মহাভারত-মভিহিতমিতি প্রাক্ প্রস্তুতম্, উপোদ্ঘাতসঙ্গত্যা তৎপ্রতিপাদয়িতুমাহ জনমেজয় ইতি। পরীক্ষিতোঽপত্যং পারীক্ষিতঃ। এতচ্চ জনমেজয়ান্তরব্যাবৃত্ত্যর্থম্। দীর্ঘসত্রং দীর্ঘকালীনং কঞ্চিদ্‌যজ্ঞম্, উপাস্তে অনুতিষ্ঠতি স্ম। সরমায়া দেবশুন্যা অপত্যমিতি সারমেয়ঃ কশ্চিৎ কুক্কুরঃ ॥১॥

স ইতি। অভিহতস্তাড়িতঃ, রোরূয়মাণঃ অতিশয়েন কাতরং রুবন্ ॥২॥

তমিতি। মাতা তস্যৈব জননী দেবশুনী ॥৩॥

ভারতভাবদীপঃ

জনমেজয়স্য সর্পসত্রে কথেয়ং প্রবৃত্তেত্যুক্তম্, তদুপোদ্ঘাতত্বেন জনমেজয়স্য সরমাশাপাদিক-মাহ, জনমেজয়ঃ পারীক্ষিত ইত্যাদিনা। দীর্ঘসত্রং বহুবার্ষিকং সত্রমুপাস্তে অনুতিষ্ঠতি।

সৌতি বলিলেন—পরীক্ষিতের পুত্র জনমেজয় ভ্রাতাদের সহিত মিলিত হইয়া কুরুক্ষেত্রে একটী দীর্ঘকালব্যাপী যজ্ঞ করিতেছিলেন। তাঁহার তিন ভ্রাতা—শ্রুতসেন, উগ্রসেন ও ভীমসেন। তাঁহারা যখন সেই যজ্ঞ করিতেছিলেন, তখন একটি কুকুর সেখানে উপস্থিত হইল ॥১॥

জনমেজয়ের ভ্রাতারা সেই কুকুরটীকে প্রহার করিলে, সে কুকুরটী অতিশয় কাতরভাবে রব করিতে করিতে তাহার :মাতার নিকট উপস্থিত হইল ॥২॥

তাহার মাতা তাহাকে জিজ্ঞাসা করিল—তুই কাঁদিতেছিস্ কেন? কে তোকে প্রহার করিয়াছে? ॥৩॥

---

(১)···পারিক্ষিতঃ··। (২) স ইতি ক্বচিন্নাস্তি।

স এবমুক্তো মাতরং প্রত্যুবাচ, জনমেজয়স্য ভ্রাতৃভিরভিহতোঽস্মি ইতি ॥৪॥

তং মাতা প্রত্যুবাচ, ব্যক্তং ত্বয়া তত্রাপরাদ্ধম্, যেনাস্যভিহতঃ, ইতি ॥৫॥

স তাং পুনরুবাচ, নাপরাধ্যামি কিঞ্চিৎ, নাবেক্ষে হবীংষি নাবলিহে *ইতি ॥৬॥*

তচ্ছ্রুত্বা তস্য মাতা সরমা পুত্রদুঃখার্ত্তা তৎ সত্রমুপাগচ্ছৎ ; যত্র স জনমেজয়ঃ সহ ভ্রাতৃভির্দীর্ঘসত্রমুপাস্তে ॥৭॥

স তয়া ক্রুদ্ধয়া তত্রোক্তঃ—অয়ং মে পুত্রো ন কিঞ্চিদপরাধ্যতি নাবেক্ষতে হবীংষি নাবলেঢ়ি, কিমর্থমভিহতঃ ? ইতি ॥৮॥

ন কিঞ্চিদুক্তবন্তস্তে। সা তানুবাচ। যস্মাদয়মভিহতোঽনপকারী, তস্মাদদৃষ্টং ত্বাং ভয়মাগমিষ্যতি, ইতি ॥৯॥

ভারতকৌমুদী

স ইতি। উক্তো মাত্রা দেবশুন্যা ॥৪॥

তমিতি। ব্যক্তং স্পষ্টম্। অপরাদ্ধং কশ্চিদপরাধঃ কৃতঃ ॥৫॥

স ইতি। "চণ্ডালেন শুনা বাপি দৃষ্টং হবিরযজ্ঞিয়ম্" ইতি স্মৃতেঃ হবির্দর্শনাত্মকমপ্যপরাধং ন কৃতবান্, তদবলেহনঞ্চ কথমপি নেত্যর্থঃ ॥৬॥

তদিতি। সরমা দেবশুনী। সত্রং সত্রস্থানম্ ॥৭॥

স ইতি। ক্রুদ্ধয়া তয়া সরময়া ॥৮॥

ভারতভাবদীপঃ

সারমেয়ঃ শ্বা ॥১॥ রোরূয়মাণো ভৃশং রুদন্ ॥২—৫॥ নাবেক্ষে হবিষামবেক্ষণমপি ন কৃতম্, তত্রাবলেহনং দূরতোঽপাস্তমিত্যর্থঃ। "কুক্কুটঃ পক্ষবাতেন শ্বা দৃষ্ট্বান্নং প্রদূষয়েৎ" ইতি

সে তাহার মাতাকে বলিল—জনমেজয়ের ভ্রাতারা আমাকে প্রহার করিয়াছে ॥৪॥

তাহার মাতা তাহাকে বলিল—তুই নিশ্চয়ই সেখানে কোন অপরাধ করিয়াছিলি, যে হেতু তাড়িত হইয়াছিস্ ॥৫॥

কুকুরটী তাহার মাতাকে পুনরায় বলিল—আমি কোন অপরাধ করি নাই, যজ্ঞের হবি দেখিও নাই, কিম্বা তাহা লেহনও করি নাই ॥৬॥

কুকুরটীর সেই কথা শুনিয়া, তাহার মাতা সরমা পুত্রের দুঃখে কাতর হইয়া সেই যজ্ঞস্থানে গেল ; যেখানে জনমেজয় ভ্রাতাদের সহিত দীর্ঘকালব্যাপী যজ্ঞ করিতেছেন ॥৭॥

সরমা ক্রুদ্ধ হইয়া জনমেজয়কে বলিল—আমার এই পুত্র তোমাদের নিকট কোন অপরাধ করে নাই, যজ্ঞের হবি দেখেও নাই, বা অবলেহনও করে নাই ; তবে উহাকে মারিলে কেন ? ॥৮॥

জনমেজয় এবমুক্তো দেবশুন্যা সরময়া ভৃশং সম্ভ্রান্তো বিষণ্ণশ্চাসীৎ॥১০॥

স তস্মিন্ সত্রে সমাপ্তে হাস্তিনপুরং প্রত্যেত্য পুরোহিতমনুরূপমন্বিষ্যমাণঃ পরং যত্নমকরোৎ, যো মে পাপকৃত্যাং শময়েদিতি॥১১॥

স কদাচিন্মৃগয়াং গতঃ পারীক্ষিতো জনমেজয়ঃ কস্মিংশ্চিৎ স্ববিষয়ে আশ্রমমপশ্যৎ॥১২॥

তত্র কশ্চিদৃষিরাসাঞ্চক্রে শ্রুতশ্রবা নাম। তস্য তপস্যভিরতঃ পুত্র আস্তে সোমশ্রবা নাম॥১৩॥

ভারতকৌমুদী

নেতি। তে জনমেজয়াদয়শ্চত্বার এব ভ্রাতরঃ, ন কিঞ্চিদুক্তবন্তঃ, অপরাধং বিনা তাড়নেনাপ্রতিভত্বাদিতি ভাবঃ। সা সরমা, তান্ জনমেজয়াদীন্ চতুর এব ভ্রাতৄন্। অদৃষ্টম্ অসম্ভাবিতং ভয়ং কর্তৃ, ত্বাং জনমেজয়ম্, আগমিষ্যতি প্রাপ্স্যতি, তবৈবাত্র প্রাধান্যাদিতি ভাবঃ॥৯॥

জনমেজয় ইতি। দেবশুন্যা দেবলোকীয়কুক্কুর্য্যা, অতএবাস্যাঃ শাপদানসামর্থ্যমিত্যাশয়ঃ। ভৃশং সম্ভ্রান্তঃ অতীবচকিতঃ॥১০॥

স ইতি। স জনমেজয়ঃ। অন্বিষ্যমাণ ইতি আত্মনেপদবিষয়প্রত্যয় আর্ষঃ। পাপকৃত্যাং পাপনিবন্ধনাং সরমাশাপক্রিয়াম্, শময়েৎ নিবারয়েৎ॥১১॥

স ইতি। স্ববিষয়ে স্বাধিকৃতদেশে॥১২॥

ভারতভাবদীপঃ

বচনাচ্ছুনা দৃষ্টমপি হবির্দুষ্যতীত্যাহুঃ॥৬—৮॥ সা তানুবাচ—সা শুনী তানভিলক্ষ্য জনমেজয়ং প্রত্যুবাচেত্যর্থঃ। অদৃষ্টমতর্কিতম্॥৯॥ সম্ভ্রান্তোঽত্যন্তং ভীতঃ। বিষণ্ণো বাঙ্মনঃকায়ক্রিয়াবিকলঃ। এতেন নিরপরাধিনাং হিংসা হিংসকস্য সদ্যো দুঃখাবহেতি

কিন্তু জনমেজয়প্রভৃতি কোন উত্তরই করিলেন না। তখন সরমা তাঁহাদিগকে বলিল,—এ কোন অপকার করে নাই, তথাপি যখন ইহাকে মারিয়াছ, তখন অতর্কিত কোন ভয় তোমার উপরে আসিয়া পড়িবে॥৯॥

দেবশুনী সরমা এইরূপ অভিসম্পাত করিলে, জনমেজয় অত্যন্ত অস্থির ও বিষণ্ণ হইলেন॥১০॥

সেই যজ্ঞ সমাপ্ত হইয়া গেলে, জনমেজয় হস্তিনানগরে আসিয়া ভাবিলেন 'যিনি আমার এই অভিসম্পাত নিবারণ করিতে পারেন, এমন পুরোহিত কোথায় পাই।' ইহা ভাবিয়া উপযুক্ত পুরোহিতের অন্বেষণে বিশেষ যত্ন করিতে লাগিলেন॥১১॥

পরীক্ষিতের পুত্র জনমেজয় কোন সময়ে মৃগয়ায় নির্গত হইয়া নিজেরই কোন দেশে একটী আশ্রম দেখিতে পাইলেন॥১২॥

(১১)…পুরোহিতমনুরূপমন্বিচ্ছমানঃ·

তস্য তং পুত্রমভিগম্য জনমেজয়ঃ পারীক্ষিতঃ পৌরোহিত্যায় বব্রে ॥১৪॥

স নমস্কৃত্য তমৃষিমুবাচ—ভগবন্ ! অয়ং তব পুত্রো মম পুরোহিতোঽস্ত্বিতি ॥১৫॥

স এবমুক্তঃ প্রত্যুবাচ জনমেজয়ম্। ভো জনমেজয় ! পুত্রোঽয়ং মম সর্প্যাং জাতো মহাতপস্বী স্বাধ্যায়সম্পন্নো মত্তপোবীর্য্যসম্ভূতো মচ্ছুক্রং পীতবত্যাস্তস্যাঃ কুক্ষৌ জাতঃ ॥১৬॥

সমর্থোঽয়ং ভবতঃ সর্ব্বাঃ পাপকৃত্যাঃ শময়িতুম্, অন্তরেণ মহাদেবকৃত্যাম্ ॥১৭॥

ভারতকৌমুদী

তত্রেতি। আসাঞ্চক্রে তিষ্ঠতি স্ম। অভিরত আসক্তঃ। আস্ত ইত্যতীতসামীপ্যে বর্ত্তমানা ॥১৩॥

তস্যেতি। বব্রে বরিতুং প্রার্থয়াঞ্চক্রে ॥১৪॥

স ইতি। স জনমেজয়ঃ। বৃদ্ধত্বেনাস্বীকারসম্ভবাৎ পিতরং বিহায় পুত্রস্যৈব পৌরোহিত্যায় প্রার্থনা ॥১৫॥

স ইতি। স ঋষিঃ। সর্প্যাং নাগজাতীয়ায়াং স্ত্রিয়াম্। স্বাধ্যায়সম্পন্নো বেদাধ্যয়নযুক্তঃ। মম তপসো বীর্য্যেণ মহিম্না সম্ভূতো জাতঃ। তপোবীর্য্যং বিনা সর্প্যা উদরে মানুষজন্মানুপপত্তিরিতি ভাবঃ ॥১৬॥

সমর্থ ইতি। পাপকৃত্যাঃ পাপনিবন্ধনান্ অভিশাপাদিব্যাপারান্। মহাদেবস্য শিবস্য কৃত্যাম্ অভিশাপব্যাপারম্, অন্তরেণ বিনা; তস্যা অতিদুর্নিবারত্বাদিতি ভাবঃ ॥১৭॥

ভারতভাবদীপঃ

দর্শিতম্ ॥১০॥ পাপকৃত্যাং শাপরূপাম্। বলায়ুঃপ্রাণনিকৃন্তনীং দেবতাম্, শময়েদক্রোধনাং কুর্য্যাৎ ॥১১—১৫॥ সর্প্যাং সর্পজাতীয়ায়াং জাতত্বাৎ বিচিত্রোৎপত্তিমত্ত্বাদলৌকিকশক্তি-

---

সেই আশ্রমে কোন ঋষি বাস করিতেছিলেন, তাঁহার নাম ছিল 'শ্রুতশ্রবা'। তপস্যায় আসক্ত তাঁহার একটী পুত্র ছিল, তাঁহার নাম ছিল 'সোমশ্রবা' ॥১৩॥

পরীক্ষিতের পুত্র জনমেজয় সেই ঋষিকুমারের নিকট যাইয়া তাঁহাকে পৌরোহিত্যে বরণ করিবার প্রার্থনা করিলেন ॥১৪॥

জনমেজয় সেই ঋষিকে নমস্কার করিয়া বলিলেন—'ভগবন্! আপনার এই পুত্র আমার পুরোহিত হউন' ॥১৫॥

ঋষিকে এইরূপ বলিলে, তিনি জনমেজয়কে বলিলেন—'জনমেজয়! একটা সর্পী আমার শুক্র পান করিয়াছিল, তাহাতে আমার তপোবলে সেই সর্পীর গর্ভে আমার এই পুত্রটী জন্মিয়াছিল; এ মহাতপস্বী এবং বেদাধ্যয়নসম্পন্ন ॥১৬॥

অস্য ত্বেকমুপাংশুব্রতম্, যদেনং কশ্চিদ্‌ব্রাহ্মণঃ কঞ্চিদর্থং যাচেত্তং তস্মৈ দদ্যাদয়ম্, যদ্যেতদুৎসহসে, ততো নয়স্বৈনমিতি ॥১৮॥

তেনৈবমুক্তো জনমেজয়স্তং প্রত্যুবাচ—'ভগবন্! তত্তথা ভবিষ্যতি' ইতি ॥১৯॥

স তং পুরোহিতমুপাদায়োপাবৃত্তো ভ্রাতৄনুবাচ—ময়াঽয়ং বৃত উপাধ্যায়ঃ, যদয়ং ব্রূয়াৎ, তৎ কার্য্যমবিচারয়দ্ভির্ভবদ্ভিরিতি ॥২০॥

তেনৈবমুক্তা ভ্রাতরস্তস্য তথা চক্রুঃ। স তথা ভ্রাতৄন্ সন্দিশ্য তক্ষশিলাং প্রত্যভিপ্রতস্থে ॥২১॥

তঞ্চ দেশং বশে স্থাপয়ামাস ॥২২॥

ভারতকৌমুদী

অস্যেতি। অস্য মৎপুত্রস্য, উপাংশুব্রতং গুপ্তনিয়মঃ, অস্তীতি শেষঃ। যাচেৎ প্রার্থয়েৎ। পরস্মৈপদমার্ষম্। উৎসহসে সম্পাদয়িতুং শক্নোষি ॥১৮॥

তেনেতি। তৎ অস্যোপাংশুব্রতম্, তথা ময়া সম্পাদিতম্ ॥১৯॥

স ইতি। স জনমেজয়ঃ। উপাবৃত্তঃ প্রত্যাগতঃ। কার্য্যং কর্ত্তব্যম ॥২০॥

তেনেতি। তেন জনমেজয়েন। স জনমেজয়ঃ। সন্দিশ্য আদিশ্য। তক্ষশিলাং তদাখ্যং দেশম্, প্রতি অভিপ্রতস্থে জেতুং জগাম ॥২১॥

তঞ্চেতি। বশে আত্মাধীনতায়াম্, স্থাপয়ামাস স জনমেজয় ইতি সম্বন্ধঃ ॥২২॥

ভারতভাবদীপঃ

মানিতি ভাবঃ ॥১৬—১৭॥ উপাংশুব্রতং নিগূঢ়বন্নিয়মঃ ॥১৮—১৯॥ উপাবৃত্তঃ স্বদেশং

স্তুতরাং মহাদেবের অভিসম্পাতব্যতীত তোমার সমস্ত অভিসম্পাতই এ নিবারণ করিতে সমর্থ হইবে ॥১৭॥

তবে, ইহার একটী গুপ্ত নিয়ম আছে যে, কোন ব্রাহ্মণ ইহার নিকট কোন বিষয় প্রার্থনা করিলে, এ অবশ্যই তাঁহাকে তাহা দিবে; তাহাতে যদি তুমি সমর্থ হও, তবে ইহাকে নিয়া যাও ॥১৮॥

ঋষি এই রূপ বলিলে, জনমেজয় পুনরায় তাঁহাকে বলিলেন—'ভগবন্! সে ব্রত আমাদ্বারা অবশ্যই সম্পাদিত হইবে' ॥১৯॥

জনমেজয় সেই পুরোহিতকে নিয়া দেশে ফিরিয়া আসিয়া ভ্রাতৃগণকে বলিলেন—'আমি ইঁহাকে পৌরোহিত্যে বরণ করিয়া আনিয়াছি, ইনি যাহা বলিবেন, তোমরা নির্ব্বিচারে তাহা করিবে' ॥২০॥

জনমেজয় এই রূপ বলিলে, তাঁহার ভ্রাতৃগণ তাহাই করিতে লাগিলেন। জনমেজয় ভ্রাতৃগণকে সেই রূপ আদেশ করিয়া তক্ষশিলা জয় করিবার জন্য যাত্রা করিলেন ॥২১॥

এবং সে দেশকে আপন অধিকারে আনিলেন

এতস্মিন্নন্তরে কশ্চিদৃষির্ধৌম্যো নামাপোদঃ, তস্য শিষ্যাস্ত্রয়ো বভূবুঃ, উপমন্যুরারুণির্বেদশ্চেতি ॥২৩॥

স একং শিষ্যমারুণিং পাঞ্চাল্যং প্রেষয়ামাস, গচ্ছ কেদারখণ্ডং বধান' ইতি ॥২৪॥

স উপাধ্যায়েন সন্দিষ্ট আরুণিঃ পাঞ্চাল্যস্তত্র গত্বা তৎ কেদারখণ্ডং বদ্ধুং নাশকৎ। স ক্লিশ্যমানোঽপশ্যদুপায়ম্, ভবত্বেবং করিষ্যামীতি ॥২৫॥

স তত্র সংবিবেশ কেদারখণ্ডে। শয়ানে চ তথা তস্মিংস্তদুদকং তস্থৌ ॥২৬॥

ভারতকৌমুদী

সর্পসত্রপ্রসঙ্গমুত্থাপয়িতুমাহ এতস্মিন্নিতি। ধূমে যজ্ঞধূমব্যাপ্তদেশে ভবো ধৌম্যঃ। অপো জলানি অত্তি তপশ্চরণবেলায়াং কেবলং পিবতীতি অপোদঃ পচাদিত্বাদচ্, অলুক্ সমাসশ্চ, অপোদস্যাপত্যম্ আপোদঃ ॥২৩॥

স ইতি। স আপোদধৌম্যঃ। পাঞ্চাল্যং পাঞ্চালদেশীয়ম্। কেদারখণ্ডং খণ্ডিত-মালিভাগম্, বধান ভূমিতো জলনির্গমনিবারণায় মৃত্তিকাভিঃ পূরয় ॥২৪॥

স ইতি। সন্দিষ্ট আদিষ্টঃ। তৎ কেদারখণ্ডং তং ভগ্নমালিদেশম্, বদ্ধুং নাশকৎ, জল-বেগাতিশয়াদিতি ভাবঃ। ক্লিশ্যমানঃ বন্ধনাশক্তিনিবন্ধনেন মনোদুঃখেন পীড্যমানঃ, উপায়ং জলনিঃসরণনিবারণহেতুম্, অপশ্যৎ মনসা তর্কিতবান্। এবং শয়িতেন স্বশরীরেণ জলনির্গম-নিবারণম্ ॥২৫॥

ভারতভাবদীপঃ

প্রত্যাগতঃ ॥২০॥ তক্ষশিলাং দেশবিশেষং বিজেতুমিতি শেষঃ ॥২১—২২॥ এতস্মিন্নিতি। স এবং গুরুপ্রসাদাদপেতভয়ো বিজয়ী উতঙ্কেন প্রোৎসাহিতঃ সর্পসত্রং কৃতবানিতি বক্তুং তদ্গুরো-র্বেদস্য প্রশংসাপ্রসঙ্গাদিতরাবপি তৎসহাধ্যায়িনৌ আরুণ্যুপমন্যু প্রস্তৌতি। তেন চ গুরুভক্তি-মাহাত্ম্যমত্র মুখ্যং প্রমেয়ং জ্ঞেয়ম্। ধৌম্যো নামতঃ। অপোঽত্তীত্যপোদঃ অব্ভক্ষস্তস্যা-পত্যমাপোদঃ। অয়োদ ইতি পাঠে অয়োদো লোহদন্তঃ। দচ্ছন্দাৎ সমাসান্তো ডঃ। উপাধ্যায়স্য তে কার্ষ্ণায়সা দন্তা বা ইতি বাক্যশেষাৎ। ক্রূরবচা ইত্যর্থঃ ॥২৩॥ কেদারো মহাক্ষেত্রান্তর্গতং চতুরস্রম্, তস্য খণ্ডো জলনিরোধভিত্তিস্তাং বধান বধান বন্ধীহি; কেদারে

এই সময়ে 'আপোদ ধৌম্য' নামে কোন ঋষি ছিলেন। উপমন্যু, আরুণি ও বেদ নামে তাঁহার তিনটী শিষ্য ছিল ॥২৩॥

ধৌম্য, পাঞ্চালদেশীয় আরুণিনামক শিষ্যটীকে এই বলিয়া পাঠাইলেন যে, 'যাও, আইলের ভাঙ্গা জায়গাটা বাঁধ যাইয়া' ॥২৪॥

অধ্যাপকের আদেশে আরুণি সেখানে যাইয়া, আইলের সেই ভাঙ্গা জায়গাটা বাঁধিতে পারিল না; তাহাতে সে দুঃখিত হইয়া মনে মনে এক উপায় ভাবিল এবং মুখে বলিল—'হউক, এই রূপ করিব' ॥২৫॥

---

[২৩]···ধৌম্যো নামায়োদঃ···।

ততঃ কদাচিদুপাধ্যায় আপোদো ধৌম্যঃ শিষ্যাবপৃচ্ছৎ, ক্ব আরুণিঃ পাঞ্চাল্যো গত ইতি ॥২৭॥

তৌ তং প্রত্যূচতুঃ—ভগবন্ ! ত্বয়ৈব প্রেষিতো গচ্ছ কেদারখণ্ডং বধানেতি। স এবমুক্তস্তৌ শিষ্যৌ প্রত্যুবাচ তস্মাত্তত্র সর্ব্বে গচ্ছামো যত্র স গত ইতি ॥২৮॥

স তত্র গত্বা তস্যাহ্বানায় শব্দং চকার। ভো আরুণে ! পাঞ্চাল্য ! ক্বাসি বৎসৈহীতি ॥২৯॥

স তচ্ছ্রুত্বা আরুণিরুপাধ্যায়বাক্যং তস্মাৎ কেদারখণ্ডাৎ সহসোত্থায় তমুপাধ্যায়মুপতস্থে ॥৩০॥

ভারতকৌমুদী

স ইতি। স আরুণিঃ, তত্র কেদারখণ্ডে কেদারস্য ভগ্নদেশে, সংবিবেশ শয়িতো বভূব ; "স্যান্নিদ্রা শয়নং স্বাপঃ স্বপ্নঃ সংবেশ ইত্যপি" ইত্যমরঃ। তস্মিন্ কেদারস্য ভগ্নদেশে, শয়ানে তির্য্যক্পতিতে চ আরুণৌ, তস্যা ভূমেরুদকম্, তস্থৌ, তচ্ছরীরেণ নির্গমবাধাদিতি ভাবঃ ॥২৬॥

তত ইতি। শিষ্যৌ উপমন্যুবেদৌ ॥২৭॥

তাবিতি। ইতি উক্ত। ত্বয়ৈব প্রেষিত ইত্যর্থঃ। স আরুণিঃ ॥২৮॥

স ইতি। স উপাধ্যায়ঃ। কোঽসৌ শব্দ ইত্যাহ ভো ইতি ॥২৯॥

স ইতি। উপতস্থে তং লক্ষ্যীকৃত্য আগত্য সম্মুখে স্থিতঃ ॥৩০॥

ভারতভাবদীপঃ

বহুজলপ্রবেশেন বীজনাশো মাভূদিতি ভাবঃ ॥২৪॥ নাশকং শিষ্যপরীক্ষার্থং গুরুণা যোগ-

---

আইলের সেই ভাঙ্গা জায়গাটায় আরুণি শুইয়া পড়িল। সেই জায়গায় আরুণি শুইয়া পড়িলে, জমির জল থামিয়া গেল ॥২৬॥

তাহার পর, কোন সময়ে অধ্যাপক ধৌম্য অপর শিষ্য দুই জনকে জিজ্ঞাসা করিলেন—'আরুণি কোথায় গেল ?' ॥২৭॥

সেই শিষ্যেরা অধ্যাপককে বলিল—'ভগবন্ ! আপনিই তাহাকে ইহা বলিয়া পাঠাইয়া দিয়াছেন যে, যাও আইলের ভাঙ্গা জায়গাটা বাঁধ যাইয়া'। তাহারা এই কথা বলিলে, অধ্যাপক তাহাদিগকে বলিলেন—'তাহা হইলে, আমরা সকলেই সেখানে চল যাই, যেখানে আরুণি গিয়াছে' ॥২৮॥

অধ্যাপক সেখানে যাইয়া আরুণিকে ডাকিলেন—'আরুণি ! কোথায় আছ ? আইস বৎস !' ॥২৯॥

অধ্যাপকের সেই স্বর শুনিয়া আরুণি আইলের সেই ভাঙ্গা জায়গা হইতে তৎক্ষণাৎ উঠিয়া অধ্যাপকের নিকট উপস্থিত হইল ॥৩০॥

---

[২৭]···শিষ্যানপৃচ্ছৎ ···। [২৮] তে তং প্রত্যূচুঃ···। তান্ শিষ্যান্···।

প্রোবাচ চৈনম্, অয়মস্ম্যত্র কেদারখণ্ডে নিঃসরমাণমুদকমবারণীয়ং সংরোদ্ধুং সংবিষ্টো ভগবচ্ছব্দং শ্রুত্বৈব সহসা বিদার্য্য কেদারখণ্ডং ভবন্তমুপস্থিতঃ ॥৩১॥

তদভিবাদয়ে ভগবন্তম্, আজ্ঞাপয়তু ভবান্, কমর্থং করবাণি ইতি ॥৩২॥

স এবমুক্ত উপাধ্যায়ঃ প্রত্যুবাচ, যস্মাদ্ভবান্ কেদারখণ্ডং বিদার্য্য উত্থিতস্তস্মাদুদ্দালক এব নাম্না ভবান্ ভবিষ্যতীত্যুপাধ্যায়েনানুগৃহীতঃ ॥৩৩॥

যস্মাচ্চ ত্বয়া মদ্বচনমনুষ্ঠিতং তস্মাৎ শ্রেয়োঽবাপ্স্যসি, সর্ব এব তে বেদাঃ প্রতিভাস্যন্তি, সর্বাণি চ ধর্ম্মশাস্ত্রাণি ইতি ॥৩৪॥

স এবমুক্ত উপাধ্যায়েনেষ্টং দেশং জগাম ॥৩৫॥

ভারতকৌমুদী

প্রোবাচেতি। নিঃসরমাণং ভূমিতো নির্গচ্ছৎ। অবারণীয়ং বেগাতিশয়াৎ। সংবিষ্টঃ শয়িতঃ। ভগবতস্তব শব্দম্ আহ্বানধ্বনিম্। বিদার্য্য আত্মোত্থানেন পুনঃ খণ্ডয়িত্বা ॥৩১॥

তদিতি। অর্থং বিষয়ং কার্য্যমিত্যর্থঃ ॥৩২॥

স ইতি। উদ্দারয়তি উত্থানেন কেদারাংশং ভনক্তীতি উদ্দারকঃ, ততো রেফস্য লত্বম্ ॥৩৩॥

নমু কিং কৃত্বানুগৃহীত ইত্যাহ যস্মাদিতি। শ্রেয় ঐহিকং পারত্রিকঞ্চ মঙ্গলম্। প্রতিভাস্যন্তি বুদ্ধৌ স্ফুরিষ্যন্তি। ধর্ম্মশাস্ত্রাণি মন্বাদীনি ॥৩৪॥

স ইতি। স আরুণিঃ। ইষ্টম্ অভিলষিতম্ ॥৩৫॥

ভারতভাবদীপঃ

বলেন জলপ্রবাহস্য দুর্ব্বারত্বসম্পাদনাদিত্যর্থঃ ॥২৫—৩২॥ উৎ ঊর্দ্ধং দারয়তীত্যুদ্দারকঃ, রলয়োরভেদাদুদ্দালক ইতি নিরুক্তিঃ ॥৩৩॥ শ্রেয় ঐহিকামুষ্মিকসুখমপবর্গশ্চ। সর্ব্বে

এবং তাঁহাকে বলিল—'আইলের ভাঙ্গা জায়গাটা দিয়া জল নির্গত হইতেছিল, আমি তাহা কিছুতেই বারণ করিতে পারি নাই; তাই সে জল রোধ করিবার জন্য সেখানে শুইয়াছিলাম; পরে আপনার কণ্ঠধ্বনি শুনিয়াই তৎক্ষণাৎ উঠিয়া আপনার নিকট আসিয়াছি ॥৩১॥

অতএব আপনাকে অভিবাদন করিতেছি, আপনি আদেশ করুন, পুনরায় কি করিব' ॥৩২॥

আরুণি এই কথা বলিলে, অধ্যাপক বলিলেন—'যখন তুমি আইল ভাঙ্গিয়া উঠিয়াছ, তখন তুমি 'উদ্দালক' নামে প্রসিদ্ধ হইবে'। ইহার পরে অধ্যাপক তাহার প্রতি অনুগ্রহ করিলেন ॥৩৩॥

'তুমি যখন আমার আদেশ পালন করিয়াছ, তখন তুমি মঙ্গল লাভ করিবে এবং সমস্ত বেদও তোমার মনে প্রকাশ পাইবে' ॥৩৪॥

অধ্যাপক এই রূপ বলিলে, আরুণি অভীষ্ট স্থানে চলিয়া গেল ॥৩৫॥

অথাপরঃ শিষ্যস্তস্যৈবাপোদধৌম্যস্য উপমন্যুর্নাম ॥৩৬॥

তঞ্চোপাধ্যায়ঃ প্রেষয়ামাস—বৎস ! উপমন্যো ! গা রক্ষস্ব ইতি ॥৩৭॥

স উপাধ্যায়বচনাদরক্ষদ্‌গাঃ। স চাহনি গা রক্ষিত্বা দিবসক্ষয়ে গুরুগৃহমাগম্যোপাধ্যায়স্যাগ্রতঃ স্থিত্বা নমশ্চক্রে ॥৩৮॥

তমুপাধ্যায়ঃ পীবানমপশ্যৎ, উবাচ চৈনম্—বৎস ! উপমন্যো ! কেন বৃত্তিং কল্পয়সি ? পীবানসি দৃঢ়মিতি ॥৩৯॥

স উপাধ্যায়ং প্রত্যুবাচ—ভোঃ ! ভৈক্ষ্যেণ বৃত্তিং কল্পয়ামীতি। তমুপাধ্যায়ঃ প্রত্যুবাচ ॥৪০॥

ময্যনিবেদ্য ভৈক্ষ্যং নোপযোক্তব্যমিতি। স তথেত্যুক্তো ভৈক্ষ্যং চরিত্বোপাধ্যায়ায় ন্যবেদয়ৎ ॥৪১॥

ভারতকৌমুদী

উপমন্যুচরিতং বিবৃণোতি অথেতি। উপ সমীপে বিদ্যমানো মন্যুঃ ক্রতুর্যস্য সঃ ॥৩৬॥

তমিতি। উপাধ্যায়ঃ স আপোদধৌম্যঃ ॥৩৭॥

স ইতি। দিবসস্য ক্ষয়ে অবসানে। অগ্রতঃ সম্মুখে ॥৩৮॥

তমিতি। পীবানং স্থূলদেহম্। "পীনপীব্নী তু স্থূলপীবরে" ইত্যমরঃ। কেন বস্তুনা, বৃত্তিং জীবিকাম্। পীবান্ স্থূলদেহঃ, দৃঢ়মেকান্তম্ ॥৩৯॥

স ইতি। ভৈক্ষ্যেণ ভিক্ষালব্ধেনান্নেন ॥৪০॥

ময়ীতি। নোপযোক্তব্যং ন ভোক্তব্যম্। তথা ইতি উক্তম্ উক্তির্যস্য সঃ, স উপমন্যুঃ, ভৈক্ষ্যং চরিত্বা ভিক্ষালভ্যং গ্রহীতুং পরিক্রম্য ॥৪১॥

ভারতভাবদীপঃ

চেতি বিনাপ্যধ্যয়নমৈকাগ্র্যেণ গুরুমারাধয়তা সর্ব্বাপি বিদ্যা লভ্যত ইতি ভাবঃ ॥৩৪—৩৮॥

সেই আপোদ ধৌম্যের আর একটী শিষ্য ছিল—তাহার নাম উপমন্যু ॥৩৬॥

অধ্যাপক তাহাকে এই বলিয়া পাঠাইয়া দিলেন যে, 'বৎস ! উপমন্যু ! যাও, আমার গরু রাখ যাইয়া' ॥৩৭॥

উপমন্যু অধ্যাপকের আদেশ-অনুসারে তাঁহার গরু রাখিতে আরম্ভ করিল। সে, দিনের বেলায় গরু চরাইয়া, সন্ধ্যাকালে গুরুগৃহে আসিয়া গুরুর সম্মুখে থাকিয়া তাঁহাকে নমস্কার করিত ॥৩৮॥

অধ্যাপক উপমন্যুকে স্থূলদেহ দেখিলেন এবং বলিলেন 'বৎস ! উপমন্যু ! তুমি কি দিয়া জীবিকানির্ব্বাহ করিতেছ ? বেশ মোটা হইয়াছ যে ! ॥৩৯॥

উপমন্যু অধ্যাপককে বলিল 'দেব ! আমি ভিক্ষা করিয়া জীবিকানির্ব্বাহ করিতেছি। অধ্যাপক তাহাকে বলিলেন ॥৪০॥

'আমাকে নিবেদন না করিয়া ভিক্ষালব্ধ বস্তু ভোজন করিও না'। 'তাহাই

স তস্মাদুপাধ্যায়ঃ সর্ব্বমেব ভৈক্ষ্যমগৃহ্লাৎ। স তথেত্যুক্তঃ পুনররক্ষদ্-গাঃ। অহনি রক্ষিত্বা নিশামুখে গুরুকুলমাগম্য গুরোরগ্রতঃ স্থিত্বা নমশ্চক্রে ॥৪২॥

তমুপাধ্যায়স্তথাপি পীবানমেব দৃষ্ট্বোবাচ—বৎস! উপমন্যো! সর্ব-মশেষতস্তে ভৈক্ষ্যং গৃহ্লামি, কেনেদানীং বৃত্তিং কল্পয়সি? ॥৪৩॥

স এবমুক্তস্তমুপাধ্যায়ং প্রত্যুবাচ—ভগবতে নির্দ্দিশ্য পূর্বম্, অপরঞ্চরামি, তেন বৃত্তিং কল্পয়ামীতি। তমুপাধ্যায়ঃ প্রত্যুবাচ ॥৪৪॥

নৈষা ন্যায্যা গুরুবৃত্তিঃ, অন্যেষামপি ভৈক্ষ্যোপজীবিনাং বৃত্ত্যুপরোধং করোষি, ইত্যেবং বর্ত্তমানো লুব্ধোঽসি ॥৪৫॥

ভারতকৌমুদী

স ইতি। ভৈক্ষ্যং ভিক্ষালব্ধমন্নাদিকম্। তথা পুনরপি গা রক্ষ ইতি উপাধ্যায়েন উক্তঃ, স উপমন্যুঃ। গুরুকুলম্ অধ্যাপকগৃহম্ ॥৪২॥

তমিতি। অশেষতঃ শেষং ন রক্ষিত্বা ॥৪৩॥

স ইতি। পূর্বং পূর্বলব্ধং ভৈক্ষ্যম্, ভগবতে তুভ্যং নিবেদ্য, অপরং ভৈক্ষ্যং চরামি; তেন দ্বিতীয়েন ভৈক্ষ্যেণ ॥৪৪॥

নেতি। এষা, গুরুবৃত্তির্মহতী জীবিকানির্বাহপ্রণালী, ন ন্যায্যা ন উচিতা। বৃত্ত্যুপ-রোধং বৃত্তিবাধাম্, করোষি, গৃহস্থানামধিকদানাসম্ভবাদিতি ভাবঃ। নন্বস্তু অন্যেষাং বৃত্ত্যুপরোধঃ, তেন মম কিমিত্যাহ ইত্যেবমিতি। অনেন দ্বিতীয়ভৈক্ষ্যচরণেনেত্যর্থঃ,

ভারতভাবদীপঃ

পীবানং পুষ্টম্। ভূয়োঽন্নাদিরসং পীতবন্তমিত্যর্থঃ। বৃত্তিং জীবিকাম্ ॥৩৯—৪৪॥ বৃত্ত্যু-

হইবে' এই কথা বলিয়া উপমন্যু ভিক্ষা করিয়া আনিয়া তাহা অধ্যাপককে দিতে লাগিল ॥৪১॥

অধ্যাপক তাহার নিকট হইতে ভিক্ষালব্ধ বস্তু সমস্তই গ্রহণ করিতে লাগিলেন এবং তাহাই করিতে বলিতেন; উপমন্যুও সেই ভাবে পুনরায় গরু রাখিতে লাগিল; দিনের বেলায় গরু চরাইয়া, সন্ধ্যাকালে গুরুগৃহে আসিয়া গুরুর সম্মুখে থাকিয়া, তাঁহাকে নমস্কার করিত ॥৪২॥

অধ্যাপক তথাপি তাহাকে স্থূলদেহই দেখিয়া বলিলেন—'বৎস! উপমন্যু! আমি তোমার নিকট হইতে সমস্ত ভিক্ষালব্ধ বস্তুই গ্রহণ করি, কিছুই অব-শিষ্ট রাখি না, তবে এখন তুমি কি দিয়া জীবিকানির্বাহ করিতেছ? ॥৪৩॥

অধ্যাপক এইরূপ বলিলে, উপমন্যু অধ্যাপককে বলিল—'প্রথম ভিক্ষালব্ধ বস্তু আপনাকে নিবেদন করিয়া, আবার ভিক্ষা করি এবং তাহা দ্বারা জীবিকা-নির্ব্বাহ করি'। তাহাতে অধ্যাপক তাহাকে বলিলেন ॥৪৪॥

স তথেত্যুক্ত্বা গা অরক্ষৎ, রক্ষিত্বা চ পুনরুপাধ্যায়গৃহমাগম্যোপাধ্যায়স্যাগ্রতঃ স্থিত্বা নমশ্চক্রে ॥৪৬॥

তমুপাধ্যায়স্তথাপি পীবানমেব দৃষ্ট্বা পুনরুবাচ—বৎস! উপমন্যো! অহং তে সর্ব্বং ভৈক্ষ্যং গৃহ্লামি, ন চান্যচ্চরসি, পীবানসি ভৃশম্, কেন বৃত্তিং কল্পয়সি? ইতি ॥৪৭॥

স এবমুক্তস্তমুপাধ্যায়ং প্রত্যুবাচ—ভো এতাসাং গবাং পয়সা বৃত্তিং কল্পয়ামি ইতি ॥৪৮॥

তমুবাচোপাধ্যায়ঃ—নৈতন্ন্যায্যং পয় উপযোক্তুং ভবতঃ, ময়া নাভ্যনুজ্ঞাতমিতি ॥৪৯॥

ভারতকৌমুদী

বর্ত্তমানো বৃত্তিং কল্পয়ন্, লুব্ধোঽসি অধিকাশাবশাৎ লোভপরায়ণো ভবসি; লোভশ্চ পুরুষস্য মহান্ দোষঃ, অতএবাসৌ ন করণীয় ইত্যাশয়ঃ ॥৪৫॥

স ইতি। তথা অপরং ভৈক্ষ্যং ন চরামীত্যর্থঃ ॥৪৬॥

তমিতি। অন্যদ্ভৈক্ষ্যঞ্চ ন চরসি, মম নিষেধাদিতি ভাবঃ ॥৪৭॥

স ইতি। এতাসাং ভবদীয়ানাম্। পয়সা দুগ্ধেন ॥৪৮॥

তমিতি। পয়ো দুগ্ধম্, উপযোক্তুং পাতুম্। যতো ময়া নাভ্যনুজ্ঞাতম্, পরানুমতিমন্তরেণ পরকীয়বস্তুগ্রহণে চৌর্য্যাপাতাদিতি ভাবঃ ॥৪৯॥

ভারতভাবদীপঃ

পরোধং বৃত্তিনাশম্ ॥৪৫—৪৬॥ চরসি ভক্ষয়সি ॥৪৭॥ উপযোক্তুং ভোক্তুম্ ॥৪৮—৪৯॥

"এই অতিরিক্ত উপার্জ্জন তোমার উচিত নহে। কারণ, ইহা দ্বারা তুমি অন্যান্য ভিক্ষাজীবীদিগের জীবিকার ব্যাঘাত করিতেছ; বিশেষতঃ তুমি এই ভাবে জীবিকানির্বাহ করিতে থাকিয়া লোভী হইয়া পড়িতেছ' ॥৪৫॥

'তাহাই হইবে, দ্বিতীয় বার আর ভিক্ষা করিব না' ইহা বলিয়া উপমন্যু গরু রাখিতে লাগিল; পূর্ব্বের মতই গরু রাখিয়া, পুনরায় গুরুগৃহে আসিয়া গুরুর সম্মুখে থাকিয়া, তাঁহাকে নমস্কার করিত ॥৪৬॥

অধ্যাপক, তথাপি তাহাকে হৃষ্ট-পুষ্টই দেখিয়া পুনরায় বলিলেন—'বৎস! উপমন্যু! আমি তোমার সমস্ত ভিক্ষালব্ধ বস্তুই গ্রহণ করি, তুমি দ্বিতীয়বার ভিক্ষাও কর না, অথ চ অত্যন্ত স্থূলই হইতেছ; সুতরাং এখন আবার কি দিয়া জীবিকানির্ব্বাহ কর'? ॥৪৭॥

অধ্যাপক এইরূপ বলিলে, উপমন্যু আবার অধ্যাপককে বলিল—'দেব! এই গরুগুলির দুধ দিয়া জীবিকানির্বাহ করি' ॥৪৮॥

অধ্যাপক তাহাকে বলিলেন 'এই দুধ খাওয়া তোমার উচিত নহে; কারণ, আমি ত তাহার অনুমতি দেই নাই' ॥৪৯॥

স তথেতি প্রতিজ্ঞায় গা রক্ষিত্বা পুনরুপাধ্যায়গৃহমেত্য গুরোরগ্রতঃ স্থিত্বা নমশ্চক্রে ॥৫০॥

তমুপাধ্যায়ঃ পীবানমেব দৃষ্ট্বোবাচ--বৎস! উপমন্যো! ভৈক্ষ্যং নাশ্নাসি, ন চান্যচ্চরসি, পয়ো ন পিবসি, পীবানসি ভৃশম্, কেনেদানীং বৃত্তিং কল্পয়সি? ইতি ॥৫১॥

স এবমুক্ত উপাধ্যায়ং প্রত্যুবাচ—ভোঃ! ফেনং পিবামি, যমিমে বৎসা মাতৄণাং স্তনান্ পিবন্ত উদ্‌গিরন্তি ॥৫২॥

তমুপাধ্যায়ঃ প্রত্যুবাচ এতে ত্বদনুকম্পয়া গুণবন্তো বৎসাঃ প্রভূততরং ফেনমুদ্‌গিরন্তি। তদেষামপি বৎসানাং বৃত্ত্যুপরোধং করোষি, এবং বর্ত্তমানঃ ফেনমপি ভবান্ন পাতুমর্হতীতি। স তথেতি প্রতিশ্রুত্য পুনররক্ষদ্‌গাঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

স ইতি। তথা ভবতো গবাং পয়ো ময়া ন ভোক্তব্যমিত্যর্থঃ ॥৫০॥

তমিতি। অন্যৎ ভৈক্ষ্যম্, ন চরসি অর্জ্জিতুং ন পর্য্যটসি ॥৫১॥

স ইতি। মাতৄণাং গবাম্। যং ফেনম্ ॥৫২॥

তমিতি। গুণবন্তো দয়াশালিনঃ, অতএব ত্বয়ি অনুকম্পয়া দয়য়া, প্রভূততরম্ অতীব-বহুলম্, উদ্গিরন্তি, স্বয়মভক্ষয়ন্ত ইতি ভাবঃ। বৃত্ত্যুপরোধং জীবিকানির্ব্বাহব্যাঘাতম্, করোষি অল্পভক্ষণপ্রযোজকত্বাদিত্যাশয়ঃ। এবম্, অনেন ফেনভক্ষণেন, বর্ত্তমানো জীবনং ধারয়ন্। তথা ফেনমপি ন ভক্ষয়িষ্যামীত্যর্থঃ ॥৫৩॥

‘তাহাই হইবে, গরুর দুধও খাইব না’ এইরূপ অঙ্গীকার করিয়া উপমন্যু গরু রাখিয়া, পুনরায় গুরুর গৃহে আসিয়া, তাঁহার সম্মুখে থাকিয়া তাঁহাকে নমস্কার করিত ॥৫০॥

তথাপি উপমন্যুকে স্থূলদেহই দেখিয়া অধ্যাপক বলিলেন—‘বৎস! উপমন্যু! প্রথমে ভিক্ষালব্ধ বস্তু ভোজন কর না, দ্বিতীয় বারও ভিক্ষা কর না, দুধও খাও না; তবে অত্যন্ত হৃষ্ট-পুষ্ট হইতেছ কেন? এখন কি দিয়া জীবিকানির্ব্বাহ করিতেছ?’ ॥৫১॥

অধ্যাপক এই রূপ বলিলে, উপমন্যু অধ্যাপককে বলিল—‘দেব! এই বাছুরগুলি মাতার স্তন পান করিবার সময় যে ফেন উদ্‌গিরণ করে, আমি এখন তাহাই পান করিয়া থাকি’ ॥৫২॥

অধ্যাপক উপমন্যুকে বলিলেন—‘এই বাছুরগুলি বড়ই দয়ালু; সুতরাং তোমার প্রতি দয়া করিয়া ইহারা অতি প্রচুরপরিমাণে ফেন উদ্‌গিরণ করে;

তথা প্রতিষিদ্ধো ভৈক্ষ্যং নাশ্নাতি, ন চান্যচ্চরতি, পয়ো ন পিবতি, ফেনং নোপযুঙ্‌ক্তে। স কদাচিদরণ্যে ক্ষুধার্ত্তোঽর্কপত্রাণ্যভক্ষয়ৎ ॥৫৪॥

স তৈরর্কপত্রৈর্ভক্ষিতৈঃ ক্ষার-তিক্ত-কটু-রূক্ষৈস্তীক্ষ্ণবিপাকৈশ্চক্ষুষ্যু্যপহতোঽন্ধো বভূব। ততঃ সোঽন্ধোঽপি চঙ্ক্রম্যমাণঃ কূপেঽপতৎ ॥৫৫॥

অথ তস্মিন্ননাগচ্ছতি সূর্য্যে চাস্তাচলাবলম্বিনি উপাধ্যায়ঃ শিষ্যানবোচৎ—নায়াত্যুপমন্যুঃ। ত উচুর্বনং গতো গা রক্ষিতুমিতি। তানাহ উপাধ্যায়ঃ ॥৫৬॥

ভারতকৌমুদী

তথেতি। স উপমন্যুঃ। অর্কস্য বৃক্ষস্য পত্রাণি, অভক্ষয়ৎ; ভক্ষ্যান্তরাপ্রাপ্তেরিতি ভাবঃ ॥৫৪॥

স ইতি। তীক্ষ্ণো বিপাকো যেষাং তৈঃ পরিপাককালে উদরে জ্বালাজনকৈরিত্যর্থঃ। উপহতঃ পীড়িতঃ ক্রমেণান্ধো বভূব। চঙ্ক্রম্যমাণঃ গোরক্ষার্থং পুনঃ পুনর্ব্বিচরন্ ॥৫৫॥

অথেতি। তস্মিন্ উপমন্যৌ। তে শিষ্যাঃ ॥৫৬॥

ভারতভাবদীপঃ

অর্কপত্রাণ্যর্কবৃক্ষপত্রাণি। ক্ষারেতি। অন্যদপি ক্ষারাদিরূপং দ্রব্যং চক্ষুরুপঘাতকমেবেতি ভাবঃ। তীক্ষ্ণবিপাকৈঃ পাককালে উদরেঽগ্নিজ্বালোত্থাপকৈঃ ॥৫০—৫৫॥

অতএব তুমি এই বাছুরগুলিরও জীবিকানির্ব্বাহের ব্যাঘাত করিতেছ। সুতরাং এই অবস্থায় তুমি দুধের ফেনও খাইতে পার না'। উপমন্যু তাহাই স্বীকার করিয়া আবার গরু রাখিতে লাগিল ॥৫৩॥

উপমন্যু সেই ভাবে নিষিদ্ধ হইয়া, প্রথম ভিক্ষার বস্তু ভোজন করিত না, দ্বিতীয় বারও ভিক্ষা করিত না, দুগ্ধপানও করিত না এবং দুধের ফেনও খাইত না; এই অবস্থায় একদা বনের ভিতরে সে ক্ষুধায় কাতর হইয়া আকন্দের পাতা খাইল ॥৫৪॥

আকন্দের পাতার রস হইল—নোন্তা, তিতু, কটু ও খড়খড়ে এবং পরিপাকের সময়ে তাহা পেটে জ্বালা জন্মায়; সেই আকন্দের পাতা খাওয়ায় উপমন্যুর চোখের পীড়া জন্মিল এবং ক্রমে সে অন্ধ হইয়া গেল। তাহার পর সে অন্ধ হইয়াও বিচরণ করিতে থাকিয়া কূপের ভিতরে পড়িয়া গেল ॥৫৫॥

তাহার পর, সে উপমন্যুও আসিল না, সূর্য্যও অস্ত গেল, ইহা দেখিয়া অধ্যাপক শিষ্যগণকে বলিলেন---'উপমন্যু আসিতেছে না যে? শিষ্যেরা

[৫৬]···অথ তস্মিন্নাগচ্ছতি ইতি কচিৎ পাঠঃ। অথ তস্মিন্ননাগচ্ছতি সূর্য্যে চাস্তাচলাবলম্বিনি উপাধ্যায়ঃ শিষ্যানবোচৎ—ময়োপমন্যু···ইতি দাক্ষিণাত্যপুস্তকে পাঠঃ।

ময়োপমন্যুঃ সর্ব্বতঃ প্রতিষিদ্ধঃ, স নিয়তং কুপিতঃ, ততো নাগচ্ছতি চিরম্, ততোঽন্বেষ্যঃ, ইত্যেবমুক্ত্বা শিষ্যৈঃ সার্দ্ধমরণ্যং গত্বা তস্যাহ্বানায় শব্দং চকার, ভো উপমন্যো ! ক্বাসি বৎস ! এহি ইতি ॥৫৭॥

স উপাধ্যায়বচনং শ্রুত্বা প্রত্যুবাচোচ্চৈঃ—অয়মস্মিন্ কূপে পতিতোঽহমিতি। তমুপাধ্যায়ঃ প্রত্যুবাচ—কথং ত্বমস্মিন্ কূপে পতিত ইতি ॥৫৮॥

স উপাধ্যায়ং প্রত্যুবাচ—অর্কপত্রাণি ভক্ষয়িত্বাঽন্ধীভূতোঽস্মি, অতশ্চঙ্ক্রম্যমাণঃ কূপে পতিত ইতি ॥৫৯॥

তমুপাধ্যায়ঃ প্রত্যুবাচ, 'অশ্বিনৌ স্তুহি, তৌ দেবভিষজৌ ত্বাং চক্ষুষ্মন্তং কর্ত্তারৌ' ইতি ॥৬০॥

স এবমুক্ত উপাধ্যায়েনোপমন্যুঃ স্তোতুমুপচক্রমে দেবাবশ্বিনৌ ঋগ্‌ভির্বাগ্‌ভিঃ ॥৬১॥

ভারতকৌমুদী

ময়েতি। সর্ব্বতঃ সর্ব্বস্মাদ্ভোজনাৎ। নিয়তং নিশ্চিতম্। চিরং চিরকালাৎ পরমপি ॥৫৭॥

স ইতি। কূপতলাদুপাধ্যায়ং শ্রাবয়িতুম্ উচ্চৈরুচ্চারণম্ ॥৫৮॥

স ইতি। অতঃ অন্ধীভবনাৎ, চঙ্ক্রম্যমাণো গোরক্ষার্থং পুনঃ পুনর্ব্বিচরন্ ॥৫৯॥

তমিতি। অশ্বিনৌ অশ্বিনীকুমারৌ। দেবানাং ভিষজৌ চিকিৎসকৌ। কর্ত্তারৌ করিষ্যতঃ। ভবিষ্যতি কালে শ্বস্তনী ॥৬০॥

স ইতি। উপচক্রমে আরেভে। ঋগ্‌ভির্ব্বেদমন্ত্ররূপাভিঃ ॥৬১॥

বলিল—'উপমন্যু ত গরু রাখিবার জন্য বনে গিয়াছে'। তখন অধ্যাপক শিষ্যগণকে বলিলেন—॥৫৬॥

ব্রাহ্মণ! আপনি যে আমার বিষ, বা আমার মত অন্য সাপের বিষ নষ্ট করিবেন; ইহা আপনার পক্ষে অধিক আশ্চর্য্য নহে। হে তপোধন! আপনি কি লাভ করিবার ইচ্ছায় সেখানে যাইতেছেন? ॥১২॥

যত্তেঽভিলষিতং প্রাপ্তুং ফলং তস্মান্নৃপোত্তমাৎ।
অহমেব প্রদাস্যামি তত্তে যদ্যপি দুর্লভম্ ॥১৩॥
বিপ্রশাপাভিভূতে চ ক্ষীণায়ুষি নরাধিপে।
ঘটমানস্য তে বিপ্র! সিদ্ধিঃ সংশয়িতা ভবেৎ ॥১৪॥
ততো যশঃ প্রদীপ্তং তে ত্রিষু লোকেষু বিশ্রুতম্।
নিরংশুরিব ঘর্ম্মাংশুরন্তর্ধানমিতো ব্রজেৎ ॥১৫॥

কাশ্যপ উবাচ।

ধনার্থী যাম্যহং তত্র তন্মে দেহি ভুজঙ্গম!।
ততোঽহং বিনিবর্ত্তিষ্যে স্বাপতেয়ং প্রগৃহ্য বৈ ॥১৬॥

ভারতকৌমুদী

যদিতি। হে তপোধন! তে ত্বয়া, তস্মান্নৃপোত্তমাৎ পরীক্ষিতঃ সকাশাৎ, যৎ ফলং প্রাপ্তুম্ অভিলষিতম্; যদ্যপি দুর্লভং স্যাত্তথাপি, তৎ ফলম্, তে তুভ্যম্, অহমেব প্রদাস্যামি ॥১৩॥

বিপ্রেতি। হে বিপ্র! বিপ্রস্য শৃঙ্গিণঃ শাপেন অভিভূতে, অতএব ক্ষীণায়ুষি, নরাধিপে পরীক্ষিতি, ঘটমানস্য তচ্চিকিৎসার্থমেব সংযুজ্যমানস্য, তে তব, সিদ্ধিঃ তৎসঞ্জীবননিষ্পত্তিঃ, সংশয়িতা ভবেৎ ॥১৪॥

তত ইতি। ততঃ পক্ষান্তরে তজ্জীবনানিষ্পত্তেরিত্যর্থঃ, প্রদীপ্তম্ উজ্জ্বলম্, ত্রিষু লোকেষু বিশ্রুতং বিখ্যাতম্, তে তব যশঃ, নিরংশুঃ অস্তগমনবেলায়াং কিরণহীনঃ, ঘর্ম্মাংশুঃ সূর্য্য ইব, ইতো লোকাৎ, অন্তর্ধানং ব্রজেৎ ॥১৫॥

ধনেতি। হে ভুজঙ্গম! অহং তত্র পরীক্ষিৎসন্নিধানে, ধনার্থী সন্, যামি। মে মহ্যম্, তৎ ধনং দেহি। ততঃ পরম্, অহম্, স্বাপতেয়ং ধনম্, প্রগৃহ্য বিনিবর্ত্তিষ্যে। "দ্রব্যং বিত্তং স্বাপতেয়ং রিক্থমিক্থং ধনং বসু" ইত্যমরঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

প্রাপ্তুমভিলষিতং ফলমিত্যন্বয়ঃ ॥১৩॥ ঘটমানস্য সজ্জমানস্য ॥১৪॥ নিরংশুঃ রাহ্বাদিনা হতপ্রভঃ ॥১৫॥ স্বাপতেয়ং হিরণ্যম্, স্বং ধনং তস্য পতিঃ "অগ্নির্ভুর্বব্রয়িপতীরয়ীণাম্" ইতি লিঙ্গাৎ রয়িরিতি ধননাম, স্বপতেরিদং স্বাপতেয়ম্। "আগ্নেয়ং বৈ হিরণ্যম্" ইতি শ্রুতেশ্চ।

আপনি সে রাজার নিকট হইতে যাহা লাভ করিবার ইচ্ছা করিয়াছেন, তাহা যদি দুষ্প্রাপ্যও হয়, তথাপি আমিই আপনাকে তাহা দিব ॥১৩॥

ব্রাহ্মণের অভিসম্পাতে পরীক্ষিতের আয়ুঃ ক্ষয় পাইয়া গিয়াছে; সুতরাং আপনি সেখানে গেলে আপনার উদ্দেশ্যসিদ্ধি হইবে কি না সন্দেহ ॥১৪॥

তাহাতে, আপনার ত্রিভুবনবিখ্যাত উজ্জ্বল যশ, অস্ত যাইবার কালে কিরণহীন সূর্য্যের ন্যায় এ জগৎ হইতে লোপ পাইয়া যাইবে ॥১৫॥

কাশ্যপ বলিলেন—নাগরাজ! আমি ধনের জন্যই সেখানে যাইতেছি;

তক্ষক উবাচ।

যাবদ্ধনং প্রার্থয়সে তস্মাদ্রাজ্ঞস্ততোঽধিকম্।
অহমেব প্রদাস্যামি নিবর্ত্তস্ব দ্বিজোত্তম! ॥১৭॥

সৌতিরুবাচ।

তক্ষকস্য বচঃ শ্রুত্বা কাশ্যপো দ্বিজসত্তমঃ।
প্রদধ্যৌ সুমহাতেজা রাজানং প্রতি বুদ্ধিমান্ ॥১৮॥
দিব্যজ্ঞানঃ স তেজস্বী জ্ঞাত্বা তং নৃপতিং তদা।
ক্ষীণায়ুষং পাণ্ডবেয়মপাবর্ত্তত কাশ্যপঃ।
লব্ধ্বা বিত্তং মুনিবরস্তক্ষকাদ্‌যাবদীপ্সিতম্ ॥১৯॥
নিবৃত্তে কাশ্যপে তস্মিন্ সময়েন মহাত্মনি।
জগাম তক্ষকস্তূর্ণং নগরং নাগসাহ্বয়ম্ ॥২০॥

ভারতকৌমুদী

যাবদিতি। হে দ্বিজোত্তম! ত্বং তস্মাৎ রাজ্ঞঃ সকাশাৎ, যাবদ্ যৎপরিমাণং ধনং প্রার্থয়সে; ততোঽধিকম্ ধনম্, অহমেব তুভ্যং প্রদাস্যামি, ত্বং নিবর্ত্তস্ব ॥১৭॥

তক্ষকস্যেতি। সুমহাতেজাঃ, বুদ্ধিমান্, দ্বিজসত্তমঃ কাশ্যপঃ, তক্ষকস্য বচঃ শ্রুত্বা, রাজানং প্রতি পরীক্ষিত আয়ুঃক্ষয়বিষয় ইত্যর্থঃ, প্রদধ্যৌ ধ্যানং চকার ॥১৮॥

দিব্যেতি। মুনিবরঃ, অতএব দিব্যজ্ঞানঃ, তেজস্বী চ, স কাশ্যপঃ, তদা তং পাণ্ডবেয়ং নৃপতিং পরীক্ষিতম্, ক্ষীণায়ুষং জ্ঞাত্বা, যাবদীপ্সিতং তাবদেব বিত্তং ধনম্, তক্ষকাৎ লব্ধ্বা অপাবর্ত্তত নিবৃত্তবান্। ষট্‌পদমিদং পদ্যম্ ॥১৯॥

ভারতভাবদীপঃ

"দ্রব্যং বিত্তং স্বাপতেয়ম্" ইত্যমরঃ ॥১৬—১৭॥ প্রদধ্যৌ ধ্যানং চক্রে। রাজানং প্রতি রাজ্ঞো মৃত্যুমুদ্দিশ্যেত্যর্থঃ ॥১৮—১৯॥ সময়েন কালেন সঙ্কেতবিশেষেণ, গুপ্তবেশেনেতি

তুমি আমাকে তাহা দাও; তাহার পরে আমি সেই ধন পাইয়া ফিরিয়া যাইব ॥১৬॥

তক্ষক বলিল—আপনি সে রাজার নিকটে যত ধন চাহিবেন; আমিই তাহা হইতে অধিক ধন আপনাকে দিব। অতএব ব্রাহ্মণ! আপনি ফিরিয়া যান ॥১৭॥

সৌতি বলিলেন—মহাতেজস্বী ও বুদ্ধিমান্ ব্রাহ্মণশ্রেষ্ঠ কাশ্যপ তক্ষকের কথা শুনিয়া, পরীক্ষিতের আয়ু আছে কি না ইহা বুঝিবার জন্য ধ্যানস্থ হইলেন ॥১৮॥

দিব্যজ্ঞানী ও তেজস্বী মুনিশ্রেষ্ঠ কাশ্যপ তখন পাণ্ডববংশধর রাজা পরীক্ষিতের আয়ুঃশেষ হইয়াছে ইহা ধ্যানে জানিতে পারিয়া, তক্ষকের নিকট হইতে ইচ্ছানুরূপ ধন লাভ করিয়া, সে স্থান হইতে ফিরিয়া গেলেন ॥১৯॥

অথ শুশ্রাব গচ্ছন্ স তক্ষকো জগতীপতিম্।
মন্ত্রৈর্বিষহরৈর্দিব্যৈ রক্ষ্যমাণং প্রযত্নতঃ ॥২১॥

সৌতিরুবাচ।

স চিন্তয়ামাস তদা মায়াযোগেন পার্থিবঃ।
ময়া বঞ্চয়িতব্যোঽসৌ ক উপায়ো ভবেদিতি ॥২২॥
ততস্তাপসরূপেণ প্রাহিণোৎ স ভুজঙ্গমান্।
ফলদর্ভোদকং গৃহ্য রাজ্ঞে নাগোঽথ তক্ষকঃ ॥২৩॥

তক্ষক উবাচ।

গচ্ছধ্বং যূয়মব্যগ্রা রাজানং কার্য্যবত্তয়া।
ফলপুষ্পোদকং নাম প্রতিগ্রাহয়িতুং নৃপম্ ॥২৪॥

ভারতকৌমুদী

নিবৃত্ত ইতি। তস্মিন্ মহাত্মনি কাশ্যপে, সময়েন পরীক্ষিতঃ ক্ষীণায়ুষ্ট্বসিদ্ধান্তেন হেতুনা, নিবৃত্তে সতি, তক্ষকঃ, তূর্ণম্, নাগসাহ্বয়ং হস্তিনাখ্যং নগরম্, জগাম। "সময়ঃ শপথাচারকাল-সিদ্ধান্তসংবিদঃ" ইত্যমরঃ ॥২০॥

অথেতি। অথানন্তরম্, গচ্ছন্ স তক্ষকঃ, জগতীপতিং ভূপতিং পরীক্ষিতম্, দিব্যৈ-র্বিষহরৈর্মন্ত্রৈঃ, প্রযত্নতো রক্ষ্যমাণম্, লোকমুখাৎ শুশ্রাব ॥২১॥

স ইতি। স তক্ষকঃ, তদা ইতি চিন্তয়ামাস। কিমিতি—ময়া তক্ষকেণ, অসৌ পার্থিবো রাজা পরীক্ষিৎ, মায়াযোগেন ছলাবলম্বনেন, বঞ্চয়িতব্যঃ; তত্র চ ক উপায়ো ভবেৎ ॥২২॥

তত ইতি। অথেতি কার্য্যান্তরারম্ভে। ততঃ পরম্, স তক্ষকো নাগঃ, তাপসরূপেণ, ফলঞ্চ দর্ভাঃ কুশশ্চ উদকং জলঞ্চেতি তৎ, গৃহ্য গৃহীত্বা স্থিতান, ভুজঙ্গমান্ স্বজাতীন্ অপর-সর্পান্, রাজ্ঞে পরীক্ষিতে, প্রাহিণোৎ প্রেরিতবান্ ॥২৩॥

ভারতভাবদীপঃ

বা ॥২০-২১॥ গদৈর্দংশস্থানে ক্ষুরেণোৎকীর্ণে মর্দ্দ্যমানৈরৌষধবিশেষৈঃ ॥২২—২৪॥ আপঃ

পরীক্ষিতের আয়ুঃশেষ হইয়াছে ইহা ধ্যানদ্বারা সিদ্ধান্ত করিয়া, মহাত্মা কাশ্যপ ফিরিয়া গেলে, তক্ষক সত্বর হস্তিনানগরের দিকে চলিল ॥২০॥

তাহার পর, তক্ষক যাইতে যাইতে লোকমুখে শুনিল যে, অনেক লোক বিষনাশক দিব্যমন্ত্রদ্বারা রাজা পরীক্ষিৎকে সাবধানে রক্ষা করিতেছে ॥২১॥

সৌতি বলিলেন—তখন তক্ষকনাগ এইরূপ চিন্তা করিল যে, ছল করিয়াই আমার রাজা পরীক্ষিৎকে বঞ্চিত করিতে হইবে; সুতরাং এখন কি উপায় করা যায়? ॥২২॥

তাহার পর, তক্ষকনাগ ফল, কুশ ও জল দিয়া, কতকগুলি নাগকে তপস্বী সাজাইয়া তাহাদিগকে রাজা পরীক্ষিতের নিকট পাঠাইয়া দিল ॥২৩॥

সৌতিরুবাচ।

তে তক্ষকসমাদিষ্টাস্তথা চক্রুর্ভুজঙ্গমাঃ।
উপনিন্যুস্তথা রাজ্ঞে দর্ভানম্ভঃ ফলানি চ ॥২৫॥
তচ্চ সর্ব্বং স রাজেন্দ্রঃ প্রতিজগ্রাহ বীর্য্যবান্।
কৃত্বা তেষাঞ্চ কার্য্যাণি গম্যতামিত্যুবাচ তান্ ॥২৬॥
গতেষু তেষু নাগেষু তাপসচ্ছদ্মরূপিষু।
অমাত্যান্ সুহৃদশ্চৈব প্রোবাচ স নরাধিপঃ ॥২৭॥
ভক্ষয়ন্তু ভবন্তো বৈ স্বাদূনীমানি সর্ব্বশঃ।
তাপসৈরুপনীতানি ফলানি সহিতা ময়া ॥২৮॥

ভারতকৌমুদী

গচ্ছধ্বমিতি। হে সর্পাঃ! যূয়ম্, কাৰ্য্যবত্তয়া প্রয়োজনবিশেষেণ, নৃপং পরীক্ষিতম্, ফলপুষ্পোদকম্, প্রতিগ্রাহয়িতুম্, নামেত্যলীকে, অব্যগ্রা নিজশাঠ্যসম্ভবেঽপি অশঙ্কিতাঃ সন্ত এব, তং রাজানম্, গচ্ছধ্বম্ ॥২৪॥

ত ইতি। তক্ষকেণ সমাদিষ্টাস্তে ভুজঙ্গমাঃ তথৈব চক্রুঃ। রাজ্ঞে পরীক্ষিতে, দর্ভান্ কুশান্, অম্ভো জলম্, স্বাদূনি ফলানি চ, তথা তাপসচ্ছদ্মনা, উপনিন্যুঃ ॥২৫॥

তদিতি। বীর্য্যবান্ স রাজেন্দ্রঃ পরীক্ষিৎ, ফলাদিকং তৎ সর্ব্বং প্রতিজগ্রাহ চ, তেষাং তাপসরূপিণাং সর্পাণাম্, কার্য্যাণি কৃত্বা, তান্ 'গম্যতাম্' ইতি উবাচ চ ॥২৬॥

গতেম্বিতি। তাপসচ্ছদ্মরূপিষু তেষু নাগেষু গতেষু সৎসু, স নরাধিপঃ পরীক্ষিৎ, অমাত্যান্ সুহৃদশ্চ, বক্ষ্যমাণং প্রোবাচ ॥২৭॥

ভক্ষয়ন্ত্বিতি। ময়া সহিতা ভবন্তঃ, তাপসৈরুপনীতানি ইমানি সর্ব্বশঃ সর্ব্বাণি স্বাদূনি ফলানি ভক্ষয়ন্তু ॥২৮॥

তক্ষক বলিল—নাগগণ! আমার কোন প্রয়োজন সাধন করিবার জন্য, রাজা পরীক্ষিৎকে ফল, ফুল ও জল দিবার নিমিত্ত, তোমরা ধীর-স্থিরভাবে সেই রাজার নিকট যাও ॥২৪॥

সৌতি বলিলেন—তক্ষকের আদেশ অনুসারে নাগগণ তাহাই করিল; তাহারা তপস্বী সাজিয়া কুশ, জলও ফল নিয়া রাজার নিকট উপস্থিত করিল ॥২৫॥

বলবান্ রাজা সে সমস্তই গ্রহণ করিলেন এবং তাহাদের কার্য্য সম্পাদন করিয়া তাহাদিগকে বলিলেন 'আপনারা যাইতে পারেন' ॥২৬॥

ছলপূর্ব্বক তাপসরূপধারী নাগগণ চলিয়া গেলে, রাজা মন্ত্রিবর্গ ও বন্ধুবর্গকে বলিলেন ॥২৭॥

---

[২৫]···দর্ভানাপঃ ফলানি চ।

ততো রাজা সসচিবঃ ফলান্যাদাতুমৈচ্ছত।
বিধিনা সম্প্রযুক্তো বৈ ঋষিবাক্যেন তেন তু ॥২৯॥
যস্মিন্নেব ফলে নাগস্তমেবাভক্ষয়ৎ স্বয়ম্ ।
ততো ভক্ষয়তস্তস্য ফলাৎ কৃমিরভূদণুঃ ॥৩০॥
হ্রস্বকঃ কৃষ্ণনয়নস্তাম্রবর্ণোঽথ শৌনক ! ।
স তং গৃহ্য নৃপশ্রেষ্ঠঃ সচিবানিদমব্রবীৎ ॥৩১॥ (যুগ্মকম্)
অস্তমভ্যেতি সবিতা বিষাদশ্চ ন মে ভয়ম্ ।
সত্যবাগস্তু স মুনিঃ কৃমির্মাং দশতাময়ম্ ॥৩২॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ পরম্, সসচিবো রাজা পরীক্ষিৎ, বিধিনা দৈবেন, সম্প্রযুক্তঃ প্রেরিতঃ সন্, তেন ঋষিবাক্যেন তদ্বাক্যানাম্ ঋষিবাক্যত্ববিশ্বাসেনেত্যর্থঃ, তানি ফলানি আদাতুং গ্রহীতুম্, ঐচ্ছত ॥২৯॥

যস্মিন্নিতি। হে শৌনক ! যস্মিন্নেব ফলে যস্য ফলস্য ছিদ্র ইত্যর্থঃ, তক্ষকো নাগঃ, সূক্ষ্মরূপেণাবসদিতি শেষঃ, স্বয়ং রাজা, তমেব তদেব ফলম্, পুংস্ত্বমার্ষম্, অভক্ষয়ৎ ভক্ষয়িতুমুদ্যতবান্। ততঃ পরম্, ভক্ষয়তস্তস্য রাজ্ঞঃ ফলাৎ ফলচ্ছিদ্রাৎ, অণুঃ কৃশঃ, হ্রস্বকঃ কুৎসিতঃ ক্ষুদ্রঃ, কৃষ্ণনয়নঃ, তাম্রবর্ণশ্চ, কশ্চিৎ কৃমিঃ, অভূৎ আবির্বভূব। স নৃপশ্রেষ্ঠঃ পরীক্ষিৎ, তং কৃমিম্, গৃহ্য হস্তে গৃহীত্বা, সচিবান্ ইদম্ অব্রবীৎ ॥৩০—৩১॥

অস্তমিতি। সবিতা সূর্য্যঃ, অস্তমভ্যেতি ; মরণাচ্চ মে মম ন বিষাদঃ, ন বা ভয়ঞ্চ বর্ত্ততে। স মুনিঃ শৃঙ্গী, সত্যবাক্, অস্তু। অয়মেব কৃমিঃ, তক্ষকো ভূত্বা, মাম্, দশতাং

ভারতভাবদীপঃ

অপঃ ॥২৫॥ তেষাং কার্য্যাণি পারিতোষিকদানানি ॥২৬—২৮॥ আদাতুং ভক্ষিতুম্ ॥২৯॥

আমার সহিত আপনারা তপস্বীদের আনীত এই সকল সুস্বাদু ফল ভক্ষণ করুন ॥২৮॥

তাহার পর রাজা দৈবপ্রেরিত হইয়া, নাগদিগের বাক্যকেই ঋষিবাক্য মনে করিয়া মন্ত্রী ও বন্ধুদিগের সহিত সেই সকল ফল গ্রহণ করিবার ইচ্ছা করিলেন ॥২৯॥

যে ফলের ছিদ্রের ভিতরে তক্ষকনাগ সূক্ষ্মরূপে অবস্থান করিতেছিল, রাজা নিজে সেই ফলটাকেই ভক্ষণ করিতে উদ্যত হইলেন। মহর্ষি শৌনক ! তাহার পর, রাজার সেই ফলের ছিদ্র হইতে কৃশ, ক্ষুদ্র, কৃষ্ণবর্ণনয়ন এবং তাম্রবর্ণ শরীর একটা কৃমি আবির্ভূত হইল ; রাজা ফলের সহিত সেই কৃমিটাকে হাতে ধরিয়া মন্ত্রিগণকে এই কথা বলিলেন ॥৩০—৩১॥

সূর্য্য অস্ত যাইতেছেন ; মৃত্যুতে আমার দুঃখও নাই, ভয়ও নাই ; শৃঙ্গী

তক্ষকো নাম ভূত্বা বৈ তথা পরিহৃতং ভবেৎ।
তে চৈনমন্ববর্ত্তন্ত মন্ত্রিণঃ কালচোদিতাঃ ॥৩৩॥ (যুগ্মকম্)
এবমুক্ত্বা স রাজেন্দ্রো গ্রীবায়াং সন্নিবেশ্য হ।
কৃমিকং প্রাহসত্তূর্ণং মুমূর্ষুর্নষ্টচেতনঃ ॥৩৪॥
প্রহসন্নেব ভোগেন তক্ষকেণ ত্ববেষ্ট্যত।
তস্মাৎ ফলাদ্বিনিক্রম্য যত্তদ্রাজ্ঞে নিবেদিতম্ ॥৩৫॥
বেষ্টয়িত্বা চ বেগেন বিনদ্য চ মহাস্বনম্।
অদশৎ পৃথিবীপালং তক্ষকঃ পন্নগেশ্বরঃ ॥৩৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি
আস্তীকে তক্ষকদংশো নামাষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

দশতু। তথা সতি, পরিহৃতং শমীকাপমানদূষণং ময়া পরিমার্জ্জিতং ভবেৎ। তে মন্ত্রিণশ্চ, কালেন চোদিতাঃ প্রেরিতাঃ সন্তঃ, এনং পরীক্ষিতো বচনম্, অন্ববর্ত্তন্ত অন্বমোদন্ত; অন্যথা তং কৃমিং নিহন্যুরিতি ভাবঃ ॥৩২—৩৩॥

এবমিতি। মুমূর্ষুঃ, অতএব নষ্টচেতনঃ কর্ত্তব্যজ্ঞানহীনঃ স রাজেন্দ্রঃ, এবম্ উক্ত্বা, কৃমিকং ফলসহিতমেব তং ক্ষুদ্রকীটম্, গ্রীবায়াং নিজকণ্ঠদেশে, তূর্ণং সন্নিবেশ্য সংস্থাপ্য, প্রাহসৎ ॥৩৪॥

প্রহসন্নিতি। কীটরূপধারিণা তক্ষকেণ, তস্মাৎ ফলাৎ বিনিক্রম্য, গৌরমুখেন রাজ্ঞে প্রাগ্‌যন্নিবেদিতম্, তচ্ছ্রাবয়িত্বেতি শেষঃ, ভোগেন আবিষ্কৃতস্বশরীরেণ, প্রহসন্নেবাসৌ রাজা অবেষ্ট্যত ॥৩৫॥

ভারতভাবদীপঃ

বিধিনা দৈবেন। তমেব তদেব ॥৩০॥ হ্রস্বকঃ কুৎসিতো হ্রস্বঃ ॥৩১—৩২॥ পরিহৃতং পরিহারঃ ব্রাহ্মণাবমাননাদোষস্য ভবেৎ ॥৩৪—৩৬॥
ইতি আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৮॥

মুনির বাক্য সত্য হউক; এই কৃমিটাই তক্ষকনাগ হইয়া আমাকে দংশন করুক; তাহা হইলে, আমি যে শমীকমুনির অপমান করিয়াছি, সে অপরাধের পরিহার হইবে। সেই মন্ত্রীরাও কালপ্রেরিত হইয়া রাজার ঐ কথারই অনুমোদন করিলেন ॥৩২—৩৩॥

মরণোন্মুখ কর্ত্তব্যজ্ঞানশূন্য রাজা পরীক্ষিৎ পূর্ব্বোক্ত কথা বলিয়া, ফলের সহিত সেই কীটটাকে আপন কণ্ঠদেশে স্থাপন করিয়া হাসিতে লাগিলেন ॥৩৪॥

কীটরূপধারী তক্ষক সেই ফল হইতে নির্গত হইয়া, আপন মূর্ত্তি ধারণ করিয়া, গৌরমুখনিবেদিত বিষয় রাজাকে শুনাইয়া, হাসিবার সময়েই আপন শরীরদ্বারা বেগে রাজাকে বেষ্টন করিল ॥৩৫॥

---

* 'চত্বারিংশোঽধ্যায়ঃ' 'ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ' ইতি পাঠবিশেষৌ।

ঊনচত্বারিংশোঽধ্যায়ঃ

——:❋✱❋:——

সৌতিরুবাচ।*

তং তথা মন্ত্রিণো দৃষ্ট্বা ভোগেন পরিবেষ্টিতম্।
বিষণ্ণবদনাঃ সর্বে রুরুদুর্ভৃশদুঃখিতাঃ ॥১॥
তং তু নাদং ততঃ শ্রুত্বা মন্ত্রিণস্তে প্রদুদ্রুবুঃ।
অপশ্যন্ত তথা যান্তমাকাশে নাগমদ্ভুতম্ ॥২॥
সীমন্তমিব কুর্বাণং নভসঃ পদ্মবর্চ্চসম্।
তক্ষকং পন্নগশ্রেষ্ঠং ভৃশং শোকপরায়ণাঃ ॥৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

বেষ্টয়িত্বেতি। পন্নগেশ্বরস্তক্ষকঃ, বেগেন বেষ্টয়িত্বা, মহান্ স্বনঃ শব্দো যস্মিন্ কর্ম্মণি তদ্যথা তথা, বিনদ্য গর্জনং কৃত্বা চ, পৃথিবীপালং পরীক্ষিতম্, অদশৎ ॥৩৬॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্ব্বণি আস্তীকে অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

তমিতি। সর্ব্বে মন্ত্রিণঃ, তং পরীক্ষিতম্, ভোগেন তক্ষকশরীরেণ, তথা পরিবেষ্টিতং দৃষ্ট্বা বিষণ্ণবদনা ভৃশদুঃখিতাশ্চ সন্তঃ, রুরুদুঃ ॥১॥

তমিতি। ততঃ পরম্, তে মন্ত্রিণঃ, তং নাদং তক্ষকস্য গর্জনং শ্রুত্বা, প্রদুদ্রুবুঃ ইতস্ততঃ পলায়াঞ্চক্রিরে। পরঞ্চ তথা ভৃশং শোকপরায়ণাস্তে মন্ত্রিণঃ, পদ্মস্যেব বর্চ্চো রক্তকান্তির্যস্য তম্, আকাশে যান্তং রাজানং বিদশ্য গচ্ছন্তম্, অতএব নভসস্তস্য আকাশস্য, সীমন্তং সীমন্তগতসিন্দূররেখাম্, কুর্ব্বাণমিব স্থিতম্, আকাশস্য কৃষ্ণবর্ণতয়া কেশসাম্যাৎ তদ্দেহস্য চ পদ্মতুল্য-রক্তবর্ণতয়া তৎসিন্দূররেখাসাদৃশ্যাদিতি ভাবঃ, অদ্ভুতং পন্নগশ্রেষ্ঠং তক্ষকং নাগম্, অপশ্যন্ত ॥২—৩॥

নাগরাজ তক্ষক বেগে বেষ্টনপূর্বক ভয়ঙ্কর গর্জ্জন করিয়া পরীক্ষিৎকে দংশন করিল ॥৩৬॥

——:✱:——

সৌতি বলিলেন—রাজা পরীক্ষিৎ তক্ষকের শরীরদ্বারা সেই রূপ পরিবেষ্টিত হইয়াছেন, ইহা দেখিয়া মন্ত্রীরা সকলেই বিষণ্ণবদনে এবং অত্যন্ত দুঃখিতচিত্তে রোদন করিয়া উঠিলেন ॥১॥

তাহার পর, সেই মন্ত্রীরা তক্ষকের সেই গর্জ্জন শুনিয়া চারি দিকে পলায়ন করিলেন; পরে অত্যন্ত শোকার্ত্ত হইয়া তাঁহারা আকাশের দিকে দৃষ্টিপাত

*টীকাহ। [১] তং ত নাগম ততো দৃষ্ট্বা…।

ততস্তু তে তদ্‌গৃহমগ্নিনা বৃতং প্রদীপ্যমানং বিষজেন ভোগিনঃ।
ভয়াৎ পরিত্যজ্য দিশঃ প্রপেদিরে পপাত রাজাশনিতাড়িতো যথা ॥৪॥
ততো নৃপে তক্ষকতেজসা হতে প্রযুজ্য সর্ব্বাঃ পরলোকসৎক্রিয়াঃ।
শুচির্দ্বিজো রাজপুরোহিতস্তদা তথৈব তে তস্য নৃপস্য মন্ত্রিণঃ ॥৫॥
নৃপং শিশুং তস্য সুতং প্রচক্রিরে সমেত্য সর্বে পুরবাসিনো জনাঃ।
নৃপং যমাহুস্তমমিত্রঘাতিনং কুরুপ্রবীরং জনমেজয়ং জনাঃ ॥৬॥ (যুগ্মকম্)
স বাল এবার্য্যমতির্নৃপোত্তমঃ সহৈব তৈর্মন্ত্রিপুরোহিতৈস্তদা।
শশাস রাজ্যং কুরুপুঙ্গবাগ্রজো যথাস্য বীরঃ প্রপিতামহস্তথা ॥৭॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ পরস্তু তে মন্ত্রিণঃ, ভোগিনস্তক্ষকনাগস্য, বিষজেন অগ্নিনা বৃতং সম্বদ্ধম্, অতএব প্রদীপ্যমানম্ উদ্ভাসমানম্, তদ্‌গৃহম্, পরিত্যজ্য, ভয়াৎ, দিশঃ প্রপেদিরে গতাঃ। রাজা পরীক্ষিচ্চ, যথা অশনিনা বজ্রেণ তাড়িতঃ, তথা ভূতলে পপাত ॥৪॥

তত ইতি। ততঃ পরম্, নৃপে পরীক্ষিতি তক্ষকস্য তেজসা বিষপ্রভাবেণ, হতে সতি, তদা শুচিঃ পবিত্রঃ, দ্বিজো ব্রাহ্মণঃ, রাজপুরোহিতঃ, তথৈব তস্য নৃপস্য তে মন্ত্রিণঃ, সর্ব্বে পুরবাসিনো জনাশ্চ, সমেত্য মিলিত্বা, সর্ব্বাঃ পরলোকসৎক্রিয়া ঔর্দ্ধদেহিককার্য্যাণি, প্রযুজ্য বিধায়, তস্য পরীক্ষিত এব, শিশুং সুতম্, নৃপং রাজানম্, প্রচক্রিরে। জনাঃ, অমিত্রঘাতিনং শত্রুহন্তারম্, কুরুপ্রবীরং তদানীন্তনকুরুবংশমধ্যে প্রধানবীরং যং নৃপম্, জনমেজয়ম্, আহুঃ স্ম ॥৫—৬॥

ভারতভাবদীপঃ

তে তথেতি ॥১—২॥ সীমন্তঃ স্ত্রীণাং দ্বিফালবদ্ধেষু কেশেষু মধ্যে সিন্দুররেখা, তং কুর্ব্বাণম্; পদ্মবৎ রক্তবর্ণত্বাৎ, আকাশস্য চ নীলত্বাৎ ॥৩॥ অশনিতাড়িতো বজ্রাহতঃ ॥৪—৬॥ প্রপিতামহো

করিয়া দেখিলেন—পদ্মের ন্যায় রক্তবর্ণ অদ্ভুতদৃশ্য তক্ষক নাগ আপন শরীর-দ্বারা আকাশে সীমন্তসিন্দূরের রেখা করিতে করিতেই যেন গমন করিতেছে ॥২—৩॥

তাহার পর, তক্ষকের বিষবহ্নির আলোকে সেই ঘর খানা আলোকিত হইয়াছে ইহা দেখিয়া মন্ত্রীরা ভয়ে সে ঘর পরিত্যাগ করিয়া চারি দিকে পলায়ন করিলেন; আর, রাজা বজ্রাহতের ন্যায় পড়িয়া গেলেন ॥৪॥

তদনন্তর রাজা পরীক্ষিৎ তক্ষকের বিষের প্রভাবে মৃত্যুমুখে পতিত হইলে, তখন পবিত্র ব্রাহ্মণগণ, রাজপুরোহিত, পরীক্ষিতের সেই মন্ত্রিগণ এবং সমস্ত পুরবাসিগণ ইঁহারা সম্মিলিত হইয়া, পরীক্ষিতের সমস্ত পারলৌকিক কার্য্য করিয়া, পরীক্ষিতেরই শিশু পুত্রকে রাজা করিলেন; শত্রুহন্তা ও কুরুবংশ-প্রধান যে রাজাকে সকলে 'জনমেজয়' বলিয়া থাকে ॥৫—৬॥

ততস্তু রাজানমমিত্রতাপনং সমীক্ষ্য তে তস্য নৃপস্য মন্ত্রিণঃ।
সুবর্ণবর্ম্মাণমুপেত্য কাশিপং বপুষ্টমার্থং বরয়াং প্রচক্রমুঃ ॥৮॥
ততঃ স রাজা প্রদদৌ বপুষ্টমাং কুরুপ্রবীরায় পরীক্ষ্য ধর্ম্মতঃ।
স চাপি তাং প্রাপ্য মুদাযুতোঽভবন্ন চান্যনারীষু মনো দধে ক্বচিৎ ॥৯॥
সরঃসু ফুল্লেষু বনেষু চৈব প্রসন্নচেতা বিজহার বীর্য্যবান্।
তথা স রাজন্যবরো বিজহ্রিবান্ যথোর্বশীং প্রাপ্য পুরা পুরূরবাঃ ॥১০॥

ভারতকৌমুদী

স ইতি। বাল এব আর্য্যমতিঃ সদ্বুদ্ধিঃ স নৃপোত্তমো জনমেজয়ঃ, তদা তৈর্মন্ত্রি-পুরোহিতৈঃ সহৈব, কুরুপুঙ্গবানাং ভীমাদীনাম্ অগ্রজো জ্যেষ্ঠো বীরঃ, অস্য জনমেজয়স্যৈব, প্রপিতামহো যুধিষ্ঠিরো যথা, তথা রাজ্যং শশাস ॥৭॥

তত ইতি। ততঃ পরন্তু, তস্য নৃপস্য পরীক্ষিতঃ, তে প্রাচীনা মন্ত্রিণঃ, রাজানং জনমেজয়ম্, অমিত্রতাপনং যৌবনে শত্রুবিজয়িনম্, সমীক্ষ্য দৃষ্ট্বা, কাশিপং কাশীরাজম্, হ্রস্বান্তোঽপি কাশিশব্দঃ "কিমর্থং কাশিরিষ্যতে" ইত্থমন্যত্রাপি দর্শনাৎ, সুবর্ণবর্ম্মাণম্, উপেত্য গত্বা, বপুষ্টমা তদাখ্যা কাশীরাজস্যৈব কন্যা তদর্থম্, বরণং বরয়া প্রার্থনা তাম্, চৌরাদিকবৃধাতোরঙি রূপম্, প্রচক্রমুঃ কৃতবন্তঃ ॥৮॥

তত ইতি। ততশ্চ স রাজা সুবর্ণবর্ম্মা, পরীক্ষ্য চারিত্রে শৌর্য্যাদৌ চ জনমেজয়ং পর্য্যালোচ্য, ধর্ম্মতো ধর্ম্মানুসারেণ, কুরুপ্রবীরায় জনমেজয়ায়, নিজকন্যাং বপুষ্টমাং প্রদদৌ। স জনমেজয়োঽপি চ, তাং বপুষ্টমাং প্রাপ্য, মুদা আনন্দেন যুতঃ অভবৎ; অতএবাসৌ ক্বচিদপি অন্যনারীষু মনো ন দধে অর্পয়ামাস ॥৯॥

সরঃস্বিতি। বীর্য্যবান্, প্রসন্নচেতা নির্ম্মলমনাশ্চ জনমেজয়ঃ, সরঃসু দীর্ঘিকাসু, ফুল্লেষু প্রস্ফুটিতপুষ্পেষু, বনেষু উদ্যানেষু চ, পত্ন্যা বপুষ্টময়া সহ বিজহার। পুরা পুরূরবাঃ, উর্ব্বশীং প্রাপ্য যথা, তথৈব স রাজন্যবরো জনমেজয়ঃ, বিজহ্রিবান্ বিহারং কৃতবান্ ॥১০॥

বাল্যকালেই জনমেজয়ের বুদ্ধি সৎপথে চলিয়াছিল, তাই তিনি তৎকালেই রাজগণের মধ্যে শ্রেষ্ঠ বলিয়া গণ্য হইয়াছিলেন; এই অবস্থায় তিনি আপন প্রপিতামহ ভীমপ্রভৃতির অগ্রজ মহাবীর যুধিষ্ঠিরের ন্যায় পুরোহিত ও মন্ত্রি-গণের সঙ্গে পরামর্শ করিয়া রাজ্য শাসন করিতে লাগিলেন ॥৭॥

তাহার পর, সেই প্রাচীন মন্ত্রিগণ জনমেজয়কে শত্রুবিজয়ী দেখিয়া, কাশীরাজ সুবর্ণবর্ম্মার নিকট যাইয়া, তাঁহার কন্যা বপুষ্টমাকে জনমেজয়ের জন্য প্রার্থনা করেন ॥৮॥

তৎপরে কাশীরাজ জনমেজয়কে পরীক্ষা করিয়া, তাঁহার হস্তে আপন কন্যা বপুষ্টমাকে ধর্ম্মানুসারে দান করেন। জনমেজয়ও পত্নীরূপে সেই বপুষ্টমাকে লাভ করিয়া আনন্দিত হন, তাই তিনি অন্য রমণীর প্রতি কোন সময়েই মন দেন নাই ॥৯॥

বপুষ্টমা চাপি বরং পতিব্রতা প্রতীতরূপা সমবাপ্য ভূপতিম্।
ভাবেন রামা রময়াম্বভূব তং বিহারকালেম্ববরোধসুন্দরী ॥১১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি আস্তীকে জনমেজয়রাজ্যাভিষেকো নামোনচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

চত্বারিংশোঽধ্যায়ঃ

সৌতিরুবাচ।

এতস্মিন্নেব কালে তু জরৎকারুর্ম্মহাতপাঃ।
চচার পৃথিবীং কৃৎস্নাং যত্রসায়ংগৃহো মুনিঃ ॥১॥

ভারতকৌমুদী

বপুষ্টমেতি। রামা সর্ব্বাঙ্গসুন্দরী, অতএব প্রতীতং বিখ্যাতং রূপং সৌন্দর্য্যং যস্যাঃ সা, কিঞ্চ অবরোধেষু সমস্তরাজান্তঃপুরেষু সুন্দরী, পতিব্রতা, বপুষ্টমাপি চ, ভূপতিং জনমেজয়ম্, বরং পতিম্, সমবাপ্য প্রাপ্য, তেন সহ বিহারকালেষু, ভাবেন ধৃষ্টতয়া, তং বরম্, রময়াম্বভূব নিতরাং সন্তোষয়ামাস। অতএবোক্তং মাঘেন—"পরাক্রমঃ পরিভবে বৈয়াত্যং সুরতেম্বিব" ॥১১॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্ব্বণি আস্তীকে উনচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

যুধিষ্ঠিরঃ ॥৭॥ বপুষ্টমা কাশীরাজকন্যা ॥৮---১০॥ বরং বরণীয়ম্। প্রতীতরূপা হৃষ্টরূপা। প্রতীতং প্রখ্যাতং রূপং সৌন্দর্য্যং যস্যা ইতি বা। ভাবেনানুরাগাতিশয়েন। "অনুভূত-মিহাকৃতং মৃগয়া পদমাপদাম্। বিষ্ণুরাতোঽপি যদ্রাগাদগাত্তক্ষকভক্ষ্যতাম্" ইতি রত্নগর্ভঃ ॥১১॥

ইতি আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৩৯॥

বলবান্ ও নির্ম্মলহৃদয় জনমেজয় বপুষ্টমার সহিত কখনও সরোবরে কখনও বা পুষ্পশোভিত উদ্যানে বিহার করিতেন। পূর্ব্বকালে পুরূরবা যেমন উর্ব্বশীকে পাইয়া বিহার করিয়াছিলেন, তেমন ক্ষত্রিয়প্রধান জনমেজয়ও বপুষ্টমাকে পাইয়া বিহার করিয়াছিলেন ॥১০॥

সর্বাঙ্গসুন্দরী, বিখ্যাতরূপা এবং সকল রাজান্তঃপুরের মধ্যে মনোহরা পতিব্রতা বপুষ্টমাও পতিরূপে রাজা জনমেজয়কে লাভ করিয়া, বিহারের সময় ধৃষ্টতা দেখাইয়া পতিকে পরম আনন্দিত করিতেন ॥১১॥

---

* 'একচত্বারিংশোঽধ্যায়ঃ' 'চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ' ইতি পাঠভেদৌ।

চরন্ দীক্ষাং মহাতেজা দুশ্চরামকৃতাত্মভিঃ।
তীর্থেষ্বাপ্লবনং কৃত্বা পুণ্যেষু বিচচার হ ॥২॥
বায়ুভক্ষো নিরাহারঃ শুষ্যন্নহরহর্মুনিঃ।
স দদর্শ পিতৄন্ গর্ত্তে লম্বমানানধোমুখান্ ॥৩॥
একতন্ত্ববশিষ্টং বৈ বীরণস্তম্বমাশ্রিতান্।
তং তন্তুঞ্চ শনৈরাখুমাদদানং বিলেশয়ম্ ॥৪॥ (যুগ্মকম্)
নিরাহারান্ কৃশান্ দীনান্ গর্ত্তে স্বত্রাণমিচ্ছতঃ।
উপসৃত্য স তান্ দীনান্ দীনরূপোঽভ্যভাষত ॥৫॥

ভারতকৌমুদী

এতস্মিন্নিতি। এতস্মিন্নেব কালে জনমেজয়রাজত্বসময় এব, যত্র স্থানে সায়ং সন্ধ্যাকাল উপস্থিতঃ তদেব গৃহম্ অবস্থিতিস্থানং যস্য স যত্রসায়ংগৃহঃ, মহাতপা জরৎকারুর্মুনিঃ, পরিব্রাজকভাবেন কৃৎস্নাং সর্বাং পৃথিবীং চচার ॥১॥

চরন্নিতি। মহাতেজা জরৎকারুঃ, অকৃতাত্মভিঃ তপঃক্লেশে অশিক্ষিতশরীরৈর্জনৈঃ, দুশ্চরাং দীক্ষাং তপস্যাম্, চরন্ সন্, পুণ্যেষু তীর্থেষু, আপ্লবনং স্নানং কৃত্বা বিচচার ॥২॥

বায়্বিতি। নিরাহারঃ অন্নাদিভোজনরহিতঃ কেবলবায়ুভক্ষঃ, অতএব অহরহঃ শুষ্যন্, স জরৎকারুর্মুনিঃ, কস্মিংশ্চিদ্ গর্ত্তে, একস্তন্তুঃ শিখরমেব অবশিষ্টো যস্য তং তাদৃশম্, বীরণ-স্তম্বম্, আশ্রিতান্ চরণৈরবলম্বিতবতঃ, অতএব অধোমুখান্ লম্বমানান্ পিতৄন্, তম্ অবশিষ্টম্ তন্তুঞ্চ, শনৈর্মন্দং মন্দম্, আদদানং মুখেন গৃহ্ণন্তং ছিন্দন্তমিত্যর্থঃ, তস্মিন্নেব বিলে গর্ত্তে শেতে তিষ্ঠতীতি তং তাদৃশম্, আখুং কঞ্চিন্মূষিকঞ্চ দদর্শ ॥৩—৪॥

ভারতভাবদীপঃ

এতস্মিন্নিতি ॥১-- ৪॥ স্বত্রাণং স্বরক্ষাম্। দীনরূপঃ করুণাপীড়িতত্বাৎ ॥৫---৭॥ পতিতারঃ

এই সময়েই মহাতপস্বী জরৎকারুমুনি পরিব্রাজকভাবে পৃথিবীর সর্ব্বত্র পর্য্যটন করিতে ছিলেন; যেখানে সন্ধ্যা হইত, তিনি সেই খানেই রাত্রিযাপন করিতেন ॥১॥

মহাতেজস্বী জরৎকারু অন্যের দুষ্কর তপস্যা করিতে থাকিয়া এবং পবিত্র তীর্থে স্নান করিয়া বিচরণ করিতেন ॥২॥

তিনি অন্য কিছু আহার করিতেন না, কেবল বায়ুমাত্র আহার করিতেন, তাহাতে দিন দিন তাঁহার শরীর শুকাইয়া যাইতেছিল; এই অবস্থায় একদা তিনি দেখিলেন—একটা গর্ত্তের ভিতরে একটা বিন্নার গোছা ঝুলিতেছে, তাহার একটা মাত্র শিকড় আছে, তাহাও সেই গর্ত্তবাসী একটা ইঁদুর আস্তে আস্তে কাটিতেছে; আর কতকগুলি লোক সেই বিন্নার গোছাটাকেই ধরিয়া অধোমুখ হইয়া ঝুলিতেছে ॥৩—৪॥

কে ভবন্তোঽবলম্বন্তে বীরণস্তম্বমাশ্রিতাঃ।
দুর্বলং খাদিতৈর্মূলৈরাখুনা বিলবাসিনা ॥৬॥
বীরণস্তম্বকে মূলং যদপ্যেকমিহ স্থিতম্।
তদপ্যয়ং শনৈরাখুরাদত্তে দশনৈঃ সিতৈঃ ॥৭॥
ছেৎস্যতেঽল্পাবশিষ্টত্বাদেতদপ্যচিরাদিব।
ততস্তু পতিতারোঽত্র গর্ত্তে ব্যক্তমধোমুখাঃ ॥৮॥
তস্য মে দুঃখমুৎপন্নং দৃষ্ট্বা যুষ্মানধোমুখান্।
কৃচ্ছ্রমাপদমাপন্নান্ প্রিয়ং কিং করবাণি বঃ ॥৯॥

ভারতকৌমুদী

নিরাহারানিতি। স জরৎকারুঃ, উপসৃত্য গর্ত্তসমীপং গত্বা, দীনরূপঃ সন্, নিরাহারান্ অতএব কৃশান্ দীনাংশ্চ, গর্ত্তে, স্বত্রাণম্ আত্মরক্ষাম্, ইচ্ছতঃ, দীনান্ দুঃখেন কাতরান্, তান্ পিতৄন্, অভ্যভাষত ॥৫॥

ক ইতি। কে ভবন্তঃ, বিলবাসিনা আখুনা মূষিকেণ, খাদিতৈর্মূলৈর্বিশিষ্টম্, অতএব দুর্ব্বলং বীরণস্তম্বম্, আশ্রিতাঃ সন্তঃ, অবলম্বন্তে? ॥৬॥

বীরণেতি। ইহ অস্মিন্ বীরণস্তম্বকে, যদপি একং মূলং শিখরং স্থিতম্; তদপি, অয়ম্ আখুর্মূষিকঃ, সিতৈঃ শুভ্রৈঃ, দশনৈর্দন্তৈঃ, শনৈর্মন্দং মন্দম্, আদত্তে ছিত্ত্বা গৃহ্নাতি ॥৭॥

ছেৎস্যত ইতি। অল্পাবশিষ্টত্বাৎ এতদপি মূলম্, অচিরাদিব শীঘ্রমেব, ছেৎস্যতে। ততঃ পরন্তু ভবন্তঃ অধোমুখাঃ সন্তঃ, অত্র গর্ত্তে, ব্যক্তং ধ্রুবম্, পতিতারঃ পতিষ্যন্তি ॥৮॥

তস্যেতি। যুষ্মান্ অধোমুখান্, অতএব কৃচ্ছ্রং কষ্টম্, আপদং ভাবিনীং মৃত্যুবিপদঞ্চ, আপন্নান্ প্রাপ্তান্ দৃষ্ট্বা স্থিতস্য তস্য মে দুঃখম্ উৎপন্নম্। অতএবাহং বো যুষ্মাকম্, কিং প্রিয়ং করবাণি? ॥৯॥

সেই লোকগুলি কিছু আহার পাইত না বলিয়া কৃশ ও কাতর হইয়া গিয়াছিল এবং গর্ত্তের ভিতরে পড়িয়া যাইবার ভয়ে আত্মরক্ষার কামনা করিতেছিল; এই অবস্থায় জরৎকারু সেই গর্ত্তের নিকটে যাইয়া কাতর হইয়া, সেই লোকগুলিকে বলিলেন ॥৫॥

আপনারা কে এই বেণার গোছাটা ধরিয়া ঝুলিতেছেন? এই গর্ত্তবাসী ইঁদুর ইহার মূল খাইয়া দেওয়ায় ইহাও যে দুর্ব্বল হইয়া গিয়াছে। ॥৬॥

এই বেণার গোছাটায় একটীমাত্রও যে শিকর আছে, তাহাও এই ইঁদুরটা সাদা দাঁত দিয়া আস্তে আস্তে কাটিয়া নিতেছে ॥৭॥

অল্পমাত্র অবশিষ্ট রহিয়াছে বলিয়া এই শিকরটাকেও অচিরকালমধ্যেই এই ইঁদুর কাটিয়া ফেলিবে; তাহার পরে নিশ্চয়ই আপনারা অধোমুখ হইয়া এই গর্ত্তের ভিতরে পড়িয়া যাইবেন ॥৮॥

তপসোঽস্য চতুর্থেন তৃতীয়েনাথবা পুনঃ।
অর্দ্ধেন বাপি নিস্তর্ত্তুমাপদং ব্রূত মা চিরম্ ॥১০॥
অথবাপি সমগ্রেণ তরন্তু তপসা মম।
ভবন্তঃ সর্ব এবেহ কামমেবং বিধীয়তাম্ ॥১১॥
পিতর উচুঃ।
বৃদ্ধো ভবান্ ব্রহ্মচারী যো নস্ত্রাতুমিহেচ্ছসি।
ন তু বিপ্রাগ্র্য! তপসা শক্যতে তদ্ব্যপোহিতুম্ ॥১২॥
অস্তি নস্তাত! তপসঃ ফলং প্রবদতাং বর!।
সন্তানপ্রক্ষয়াদ্ ব্রহ্মন্! পতামো নিরয়েঽশুচৌ ॥১৩॥

ভারতকৌমুদী

তপস ইতি। অস্য মম তপসঃ অন্যধনাভাবাত্তপস্যায়াঃ চতুর্থেন ভাগেন, অথবা তৃতীয়েন ভাগেন, পুনর্ব্বাপি অর্দ্ধেন ভাগেন তত্তদ্গ্রহণেনেত্যর্থঃ, ইমামাপদম্, নিস্তর্ত্তুম্ উত্তরীতুম্, ব্রূত, চিরং বিলম্বং মা কুরুত ॥১০॥

অথবেতি। অথবা, মম সমগ্রেণাপি তপসা সর্ব এব ভবন্তঃ, ইহ ইদানীমেব, ইমামাপদং তরন্তু। কামং যথেষ্টমেব, ভবদ্ভিরেবং বিধীয়তাম্ ॥১১॥

বৃদ্ধ ইতি। হে বিপ্রাগ্র্য! ব্রাহ্মণপ্রধান! যস্ত্বম্, ইহ ইদানীম্, নঃ অস্মান্ ত্রাতুমিচ্ছসি; স ভবান্ বৃদ্ধো ব্রহ্মচারী চ, অতএবাস্মাকমেতৎকষ্টনিবারণে অল্পৈব সম্ভাবনেতি ভাবঃ। বিশেষতস্তু তপসা তৎ কষ্টম্, ব্যপোহিতুং নিবারয়িতুম্ ভবতা ন শক্যতে ॥১২॥

ভারতভাবদীপঃ

পতিষ্যথ ॥৮॥ কৃচ্ছ্রং দুস্তরং যথা স্যাত্তথা আপদমাপন্নান্ প্রাপ্তান্ ॥৯--১১॥ তৎ ব্যপোহিতুম্

আপনারা অধোমুখে থাকায় এই কষ্ট পাইতেছেন, পরে ইহা অপেক্ষাও গুরুতর বিপদে পড়িবেন ইহা দেখিয়া আমার বড়ই দুঃখ উপস্থিত হইয়াছে; অতএব বলুন—আমি আপনাদের কি প্রীতিকর কার্য্য করিব ॥৯॥

আমার এই তপস্যার চতুর্থভাগ, কিম্বা তৃতীয়ভাগ, অথবা অর্দ্ধভাগ গ্রহণ করিয়া আপনারা এই বিপদ হইতে উদ্ধার পাইতে পারেন; কি করিবেন বলুন, হইতে বিলম্ব করিবেন না ॥১০॥

অথবা আমার সমগ্র তপস্যাই গ্রহণ করিয়া আপনারা সকলেই বিপদ উদ্ধার লাভ করুন; ইচ্ছানুসারে ইহাই করুন ॥১১॥

পিতৃলোকেরা বলিলেন—হে ব্রাহ্মণশ্রেষ্ঠ! যে আপনি আমাদিগকে রক্ষা করিবার ইচ্ছা করিতেছেন, সে আপনি ত বৃদ্ধ হইয়াছেন, বিশেষতঃ আপনি ব্রহ্মচারী; আর, তপস্যা দ্বারা আপনি আমাদের এ কষ্ট দূর করিতে পারিবেন না ॥১২॥

সন্তানং হি পরো ধর্ম্ম এবমাহ পিতামহঃ।
লম্বতামিহ নস্তাত! ন জ্ঞানং প্রতিভাতি বৈ ॥১৪॥
যেন ত্বাং নাভিজানীমো লোকে বিখ্যাতপৌরুষম্।
বৃদ্ধো ভবান্ মহাভাগো যো নঃ শোচ্যান্ সুদুঃখিতান্ ॥১৫॥
শোচতে চৈব কারুণ্যাচ্ছৃণু যে বৈ বয়ং দ্বিজ!।
যাযাবরা নাম বয়মৃষয়ঃ সংশিতব্রতাঃ ॥১৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নমু "তপোভিঃ প্রাপ্যতেঽভীষ্টং নাসাধ্যং হি তপস্যতঃ" ইতি স্মৃতেঃ তপসা সর্ব্বমেব কর্ত্তুং শক্যত ইত্যাহ অস্তীতি। হে তাত! বৎস! হে প্রবদতাং বর! বক্তৃশ্রেষ্ঠ! নঃ অস্মাকমপি, তপসঃ ফলম্ অস্তি। কিন্তু তথাপি হে ব্রহ্মন্! সন্তানপ্রক্ষয়াৎ বংশলোপসম্ভবাৎ, বয়ম্, অশুচৌ অপবিত্রে নিরয়ে নরকে পতামঃ। যদুদ্দেশ্যকং যত্তপঃ, তদেব তৎসাধয়তি। তেন অস্মাকমিব তবাপি তপসো মুক্ত্যুদ্দেশ্যকত্বান্ন তেনাস্মাকং পতননিবারণমিতি ভাবঃ ॥১৩॥

সন্তানমিতি। সন্তানং হি পুত্রোৎপাদনেন বংশরক্ষণমেব, পর উৎকৃষ্টো ধর্ম্মঃ, এবং পিতামহো ব্রহ্মা, আহ ব্রবীতি। তদভাবসম্ভবাচ্চাস্মাকং পতনসম্ভাবনেত্যাশয়ঃ। হে তাত! ইহ বীরণস্তম্বে, লম্বতাং লম্বমানানাম্, নঃ অস্মাকম্, জ্ঞানং ন প্রতিভাতি ন স্ফুরতি, লম্বনেন মূর্চ্ছিতপ্রায়ত্বাদিতি ভাবঃ ॥১৪॥

যেনেতি। যেন জ্ঞানাস্ফুরণেন হেতুনা, লোকে বিখ্যাতপৌরুষং ত্বাম্, ন অভিজানীমঃ ন পরিচিনুমঃ। যো বৃদ্ধো ভবান্, সুদুঃখিতান্, অতএব শোচ্যান্, নঃ অস্মান্, কারুণ্যাৎ দয়াতঃ, শোচতে; স ভবান্ মহাভাগ এব। হে দ্বিজ! বয়ং যে, তৎ শৃণু। বয়ং সংশিতব্রতা যথাবদনুষ্ঠিততপোনিয়মাঃ, যাযাবরা নাম ঋষয়ঃ। পুনঃ পুনর্যান্তীতি যাযাবরাঃ পরিব্রাজকাঃ ॥১৫—১৬॥

ভারতভাবদীপঃ

অস্মদীয়ং কৃচ্ছ্রমপনেতুম্ ॥১২॥ প্রবদতাং প্রবক্তৃণামধ্যাপকানাম্ ॥১৩॥ জ্ঞানং সংজ্ঞা, যয়া

বক্তৃশ্রেষ্ঠ! বৎস! আমাদেরও তপস্যার ফল আছে, কিন্তু ব্রাহ্মণ! আমাদের বংশলোপ হওয়ার সম্ভব হওয়ায় আমরা অপবিত্র নরকে পড়িয়া যাইতেছি ॥১৩॥

কারণ, 'বংশরক্ষা করাই উৎকৃষ্ট ধর্ম্ম' ইহা স্বয়ং ব্রহ্মা বলিয়াছেন। বৎস! আমরা এইভাবে ঝুলিতেছি বলিয়া আমাদের সম্যক্ জ্ঞান প্রকাশ পাইতেছে না ॥১৪॥

যে হেতু, তোমার পুরুষকার জগতে বিখ্যাত হইলেও তোমাকে আমরা চিনিতে পারিতেছি না। আমরা বড়ই দুঃখ ভোগ করিতেছি; তাই শোচনীয় হইয়া পড়িয়াছি; এই অবস্থায় যে তুমি বৃদ্ধ হইয়াও দয়াবশতঃ

লোকাৎ পুণ্যাদিহ ভ্রষ্টাঃ সন্তানপ্রক্ষয়ান্মুনে ! ।
প্রনষ্টং নস্তপস্তীব্রং ন হি নস্তন্তুরস্তি বৈ ॥১৭॥
অস্তি ত্বেকোঽদ্য নস্তন্তুঃ সোঽপি নাস্তি যথা তথা ।
মন্দভাগ্যোঽল্পভাগ্যানাং তপ একং সমাস্থিতঃ ॥১৮॥
জরৎকারুরিতি খ্যাতো বেদবেদাঙ্গপারগঃ ।
নিয়তাত্মা মহাত্মা চ সুব্রতঃ সুমহাতপাঃ ॥১৯॥
তেন স্ম তপসো লোভাৎ কৃচ্ছ্রমাপাদিতা বয়ম্ ।
ন তস্য ভার্য্যা পুত্রো বা বান্ধবো বাস্তি কশ্চন ॥২০॥

ভারতকৌমুদী

লোকাদিতি। হে মুনে! বয়ম্, সন্তানপ্রক্ষয়াৎ বংশলোপসম্ভবাৎ, পুণ্যাৎ লোকাৎ লোকাখ্যস্বর্গাৎ, ইহ ভ্রষ্টাঃ; "পুত্রেণ লোকান্ জয়তি" ইতি স্মৃতেরিতি ভাবঃ। নঃ অস্মাকং তীব্রমপি তপঃ, প্রনষ্টং প্রনষ্টমিব স্থিতম্, পতননিবারণাশক্তত্বাদিত্যাশয়ঃ। হি যস্মাৎ, নঃ অস্মাকম্, তন্তুঃ বংশরক্ষকঃ সন্তানঃ, ন অস্তি ॥১৭॥

অস্তীতি। তু কিন্তু অদ্যাপি, নঃ অস্মাকম্, একস্তন্তুঃ সন্তানঃ অস্তি, সোঽপি যথা নাস্তি, তথা অস্তি। যেন হি, অল্পভাগ্যানামপি মধ্যে মন্দভাগ্যঃ সঃ, একং তপ এব, সমাস্থিত আশ্রিতঃ; ন পুনঃ পুত্রার্থং যততে ॥১৮॥

ননু কোঽসৌ যুষ্মাকং তন্তুরিত্যাহ জরদিতি। বেদবেদাঙ্গপারগঃ সাকল্যেন বেদবেদাঙ্গবেত্তা, নিয়তাত্মা সংযতচিত্তঃ, মহাত্মা উদারহৃদয়ঃ, সুব্রতো যথানুষ্ঠিতনিয়মঃ ॥১৯॥

তেনেতি। তেন জরৎকারুণা, তপসো লোভাৎ, বয়ম্, কৃচ্ছ্রম্ ঈদৃশং কষ্টম্, আপাদিতাঃ প্রাপিতাঃ। স্মেতি পাদপূরণে। বান্ধবো ভ্রাত্রাদিঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

সংজ্ঞয়া ত্বাং জানীমঃ, মূৰ্চ্ছিতকল্পাঃ স্ম ইত্যর্থঃ ॥১৪---১৮॥ নিয়তাত্মা জিতচিত্তঃ। মহাত্মা

আমাদের জন্য শোক করিতেছ, সে তুমি মহাত্মাই বট। ব্রাহ্মণ। আমরা যাহারা, তাহা তুমি শোন; আমরা যথানিয়মে ব্রতচারী যাযাবরনামক ঋষি ॥১৫—১৬॥

মুনি। বংশলোপ হওয়ার সম্ভব হওয়ায় আমরা পবিত্র 'লোক' নামক স্বর্গ হইতে বিচ্যুত হইতে বসিয়াছি। আমাদের তীব্র তপস্যাও যেন লুপ্ত হওয়ার মতই হইয়াছে। কারণ, আমাদের, সেরকম সন্তান নাই ॥১৭॥

কিন্তু অদ্যাপি আমাদের একটী সন্তান আছে বটে, সেও না থাকার মতই আছে। কেন না, সে অতিমন্দভাগ্য বলিয়াই একমাত্র তপস্যাই অবলম্বন করিয়া রহিয়াছে ॥১৮॥

সে, জরৎকারুনামে প্রসিদ্ধ, বেদ ও বেদাঙ্গশাস্ত্রের পারদর্শী, সংযতচিত্ত, উদারহৃদয়, যথানিয়মে ব্রতচারী এবং মহাতপস্বী ॥১৯॥

তস্মাল্লম্বামহে গর্ত্তে নষ্টসংজ্ঞা হ্যনাথবৎ।
স বক্তব্যস্ত্বয়া দৃষ্টো হ্যস্মাকং নাথবত্তয়া ॥২১॥
পিতরস্তেঽবলম্বন্তে গর্ত্তে দীনা অধোমুখাঃ।
সাধু দারান্ কুরুষ্বেতি প্রজামুৎপাদয়েতি চ ॥২২॥
কুলতন্তুর্হি নঃ শিষ্টঃ স এবৈকস্তপোধন!।
যং তু পশ্যসি নো ব্রহ্মন্! বীরণস্তম্বমাশ্রয়ম্ ॥২৩॥
এষোঽস্মাকং কুলস্তম্ব আস্তে স্বকুলবর্দ্ধনঃ।
যানি পশ্যসি বৈ ব্রহ্মন্! মূলানীহাস্য বীরুধঃ ॥২৪॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। তস্মাৎ জরৎকারোঃ পুত্রাদ্যভাবাৎ, অনাথবৎ রক্ষকহীনলোকবৎ, নষ্টসংজ্ঞা অধোমুখতয়া প্রায়েণ লুপ্তচৈতন্যা বয়ম্, অস্মিন্ গর্ত্তে লম্বামহে। অস্মাকং নাথবত্তয়া কালাধীনতয়া হেতুনা, ত্বয়া দৃষ্টঃ স জরৎকারুর্বক্তব্যঃ ॥২১॥

কিং বক্তব্য ইত্যাহ পিতর ইতি। হে জরৎকারো! দীনা নিরাহারত্বাৎ কাতরাঃ, তে তব পিতরঃ, অধোমুখাঃ সন্তঃ, গর্ত্তে অবলম্বন্তে। অতএব ত্বং সাধু সম্যগ্ যথাশাস্ত্রমিত্যর্থঃ, দারান্ কুরুষ্ব পরিণয় ইতি প্রজাং পুত্রম্, উৎপাদয় ইতি চ বক্তব্য ইত্যনুকর্ষঃ ॥২২॥

কুলেতি। হে তপোধন! এক এব স জরৎকারুঃ, নঃ অস্মাকম্, কুলতন্তুর্বংশসূত্রম্, শিষ্টঃ অবশিষ্টঃ, কালেনান্যেষাং নাশাদিতি ভাবঃ। হে ব্রহ্মন্! নঃ অস্মাকম্ আশ্রয়ং যমিমং বীরণস্তম্বং পশ্যসি; স্বকুলবর্দ্ধনঃ পরত্রাপি কুলবৃদ্ধিযোগ্যঃ, এষঃ অস্মাকং কুলস্তম্বঃ। হে ব্রহ্মন্! ইহ অস্মিন্ স্থানে, অস্য অস্যাঃ, পুংস্ত্বমার্ষম্, বীরুধো লতায়াঃ, যানি মূলানি পশ্যসি; হে তাত! বৎস! নঃ

সেই জরৎকারুই তপস্যার লোভে আমাদিগকে এই কষ্ট ভোগ করাইতেছে। কেন না, তাহার স্ত্রী, পুত্র বা কোন বন্ধু (ভ্রাতৃপ্রভৃতি) নাই ॥২০॥

সেই জন্যই আমরা অনাথের ন্যায় প্রায় সংজ্ঞাশূন্য অবস্থায় এই গর্ত্তের ভিতরে ঝুলিতেছি। আমরা পরাধীন হইয়া রহিয়াছি বলিয়া, আপনার সঙ্গে জরৎকারুর দেখা হইলে, আপনি তাহাকে বলিবেন ॥২১॥

'জরৎকারু! তোমার পিতৃগণ কাতর অবস্থায় অধোমুখ হইয়া গর্ত্তের ভিতরে ঝুলিতেছেন। অতএব তুমি যথানিয়মে বিবাহ কর এবং পুত্র উৎপাদন কর ॥২২॥

হে তপোধন! একমাত্র সেই জরৎকারুই আমাদের বংশাঙ্কুর অবশিষ্ট আছে। ব্রাহ্মণ! আমাদের আশ্রয় যে বীরণস্তম্ব (বিন্নারগোছা) দেখিতেছেন, ইহাই আমাদের কুলস্তম্ব, ইহা হইতেই বংশ বৃদ্ধি হইবার সম্ভব আছে। আর, এই লতার যে সকল মূল এখানে দেখিতেছেন, এই গুলিই আমাদের বংশের

[২৩]···ত্বমেবৈকস্তপোধন!···।

এতে নস্তন্তবস্তাত ! কালেন পরিভক্ষিতাঃ ।
যত্ত্বেতৎ পশ্যসি ব্রহ্মন্ ! মূলমস্যার্দ্ধভক্ষিতম্ ॥২৫॥
যত্র লম্বামহে গর্ত্তে সোঽপ্যেকস্তপ আস্থিতঃ ।
যমাখুং পশ্যসি ব্রহ্মন্ ! কাল এষ মহাবলঃ ॥২৬॥ (কলাপকম্)
স তং তপোরতং মন্দং শনৈঃ ক্ষপয়তে তুদন্ ।
জরৎকারুং তপোলুব্ধং মন্দাত্মানমচেতসম্ ॥২৭॥
নহি নস্তত্তপস্তস্য তারয়িষ্যতি সত্তম ! ।
ছিন্নমূলান্ পরিভ্রষ্টান্ কালোপহতচেতসঃ ॥২৮॥

ভারতকৌমুদী

অস্মাকম্, এতে তন্তবো বংশসূত্রাণি বংশরক্ষকাঃ পুরুষা আসন্নিত্যর্থঃ, কিন্ত্বিদানীং কালেন পরিভক্ষিতাঃ। হে ব্রহ্মন্ ! কালেন অর্দ্ধভক্ষিতং যদেতৎ অস্য বীরণস্তম্বস্য মূলং পশ্যসি, যত্র চ বয়ং গর্ত্তে লম্বামহে, সোঽপ্যস্মাকমেকঃ কুলতন্তুঃ, কেবলং তপ আস্থিত আশ্রিতঃ। হে ব্রহ্মন্ ! যম্ আখুং মূষিকং পশ্যসি, সোঽপ্যেষ মহাবলঃ কালঃ। কলাপকম্ ॥২৩—২৬॥

স ইতি। স চ কালাত্মক আখুঃ, মন্দং শরীরব্যাপারে জড়ম্, মন্দাত্মানং মানসব্যাপারেঽপি জড়ম্, অতএব অচেতসং চিত্তশূন্যমিব স্থিতম্, তপোলুব্ধম্, তেনৈব চ তপোরতম্, তং জরৎকারুম্, শনৈস্তুদন্ সন্তক্ষন্, ক্ষপয়তে ॥২৭॥

নহীতি। হে সত্তম ! মহাসাধো ! তস্য জরৎকারোঃ, তৎ তপঃ কর্ত্তৃ, ছিন্নমূলান্ ক্রমেণ নির্বংশান্, অতএব পরিভ্রষ্টান্ পরিভ্রংশোন্মুখান্ কালেন উপহতচেতসো নাশিতচৈতন্যান্, নঃ অস্মান্, নহি তারয়িষ্যতি ॥২৮॥

ভারতভাবদীপঃ

মহামতিঃ ॥১৯॥ কৃচ্ছ্রং সঙ্কটম্, আপাদিতাঃ প্রাপিতাঃ ॥২০॥ নাথবত্তয়া দয়য়া পরবশতয়া

তন্তু (রক্ষক পুরুষ) ছিল, কিন্তু কাল এখন তাহাদিগকে ভক্ষণ করিয়া ফেলিয়াছে। ব্রাহ্মণ ! এই বীরণস্তম্বের অর্দ্ধভক্ষিত এই যে মূলটী দেখিতেছেন যাহা ধরিয়া আমরা গর্ত্তের ভিতরে ঝুলিতেছি, সে একটীমাত্রই তন্তু আছে, সেও কেবল তপস্যা অবলম্বন করিয়াই রহিয়াছে। ব্রাহ্মণ ! আপনি যে ইঁদুরটাকে দেখিতেছেন, এ-ই মহাবলশালী কাল ॥২৩—২৬॥

জরৎকারু শারীরিক কার্য্যেও কুণ্ঠিত, মানসিক কার্য্যেও কুণ্ঠিত, সুতরাং তাহার হৃদয় নাই ; তাই সে তপস্যাতে লুব্ধ হইয়া তপস্যাই করিতেছে ; এদিকে কিন্তু কাল তাহাকে আস্তে আস্তে কাটিয়া কাটিয়া ক্ষীণ করিতেছে ॥২৭॥

হে সাধুশ্রেষ্ঠ ! কাল আমাদের বুদ্ধি নষ্ট করিয়া দিয়াছে এবং বংশও প্রায় লুপ্ত করিয়া তুলিয়াছে ; তাই আমরা পতনোন্মুখ হইয়াছি ; এ অবস্থায় রৎজকারুর সে তপস্যা আমাদিগকে রক্ষা করিতে পারিবে না ॥২৮॥

অধঃ প্রবিষ্টান্ পশ্যাস্মান্ যথা দুষ্কৃতিনস্তথা।
অস্মাসু পতিতেষ্বত্র সহ সর্ব্বৈঃ সবান্ধবৈঃ ॥২৯॥
ছিন্নঃ কালেন সোঽপ্যত্র গন্তা বৈ নরকং ততঃ।
তপো বাপ্যথবা যজ্ঞো যচ্চান্যৎ পাবনং মহৎ ॥৩০॥
তৎ সর্বং ন সমং তাত! সন্তত্যেতি সতাং মতম্।
স তাত! দৃষ্ট্বা ব্রূয়াস্তং জরৎকারুং তপোধনম্ ॥৩১॥ (বিশেষকম্)
যথা দৃষ্টমিদঞ্চাত্র ত্বয়াখ্যেয়মশেষতঃ।
যথা দারান্ প্রকুর্য্যাৎ স পুত্রানুৎপাদয়েদ্‌যথা ॥৩২॥

ভারতকৌমুদী

অধ ইতি। যথা দুষ্কৃতিনঃ পাপিষ্ঠান্, তথৈব অস্মান্, অধঃপ্রবিষ্টান্ পতিতান্ পশ্য। বান্ধবৈর্ভ্রাত্রাদিভিঃ সহেতি সবান্ধবাস্তৈঃ, সর্ব্বৈঃ পূর্ব্বপুরুষৈঃ সহ, অস্মাসু, অত্র গর্ত্তে, পতিতেষু সৎসু, স জরৎকারুরপি কালেন, ছিন্নো নাশিতঃ সন্, ততো বংশলোপাদেব, অত্র গর্ত্তে পতিতৈস্তৈব নরকং গন্তা গমিষ্যতি। তপো বা, অথবা যজ্ঞঃ, অন্যদ্‌যচ্চ মহৎ পাবনং তীর্থস্নানাদিকম্, হে তাত! বৎস! তৎ সর্ব্বমপি, সন্তত্যা সন্তানোৎপাদনেন, ন সমম্; ইতি সতাং মতম্। হে তাত! স ত্বম্, তপোধনং তং জরৎকারুম্ দৃষ্ট্বা, অস্মাকমিমাং দশাং ব্রূয়াঃ ॥২৯—৩১॥

যথেতি। ত্বয়া অত্র স্থানে, ইদমস্মাকং দুঃখম্, যথা দৃষ্টম্; তথৈব অশেষতঃ সাকল্যেন, আখ্যেয়ং তস্মৈ বক্তব্যম্। স জরৎকারুঃ, যথা দারান্ প্রকুর্য্যাৎ পরিণয়েৎ, যথা চ পুত্রান্

ভারতভাবদীপঃ

॥২১—২৬॥ মন্দাত্মানমদীর্ঘদর্শিনম্। অচেতনং পাষাণতুল্যম্ ॥২৭—৩০॥ অপরং জ্ঞানাদর্ব্বাচীনম্। "কিং প্রজয়া করিষ্যামো যেষাং নোঽয়মাত্মায়ং লোকঃ" ইতি শ্রুতেঃ, "কিমর্থা বয়মধ্যেষ্যামহে কিমর্থা বয়ং যক্ষ্যামহে বাচি হি প্রাণং জুহুমঃ" ইত্যাদিশ্রুতেশ্চ পিত্রাদ্যৃণমজ্ঞানা-

পাপী লোকদের মতই আমরা নীচে পড়িয়া যাইতেছি—দেখুন। বন্ধু, বান্ধব ও পূর্ব্বপুরুষদিগের সহিত আমরা এই গর্ত্তে পড়িয়া গেলে, বংশ না থাকায় জরৎকারুও কালের প্রভাবে মৃত্যুর পরে নরকেই যাইবে। তপস্যাই হউক, কিম্বা যজ্ঞই হউক, অথবা তীর্থস্নানপ্রভৃতি অন্য যে কিছু পবিত্রতাজনক মহৎ কার্য্য হউক, সে সমস্তই এক সন্তান উৎপাদনের তুল্য নহে; ইহা সাধুদিগের মত। অতএব বৎস! আপনি, তপোধন সেই জরৎকারুকে দেখিলে বলিবেন ॥২৯—৩১॥

আপনি এখানে আমাদের এই দুঃখ যে ভাবে দেখিলেন, সেই ভাবেই সে সমস্ত তাহার নিকট বলিবেন। সে যাহাতে বিবাহ করে এবং পুত্র

(৩১) তৎ সর্ব্বমপরং তাত! ন সন্তত্যা সমং মতম্…। …তপোধন!…।

তথা ব্রহ্মংস্ত্বয়া বাচ্যঃ সোঽস্মাকং নাথবত্তয়া।
বান্ধবানাং হি তস্যেহ যথা চাত্মকুলং তথা ॥৩৩॥ (যুগ্মকম্)
কস্ত্বং বন্ধুরিবাস্মাকমনুশোচসি সত্তম ! ।
শ্রোতুমিচ্ছাম সর্ব্বেষাং কো ভবানিহ তিষ্ঠতি ॥৩৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি
আস্তীকে জরৎকারুপিতৃদর্শনং নাম চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:০:———

ভারতকৌমুদী

উৎপাদয়েৎ; হে ব্রহ্মন্! ত্বয়া, তস্য জরৎকারোঃ, বান্ধবানাম্ অস্মাকং নাথবত্তয়া ই ইদানীং রক্ষকত্বেন প্রভুতুল্যতয়া হেতুনা, স জরৎকারুঃ, তথৈব বাচ্যো বক্তব্যঃ। যথা লোকৈরাত্মকুলং নিজবংশীয়ঃ প্রতি উচ্যতে, তথৈব ত্বয়া স বাচ্য ইত্যর্থঃ ॥৩২—৩৩॥

ক ইতি। হে সত্তম! সাধুশ্রেষ্ঠ! সর্ব্বেষামস্মাকং বন্ধুরিব কস্ত্বম্, ঈদৃক্, অনুশোচসি ইহ গর্ত্ততীরে, কো ভবান্, তিষ্ঠতি, ইতি চ বয়ং শ্রোতুমিচ্ছাম ॥৩৪॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্ব্বণি আস্তীকে চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

———:০:———

ভারতভাবদীপঃ

মেবেতি ভাবঃ ॥৩১---৩২॥ বান্ধবানামিত্যাদি সার্দ্ধঃ শ্লোকঃ। তস্য বান্ধবানামস্মাকম্, সর্বেষা মধ্যে কস্ত্বং যথা আত্মকুলং তথা বন্ধুমিব বা অস্মান্ অনুশোচসি, তত্তস্মাচ্ছ্রোতুমিচ্ছামঃ, কে ভবানিহ তিষ্ঠতীতি যোজনা ॥৩৩---৩৪॥

ইতি আদিপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪০॥

———:*:———

উৎপাদন করে, ব্রাহ্মণ! আপনি সেই ভাবে তাহাকে বলিবেন। কেন না, আমরা তাহার বন্ধু (পিতৃপুরুষ); আর, বর্ত্তমানে সে-ই আমাদের একমাত্র অবলম্বন। অতএব লোক যেমন নিজবংশীয় লোকের নিকট বলে, আপনিও তেমনই তাহার নিকট বলিবেন ॥৩২—৩৩॥

সাধুশ্রেষ্ঠ! আমাদের সকলেরই বন্ধুর ন্যায় আপনি কে এই রূপ শোক করিতেছেন? এই গর্ত্তের তীরে আপনি কে দাঁড়াইয়া আছেন? আমরা তাই শুনিতে ইচ্ছা করি ॥৩৪॥

———:*:———

* 'পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ' ইতি ক্বচিৎ পাঠঃ, 'দ্বাচত্বারিংশোঽধ্যায়ঃ' ইতি চ ক্বচিৎ পাঠঃ

একচত্বারিংশোঽধ্যায়ঃ

সৌতিরুবাচ।

এতচ্ছ্রুত্বা জরৎকারুর্ভৃশং শোকপরায়ণঃ।
উবাচ তান্ পিতৄন্ দুঃখাৎ বাষ্পসন্দিগ্ধয়া গিরা ॥১॥

জরৎকারুরুবাচ।

মম পূর্ব্বে ভবন্তো বৈ পিতরঃ সপিতামহাঃ।
তদ্‌ব্রূত যন্ময়া কার্য্যং ভবতাং প্রিয়কাম্যয়া ॥২॥
অহমেব জরৎকারুঃ কিল্বিষী ভবতাং সুতঃ।
তে দণ্ডং ধারয়ত মে দুষ্কৃতেরকৃতাত্মনঃ ॥৩॥

পিতর উচুঃ।

পুত্র! দিষ্ট্যাসি সংপ্রাপ্ত ইমং দেশং যদৃচ্ছয়া।
কিমর্থঞ্চ ত্বয়া ব্রহ্মন্! ন কৃতো দারসংগ্রহঃ ॥৪॥

ভারতকৌমুদী

এতদিতি। জরৎকারুঃ, এতৎ পিতৃবাক্যং শ্রুত্বা, ভৃশং শোকপরায়ণঃ সন্, দুঃখাৎ, বাষ্পসন্দিগ্ধয়া অশ্রুলিপ্তয়া, গিরা বাচা, তান্ পিতৄন্, উবাচ ॥১॥

মমেতি। হে পুরুষাঃ! ভবন্তঃ, মমৈব পূর্ব্বে পূর্ব্বপুরুষাঃ সপিতামহাঃ পিতরঃ। তেন ভবতাং প্রিয়কাময়া ময়া যৎ কার্য্যং কর্ত্তব্যম্, তৎ, যূয়ং ব্রূত ॥২॥

অহমিতি। অহমেব ভবতাং সুতঃ, কিল্বিষী যুষ্মাকং কষ্টহেতুত্বাৎ পাপী, স জরৎকারুঃ। তে যূয়ম্, অকৃতাত্মনঃ অশিক্ষিতচিত্তস্য, মে মম, দুষ্কৃতের্যুষ্মৎকষ্টদাননিবন্ধনপাপস্য, দণ্ডম্, ধারয়ত কুরুত ॥৩॥

পুত্রেতি। হে পুত্র! ত্বম্, দিষ্ট্যা অস্মাকং ভাগ্যেন, যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া, ইমং দেশং স্থানম্, সংপ্রাপ্ত আগতঃ। হে ব্রহ্মন্! ত্বয়া চ কিমর্থং দারসংগ্রহো বিবাহঃ, ন কৃতঃ? ॥৪॥

সৌতি বলিলেন—জরৎকারু পিতৃগণের এই কথা শুনিয়া, অত্যন্ত শোকার্ত্ত হইয়া, দুঃখবশতঃ অশ্রুসিক্ত বাক্যে সেই পিতৃগণকে বলিলেন ॥১॥

জরৎকারু কহিলেন—আপনারা আমারই পূর্ব্বপুরুষ পিতৃ-পিতামহগণ; অতএব আপনাদের প্রীতির জন্য আমার যাহা করিতে হইবে, তাহা বলুন ॥২॥

আমিই আপনাদের সন্তান সেই পাপিষ্ঠ জরৎকারু; আমি অশিক্ষিত; সুতরাং আমার পাপের দণ্ড আপনারাই বিধান করুন ॥৩॥

পিতৃগণ বলিলেন—পুত্র! আমাদের ভাগ্যবশতই তুমি ঈশ্বরেচ্ছাক্রমে এই

জরৎকারুরুবাচ।

মমায়ং পিতরো নিত্যং হৃদ্যর্থঃ পরিবর্ত্ততে।
ঊর্দ্ধরেতাঃ শরীরং বৈ প্রাপয়েয়মমুত্র বৈ ॥৫॥
ন দারান্ বৈ করিষ্যেঽহমিতি মে ভাবিতং মনঃ।
এবং দৃষ্ট্বা তু ভবতঃ শকুন্তানিব লম্বতঃ।
ময়া নিবর্ত্তিতা বুদ্ধির্ব্রহ্মচার্য্যাৎ পিতামহাঃ! ॥৬॥
করিষ্যে বঃ প্রিয়ং কামং নিবেক্ষ্যেঽহমসংশয়ম্।
সনাম্নীং যদ্যহং কন্যামুপলপ্স্যে কদাচন ॥৭॥
ভবিষ্যতি চ যা কাচিদ্ভৈক্ষ্যবৎ স্বয়মুদ্যতা।
প্রতিগ্রহীতা তামস্মি ন ভরেয়ঞ্চ যামহম্ ॥৮॥

ভারতকৌমুদী

মমেতি। হে পিতরঃ! অয়ম্ অর্থো বিষয়ঃ, মম হৃদি, নিত্যং চিরম্, পরিবর্ত্ততে সর্বতো ভাবেন বিদ্যতে; যৎ, ঊর্দ্ধরেতাঃ স্ত্রীসংসর্গশূন্যঃ সন্নেব, শরীরং শরীরস্থজীবম অমুত্র পরলোকে, প্রাপয়েয়ং নয়েয়ম্ ॥৫॥

নেতি। হে পিতামহাঃ! অহং দারান্ ন করিষ্যে ইতি মে মনঃ, ভাবঃ অভিপ্রায়োঽস্য সঞ্জাত ইতি ভাবিতমাসীৎ। ইদানীন্তু ভবতঃ, শকুন্তান্ খগানিব, এবং লম্বতো লম্বমানান্ দৃষ্ট্বা, ময়া ব্রহ্মচর্য্যাৎ বুদ্ধির্নিবর্ত্তিতা। অয়ং শ্লোকঃ ষট্‌চরণঃ ॥৬॥

করিষ্য ইতি। অহম্, বো যুষ্মাকম্, কামং পর্য্যাপ্তমেব প্রিয়ং করিষ্যে; অসংশয়মেব, নিবেক্ষ্যে পরিণেষ্যে; যদি কদাচন অহম্, সমানং নাম যস্যাস্তাং সনাম্নীং কন্যাম্ উপলপ্স্যে প্রাপ্স্যামি ॥৭॥

ভারতভাবদীপঃ

এতদিতি ॥১—২॥ দুষ্টা কৃতির্যস্য তস্য দুষ্কৃতেঃ ॥৩॥ দিষ্ট্যা ভাগ্যেন ॥৪—৫॥ ভাবিতং

স্থানে উপস্থিত হইয়াছ। তোমাকে জিজ্ঞাসা করিতেছি—তুমি কি জন্য দার-পরিগ্রহ কর নাই? ॥৪॥

জরৎকারু বলিলেন—পিতৃগণ! আমার মনে এই বিষয়টী চিরদিনই রহিয়াছে, যে আমি ঊর্দ্ধরেতা থাকিয়াই এই শরীরকে পরলোকে পাঠাইব ॥৫॥

হে পিতৃগণ! 'আমি বিবাহ করিব না' এইরূপই আমার মন প্রথমে ভাবিয়াছিল; কিন্তু এখন আপনাদিগকে এই রূপ পক্ষীর ন্যায় ঝুলিতে দেখিয়া আমি সে মনকে ব্রহ্মচর্য্য হইতে ফিরাইলাম ॥৬॥

আমি আপনাদের ইচ্ছানুরূপ প্রীতিকর কার্য্য করিব; যদি কখনও আমারই নামের অনুরূপ-নামযুক্ত কন্যা পাই, তবে আমি নিশ্চয়ই বিবাহ করিব ॥৭॥

এবংবিধমহং কুর্য্যাং নিবেশং প্রাপ্নুয়াং যদি।
অন্যথা ন করিষ্যেঽহং সত্যমেতৎ পিতামহাঃ! ॥৯॥
অত্র চোৎপৎস্যতে জন্তুর্ভবতাং তারণায় বৈ।
শাশ্বতাশ্চাব্যয়াশ্চৈব তিষ্ঠন্তু পিতরো মম ॥১০॥
সৌতিরুবাচ।
এবমুক্ত্বা তু স পিতৄংশ্চচার পৃথিবীং মুনিঃ।
ন চ স্ম লভতে ভার্য্যাং বৃদ্ধোঽয়মিতি শৌনক! ॥১১॥
যদা নির্বেদমাপন্নঃ পিতৃভিশ্চোদিতস্তথা।
তদারণ্যং স গত্বোচ্চৈশ্চুক্রোশ ভৃশদুঃখিতঃ ॥১২॥

ভারতকৌমুদী

ভবিষ্যতীতি। যা কাচিৎ কন্যা, ভৈক্ষ্যবৎ ভিক্ষাদ্রব্যবৎ, স্বয়ম্ আত্মানং দাতুমুদ্যতা ভবিষ্যতি; যাঞ্চ অহং ন ভরেয়ম্ অন্নবস্ত্রাদিনা ন পরিপালয়েয়ম্, তাং প্রতিগ্রহীতা অস্মি ॥৮॥

এবমিতি। যদি তথাবিধাং কন্যাং প্রাপ্নুয়াম্, তদৈব এবংবিধং নিবেশং বিবাহং কুর্য্যাম্। অন্যথা অহং নিবেশং ন করিষ্যে; হে পিতামহাঃ! এতৎ সত্যং ব্রবীমি ॥৯॥

তত্রেতি। তত্র তস্যাং কন্যায়াঞ্চ, ভবতাং তারণায়, জন্তুঃ প্রাণী পুত্র ইত্যর্থঃ, উৎপৎস্যতে। তেন চ মম পিতরো ভবন্তঃ, শাশ্বতা বৈকুণ্ঠাদিনিত্যলোকস্থাঃ, অব্যয়াঃ তস্মাদ্বিচ্যুতিশূন্যাশ্চ তিষ্ঠন্তু ॥১০॥

এবমিতি। স মুনির্জরৎকারুঃ, পিতৄন্ এবম্ উক্ত্বা, পৃথিবীং চচার। কিন্তু হে শৌনক! অয়ং বৃদ্ধ ইতি হেতোঃ, ভার্য্যাং ন লভতে স্ম ॥১১॥

যদেতি। যদা পিতৃভিঃ, তথা তাদৃক্ চোদিতো বিবাহায় প্রণোদিতঃ, অতএব পিতৃ-

ভারতভাবদীপঃ

ভাবযুক্তম্ ॥৬॥ নিবেক্ষ্যে নিবেশং বিবাহং করিষ্যে ॥৭—৮॥ ন ভরেয়ং ধারণপোষণে ন

যে কন্যা ভিক্ষাদ্রব্যের ন্যায় নিজে উপস্থিত হইবে এবং যে কন্যাকে আমার ভরণপোষণ করিতে হইবে না; আমি সেই কন্যাকেই বিবাহ করিব ॥৮॥

যদি পাই, তবে এই রূপ বিবাহই করিব, না পাইলে বিবাহ করিব না; পিতৃগণ একথা আমি সত্য বলিতেছি ॥৯॥

আপনাদের উদ্ধারের জন্য সেই কন্যার গর্ভে পুত্র জন্মিবে; তাহার পর আপনারা নিত্যধামে যাইয়া থাকিবেন, কিন্তু তথা হইতে আর পতিত হইবেন না ॥১০॥

সৌতি বলিলেন—জরৎকারুমুনি পিতৃগণকে এই রূপ বলিয়া পৃথিবীবিচরণ করিতে লাগিলেন; কিন্তু মহর্ষি শৌনক! তিনি বৃদ্ধ বলিয়া কোথাও কন্যা পাইলেন না ॥১১॥

স ত্বরণ্যগতঃ প্রাজ্ঞঃ পিতৄণাং হিতকাম্যয়া ।
উবাচ কন্যাং যাচামি তিস্রো বাচঃ শনৈরিমাঃ ॥১৩॥
যানি ভূতানি সন্তীহ স্থাবরাণি চরাণি চ ।
অন্তর্হিতানি বা যানি তানি শৃণ্বন্তু মে বচঃ ॥১৪॥
উগ্রে তপসি বর্ত্তন্তং পিতরশ্চোদয়ন্তি মাম্ ।
নিবিশস্বেতি দুঃখার্ত্তাঃ সন্তানস্য চিকীর্ষয়া ॥১৫॥
নিবেশায়াখিলাং ভূমিং কন্যাভৈক্ষ্যং চরামি ভোঃ ! ।
দরিদ্রো দুঃখশীলশ্চ পিতৃভিঃ সন্নিযোজিতঃ ॥১৬॥

ভারতকৌমুদী

কষ্টহেতুত্বাৎ নির্ব্বেদম্ আত্মাবমাননাম্, আপন্নঃ প্রাপ্তঃ ; তদা স জরৎকারুঃ, ভৃশদুঃখিতঃ সন্, অরণ্যং গত্বা, উচ্চৈঃ, চুক্রোশ শব্দিতবান্ ॥১২॥

স ইতি। প্রাজ্ঞঃ স জরৎকারুঃ, অরণ্যগতঃ সন্, পিতৄণাং হিতকাম্যয়া, 'কন্যাং যাচামি' ইমাস্তিস্রো বাচঃ, শনৈঃ উবাচ ॥১৩॥

যানীতি। ইহ অরণ্যে, স্থাবরাণি স্থিতিশীলানি বৃহৎসর্পাদীনি, চরাণি হরিণাদীনি জঙ্গমানি, যানি ভূতানি প্রাণিনঃ সন্তি ; যানি বা ভূতানি বনদেবতাদীনি অন্তর্হিতানি সন্তি ; তানি ভূতানি, মে বচঃ শৃণ্বন্তু ॥১৪॥

উগ্র ইতি। দুঃখার্ত্তাঃ পিতরঃ, সন্তানস্য চিকীর্ষয়া কর্ত্তুমিচ্ছয়া, উগ্রে তপসি বর্ত্তন্তং বর্ত্তমানমপি মাম্, 'নিবিশস্ব পরিণয়' ইতি চোদয়ন্তি প্রণোদয়ন্তি ॥১৫॥

নিবেশায়েতি। ভোঃ প্রাণিনঃ ! দরিদ্রো দুঃখশীলশ্চাহম্, পিতৃভিঃ সন্নিযোজিতঃ সন্, নিবেশায় বিবাহায়, কন্যৈব ভৈক্ষ্যং ভিক্ষাদ্রব্যং তদ্‌গ্রহীতুমিতি শেষঃ, অখিলাং ভূমিং পৃথিবীম্, চরামি ॥১৬॥

পিতৃলোকের প্রেরণায় জরৎকারুর যখন আত্মধিক্কার উপস্থিত হইল, তখন তিনি অত্যন্ত দুঃখিত হইয়া বনে যাইয়া উচ্চস্বরে বলিতে লাগিলেন ॥১২॥

জ্ঞানবান্ জরৎকারু বনে যাইয়া পিতৃলোকের হিতকামনায় এই কথা তিন বার ধীরে ধীরে বলিলেন—'আমি কন্যা প্রার্থনা করি' 'আমি কন্যা প্রার্থনা করি' 'আমি কন্যা প্রার্থনাকরি' ॥১৩॥

স্থাবর ও জঙ্গম যত প্রাণী এই বনের ভিতরে আছে, অথবা যে সকল প্রাণী অন্তর্হিত হইয়া রহিয়াছে, তাহারা সকলেই আমার কথা শ্রবণ করুক ॥১৪॥

আমি ভয়ঙ্কর তপস্যায় প্রবৃত্ত রহিয়াছি, তথাপি আমার পিতৃগণ দুঃখার্ত্ত হইয়া, আমার সন্তান কামনায় 'বিবাহ কর' বলিয়া আমাকে প্রণোদিত করিতেছেন ॥১৫॥

যস্য কন্যাস্তি ভূতস্য যে ময়েহ প্রকীর্ত্তিতাঃ।
তে মে কন্যাং প্রযচ্ছন্তু চরতঃ সর্বতো দিশম্ ॥১৭॥
মম কন্যা সনাম্নী যা ভৈক্ষ্যবচ্চোদ্যতা ভবেৎ।
ভরেয়ঞ্চৈব যাং নাহং তাং মে কন্যাং প্রযচ্ছত ॥১৮॥
ততস্তে পন্নগা যে বৈ জরৎকারৌ সমাহিতাঃ।
তামাদায় প্রবৃত্তিং তে বাসুকেঃ প্রত্যবেদয়ন্ ॥১৯॥
তেষাং শ্রুত্বা স নাগেন্দ্রস্তাং কন্যাং সমলঙ্কৃতাম্।
প্রগৃহ্যারণ্যমগমৎ সমীপং তস্য পন্নগঃ ॥২০॥

ভারতকৌমুদী

যস্যেতি। ইহ অরণ্যে, যস্য ভূতস্য প্রাণিনঃ, কন্যা অস্তি; ময়া যে প্রাণিনশ্চ প্রকীর্ত্তিতাঃ স্থাবরাণীত্যাদিনা উল্লিখিতাঃ, তে প্রকীর্ত্তিতাঃ প্রাণিনঃ, সর্বতো দিশং চরতঃ, মে মম, তৎকন্যাং প্রযচ্ছন্তু দদতু ॥১৭॥

মমেতি। যা কন্যা, মম সনাম্নী সমাননামিকা, ভৈক্ষ্যবৎ ভিক্ষাদ্রব্যবৎ, উদ্যতা আত্মানং দাতুমুদ্যুক্তা চ ভবেৎ, যাঞ্চ কন্যাম্ অহং ন ভরেয়ম্; যূয়ং তাং কন্যাম্, মে মহ্যম্, প্রযচ্ছত অর্পয়ত ॥১৮॥

তত ইতি। ততঃ পরম্, তে প্রসিদ্ধাঃ, যে পন্নগাঃ, জরৎকারৌ জরৎকারোরন্বেষণে, সমাহিতা কৃতমনোযোগা আসন্; তে পন্নগাঃ, তাং প্রবৃত্তিং জরৎকারোঃ কন্যাপ্রার্থনাবৃত্তান্তম্, আদায়, বাসুকেঃ সমীপে, প্রত্যবেদয়ন্ জ্ঞাপিতবন্তঃ ॥১৯॥

তেষামিতি। নাগেন্দ্রঃ স পন্নগো বাসুকিঃ, তেষাং পন্নগানাং মুখাৎ, তং বৃত্তান্তং শ্রুত্বা, সমলঙ্কৃতাং তাং কন্যাম্, প্রগৃহ্য, তস্য জরৎকারোঃ, সমীপম্ অরণ্যম্, অগমৎ ॥২০॥

ভারতভাবদীপঃ

কুর্য্যাম্ ॥৯॥ শাশ্বতা নিত্যাঃ। অব্যয়া অপক্ষয়শূন্যাঃ ॥১০—১২॥ যাচামি যাচে ॥১৩—১৮॥

হে! প্রাণিগণ আমি দরিদ্র ও দুঃখী হইয়াও পিতৃলোকের প্রেরণায় বিবাহোপযোগী কন্যা ভিক্ষা করিবার জন্য সমস্ত পৃথিবী পর্য্যটন করিতেছি ॥১৬॥

আমি যাহাদের নাম করিলাম, তাহাদের মধ্যে যাহার কন্যা আছে, সে আমাকে কন্যা দান করুক; কেন না, আমি কন্যালাভের জন্যই সকল দিকে বিচরণ করিতেছি ॥১৭॥

যে কন্যার নাম আমার নামেরই অনুরূপ হইবে, যে কন্যা ভিক্ষাদ্রব্যের ন্যায় নিজেই উপস্থিত হইবে এবং যে কন্যাকে আমার ভরণপোষণ করিতে হইবে না; সেই কন্যাই আমাকে দান কর ॥১৮॥

তাহার পর, যে সকল নাগ জরৎকারুর অন্বেষণের জন্য যত্নবান্ ছিল, তাহারা জরৎকারুর সেই কন্যাপ্রার্থনার বৃত্তান্ত নিয়া বাসুকিকে জানাইল ॥১৯॥

তত্র তাং ভৈক্ষ্যবৎ কন্যাং প্রাদাত্তস্মৈ মহাত্মনে।
নাগেন্দ্রো বাসুকির্ব্রহ্মন্! ন স তাং প্রত্যগৃহ্লত ॥২১॥
অসনামেতি বৈ মত্বা ভরণে চাবিচারিতে।
মোক্ষভাবে স্থিতশ্চাপি মন্দীভূতঃ পরিগ্রহে ॥২২॥ (যুগ্মকম্)
ততো নাম স কন্যায়াঃ পপ্রচ্ছ ভৃগুনন্দন!।
বাসুকিং ভরণঞ্চাস্যা ন কুর্য্যামিত্যুবাচ হ ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি আস্তীকে বাসুকিজরৎকারুসমাগমো নামৈকচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত্রেতি। হে ব্রহ্মন্! শৌনক! নাগেন্দ্রঃ স বাসুকিঃ, তত্র অরণ্যে, ভৈক্ষ্যবৎ ভিক্ষা-দ্রব্যবৎ, তাং কন্যাম্, তস্মৈ মহাত্মনে জরৎকারবে, প্রাদাৎ প্রদাতুমৈষীৎ; কিন্তু মোক্ষভাবে মুক্তিমার্গে স্থিতশ্চ স জরৎকারুঃ, সা কন্যা অসনামা বিভিন্ননাম্নী ইতি মত্বা, তস্যাঃ কন্যায়া ভরণে চ, অবিচারিতে বিচারেণ অনির্দ্দিষ্টে সতি, পরিগ্রহে তৎকন্যাবিবাহে, মন্দীভূতঃ কুণ্ঠিতঃ সন্, তাং কন্যাম্, ন প্রত্যগৃহ্লত ন প্রতিগ্রহীতুমৈচ্ছৎ ॥২১—২২॥

তত ইতি। হে ভৃগুনন্দন! শৌনক! ততঃ পরম্, স জরৎকারুঃ, তস্যাঃ কন্যায়া নাম বাসুকিং পপ্রচ্ছ, তথা অহম্ অস্যাঃ কন্যায়া ভরণং ন কুর্য্যামিতি চ বাসুকিম্ উবাচ ॥২৩॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্ব্বণি আস্তীকে একচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

জরৎকারৌ সমাহিতাঃ জরৎকারোরন্বেষণে যত্তাঃ ॥১৯—২১॥ অসনামেতি মোক্ষে স্থিতস্য পরিগ্রহো দুঃখায়েতি পিতৃপ্রয়োজনমাত্রং কার্য্যমিত্যাশয়ঃ ॥২২—২৩॥

ইতি আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪১॥

নাগরাজ বাসুকি তাহাদের মুখে সেই বৃত্তান্ত শুনিয়া, কন্যাটীকে অলঙ্কারে সজ্জিত করিয়া, তাহাকে নিয়া, বনের ভিতরে জরৎকারুর নিকট গেলেন ॥২০॥

মহর্ষি শৌনক। নাগরাজ বাসুকি বনে যাইয়া সেই কন্যাটী মহাত্মা জরৎ-কারুকে দান করিবার ইচ্ছা জানাইলেন; তাহাতে একে জরৎকারু মুক্তিকামী ছিলেন, দ্বিতীয়তঃ কন্যার নাম নিজের নামের অনুরূপ হইবে না বলিয়া মনে করিলেন, তৃতীয়তঃ কন্যাটীর ভরণ পোষণ কে করিবে তাহার কোন নিশ্চয় হইয়াছিল না; এই সকল কারণে জরৎকারু প্রথমে কন্যাটীকে গ্রহণ করিতে ইচ্ছা করিলেন না ॥২১—২২॥

---

[২২]···দ্বন্দীভূতঃ পরিগ্রহে। * 'ষট্‌চত্বারিংশোঽধ্যায়ঃ' 'দ্বাচত্বারিংশোঽধ্যায়ঃ' ইতি পাঠভেদৌ।

দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ

সৌতিরুবাচ।

বাসুকিস্ত্বব্রবীদ্বাক্যং জরৎকারুমৃষিং তদা।
সনাম্নী তব কন্যেয়ং স্বসা মে তপসান্বিতা ॥১॥
ভরিষ্যামি চ তে ভার্য্যাং প্রতীচ্ছেমাং দ্বিজোত্তম!।
রক্ষণঞ্চ করিষ্যেঽস্যাঃ সর্বশক্ত্যা তপোধন!।
ত্বদর্থং রক্ষ্যতে চৈষা ময়া মুনিবরোত্তম! ॥২॥

জরৎকারুরুবাচ।

ন ভরিষ্যেঽহমেতাং বৈ এষ মে সময়ঃ কৃতঃ।
অপ্রিয়ঞ্চ ন কর্ত্তব্যং কৃতে চৈনাং ত্যজাম্যহম্ ॥৩॥

ভারতকৌমুদী

বাসুকিরিতি। তদা বাসুকিস্ত, জরৎকারুম্ ঋষিম্, ইদং বাক্যম্ অব্রবীৎ। হে ঋষে! ইয়ং কন্যা তব সনাম্নী সমাননামিকা, মে মম, স্বসা ভগিনী, তপসা অন্বিতা চ। অতস্তবেয়ং যোগ্যেতি ভাবঃ ॥১॥

ভরিষ্যামীতি। হে দ্বিজোত্তম! অহং তব ভার্য্যাং ভরিষ্যামি; অতএব ত্বমিমাং প্রতীচ্ছ প্রতিগৃহাণ। হে তপোধন! অহং সর্ব্বশক্ত্যা অস্যা রক্ষণঞ্চ করিষ্যে। হে মুনিবরোত্তম! ময়া ত্বদর্থঞ্চ এষা রক্ষ্যতে। ষট্পদমিদং পদ্যম্ ॥২॥

নেতি। অহম্ এতাং মম ভার্য্যাং ন ভরিষ্যে; মে ময়া, এষ সময়ো নিয়মঃ, কৃতঃ।

মহর্ষি শৌনক! তাহার পর জরৎকারু বাসুকির নিকট কন্যাটীর নাম জিজ্ঞাসা করিলেন এবং আমি ইহার ভরণ পোষণ করিতে পারিব না এ কথাও বাসুকিকে বলিলেন ॥২৩॥

সৌতি কহিলেন—তখন বাসুকি জরৎকারুমুনিকে এই কথা বলিলেন—এই কন্যাটীর নাম আপনার নামেরই অনুরূপ, এ আমারই ভগিনী, তপস্যাও করিতেছে ॥১॥

আমি আপনার ভার্য্যার ভরণপোষণ করিব; অতএব ব্রাহ্মণ! আপনি ইহাকে গ্রহণ করুন। হে তপোধন! আমি সমস্ত শক্তি প্রয়োগ করিয়া ইহার রক্ষণাবেক্ষণ করিব; বিশেষতঃ মুনিশ্রেষ্ঠ! আমি ইহাকে, আপনার জন্যই এতকাল রক্ষা করিয়া আসিতেছি ॥২॥

ঋতুকালে ততঃ স্নাতা কদাচিদ্বাসুকেঃ স্বসা।
ভর্ত্তারং বৈ যথান্যায়মুপতস্থে মহামুনিম্ ॥১২॥
তত্র তস্যাঃ সমভবদ্‌গর্ভো জ্বলনসন্নিভঃ।
অতীবতেজসা যুক্তো বৈশ্বানরসমদ্যুতিঃ ॥১৩॥
শুক্লপক্ষে যথা সোমো ব্যবর্দ্ধত তথৈব সঃ।
ততঃ কতিপয়াহঃসু জরৎকারুর্মহাযশাঃ ॥১৪॥
উৎসঙ্গেঽস্যাঃ শিরঃ কৃত্বা সুষ্বাপ পরিখিন্নবৎ।
তস্মিংস্তু সুপ্তে বিপ্রেন্দ্রে সবিতাস্তমিয়াদ্গিরিম্ ॥১৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ঋত্বিতি। ততঃ কদাচিৎ, সা বাসুকেঃ স্বসা ভগিনী ঋতুকালে তচ্চতুর্থদিনে স্নাতা সতী, যথান্যায়ং মহামুনিং ভর্ত্তারম্, উপতস্থে উপাসাঞ্চক্রে ॥১২॥

তত্রেতি। তত্র ঋতুকালে, তস্যা বাসুকিভগিন্যাঃ, অতীবতেজসা যুক্তঃ, অতএব জ্বলনসন্নিভো ব্রাহ্মতেজসি অগ্নিতুল্যঃ, বৈশ্বানরসমদ্যুতিঃ শরীরেঽপি অগ্নিকান্তিঃ, গর্ভঃ সমভবৎ ॥১৩॥

শুক্লেতি। শুক্লপক্ষে সোমশ্চন্দ্রো যথা বিবর্দ্ধতে; তথৈব স গর্ভো ব্যবর্দ্ধত। ততঃ পরং কতিপয়াহঃসু গতেষু মহাযশা জরৎকারুঃ, অস্যা বাসুকিভগিন্যাঃ, উৎসঙ্গে ক্রোড়ে, শিরঃ কৃত্বা মস্তকং স্থাপয়িত্বা, পরিখিন্নবৎ পরিশ্রান্তবৎ, সুষ্বাপ গাঢ়ং নিদদ্রৌ। তস্মিন্ বিপ্রেন্দ্রে সুপ্তে সতি, সবিতা সূর্য্যঃ, অস্তং গিরিম্, ইয়াৎ যাতুমুদ্যতোঽভূৎ ॥১৪—১৫॥

ভারতভাবদীপঃ

সংযুতম্ ॥৭—৮॥ বিপ্রিয়ে কৃতে ত্বাং তব গৃহে বাসঞ্চ ত্যজেয়ম্ ॥৯—১০॥ দুঃখশীলং দুঃখপ্রদস্বভাবম্। শ্বেতকাকীয়ৈঃ শ্বা চ এতশ্চ কাকশ্চ তেষামিমে শ্বেতকাকীয়াস্তৈঃ, নিত্যজাগরূকত্বভয়চকিতত্বেঙ্গিতজ্ঞৈঃ। উপাচরৎ আরাধিতবতী। "এতঃ কর্ব্বুর আগতে" ইতি মেদিনীকোষাদ্বর্ণবাচ্যপি এতশব্দস্তদ্বতি মৃগে বর্ত্ততে শোণাদিপদবৎ। শ্বেত ইত্যত্র "ওমাঙোশ্চ" ইতি পররূপম্। অন্যে তু শ্বেতকাকো বকস্তদীয়ৈঃ, তং হি বর্ষাসু নীড়স্থং বক্যেব

সেই নাগভগিনী ভর্ত্তা জরৎকারুর প্রীতিকামনায় পরিচর্য্যা করিতে থাকিয়া যশস্বিনী হইলেন ॥১১॥

তাহার পর কোন সময়ে বাসুকির ভগিনী ঋতুস্নান করিয়া, যথানিয়মে ভর্ত্তার উপাসনা করিলেন ॥১২॥

তাহাতেই তাঁহার গর্ভ হইল; সে গর্ভ ব্রাহ্মণ্যতেজেও অগ্নির তুল্যই হইয়াছিল আবার শরীরকান্তিতেও অগ্নির তুল্যই হইয়াছিল, ॥১৩॥

শুক্লপক্ষে চন্দ্র যেমন বৃদ্ধি পায়, সে গর্ভও তেমনই বৃদ্ধি পাইতে লাগিল। তাহার পর, কয়েক দিন অতীত হইলে, মহাযশস্বী জরৎকারু বাসুকিভগিনীর

[১৪]·· ততঃ কতিপয়াহস্য ··।

অহ্নঃ পরিক্ষয়ে ব্রহ্মন্! ততঃ সাচিন্তয়ত্তদা।
বাসুকের্ভগিনী ভীতা ধর্ম্মলোপান্মনস্বিনী ॥১৬॥
কিন্নু মে সুকৃতং ভূয়াদ্ভর্ত্তুরুত্থাপনং ন বা।
দুঃখশীলো হি ধর্ম্মাত্মা কথং নাস্যাপরাধ্নুয়াম্ ॥১৭॥
কোপো বা ধর্ম্মশীলস্য ধর্ম্মলোপোঽথবা পুনঃ।
ধর্ম্মলোপো গরীয়ান্ বৈ স্যাদিত্যত্রাকরোন্মতিম্ ॥১৮॥
উত্থাপয়িষ্যে যদ্যেনং ধ্রুবং কোপং করিষ্যতি।
ধর্ম্মলোপো ভবেদস্য সন্ধ্যাতিক্রমণে ধ্রুবম্ ॥১৯॥

ভারতকৌমুদী

অহ্ন ইতিহে। ব্রহ্মন্! শৌনক! ততঃ পরম্, অহ্নো দিবসস্য, পরিক্ষয়ে অবসানে সতি, তদা মনস্বিনী বুদ্ধিমতী, সা বাসুকের্ভগিনী, ভর্ত্তুঃ সায়ংসন্ধ্যাতিক্রমেণ ধর্ম্মলোপাৎ ভীতা সতী, অচিন্তয়ৎ ॥১৬॥

কিমিতি। ভর্ত্তুঃ উত্থাপনং নিদ্রাতো জাগরণম্, মে মম, সুকৃতং ন্যায্যকরণং ভূয়াৎ কিন্নু ন বা। হি যস্মাৎ, অয়ং ধর্ম্মাত্মা, দুঃখশীলঃ শ্রমদুঃখার্ত্তঃ; অতএব উত্থাপনে অস্য সম্বন্ধে কথং ন অপরাধ্নুয়াম্? ॥১৭॥

কোপ ইতি। মুনেঃ কোপো বা, অথবা পুনর্ধর্ম্মশীলস্য তস্য ধর্ম্মলোপঃ; অনয়োর্মধ্যে ধর্ম্মলোপ এব গরীয়ান্ দোষঃ স্যাৎ; ইতি হেতোঃ, অত্র ধর্ম্মলোপনিবর্ত্তনে মতিম্ অকরোৎ ॥১৮॥

ভারতভাবদীপঃ

পুষ্ণাতি, তদ্বদিতি ॥১১--১৪॥ উৎসঙ্গে অঙ্কে ॥১৫—১৬॥ দুঃখশীলো দুঃখপ্রদশীলো, ধর্ম্মাত্মা চ। কথং কেন প্রকারেণাপরাধিনী ন ভবেয়মিত্যর্থঃ ॥১৭॥ কর্ত্তব্যকোটিদ্বয়মুপন্যস্য ধর্ম্মলোপমেব

ক্রোড়ে মস্তক স্থাপন করিয়া, পরিশ্রান্তের ন্যায় গাঢ়ভাবে নিদ্রিত হইলেন; সেই ব্রাহ্মণ নিদ্রিত হইলে, সূর্য্য অস্তাচলে যাইবার উপক্রম করিলেন ॥১৪—১৫॥

মহর্ষি শৌনক! তাহার পর দিবসের অবসান হইয়া আসিলে, তখন সেই বুদ্ধিমতী বাসুকির ভগিনী ভর্ত্তার সন্ধ্যার সময় অতীত হইবার সম্ভাবনায় ধর্ম্মলোপের ভয়ে ভীত হইয়া চিন্তা করিতে লাগিলেন ॥১৬॥

স্বামীকে নিদ্রা হইতে জাগান আমার উচিত হইবে কি না? উনি পরিশ্রান্ত হইয়া নিদ্রা যাইতেছেন; এ অবস্থায় জাগাইলে আমার অপরাধ না হইবে কেন? ॥১৭॥

এক দিকে মুনির ক্রোধ, অন্য দিকে ধার্ম্মিকের ধর্ম্মলোপ; এই দু'য়ের মধ্যে ধার্ম্মিকের ধর্ম্মলোপই গুরুতর দোষ হইবে, এই জন্যই তিনি ধর্ম্মলোপের নিবৃত্তির দিকেই মতি স্থির করিলেন ॥১৮॥

ইতি নিশ্চিত্য মনসা জরৎকারুর্ভুজঙ্গমা।
তমৃষিং দীপ্ততপসং শয়ানমনলোপমম্ ॥২ ॥
উবাচেদং বচঃ শ্লক্ষ্ণং ততো মধুরভাষিণী।
উত্তিষ্ঠ ত্বং মহাভাগ! সূর্য্যোঽস্তমুপগচ্ছতি ॥২১॥ (যুগ্মকম্)
সন্ধ্যামুপাস্স্ব ভগবন্! অপঃ স্পৃষ্ট্বা যতব্রতঃ।
প্রাদুষ্কৃতাগ্নিহোত্রোঽয়ং মুহূর্ত্তো রম্যদারুণঃ ॥২২॥
সন্ধ্যা প্রবর্ত্ততে চেয়ং পশ্চিমায়াং দিশি প্রভো!।
এবমুক্তঃ স ভগবান্ জরৎকারুর্মহাতপাঃ ॥২৩॥

ভারতকৌমুদী

এবমিতি। হে ভরতর্ষভ ! এবম্ আয়ুষ্মতীভির্দীর্ঘায়ুষ্কাভিঃ প্রজাভিঃ, সাগরপর্য্যন্তা ইয়ং মেদিনী সমাপূর্য্যত ॥১৮॥

ঈজির ইতি। ক্ষত্রিয়াঃ, বহুদক্ষিণৈর্মহাযজ্ঞৈঃ, ঈজিরে দেবান্ পূজয়ামাসুঃ। তদা ব্রাহ্মণাশ্চ অঙ্গৈর্ব্যাকরণাদিভিঃ উপনিষদ্ভিশ্চ সহেতি তান্ রাজাদিত্বাদৎ বেদান্, অধীয়তে ॥১৯॥

নেতি। হে নৃপ ! তদা ব্রাহ্মণাশ্চ, ব্রহ্ম বেদম্, ন চ বিক্রীণতে বেতনগ্রহণপূর্ব্বকং নাধ্যাপয়ন্তি স্মেত্যর্থঃ, "ভৃতকাধ্যাপনং তথা" ইতি মনুনা নিষেধাৎ। উত তথা শূদ্রাণাং সমভ্যাসে সমীপে বেদান্ ন চ উচ্চারয়ন্তি স্ম, "সাবিত্রীং প্রণবং যজুর্লক্ষ্মীং স্ত্রীশূদ্রো যদি জানীয়াম্ ৃতঃ সোঽধো গচ্ছতি" ইতি শ্রুতেঃ ॥২০॥

কারয়ন্ত ইতি। তথা বৈশ্যাঃ, ইহ ক্ষিতৌ, গোভিঃ কৃষিং কারয়ন্তোঽপি গাশ্চ স্ত্রীগবীশ্চ, ধুরি ভারবহনে, নো যুঞ্জতে স্ম, কৃশাঙ্গাংশ্চ গাঃ, অজীবয়ন্ প্রচুরখাদ্যদানাদিভিরপুষন্ ॥২১॥

ভারতভাবদীপঃ

হে গজেন্দ্রগত ! ॥১৩—১৫॥ স্বাদু রোচকং যথা স্যাত্তথা ॥১৬—১৯॥ ব্রহ্ম বেদং ন বিক্রীণতে, ভৃতকাধ্যাপনং ন কুর্ব্বত ইত্যর্থঃ ॥২০॥ বৈশ্যাঃ স্বয়ং ধুরি গা বলীবর্দ্দান্ ন

হে ভরতকুলশ্রেষ্ঠ ! তৎকালে এই সমুদ্রপর্য্যন্ত সমস্ত পৃথিবী এই রূপ দীর্ঘায়ু প্রজাদ্বারা পরিপূর্ণ হইয়াছিল ॥১৮॥

ক্ষত্রিয়গণ প্রচুর দক্ষিণা দিয়া বড় বড় যজ্ঞ করিতেন এবং ব্রাহ্মণগণও তখন ব্যাকরণপ্রভৃতি অঙ্গশাস্ত্র ও উপনিষদের সহিত সমস্ত বেদ অধ্যয়ন করিতেন ॥১৯॥

মহারাজ ! তখন ব্রাহ্মণেরা বেদবিক্রয় (বেতনগ্রহণপূর্ব্বক বেদের অধ্যাপনা) করিতেন না, বা শূদ্রের নিকটে বেদ উচ্চারণ করিতেন না ॥২০॥

এবং বৈশ্যেরা এই পৃথিবীতে গরু দিয়া কৃষি করাইতে থাকিয়াও গাভীগুলিকে ভার বহনে নিযুক্ত করিতেন না এবং ক্ষীণদেহ গরুকে প্রচুর খাদ্যাদি দিয়া পুষ্ট করিয়া তুলিতেন ॥২১॥

ফেনপাংশ্চ তথা বৎসান্ ন দুহন্তি স্ম মানবাঃ।
ন কূটমানৈর্ব্বণিজঃ পণ্যং বিক্রীণতে তদা ॥২২॥
কর্ম্মাণি চ নরব্যাঘ্র! ধর্ম্মোপেতানি মানবাঃ।
ধর্ম্মমেবানুপশ্যন্তশ্চক্রুর্ধর্ম্মপরায়ণাঃ ॥২৩॥
স্বধর্ম্মনিরতাশ্চাসন্ সর্ব্বে বর্ণা নরাধিপ!।
এবং তদা নরব্যাঘ্র! ধর্ম্মো ন হ্রসতে ক্বচিৎ ॥২৪॥
কালে গাবঃ প্রসূয়ন্তে নার্য্যশ্চ ভরতর্ষভ!।
ভবন্ত্যৃতুষু বৃক্ষাণাং পুষ্পাণি চ ফলানি চ ॥২৫॥
এবং কৃতযুগে সম্যগ্ বর্ত্তমানে তদা নৃপ!।
আপূর্য্যত মহী কৃৎস্না প্রাণিভির্বহুভির্ভৃশম্ ॥২৬॥

ভারতকৌমুদী

ফেনপানিতি। মানবাঃ, ফেনপান্ নিতান্তশিশুতয়া তৃণভক্ষণাশক্তত্বাৎ ফেনমাত্রপায়িনো বৎসান্ দৃষ্ট্বেতি শেষঃ, গা ন দুহন্তি স্ম। তথা বণিজোঽপি, কূটমানৈঃ কপটেন তুলামাপনৈঃ, পণ্যং বিক্রেয়দ্রব্যম্, তদা ন বিক্রীণতে ॥২২॥

কর্ম্মাণীতি। হে নরব্যাঘ্র! মানবা ধর্ম্মপরায়ণাঃ সন্তঃ, ধর্ম্মমেব অনুপশ্যন্ত উদ্দিশন্তঃ সন্তশ্চ, ধর্ম্মোপেতানি ধর্ম্ম্যাণি যজ্ঞাদীনি কর্ম্মাণি চক্রুঃ, ন পুনর্যশোলাভাদ্যর্থমিতি ভাবঃ ॥২৩॥

স্বেতি। হে নরব্যাঘ্র! নরাধিপ! সর্ব্বে বর্ণাশ্চ স্বধর্ম্মনিরতা আসন্। এবম্ অনেন হেতুনা, তদা ক্বচিদপি ধর্ম্মো ন হ্রসতে স্ম হ্রাসং ন প্রাপ ॥২৪॥

কাল ইতি। হে ভরতর্ষভ! গাবো নার্য্যশ্চ কালে যথাসময়ে প্রসূয়ন্তে স্ম, ন পূর্ব্বং নবা পরং তথাত্বে সন্তানবৈকল্যাদিতি ভাবঃ। বৃক্ষাণামপি পুষ্পাণি চ ফলানি চ ঋতুষু যথাকাল এবেত্যর্থঃ, ভবন্তি স্ম ॥২৫॥

এবমিতি। হে নৃপ! তদা ত্রেতাদ্বাপরয়োঃ সন্ধাবপি, এবং ধর্ম্মস্য পূর্ণত্বেন, কৃতযুগে

ভারতভাবদীপঃ

যুজ্যতে ॥২১॥ ফেনপান্ অতৃণাদানভিলক্ষ্য ন দুহন্তি, ধেনূরিতি শেষঃ। কূটমানৈঃ কপট-

বৎসগণ কেবল দুগ্ধপায়ী হইলে, মনুষ্যগণ গরুর দুগ্ধ দোহন করিত না এবং বণিকেরা কপটভাবে মাপিয়া কোন বস্তু বিক্রয় করিত না ॥২২॥

হে নরশ্রেষ্ঠ! মনুষ্যগণ নিজেরা ধর্ম্মপরায়ণ থাকিয়া, ধর্ম্মকেই উদ্দেশ্য করিয়া ধর্ম্মকর্ম্ম করিত ॥২৩॥

নরশ্রেষ্ঠ মহারাজ! সকল বর্ণই আপন আপন ধর্ম্মে নিরত থাকিত। এই সকল কারণে তৎকালে কোথাও ধর্ম্মের হ্রাস হইয়াছিল না ॥২৪॥

মহারাজ! নারীগণ ও ধেনুগণ যথাসময়ে প্রসব করিত এবং বৃক্ষের ফুল ও ফল যথাকালে জন্মিত ॥২৫॥

এবং সমুদিতে লোকে মানুষে ভরতর্ষভ ! ।
অসুরা জজ্ঞিরে ক্ষেত্রে রাজ্ঞাং তু মনুজেশ্বর ! ॥২৭॥
আদিত্যৈর্হি তদা দৈত্যা বহুশো নির্জ্জিতা যুধি ।
ঐশ্বর্য্যাদ্‌ভ্রংশিতাঃ স্বর্গাৎ সম্বভূবুঃ ক্ষিতাবিহ ॥২৮॥
ইহ দেবত্বমিচ্ছন্তো মানুষেষু মনস্বিনঃ ।
জজ্ঞিরে ভুবি ভূতেষু তেষু তেষ্বসুরা বিভো ! ॥২৯॥
গোষ্বশ্বেষু চ রাজেন্দ্র ! খরোষ্ট্রমহিষেষু চ ।
ক্রব্যাৎসু চৈব ভূতেষু গজেষু চ মৃগেষু চ ॥৩০॥

ভারতকৌমুদী

সত্যযুগভাবে, সম্যগ বর্ত্তমানে সতি। এবঞ্চ "ত্রেতাদ্বাপরয়োঃ সন্ধৌ রামঃ শস্ত্রভৃতাং বরঃ। অসকৃৎ পার্থিবং ক্ষত্রং জঘানামর্ষচোদিতঃ ॥" ইতি পূর্ব্বোক্তেন (দ্বিতীয়াধ্যায়তৃতীয়শ্লোকেন) সহ ন বিরোধঃ। কৃৎস্না মহী বহুভিঃ প্রাণিভির্ভৃশম্ আপূর্য্যত ॥২৬॥

এবমিতি। হে ভরতর্ষভ ! মানুষে লোকে এবমিত্থং সমুদিতে অভ্যুদয়শালিনি সতি, হে মনুজেশ্বর ! অসুরা রাজ্ঞাং ক্ষেত্রে স্ত্রীবর্গে জজ্ঞিরে ॥২৭॥

নম্বসুরা রাজ্ঞাং ক্ষেত্রে কথং জজ্ঞিরে ইত্যাহ আদিত্যৈরিতি। হি যস্মাৎ, আদিত্যৈর্দেবৈঃ, তদা দৈত্যাঃ, যুধি যুদ্ধে, বহুশো বহূন্ বারান্ নির্জ্জিতাঃ ঐশ্বর্য্যাৎ সম্পদঃ স্বর্গাচ্চ ভ্রংশিতাঃ, অতএব ইহ ক্ষিতৌ সম্বভূবুঃ ॥২৮॥

অথ ক্ষিতাবপি কথং সম্বভূবুরিত্যাহ ইহেতি। হে বিভো ! মনস্বিনো বুদ্ধিমন্তঃ অসুরাঃ, ইহ ভুবি মানুষেষু দেবত্বং দেববৎ প্রাধান্যমিচ্ছন্তঃ সন্তঃ, তেষু তেষু ভূতেষু মনুষ্যাদিষু জজ্ঞিরে ॥২৯॥

ভূতানি বিবৃণোতি গোম্বিতি। হে রাজেন্দ্র ! গোষু, অশ্বেষু, খরোষ্ট্রমহিষেষু খরা

ভারতভাবদীপঃ

তুলাপ্রস্থাদিভিঃ ॥২২—২৪॥ ঋতুষু বসন্তাদিষু স্বস্বকালে ॥২৫—২৬॥ সমুদিতে মুদিতয়া

মহারাজ ! এই ভাবে সেই সময়ে সত্যযুগের অবস্থা পূর্ণমাত্রায় প্রকাশ পাইলে, সম্পূর্ণ পৃথিবীই নানাবিধ প্রাণীদ্বারা পরিপূর্ণ হইয়া পড়িল ॥২৬॥

হে ভরতশ্রেষ্ঠ ! মনুষ্যলোক এই রূপে উন্নতি লাভ করিলে, অসুরগণ আসিয়া রাজগণের পত্নীদের গর্ভে জন্মিতে লাগিল ॥২৭॥

কারণ, দেবগণ তখন অসুরগণকে বহু বার যুদ্ধে পরাজিত করিয়া, তাহাদের সমস্ত সম্পত্তি গ্রহণপূর্ব্বক স্বর্গ হইতে তাহাদিগকে তাড়াইয়া দিয়াছিলেন। তাই তাহারা এই ভূতলে আসিয়া জন্মিতেছিল ॥২৮॥

মহারাজ ! বুদ্ধিমান্ অসুরেরা এই ভূমণ্ডলে মানুষের ভিতরে দেবতার ন্যায় থাকিবার ইচ্ছা করিয়াই, সেই সেই প্রাণীর মধ্যে জন্মিতেছিল ॥২৯॥

জাতৈরিহ মহীপাল ! জায়মানৈশ্চ তৈর্ম্মহী ।
ন শশাকাত্মনাত্মানমিয়ং ধারয়িতুং ধরা ॥৩১॥
অথ জাতা মহীপালাঃ কেচিদ্বহুমদান্বিতাঃ ।
দিতেঃ পুত্রা দনোশ্চৈব তদা লোক ইহ চ্যুতাঃ ॥৩২॥
বীর্য্যবন্তোঽবলিপ্তাস্তে নানারূপধরা মহীম্ ।
ইমাং সাগরপর্য্যন্তাং পরীয়ুররিমর্দ্দনাঃ ॥৩৩॥
ব্রাহ্মণান্ ক্ষত্রিয়ান্ বৈশ্যান্ শূদ্রাংশ্চৈবাপ্যপীড়য়ন্ ।
অন্যানি চৈব সত্ত্বানি পীড়য়ামাসুরোজসা ॥৩৪॥

ভারতকৌমুদী

গর্দ্দভাঃ, ক্রব্যং মাংসমদন্তীতি ক্রব্যাদঃ সিংহাদয়স্তেষু ভূতেষু, গজেষু মৃগেষু, চ অসুরা জজ্ঞিরে ইত্যন্বয়ঃ ॥৩০॥

জাতৈরিতি। হে মহীপাল ! ইয়ং মহী, ধরা চিরধারণক্ষমাপি, ইহ ভুবি, পূর্ব্বং জাতৈঃ, তদানীং জায়মানৈশ্চ, তৈরসুরৈস্তদ্ভারৈরিত্যর্থঃ, আত্মনা আত্মানম্, ধারয়িতুং ন শশাক ॥৩১॥

অথেতি। অথ স্বর্গাৎ চ্যুতাঃ, মহমদান্বিতাঃ, দিতের্দনোশ্চ কেচিৎ পুত্রাঃ, তদা ইহ লোকে মহীপালা রাজানো জাতাঃ ॥৩২॥

বীর্য্যবন্ত ইতি। বীর্য্যবন্তঃ, অতএব অরিমর্দ্দনাঃ, তত এব চ অবলিপ্তা গর্বশালিনঃ, তে অসুরাঃ, নানারূপধরাঃ সন্তঃ, সাগরপর্য্যন্তামিমাং মহীম্, পরীয়ুর্ব্যাপ্তবন্তঃ ॥৩৩॥

ব্রাহ্মণানিতি। তে চাসুরা ওজসা বলেন, ব্রাহ্মণান্ ক্ষত্রিয়ান্ বৈশ্যান্ শূদ্রাংশ্চ অপি-শব্দাৎ বর্ণসঙ্করাংশ্চ অপীড়য়ন্, অন্যানি সত্ত্বানি গবাদীন্ জন্তূংশ্চ পীড়য়ামাসুঃ ॥৩৪॥

গরু, ঘোড়া, গাধা, উট, মহিষ, হাতী, হরিণ এবং মাংসভোজী প্রাণিগণের মধ্যেও আসিয়া তাহারা জন্মিতে লাগিল ॥৩০॥

মহারাজ ! এই পৃথিবী চিরদিনই আপনাকে আপনি ধারণ করিয়া আসিতে-ছিলেন, কিন্তু সে সময়ে—পূর্ব্বে যাহারা জন্মিয়াছিল এবং তৎকালে যাহারা জন্মিতেছিল, সেই সকল অসুরের ভারে সেই পৃথিবী আপনাকে আপনি ধারণ করিতে সমর্থ হইয়াছিলেন না ॥৩১॥

তাহার পরে আবার স্বর্গচ্যুত অত্যন্তমদমত্ত কতকগুলি দৈত্য ও দানব তখন এই পৃথিবীতে একে বারে রাজা হইয়াই বসিল ॥৩২॥

বলবান্, গর্বিত ও শত্রুশাসক সেই অসুরগণ নানাবিধ রূপ ধারণ করিয়া সমুদ্র পর্য্যন্ত এই পৃথিবীকে ব্যাপ্ত করিয়া ফেলিল ॥৩৩॥

তাহারা আপন বিক্রমে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র ও অন্যান্য জাতিকে উৎপীড়িত করিতে থাকিল ; এমন কি পশুপক্ষিপ্রভৃতি অন্যান্য প্রাণীরও উৎ-পাত করিতে লাগিল ॥৩৪॥

ত্রাসয়ন্তোঽভিনিঘ্নন্তঃ সর্বভূতগণাংশ্চ তে।
বিচেরুঃ সর্বশো রাজন্! মহীং শতসহস্রশঃ ॥৩৫॥
আশ্রমস্থান্ মহর্ষীংশ্চ ধর্ষয়ন্তস্ততস্ততঃ।
অব্রহ্মণ্যা বীর্য্যমদা মত্তা মদবলেন চ ॥৩৬॥ (যুগ্মকম্)
এবং বীর্য্যবলোৎসিক্তৈর্ভূরিযত্নৈর্ম হাসুরৈঃ।
পীড্যমানা মহী রাজন্! ব্রহ্মাণমুপচক্রমে ॥৩৭॥
নহ্যমী ভূতসত্ত্বৌঘাঃ পন্নগাঃ সনগাং মহীম্।
তদা ধারয়িতুং শেকুরাক্রান্তাং দানবৈর্বলাৎ ॥৩৮॥

ভারতকৌমুদী

ত্রাসয়ন্ত ইতি। হে রাজন্! ব্রহ্মণে বেদায় হিতা ব্রহ্মণ্যাঃ ন ব্রহ্মণ্যা অব্রহ্মণ্যা বেদবিরোধিনঃ, বীর্য্যেণ বলেন মদো মত্ততা যেষাং তে, মদবলেন দর্পপ্রভাবেণ মত্তাশ্চ, শতসহস্রশস্তে অসুরাঃ, সর্ব্বভূতগণান্ ত্রাসয়ন্তঃ, স্থানবিশেষেষু অভিনিঘ্নন্তো মারয়ন্তঃ, ততস্তত আশ্রমস্থান্ মহর্ষীনপি, ধর্ষয়ন্ত উৎপীড়য়ন্তশ্চ, সর্ব্বশঃ সর্বাং মহীং বিচেরুঃ ॥৩৫—৩৬॥

এবমিতি। হে রাজন্! বীর্য্যবলেন উৎসিক্তৈরুদ্ধতৈঃ, ভূরিঃ প্রচুরো যত্নঃ পীড়নচেষ্টা যেষাং তৈর্ম হাসুরৈঃ, এবং পীড্যমানা মহী, ব্রহ্মাণং গন্তুমুপচক্রমে ॥৩৭॥

নেতি। হি যস্মাৎ, অমী, ভূতানাং কূর্ম্মদিগ্‌গজানাং সত্ত্বৌঘা বলসমূহাঃ পন্নগা অনন্ত-নাগাশ্চ, গৌরবাদ্বহুবচনম্, তদা দানবৈর্বলাৎ আক্রান্তাম্, সনগাং পর্ব্বতসহিতাং মহীম্, ধারয়িতুং ন শেকুঃ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

প্রীত্যা সহিতে ॥২৭—২৮॥ দেবত্বং রাজ্যং দেবভাবং বা ॥২৯—৩৬॥ মহী উপচক্রমে গন্তুমিতি শেষঃ। "মহারাজ" ইতি পাঠান্তরে তু মহীতি শেষঃ ॥৩৭॥ ন হ্যমীতি ভূত-

---

বেদবিরোধী, বলমত্ত ও অত্যন্তদর্পিত বহুতর অসুর সকল প্রাণিগণের ভয় জন্মাইয়া, কোথাও তাহাদিগকে বিনষ্ট করিয়া, এমন কি তপোবনের মহর্ষিদের পর্য্যন্ত উৎপাত করিতে থাকিয়া সমস্ত পৃথিবীতে বিচরণ করিতে লাগিল ॥৩৫—৩৬॥

মহারাজ! বলগর্বিত মহাসুরগণ বিশেষ যত্ন সহকারে এই ভাবে উৎপাত করিতে থাকিলে, পৃথিবী ব্রহ্মার নিকট যাইবার উপক্রম করিলেন ॥৩৭॥

কারণ, তৎকালে দানবগণ বলপূর্ব্বক আক্রমণ করিয়াছিল বলিয়া, অনন্ত-নাগ, কূর্ম্ম ও দিগ্‌গজগণ, পর্বতাদিসমেত পৃথিবীকে ধরিয়া রাখিতে পারিতে-ছিলেন না ॥৩৮॥

---

(৩৭)...ভুরিয়ং তৈর্ম হাসুরৈঃ ...।

তদা মহী মহীপাল! ভারার্ত্তা ভয়পীড়িতা।
জগাম শরণং দেবং সর্বভূতপিতামহম্ ॥৩৯॥
সা সংবৃতং মহাভাগৈর্দেবদ্বিজমহর্ষিভিঃ।
দদর্শ দেবং ব্রহ্মাণং লোককর্ত্তারমব্যয়ম্ ॥৪০॥
গন্ধর্বৈরপ্সরোভিশ্চ দৈবকর্ম্মসু নিষ্ঠিতৈঃ।
বন্দ্যমানং মুদোপেতৈর্ববন্দে চৈনমেত্য সা ॥৪১॥
অথ বিজ্ঞাপয়ামাস ভূমিস্তং শরণার্থিনী।
সন্নিধৌ লোকপালানাং সর্ব্বেষামেব ভারত! ॥৪২॥

ভারতকৌমুদী

তদেতি। হে মহীপাল! তদা ভারার্ত্তা অতএব ভয়পীড়িতা মহী, সর্বেষামেব ভূতানাং পিতামহং জনকানামপি জনকং দেবং ব্রহ্মাণম্, শরণং জগাম ॥৩৯॥

সেতি। সা মহী, মহাভাগৈঃ দেবদ্বিজমহর্ষিভিঃ সংবৃতং পরিবেষ্টিতম্, লোককর্ত্তারং জগৎস্রষ্টিকারকম্, অব্যয়ং প্রাণ্যন্তরবৎ ক্ষয়রহিতম্, ব্রহ্মাণং দেবং দদর্শ ॥৪০॥

গন্ধর্ব্বৈরিতি। সা মহী, এত্য সমীপং গত্বা, দৈবকর্ম্মসু পূজাস্তবাদিষু নিষ্ঠিতৈর্নিরতৈঃ, অতএব মুদোপেতৈঃ আনন্দান্বিতৈঃ, গন্ধর্ব্বৈঃ অপ্সরোভিশ্চ, বন্দ্যমানম্, এনং ব্রহ্মাণম্, ববন্দে ॥৪১॥

অথেতি। হে ভারত! অথ শরণার্থিনী ভূমিঃ, সর্বেষামেব লোকপালানাম্ ইন্দ্রাদীনাং সন্নিধৌ, তং ব্রহ্মাণম্, বক্ষ্যমাণমর্থং বিজ্ঞাপয়ামাস ॥৪২॥

ভারতভাবদীপঃ

সর্ব্বৌঘাঃ ভূতানাং শেষকূর্ম্মদিগ্‌গজানাং ধরাভৃতাং সর্ব্বৌঘা বলসজ্ঘাঃ, পন্নগাঃ শেষাঃ। বহুবচনং তেষাং প্রত্যেকং বহূনামপ্যসামর্থ্যম্, কিং পুনরেকৈকস্যেতি সূচনার্থম্। "ন হ্যেনাম্" ইতি পাঠে এনাং বুদ্ধিস্থাং ভূমিম্ ॥৩৮—৩৯॥ অব্যয়মজরত্বাদপক্ষয়শূন্যম্ ॥৪০॥ এনং

মহারাজ! তখন দানবভারাক্রান্তা ভয়ার্ত্তা পৃথিবী যাইয়া ব্রহ্মার শরণাপন্না হইলেন ॥৩৯॥

তিনি যাইয়া স্রষ্টিকর্ত্তা জরাক্ষয়বিহীন ব্রহ্মাকে দর্শন করিলেন; তৎকালে দেবগণ, মহর্ষিগণ ও ব্রাহ্মণগণ ব্রহ্মাকে পরিবেষ্টন করিয়া রহিয়াছিলেন ॥৪০॥

গন্ধর্ব্বগণ ও অপ্সরাগণ পূজা ও স্তবপাঠ করিয়া ব্রহ্মাকে নমস্কার করিতেছিল; এই অবস্থায় পৃথিবীও যাইয়া তাঁহাকে নমস্কার করিলেন ॥৪১॥

মহারাজ! তাহার পর শরণার্থিনী পৃথিবী সমস্ত দিক্‌পালগণের নিকটেই ব্রহ্মার নিকট নিবেদন করিতে লাগিলেন ॥৪২॥

[৪১]...বন্দিকর্ম্মসু নিষ্ঠিতৈঃ...।

তৎপ্রধানাত্মনস্তস্য ভূমেঃ কৃত্যং স্বয়ম্ভুবঃ।
পূর্ব্বমেবাভবদ্রাজন্! বিদিতং পরমেষ্ঠিনঃ ॥৪৩॥
স্রষ্টা হি জগতঃ কস্মান্ন সংবুধ্যেত ভারত!।
স সুরাসুরলোকানামশেষেণ মনোগতম্ ॥৪৪॥
তামুবাচ মহারাজ! ভূমিং ভূমিপতিঃ প্রভুঃ।
প্রভবঃ সর্বভূতানামীশঃ শম্ভুঃ প্রজাপতিঃ ॥৪৫॥
ব্রহ্মোবাচ।
যদর্থমসি সম্প্রাপ্তা মৎসকাশং বসুন্ধরে!।
তদর্থং সন্নিযোক্ষ্যামি সর্বানেব দিবৌকসঃ ॥৪৬॥

ভারতকৌমুদী

তদিতি। হে রাজন্! প্রধানঃ সাতিশয়ৈশ্বর্য্যাৎ সর্বাধিকশক্তিশালী আত্মা মনো যস্য তস্য, পরমে পদে তিষ্ঠতীতি পরমেষ্ঠী তস্য, স্বয়ম্ভুবো ব্রহ্মণঃ, ভূমেস্তৎ কৃত্যং পূর্ব্বমেব বিদিতমভবৎ ॥৪৩॥

এবং হেতুগর্ভবিশেষণমভিধায়েদানীং স্পষ্টং হেতুমভিধত্তে স্রষ্টেতি। হে ভারত! জগতঃ স্রষ্টা স ব্রহ্মা, অশেষেণ সুরাসুরলোকানাং মনোগতং ভাবম্, কস্মান্ন সংবুধ্যেত, অপি তু স্রষ্টৃত্বাদেব সংবুধ্যেতেত্যর্থঃ ॥৪৪॥

তামিতি। হে মহারাজ! সর্বভূতানাং প্রভবঃ কারণং স্রষ্টা ব্রহ্মা, ঈশঃ পালয়িতা বিষ্ণুঃ, শম্ভুঃ সংহর্ত্তা রুদ্রঃ, প্রজাপতিশ্চ এতৎসর্বস্বরূপ ইত্যর্থঃ, অতএব প্রভুঃ সর্বশক্তিমান্, ভূমিপতির্জগদীশ্বরঃ, তাং ভূমিমুবাচ ॥৪৫॥

যদর্থমিতি। হে বসুন্ধরে! ত্বং যদর্থং মৎসকাশং সম্প্রাপ্তা সমাগতাসি, তদর্থং ভারদূরীকরণার্থম্, সর্ব্বান্ দিবৌকসো দেবানেব সন্নিযোক্ষ্যামি ॥৪৬॥

ভারতভাবদীপঃ

ব্রহ্মাণম্। সা পৃথ্বী ॥৪১—৪২॥ তদ্ভূমেঃ কৃত্যম্। প্রধানাত্মনঃ প্রধানজয়ী আত্মা মনো যস্য তস্য। সাংখ্যযোগানাং হি প্রধানজয়িনঃ সর্ব্বজ্ঞত্বং সর্ব্বশক্তিত্বঞ্চ ভবতীতি প্রসিদ্ধম্। সর্ব্বজ্ঞস্য নাবিদিতং কিঞ্চিদস্তীত্যর্থঃ। প্রধানাত্মনঃ কারণাত্মনস্তদ্ভূমেঃ কৃত্যমিতি বার্থঃ ॥৪৩॥

মহারাজ! সর্ব্বাপেক্ষা অধিকশক্তিশালী উচ্চ পদে অধিষ্ঠিত ব্রহ্মা পৃথিবীর সেই কর্ত্তব্য বিষয় পূর্ব্বেই বুঝিতে পারিয়াছিলেন ॥৪৩॥

কারণ, তিনি জগতের সৃষ্টিকর্ত্তা; সুতরাং তিনি দেব, দানব ও মনুষ্যগণের সমস্ত মনোভাব কেন বুঝিতে পারিবেন না? ॥৪৪॥

মহারাজ! ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর ও প্রজাপতি এই চতুষ্টয়স্বরূপ সর্ব্বশক্তিমান্ জগদীশ্বর তখন সেই পৃথিবীকে বলিলেন ॥৪৫॥

[৪৬] শ্লোকাৎ পরম্ 'উত্তিষ্ঠ গচ্ছ বসুধে! স্বস্থানমিতি সাগমৎ' ইত্যর্দ্ধমধিকং ক্বচিৎ।

বৈশম্পায়ন উবাচ।

ইত্যুক্ত্বা স মহীং দেবো ব্রহ্মা রাজন্! বিসৃজ্য চ।
আদিদেশ তদা সর্বান্ বিবুধান্ ভূতকৃৎ স্বয়ম্ ॥৪৭॥
অস্যা ভূমের্নিরসিতুং ভারং ভাগৈঃ পৃথক্ পৃথক্।
অস্যামেব প্রসূয়ধ্বং বিরোধায়েতি চাব্রবীৎ ॥৪৮॥
তথৈব চ সমানীয় গন্ধর্বাপ্সরসাং গণান্।
উবাচ ভগবান্ সর্বানিদং বচনমর্থবিৎ ॥৪৯॥

ব্রহ্মোবাচ।

স্বৈঃ স্বৈরংশৈঃ প্রসূয়ধ্বং যথেষ্টং মানুষেষু চ। *
অথ শক্রাদয়ঃ সর্বে শ্রুত্বা সুরগুরোর্বচঃ।
তথ্যমর্থ্যঞ্চ পথ্যঞ্চ তস্য তে জগৃহুস্তদা ॥৫০॥

ভারতকৌমুদী

ইতীতি। ভূতকৃৎ সৃষ্টিকর্ত্তা স দেবো ব্রহ্মা, মহীম্ ইতি উক্ত্বা তাং বিসৃজ্য চ, তদা স্বয়মেব সর্ব্বান্ বিবুধান্ দেবান্, বক্ষ্যমাণমাদিদেশ ॥৪৭॥

অস্যা ইতি। হে দেবাঃ! অস্যা ভূমের্ভারম্, নিরসিতুং দূরীকর্ত্তুম্, অসুরৈঃ সহ বিরোধায় যূয়ম্, পৃথক্ পৃথক্, ভাগৈরংশৈঃ, অস্যাং ভূমাবেব, প্রসূয়ধ্বম্ উৎপদ্যধ্বম্, ইতি চ দেবানব্রবীৎ ॥৪৮॥

তথেতি। অর্থবিৎ প্রয়োজনাভিজ্ঞঃ, ভগবান্ ব্রহ্মা, সর্ব্বান্ গন্ধর্ব্বাপ্সরসাং গণান্ সমানীয়, তথৈব ইদং বচনম্ উবাচ ॥৪৯॥

ভারতভাবদীপঃ

তদেবাহ, স্রষ্টা হীতি ॥৪৪॥ অস্য ত্রিমূর্ত্তিত্বমাহ, প্রভব ইতি। ঈশো বিষ্ণুঃ ॥৪৫—৪৭॥

ব্রহ্মা বলিলেন—পৃথিবি! তুমি যে জন্য আমার নিকট আসিয়াছ, আমি সে জন্য সমস্ত দেবগণকেই নিযুক্ত করিব ॥৪৬॥

বৈশম্পায়ন বলিলেন—সৃষ্টিকর্ত্তা ব্রহ্মা এই কথা বলিয়া পৃথিবীকে বিদায় দিয়া তখনই সমস্ত দেবগণকে আদেশ কবিলেন ॥৪৭॥

দেবগণ! এই পৃথিবীর ভার দূর করিবার জন্য অসুরদের সঙ্গে তোমাদের বিরোধ করিতে হইবে; সুতরাং তোমরা ভিন্ন ভিন্ন অংশে পৃথিবীতে যাইয়া জন্ম গ্রহণ কর ॥৪৮॥

কার্য্যজ্ঞ ব্রহ্মা গন্ধর্ব্বগণ ও অপ্সরাগণকে আনিয়া সেই ভাবেই এই কথা বলিলেন ॥৪৯॥

---

[৪৮]···ভিরোধায়েতি চাব্রবীৎ। * ইতঃ পরম্ 'বৈশম্পায়ন উবাচ' ইতি ক্বচিৎ পাঠঃ।

অথ তে সর্বশোঽংশৈঃ স্বৈর্গন্তুং ভূমিং কৃতক্ষণাঃ।
নারায়ণমমিত্রঘ্নং বৈকুণ্ঠমুপচক্রমুঃ ॥৫১॥
যঃ স চক্রগদাপাণিঃ পীতবাসাঃ শিতিপ্রভঃ।
পদ্মনাভঃ সুরারিঘ্নঃ পৃথুচার্বঞ্চিতেক্ষণঃ ॥৫২॥
প্রজাপতিপতির্দেবঃ সুরনাথো মহাবলঃ।
শ্রীবৎসাঙ্কো হৃষীকেশঃ সর্বদৈবতপূজিতঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

স্বৈরিতি। হে গন্ধর্ব্বাপ্সরসঃ! যূয়ম্, যথেষ্টম্ ইচ্ছানুসারেণ, স্বৈঃ স্বৈরংশৈঃ মানুষেষু, প্রসূয়ধ্বং জায়ধ্বম্। অথ সর্বে তে শক্রাদয় ইন্দ্রপ্রভৃতয়ঃ, তথ্যং সত্যম্, অর্থ্যং ন্যায্যম্, পথ্যং হিতঞ্চ, তস্য সুরগুরোর্ব্রহ্মণঃ, তদ্বচঃ, শ্রুত্বা, তদৈব জগৃহুঃ তৎ স্বীচক্রুঃ। ষট্‌পদোঽয়ং শ্লোকঃ ॥৫০॥

অথেতি। অথ সর্বশঃ সর্ব এব তে ইন্দ্রাদয়ঃ, স্বৈরংশৈঃ, ভূমিং পৃথিবীং গন্তুম্, কৃতক্ষণা অসুরবিজয়ার্থত্বাদ্বিহিতোৎসবাঃ সন্তঃ, অমিত্রঘ্নং শত্রুহন্তারম্, বৈকুণ্ঠং নারায়ণং গত্বা বক্তুমুপচক্রমুঃ ॥৫১॥

য ইতি। শিতিপ্রভঃ শ্যামলকান্তিঃ। পৃথুনী বিশালে চারুণী মনোহরে অঞ্চিতে কুটিলে ঈক্ষণে চক্ষুর্দ্বয়ং যস্য সঃ। প্রজাপতীনাং দক্ষাদীনামপি পতিঃ। শ্রীবৎসো বক্ষোলোমাবর্ত্ত এব অঙ্কশ্চিহ্নং যস্য সঃ। হৃষীকেশো মায়ানিয়ন্তা। আসীদিতি শেষঃ ॥৫২—৫৩॥

ভারতভাবদীপঃ

বিরোধায় বিরোধমূলকায় ভূভারনাশায়েত্যর্থঃ ॥৪৮—৪৯॥ তথ্যং যাথার্থ্যম্। অর্থ্যং প্রার্থনীয়ম্। পথ্যং হিতকরম্ ॥৫০॥ কৃতক্ষণাঃ কৃতনিয়মাঃ ॥৫১॥ পৃথুচার্ব্বঞ্চিতেক্ষণঃ পৃথুনী চার্ব্বঞ্চিতে সদয়নিপাতে ঈক্ষণে যস্য সঃ। "পৃথুবক্ষাঞ্চিতেক্ষণঃ" ইতি পাঠে বক্ষঃশব্দোঽকারান্তঃ।

ব্রহ্মা বলিলেন—তোমরা ইচ্ছানুসারে যাইয়া আপন আপন অংশে মনুষ্যের ভিতরে জন্মগ্রহণ কর। তাহার পর ইন্দ্রপ্রভৃতি সকলেই ব্রহ্মার সেই সত্য, ন্যায্য ও হিতকর বাক্য শুনিয়া তখনই তাহা স্বীকার করিলেন ॥৫০॥

তদনন্তর তাঁহারা সকলে আপন আপন অংশে পৃথিবীতে অবতীর্ণ হইবার জন্য যাত্রোৎসব করিয়া, শত্রুহন্তা বৈকুণ্ঠবাসী নারায়ণের নিকট যাইয়া বলিবার উপক্রম করিলেন ॥৫১॥

যিনি চক্র ও গদাধারী, পীতাম্বর, শ্যামকান্তি, পদ্মনাভ এবং অসুরহন্তা; যাঁহার নয়নযুগল বিশাল, মনোহর ও বক্র; যিনি প্রজাপতিগণেরও পতি, দেবগণেরও অধীশ্বর এবং মহাবলশালী; যাঁহার হৃদয়ে শ্রীবৎসচিহ্ন রহিয়াছে; আর যিনি মায়ার নিয়ন্তা এবং সমস্ত দেবতারও পূজিত ॥৫২—৫৩॥

[৫২]…পৃথুবক্ষাঞ্চিতেক্ষণঃ।

তং ভুবঃ শোধনায়েন্দ্র উবাচ পুরুষোত্তমম্।
অংশেনাবতরেত্যেবং তথেত্যাহ চ তং হরিঃ ॥৫৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি আদিবংশাবতারণে অংশাবতরণং নামোনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

(৭। সম্ভবপর্ব্ব)

ষষ্টিতমোঽধ্যায়ঃ

বৈশম্পায়ন উবাচ।

অথ নারায়ণেনেন্দ্রশ্চকার সহ সংবিদম্।
অবতর্ত্তুং মহীং স্বর্গাদংশতঃ সহিতঃ সুরৈঃ ॥১॥

ভারতকৌমুদী

তমিতি। ইন্দ্রঃ, ভুবঃ পৃথিব্যাঃ, শোধনায় অসুরবধেন নিরুপদ্রবীকরণায় অংশেন অবতর, ইত্যেবং তং পুরুষোত্তমমুবাচ। হরিশ্চ তথা ইতি তমিন্দ্রম্, আহ স্ম ॥৫৪॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্ব্বণি আদিবংশাবতারণে উনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

অথেতি। অথ নারায়ণস্ত অঙ্গীকারানন্তরম্, অন্যৈঃ সুরৈঃ সহিত ইন্দ্রঃ, অংশতঃ স্বর্গাৎ মহীম্ অবতর্ত্তুম্, নারায়ণেন সহ, সংবিদং বুদ্ধিং বুদ্ধিপ্রযুক্তাং মন্ত্রণামিত্যর্থঃ, চকার ॥১॥

ভারতভাবদীপঃ

পৃথুনি বক্ষে বক্ষসি অঙ্কিতং গমনং যয়োস্তে ধ্যানারূঢ়তয়া ঈক্ষণে যস্য সঃ ॥৫২—৫৩॥ শোধনায় কণ্টকভূতখলোন্মূলনায় ॥৫৪॥

ইতি আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৫৯॥

ইন্দ্র সেই নারায়ণকে বলিলেন—'পৃথিবীকে নিরুপদ্রব করিবার জন্য আপনি অংশক্রমে তথায় অবতীর্ণ হউন'। তখন নারায়ণ ইন্দ্রকে বলিলেন 'তাহাই হইবে' ॥৫৪॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর ইন্দ্র অন্যান্য দেবগণের সহিত অংশক্রমে স্বর্গ হইতে ভূতলে অবতীর্ণ হইবার বিষয়ে নারায়ণের সঙ্গে মন্ত্রণা করিলেন ॥১॥

* 'একষষ্টিতমোঽধ্যায়ঃ' 'চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ' 'পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ' ইতি পাঠভেদাঃ।

আদিশ্য চ স্বয়ং শক্রঃ সর্বানেব দিবৌকসঃ।
নির্জগাম পুনস্তস্মাৎ ক্ষয়ান্নারায়ণস্য হ ॥২॥
তেঽমরারিবিনাশায় সর্বলোকহিতায় চ।
অবতেরুঃ ক্রমেণৈব মহীং স্বর্গাদ্দিবৌকসঃ ॥৩॥
ততো ব্রহ্মর্ষিবংশেষু পার্থিবর্ষিকুলেষু চ।
জজ্ঞিরে রাজশার্দ্দূল! যথাকামং দিবৌকসঃ ॥৪॥
দানবান্ রাক্ষসাংশ্চৈব গন্ধর্বান্ পন্নগাংস্তথা।
পুরুষাদানি চান্যানি জঘ্নুঃ সত্ত্বান্যনেকশঃ ॥৫॥
দানবা রাক্ষসাশ্চৈব গন্ধর্ব্বাঃ পন্নগাস্তথা।
ন তান্ বলস্থান্ বাল্যেঽপি জঘ্নুর্ভরতসত্তম! ॥৬॥

ভারতকৌমুদী

আদিশ্যেতি। শক্র ইন্দ্রশ্চ, সর্ব্বান্ দিবৌকসো দেবানেব, অংশেনাবতরণায় আদিশ্য, তস্মান্নারায়ণস্য ক্ষয়াদ্ভবনাৎ স্বয়ং পুনর্নির্জগাম। "নিলয়াপচয়ৌ ক্ষয়ৌ" ইত্যমরঃ ॥২॥

ত ইতি। তে দিবৌকসো দেবাশ্চ অমরারীণাম্ অসুরাণাং বিনাশায় সর্ব্বলোকহিতায় চ, ক্রমেণৈব স্বর্গান্মহীম্, অবতেরুঃ ॥৩॥

তত ইতি। হে রাজশার্দ্দূল! জনমেজয়! ততো দিবৌকসো দেবাঃ, ব্রহ্মর্ষিবংশেষু পার্থিবর্ষিকুলেষু রাজর্ষিবংশেষু চ যথাকামং জজ্ঞিরে জাতাঃ ॥৪॥

দানবানিতি। জাতাশ্চ দিবৌকসঃ, দানবান্, রাক্ষসান্, বিরোধিনো গন্ধর্বান্, তথা পন্নগাংশ্চ, অনেকশঃ অনেকানি, পুরুষানদন্তীতি তানি নরমাংসভক্ষকাণি অন্যানি সত্ত্বানি সিংহাদিজন্তুংশ্চ জঘ্নুঃ ॥৫॥

নন্থ দানবাদয়স্তান্ দেবান্ কথং ন জঘ্নুরিত্যাহ দানবা ইতি। হে ভরতসত্তম! বাল্যেঽপি বলস্থান্ বলবতঃ সতঃ, তান্ দেবান্; ন জঘ্নুঃ হন্তুং ন শক্তাঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

অথেতি ॥১॥ ক্ষয়াৎ স্থানাৎ ॥২—৫॥ দানবাদয়ো বাল্যে এব দেবান্ কুতো ন হতবন্ত

দেবরাজ সমস্ত দেবগণকে অবতীর্ণ হইবার জন্য আদেশ করিয়া, নিজে সেই নারায়ণের বাড়ী হইতে ফিরিয়া আসিলেন ॥২॥

সেই দেবগণ অসুরবিনাশের জন্য এবং সমস্ত লোকের মঙ্গলের জন্য স্বর্গ হইতে ক্রমশঃ মর্ত্ত্যলোকে অবতীর্ণ হইতে লাগিলেন ॥৩॥

মহারাজ! তাহার পর দেবতারা ইচ্ছানুসারে ব্রহ্মর্ষি ও রাজর্ষিবংশে জন্মিতে লাগিলেন ॥৪॥

তদনন্তর দেবতারা দানব, রাক্ষস, বিরোধী গন্ধর্ব্ব, নাগ এবং অন্যান্য অনেক নরমাংসভোজী জন্তুকে বিনষ্ট করিতে থাকিলেন ॥৫॥

জনমেজয় উবাচ।

দেবদানবসংঘানাং গন্ধর্বাপ্সরসাং তথা।
মানবানাঞ্চ সর্বেষাং তথা বৈ যক্ষরক্ষসাম্ ॥৭॥
শ্রোতুমিচ্ছামি তত্ত্বেন সম্ভবং কৃৎস্নমাদিতঃ।
প্রাণিনাঞ্চৈব সর্বেষাং সম্ভবং বক্তুমর্হসি ॥৮॥ (যুগ্মকম্)

বৈশম্পায়ন উবাচ।

হন্ত তে কথয়িষ্যামি নমস্কৃত্য স্বয়ম্ভুবে।
সুরাদীনামহং সম্যগ্ লোকানাং প্রভবাপ্যয়ম্ ॥৯॥
ব্রহ্মণো মানসাঃ পুত্রা বিদিতাঃ ষণ্মহর্ষয়ঃ।
মরীচিরত্র্যঙ্গিরসৌ পুলস্ত্যঃ পুলহঃ ক্রতুঃ ॥১০॥
মরীচেঃ কশ্যপঃ পুত্রঃ কশ্যপাত্তু ইমাঃ প্রজাঃ।
প্রজজ্ঞিরে মহাভাগা দক্ষকন্যাস্ত্রয়োদশ ॥১১॥

ভারতকৌমুদী

দেবেতি। আদিত এব, কৃৎস্নং সর্ব্বম্, সম্ভবমুৎপত্তিম্, তত্ত্বেন যাথার্থ্যেন। কিং বহুনা, সর্বেষামেব প্রাণিনাং সম্ভবমুৎপত্তিম্ ॥৭—৮॥

হন্তেতি। হন্ত হর্ষে, বাগ্মিনো বক্তব্যলাভে হর্ষস্য স্বাভাবিকত্বাৎ। অহং স্বয়ম্ভুবে ব্রহ্মণে নমস্কৃত্য, তে তব সমীপে, সুরাদীনাং লোকানাম্, প্রভবাপ্যয়ম্ উৎপত্তিপ্রলয়ৌ, সম্যক্ কথয়িষ্যামি ॥৯॥

ব্রহ্মণ ইতি। মানসা মনঃসঙ্কল্পমাত্রেণ জাতাঃ। বিদিতা বিখ্যাতাঃ। অত্র পুরাণান্তর-বিরোধঃ কল্পভেদাঙ্গীকারেণ পরিহার্য্যঃ ॥১০॥

ভারতভাবদীপঃ

ইত্যাশঙ্ক্যাহ, দানবা ইতি। বাল্যেঽপি বলিন এব দেবা ইতি তেষামবধ্যা এবেত্যর্থঃ

কিন্তু দেবতারা বাল্যকালেই মহাবলপরাক্রান্ত হইয়াছিলেন বলিয়া, দানব, রাক্ষস, গন্ধর্ব্ব ও নাগগণ তাঁহাদিগকে বিনষ্ট করিতে পারিয়াছিল না ॥৬॥

জনমেজয় বলিলেন—মহর্ষি! দেব, দানব, গন্ধর্ব্ব, অপ্সরা, যক্ষ, রাক্ষস ও মানুষ ইহাদের সকলেরই প্রথম হইতে জন্মবৃত্তান্ত যথাযথভাবে আমি শুনিতে ইচ্ছা করি। অতএব আপনি সমস্ত প্রাণীরই উৎপত্তির বিষয় বলুন ॥৭—৮॥

বৈশম্পায়ন কহিলেন—মহারাজ! আমি ব্রহ্মাকে নমস্কার করিয়া, দেবতা-প্রভৃতি প্রাণিগণের উৎপত্তি ও প্রলয়ের বিষয় যথাযথভাবে আপনার নিকট বলিব ॥৯॥

বিখ্যাত ছয় জন মহর্ষি ব্রহ্মার মানস পুত্র ছিলেন; তাঁহাদের নাম—মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ এবং ক্রতু ॥১০॥

অদিতির্দিতির্দনুঃ কালা দনায়ুঃ সিংহিকা তথা।
ক্রোধা প্রাধা চ বিশ্বা চ বিনতা কপিলা মুনিঃ ॥১২॥
কদ্রুশ্চ মনুজব্যাঘ্র! দক্ষকন্যৈব ভারত!।
এতাসাং বীর্য্যসম্পন্নং পুত্রপৌত্রমনন্তকম্ ॥১৩॥ (যুগ্মকম্)
অদিত্যাং দ্বাদশাদিত্যাঃ সম্ভূতা ভুবনেশ্বরাঃ।
যে রাজন্! নামতস্তাংস্তে কীর্ত্তয়িষ্যামি ভারত! ॥১৪॥
ধাতা মিত্রোঽর্য্যমা শক্রো বরুণস্ত্বংশ এব চ।
ভগো বিবস্বান্ পূষা চ সবিতা দশমস্তথা ॥১৫॥
একাদশস্তথা ত্বষ্টা দ্বাদশো বিষ্ণুরুচ্যতে।
জঘন্যজস্তু সর্ব্বেষামাদিত্যানাং গুণাধিকঃ ॥১৬॥

ভারতকৌমুদী

মরীচেরিতি। প্রজা লোকাঃ। দক্ষস্য ব্রহ্মাঙ্গুষ্ঠজাতস্য দক্ষপ্রজাপতেঃ কন্যাঃ ॥১১॥

নাম্না তা দক্ষকন্যাঃ পরিচায়য়তি অদিতিরিতি। প্রথমপাদে অক্ষরাধিক্যমার্ষম্। বীর্য্যাত্ উৎপত্তিহেতুভূতাচ্ছোণিতাৎ স্ত্রীণাং শুক্রাভাবাৎ। পুত্রপৌত্রমিতি সমাহারদ্বন্দ্বৈক-বদ্ভাবঃ ॥১২—১৩॥

অদিত্যামিতি। হে ভারত! রাজন্! অদিত্যাম্, ভুবনেশ্বরা যে দ্বাদশ আদিত্যাঃ সম্ভূতাঃ, তে তব সমীপে, নামতস্তান্ কীর্ত্তয়িষ্যামি ॥১৪॥

দ্বাদশ আদিত্যান্ গণয়তি ধাতেতি ॥১৫॥

একাদশ ইতি। জঘন্যজঃ কনিষ্ঠো বিষ্ণুস্তু, সর্ব্বেষামাদিত্যানাং মধ্যে গুণাধিক আসীৎ ॥১৬॥

মরীচির পুত্র কশ্যপ; এবং কশ্যপ হইতেই এই (অধিকাংশ) লোক জন্মিয়াছে। এদিকে ব্রহ্মার অঙ্গুষ্ঠ হইতে দক্ষ জন্ম গ্রহণ করেন; তাঁহার তেরটী কন্যা জন্মিয়াছিল ॥১১॥

তাঁহাদের নাম—অদিতি, দিতি, দনু, কালা, দনায়ু, সিংহিকা, ক্রোধা, প্রাধা, বিশ্বা, বিনতা, কপিলা, মুনি এবং কদ্রু। ইঁহাদেরই অসংখ্য পুত্র-পৌত্র হইয়াছিল ॥১২—১৩॥

মহারাজ! অদিতির গর্ভে অত্যন্তপ্রভাবশালী যে বার জন আদিত্য জন্মিয়াছিলেন, আমি তাঁহাদের নাম আপনার নিকট বলিতেছি ॥১৪॥

ধাতা, মিত্র, অর্য্যমা, শক্র, বরুণ, অংশ, ভগ, বিবস্বান্, পূষা, আর দশমের নাম সবিতা ॥১৫॥

একাদশের নাম ত্বষ্টা এবং দ্বাদশের নাম বিষ্ণু। এই কনিষ্ঠ বিষ্ণুই সকল আদিত্যের মধ্যে অধিক গুণবান্ ছিলেন ॥১৬॥

---

(১২)…ক্রোধা প্রধা চ…।

এক এব দিতেঃ পুত্রো হিরণ্যকশিপুঃ স্মৃতঃ।
নাম্না খ্যাতাস্তু তস্যেমে পঞ্চ পুত্রা মহাত্মনঃ ॥১৭॥
প্রহ্লাদঃ পূর্ব্বজস্তেষাং সংহ্লাদস্তদনন্তরম্।
অনুহ্লাদস্তৃতীয়োঽভূত্তস্মাচ্চ শিবিবাস্কলৌ ॥১৮॥
প্রহ্লাদস্য ত্রয়ঃ পুত্রাঃ খ্যাতাঃ সর্ব্বত্র ভারত!।
বিরোচনশ্চ কুম্ভশ্চ নিকুম্ভশ্চেতি ভারত! ॥১৯॥
বিরোচনস্য পুত্রোঽভূদ্বলিরেকঃ প্রতাপবান্।
বলেশ্চ প্রথিতঃ পুত্রো বাণো নাম মহাসুরঃ ॥২০॥
রুদ্রস্যানুচরঃ শ্রীমান্ মহাকালেতি যং বিদুঃ।
চত্বারিংশদ্দনোঃ পুত্রাঃ খ্যাতাঃ সর্ব্বত্র ভারত! ॥২১॥
তেষাং প্রথমজো রাজা বিপ্রচিত্তির্ম্মহাযশাঃ।
শম্বরো নমুচিশ্চৈব পুলোমা চেতি বিশ্রুতঃ ॥২২॥

ভারতকৌমুদী

এক ইতি। তস্য মহাত্মনো হিরণ্যকশিপোঃ, ইমে পঞ্চ পুত্রা বক্ষ্যমাণেন নাম্না খ্যাতাঃ ॥১৭॥

প্রহ্লাদ ইতি। পূর্ব্বজো জ্যেষ্ঠঃ। তস্মাদনুহ্লাদাৎ পরম্, শিবিবাস্কলৌ পুত্রৌ ॥১৮॥

প্রহ্লাদস্যেতি। ইতি নামভিঃ সর্ব্বত্র খ্যাতা ইত্যন্বয়ঃ ॥১৯॥

বিরোচনস্যেতি। বলির্নাম এক এব প্রতাপবান্ পুত্রোঽভূৎ ॥২০॥

রুদ্রস্যেতি। স চ বাণো রুদ্রস্যানুচরঃ শ্রীমান্ বিভূতিমাংশ্চাসীৎ। যং বাণম্, মহাকালেতি নাম্না বিদুঃ। অত্রেতিশব্দো "গবিত্যয়মাহ" ইত্যাদিবৎ স্বরূপাবির্ভাবকঃ ॥২১॥

দিতির হিরণ্যকশিপুনামে একটী মাত্র পুত্র জন্মিয়াছিল। সেই মহাত্মা হিরণ্যকশিপুর এই পাঁচ পুত্র জন্মিয়াছিল ॥১৭॥

তাঁহাদের মধ্যে প্রহ্লাদ জ্যেষ্ঠ, তাহার পর সংহ্লাদ, তৃতীয় অনুহ্লাদ, তৎপর শিবি ও বাস্কল ॥১৮॥

প্রহ্লাদের তিন পুত্র—বিরোচন, কুম্ভ ও নিকুম্ভ ॥১৯॥

বিরোচনের একমাত্র পুত্র বলি; তিনি অত্যন্তপ্রতাপশালী ছিলেন এবং বলির পুত্র বাণ; তিনি মহাসুর বলিয়া প্রসিদ্ধ হইয়াছিলেন ॥২০॥

সেই বাণ রাজা মহাদেবের ভক্ত ও অত্যন্ত ঐশ্বর্য্যশালী ছিলেন; তৎকালে তাঁহাকে মহাকাল বলিয়া লোকে জানিত। মহারাজ! দনুর পুত্র ছিলেন চল্লিশ জন ॥২১॥

---

[১৮] প্রহ্রাদঃ...সংহ্রাদঃ · অনুহ্রাদঃ...।

অসিলোমা চ কেশী চ দুর্জ্জয়শ্চৈব দানবঃ।
অয়ঃশিরা অশ্বশিরা অশ্বশঙ্কুশ্চ বীর্য্যবান্ ॥২৩॥
তথা গগনমূর্দ্ধা চ বেগবান্ কেতুমাংশ্চসঃ।
স্বর্ভানুরশ্বোঽশ্বপতির্বৃষপর্ব্বাঽজকস্তথা ॥২৪॥
অশ্বগ্রীবশ্চ সূক্ষ্মশ্চ তুহুণ্ডশ্চ মহাবলঃ।
একপাদেকচক্রশ্চ বিরূপাক্ষহরাহরাঃ ॥২৫॥
নিচন্দ্রশ্চ নিকুম্ভশ্চ কুপটঃ কপটস্তথা।
শরভঃ শলভশ্চৈব সূর্য্যাচন্দ্রমসৌ তথা।
এতে খ্যাতা দনোর্বংশে দানবাঃ পরিকীর্ত্তিতাঃ ॥২৬॥
অন্যৌ তু খলু দেবানাং সূর্য্যাচন্দ্রমসৌ স্মৃতৌ।
অন্যৌ দানবমুখ্যানাং সূর্য্যাচন্দ্রমসৌ তথা ॥২৭॥
ইমে চ বংশাঃ প্রথিতাঃ সত্ত্ববন্তো মহাবলাঃ।
দনুপুত্রা মহারাজ! দশ দানববংশজাঃ ॥২৮॥

ভারতকৌমুদী

তেষামিতি। তেষাং দনুপুত্রাণাং মধ্যে। ত্রয়োবিংশাদারভ্য ষড়্বিংশপর্য্যন্তাঃ সুগমাঃ। ষড়্বিংশতিপদ্যং ষট্‌চরণম্ ॥২২—২৬॥

নমু দেবানাং মধ্যেঽপি সূর্য্যাচন্দ্রমসৌ বর্ত্তেতে তৎকিমিমাবভিন্নাবিত্যাহ অন্যাবিতি। কেবলং নামসাম্যমিতি ভাবঃ ॥২৭॥

ইম ইতি। হে মহারাজ! ইমে পূর্ব্বোক্তদানবপ্রবর্ত্তিতাশ্চ বংশা ভুবি প্রথিতাঃ। অন্যে তু দশ দনুপুত্রাঃ, সত্ত্ববন্তঃ অধ্যবসায়শালিনো মহাবলা দানববংশজাস্তদ্বংশকরা উচ্যন্ত ইত্যর্থঃ ॥২৮॥

তাঁহাদের মধ্যে জ্যেষ্ঠের নাম ছিল—বিপ্রচিত্তি; তিনি রাজা ছিলেন। তদ্ভিন্ন অন্যান্য দনুপুত্রের নাম—মহাযশ, শম্বর, নমুচি, পুলোমা, অসিলোমা, কেশী, দুর্জ্জয়, দানব, অয়ঃশির, অশ্বশির, অশ্বশঙ্কু, বীর্য্যবান্, গগনমূর্দ্ধা, বেগবান্, কেতুমান্, চস, স্বর্ভানু, অশ্ব, অশ্বপতি, বৃষপর্ব্বা, অজক, অশ্বগ্রীব, সূক্ষ্ম, তুহুণ্ড, মহাবল, একপাৎ, একচক্র, বিরূপ, অক্ষ, হর, আহর, নিচন্দ্র, নিকুম্ভ, কুপট, কপট, শরভ, শলভ, সূর্য্য এবং চন্দ্রমা ॥২২–২৬॥

দেবগণের মধ্যে যে সূর্য্য ও চন্দ্রমা আছেন, তাঁহারা—দানবমধ্যে পরিগণিত সূর্য্য ও চন্দ্রমা হইতে ভিন্ন ॥২৭॥

এই বিপ্রচিত্তিপ্রভৃতির বংশ জগতে প্রসিদ্ধ। তদ্ভিন্ন দশ জন দনুর পুত্র

---

(২৫)···ইষুপাৎ···বিরূপাক্ষমহোদরৌ।

একাক্ষোঽমৃতপো বীরঃ প্রলম্ব-নরকাবপি।
বাতাপিঃ শক্রতপনঃ শঠশ্চৈব মহাসুরঃ ॥২৯॥
গবিষ্ঠশ্চ বনায়ুশ্চ দীর্ঘজিহ্বশ্চ দানবঃ।
অসংখ্যেয়াঃ স্মৃতাস্তেষাং পুত্রাঃ পৌত্রাশ্চ ভারত! ॥৩০॥
সিংহিকা সুষুবে পুত্রং রাহুং চন্দ্রার্কমর্দ্দনম্।
সুচন্দ্রং চন্দ্রহন্তারং তথা চন্দ্রপ্রমর্দ্দনম্ ॥৩১॥
ক্রূরস্বভাবং ক্রূরায়াঃ পুত্রপৌত্রমনন্তকম্।
গণঃ ক্রোধবশো নাম ক্রূরকর্ম্মারিমর্দ্দনঃ ॥৩২॥
দনায়ুষঃ পুনঃ পুত্রাশ্চত্বারোঽসুরপুঙ্গবাঃ।
বিক্ষরো বলবীরৌ চ বৃত্রশ্চৈব মহাসুরঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

তেষাং দশানাং নামান্যাহ একাক্ষ ইতি। অমৃতং যজ্ঞশেষং পিবতীতি অমৃতপঃ ॥২৯—৩০॥

সিংহিকাখ্যায়া দক্ষতনয়ায়াঃ পুত্রচতুষ্টয়মাহ সিংহিকেতি। "কশ্যপস্য গৃহিণী তু সিংহিকা রাহুবাস্তুতনয়াবজীজনৎ" ইতি মৎস্যপুরাণবিরোধস্তু কল্পভেদাঙ্গীকারেণ পরিহার্য্যঃ ॥৩১॥

ক্রোধায়া বংশমাহ ক্রূরেতি। ক্রূরায়াঃ ক্রূরকার্য্যায়াঃ ক্রোধায়া ইত্যর্থঃ। তৎপুত্রাণামনন্তকত্বেঽপি তন্মধ্যে প্রধানানাং চতুর্ণাং নামান্যাহ গণ ইতি ॥৩২॥

দনায়ুষঃ পুত্রান্নির্দ্দিশতি দনায়ুষ ইতি। এতেঽপি সুরবিরোধিন ইত্যসুরপুঙ্গবা উচ্যন্তে ॥৩৩॥

ভারতভাবদীপঃ

॥৬—৮॥ হন্তেতি বাক্যারম্ভে। প্রভবাপ্যয়মুৎপত্তিপ্রলয়ম্ ॥৯—১৫॥ জঘন্যজঃ পশ্চাজ্জাতঃ

অত্যন্ত অধ্যবসায়ী ও মহাবলবান্ ছিলেন এবং তাঁহারাও দানববংশ প্রবর্ত্তিত করিয়াছিলেন ॥২৮॥

সেই দশ জনের নাম—একাক্ষ, অমৃতপ, প্রলম্ব, নরক, বাতাপি, শক্রতপন, শঠ, গবিষ্ঠ বনায়ু, এবং দীর্ঘজিহ্ব। ইঁহাদের অসংখ্য পুত্র-পৌত্র হইয়াছিল ॥২৯—৩০॥

দক্ষতনয়া সিংহিকার চারি পুত্র—তাহার মধ্যে জ্যেষ্ঠ—চন্দ্র ও সূর্য্যের উৎপীড়নকারী রাহু, দ্বিতীয় সুচন্দ্র, তৃতীয় চন্দ্রহন্তা এবং চতুর্থ চন্দ্রপ্রমর্দ্দন ॥৩১॥

দক্ষতনয়া ক্রোধার অসংখ্য পুত্র-পৌত্র হইয়াছিল; তাহার মধ্যে প্রধান চারি পুত্রের নাম ছিল--গণ, ক্রোধবশ, ক্রূরকর্ম্মা ও অরিমর্দ্দন ॥৩২॥

দক্ষদুহিতা দনায়ুরও চারি পুত্র হইয়াছিল; তাঁহাদের নাম ছিল-- বিক্ষর, বল, বীর ও বৃত্র ॥৩৩॥

কালায়াঃ প্রথিতাঃ পুত্রাঃ কালকল্পাঃ প্রহারিণঃ।
প্রবিখ্যাতা মহাবীর্য্যা দানবেষু পরন্তপাঃ ॥৩৪॥
বিনাশনশ্চ ক্রোধশ্চ ক্রোধহন্তা তথৈব চ।
ক্রোধশত্রুস্তথৈবান্যে কালকেয়া ইতি শ্রুতাঃ ॥৩৫॥
অসুরাণামুপাধ্যায়ঃ শুক্রস্ত্বৃষিসুতোঽভবৎ।
খ্যাতাশ্চোশনসঃ পুত্রাশ্চত্বারোঽসুরযাজকাঃ ॥৩৬॥
ত্বষ্টাধরস্তথাত্রিশ্চ দ্বাবন্যৌ রৌদ্রকর্ম্মিণৌ।
তেজসা সূর্য্যসঙ্কাশা ব্রহ্মলোকপরায়ণাঃ ॥৩৭॥
ইত্যেষ বংশপ্রভবঃ কথিতস্তে তরস্বিনাম্।
অসুরাণাং সুরাণাঞ্চ পুরাণে সংশ্রুতো ময়া ॥৩৮॥

ভারতকৌমুদী

কালায়াঃ পুত্রানাহ কালায়া ইতি। কালকল্পা যমতুল্যাঃ, প্রহারিণঃ শত্রুঘাতকাঃ ॥৩৪॥

কালায়াঃ পুত্রান্ গণয়তি বিনাশন ইতি। তথৈব অন্যে কেচিৎ কালায়াঃ পুত্রা আসন্, তে সর্ব্ব এব কালকেয়া ইতি শ্রুতা বিখ্যাতাঃ ॥৩৫॥

অসুরাণামিতি। ঋষিসুতো ভৃগুপুত্রঃ শুক্রস্তু অসুরাণামুপাধ্যায়ঃ অভবৎ। উশনসস্তস্য শুক্রস্য চত্বারঃ পুত্রা এব অসুরযাজকাঃ খ্যাতাঃ ॥৩৬॥

কে তে চত্বার ইত্যাহ ত্বষ্টাধর ইতি। ত্বষ্টাধরঃ, অত্রিশ্চ, অন্যৌ দ্বৌ তু রৌদ্রকর্ম্মিণৌ রৌদ্রঃ কর্ম্মী চ ইত্যাখ্যৌ। রৌদ্রকর্ম্মিণৌ অভিচারকর্ম্মনিরতৌ ইতি কেচিৎ। ব্রহ্ম বেদঃ লোকো লৌকিকং নীতিশাস্ত্রং তৎপরায়ণাঃ ॥৩৭॥

ইতীতি। পুরাণে সংশ্রুতঃ, তরস্বিনাং বলবতাম্, অসুরাণাং সুরাণাঞ্চ, এষ বংশপ্রভবো বংশোৎপত্তিঃ, তে তব সমীপে, ময়া ইতি কথিতঃ ॥৩৮॥

দক্ষসুতা কালার পুত্রগণ অসুরগণের মধ্যে মহাবলবান্, যমকল্প এবং শত্রুহন্তা বলিয়া প্রসিদ্ধ ছিলেন ॥৩৪॥

কালার পুত্রগণই 'কালকেয়নামে' বিখ্যাত। তাঁহাদের মধ্যে--বিনাশন, ক্রোধ, ক্রোধহন্তা ও ক্রোধশত্রু এই চারি জন প্রধান ছিলেন ; আরও কতকগুলি পুত্র ছিল ॥৩৫॥

ভৃগুর পুত্র শুক্র অসুরদিগের অধ্যাপক ছিলেন ; তাঁহার চারি পুত্র অসুরগণের পুরোহিত হইয়াছিলেন ॥৩৬॥

তাঁহাদের নাম—ত্বষ্টাধর, অত্রি, রৌদ্র এবং কর্ম্মী। তাঁহারা সকলেই সূর্য্যের তুল্য তেজীয়ান্ এবং বেদ ও নীতিশাস্ত্রপরায়ণ ছিলেন ॥৩৭॥

আমি পুরাণে যেমন শুনিয়াছিলাম, তেমন ভাবেই আপনার নিকট এই বলবান্ অসুর ও সুরগণের বংশোৎপত্তি বলিলাম ॥৩৮॥

এতেষাং যদপত্যং তু ন শক্যং তদশেষতঃ।
প্রসংখ্যাতুং মহীপাল! গুণভূতমনন্তকম্ ॥৩৯॥
তার্ক্ষ্যশ্চারিষ্টনেমিশ্চ তথৈব গরুড়ারুণৌ।
আরুণির্বারুণিশ্চৈব বৈনতেয়াঃ প্রকীর্ত্তিতাঃ ॥৪০॥
শেষোঽনন্তো বাসুকিশ্চ তক্ষকশ্চ ভুজঙ্গমঃ।
কূর্ম্মশ্চ কুলিকশ্চৈব কাদ্রবেয়াঃ প্রকীর্ত্তিতাঃ ॥৪১॥
ভীমসেনোগ্রসেনৌ চ সুপর্ণো বরুণস্তথা।
গোপতির্ধৃতরাষ্ট্রশ্চ সূর্য্যবর্চ্চাশ্চ সপ্তমঃ ॥৪২॥
সুনেত্রঃ পত্রবানর্কস্তথা কাশীপতিশ্চ যঃ।
সত্যবাগর্কপর্ণশ্চ প্রযুতশ্চাপি বিশ্রুতঃ ॥৪ ॥
ভীমশ্চিত্ররথশ্চৈব বিখ্যাতঃ সর্ববিদ্বশী।
তথা শালিশিরা রাজন্! পর্জ্জন্যশ্চ চতুর্দ্দশঃ ॥৪৪॥

ভারতকৌমুদী

এতেষামিতি। গুণভূতম্ অপত্যেষু অপ্রধানভূতম্, অনন্তকম্ অসংখ্যঞ্চ তৎ অপত্যম্, অশেষতঃ সাকল্যেন, প্রসংখ্যাতুং ন শক্যম্ ॥৩৯॥

বিনতায়াঃ পুত্রান্ গণয়তি তার্ক্ষ্য ইতি। বৈনতেয়া বিনতায়াঃ পুত্রাঃ ॥৪০॥

কদ্রোঃ পুত্রানাহ শেষ ইতি। চকারাদন্যেঽপি। কদ্রোরপত্যানি কাদ্রবেয়াঃ ॥৪১॥

মুনিনামিকায়া দক্ষতনয়ায়াঃ পুত্রান্নির্দ্দিশতি ভীমেতি। বরুণো দেবঃ, অপরে চ গন্ধর্ব্বাঃ ॥৪২॥

সুনেত্র ইতি। শোভনে নেত্রে যস্য স সুনেত্রঃ, পত্রবান্ বহুবিধবাহনঃ, অর্কস্য বিশেষণ-দ্বয়মিদম্। সত্যবাক্ প্রযুত ইতি দ্বয়মপি অর্কপর্ণস্য বিশেষণম্। প্রকৃষ্টং যুতং যোগো যস্য সঃ। ইমে গন্ধর্ব্বাঃ ॥৪৩॥

মহারাজ! ইহাদের যাহারা সন্তান ছিল, তাঁহারা প্রধান নহে, অথচ অসংখ্য; সুতরাং সম্পূর্ণভাবে তাঁহাদের সংখ্যা করা শক্তিসাধ্য নহে ॥৩৯॥

দক্ষতনয়া বিনতার পুত্রগণের নাম—তার্ক্ষ্য, অরিষ্টনেমি, গরুড়, অরুণ, আরুণি ও বারুণি ॥৪০॥

দক্ষসুতা কদ্রুর পুত্রগণের নাম—শেষ, অনন্ত, বাসুকি, তক্ষক, কূর্ম্ম এবং কুলিক ইত্যাদি ॥৪১॥

দক্ষতনয়া মুনির পুত্রগণের নাম-ভীমসেন, উগ্রসেন, সুপর্ণ, বরুণ, গোপতি, ধৃতরাষ্ট্র, সূর্য্যবর্চ্চ, সুন্দরনয়ন ও বহুবাহনশালী অর্ক, কাশীপতি, সত্যবাদী ও যোগী

(৪৩) সুনেত্র ইত্যাদিপাদদ্বয়ং কুত্রচিন্ন দৃশ্যতে।

কলিঃ পঞ্চদশস্তেষাং নারদশ্চৈব ষোড়শঃ।
ইত্যেতে দেবগন্ধর্ব্বা মৌনেয়াঃ পরিকীর্ত্তিতাঃ ॥৪৫॥
অথ প্রভূতান্যন্যানি কীর্ত্তয়িষ্যামি ভারত !।
অনবদ্যাং মনুং বংশামসুরাং মার্গণপ্রিয়াম্ ॥৪৬॥
অনূপাং সুভগাং ভাসীমিতি প্রাধা ব্যজায়ত।
সিদ্ধঃ পূর্ণশ্চ বর্হিশ্চ পূর্ণায়ুশ্চ মহাযশাঃ ॥৪৭॥
ব্রহ্মচারী রতিগুণঃ সুপর্ণশ্চৈব সপ্তমঃ।
বিশ্বাবসুশ্চ ভানুশ্চ সুচন্দ্রো দশমস্তথা ॥৪৮॥
ইত্যেতে দেবগন্ধর্ব্বাঃ প্রাধেয়াঃ পরিকীর্ত্তিতাঃ।
ইমং ত্বপ্সরসাং বংশং বিদিতং পুণ্যলক্ষণম্ ॥৪৯॥
প্রাধাঽসূত মহাভাগা দেবী দেবর্ষিতঃ পুরা।
অলম্বুষা মিশ্রকেশী বিদ্যুৎপর্ণা তিলোত্তমা ॥৫০॥

ভারতকৌমুদী

ভীম ইতি। সর্ব্ববিৎ সর্ব্বজ্ঞঃ, বশী জিতেন্দ্রিয়শ্চ, চিত্ররথস্য বিশেষণদ্বয়মেতৎ। পর্জ্জন্যো দেবঃ, অপরে গন্ধর্ব্বাঃ ॥৪৪॥

কলিরিতি। কলিনারদৌ দেবৌ। মুনেরপত্যানি পুমাংস ইতি মৌনেয়াঃ। দেবগন্ধর্ব্বা এতেষাং মধ্যে কেচিদ্দেবাঃ কেচিচ্চ গন্ধর্ব্বা ইত্যর্থঃ ॥৪৫॥

অথেতি। অথ দক্ষকন্যাতঃ প্রভূতানি জাতানি, অন্যানি অপত্যানি। প্রাধা নাম দক্ষতনয়া, ইতি অনবদ্যাপ্রভৃতীরষ্টৌ কন্যাঃ, ব্যজায়ত জনিতবতী। সকর্ম্মকত্বমার্ষম্। সিদ্ধপূর্ণবর্হিষো দেবাঃ, অপরে চ গন্ধর্ব্বাঃ। দেবগন্ধর্ব্বা ইতি পূর্ব্ববদ্ব্যাখ্যানম্। প্রাধায়া অপত্যানি পুমাংস ইতি প্রাধেয়াঃ। কিঞ্চ মহাভাগা প্রাধা দেবী, পুরা দেবর্ষিতঃ পত্যুঃ

অর্কপর্ণ, ভীম, সর্ব্বজ্ঞ ও জিতেন্দ্রিয় চিত্ররথ, শালিশির, পর্জ্জন্য, কলি এবং নারদ। (ইঁহাদের মধ্যে বরুণ, পর্জ্জন্য, কলি ও নারদ, এই চারি জন দেবতা; আর সকলে গন্ধর্ব্ব) ॥৪২—৪৫॥

মহারাজ! দক্ষতনয়াদের আরও যে সন্তান হইয়াছিল; তাহাও বলিতেছি। দক্ষতনয়া প্রাধার আট কন্যা—অনবদ্যা, মনু, বংশা, অসুরা, মার্গণপ্রিয়া, অনূপা, সুভগা এবং ভাসী। সেই প্রাধার পুত্র দশটী—সিদ্ধ, পূর্ণ, বর্হি, (এই তিন জন দেবতা); পূর্ণায়ু, ব্রহ্মচারী, রতিগুণ, সুপর্ণ, বিশ্বাবসু, ভানু, এবং সুচন্দ্র (ইঁহারা গন্ধর্ব্ব)। আবার ভাগ্যবতী সেই প্রাধা দেবর্ষি কশ্যপের

---

[৪৭] অরূপাং সুভগাম্…।

অরুণা রক্ষিতা চৈব রম্ভা তদ্বন্মনোরমা।
কেশিনী চ সুবাহুশ্চ সুরতা সুরজা তথা ॥৫১॥
সুপ্রিয়া চাতিবাহুশ্চ বিখ্যাতৌ চ হাহা হুহূঃ।
তুম্বুরুশ্চেতি চত্বারঃ স্মৃতা গন্ধর্বসত্তমাঃ ॥৫২॥ (কুলকম্)
অমৃতং ব্রাহ্মণা গাবো গন্ধর্বাপ্সরসস্তথা।
অপত্যং কপিলায়াস্তু পুরাণে পরিকীর্ত্তিতম্ ॥৫৩॥
ইতি তে সর্বভূতানাং সম্ভবঃ কথিতো ময়া।
যথাবৎ পরিসংখ্যাতো গন্ধর্বাপ্সরসাং তথা ॥৫৪॥
ভুজঙ্গানাং সুপর্ণানাং রুদ্রাণাং মরুতাং তথা।
গবাঞ্চ ব্রাহ্মণানাঞ্চ শ্রীমতাং পুণ্যকর্ম্মণাম্ ॥৫৫॥

ভারতকৌমুদী

কশ্যপাৎ, পুণ্যানি পুণ্যজনিতানি লক্ষণানি সৌন্দর্য্যাদীনি যস্য তং তাদৃশম্, বিদিতং বিখ্যাতম্, ইমম্, অপ্সরসাং বংশম্, অসূত। অলম্বুষাদীনি সুপ্রিয়ান্তানি অপ্সরসাং নামানি। হাহা হুহূঃ এতৌ বিখ্যাতৌ দ্বৌ। আর্ষত্বাচ্ছন্দোভঙ্গঃ সোঢ়ব্যঃ ॥৪৬—৫২॥

ইদানীং কপিলায়াঃ সন্তানানাহ অমৃতমিতি। অমৃতং সুধা, ব্রাহ্মণাঃ কাশ্যপগোত্রীয়াঃ, গাবঃ, উক্তেতরে গন্ধর্ব্বাঃ, উক্তেতরা অপ্সরসশ্চ, এতৎ সর্ব্বং কপিলায়া অপত্যম্ ॥৫৩॥

দক্ষতনয়াসন্তানকথনমুপসংহরন্নাহ ইতীতি। হে রাজন্! তে তব সমীপে, ময়া ইতি সর্ব্বভূতানাম্ আদিত্যাদীনাম্, সম্ভব উৎপত্তিঃ কথিতঃ; তথা গন্ধর্ব্বাপ্সরসামপি সম্ভবঃ, যথাবৎ পরিসংখ্যাত উক্তঃ ॥৫৪॥

অথৈতেষাং জন্মবৃত্তান্তশ্রবণাদিফলমাহ ভুজঙ্গানামিতি। ভুজঙ্গানাং নাগানাম্, সুপর্ণানাং গরুড়াদিপক্ষিণাম্, রুদ্রাণাং দেবানাম্, মরুতাং বায়ূনাম্, গবাঞ্চ, শ্রীমতাং পুণ্য-

---

ঔরসে এই অপ্সরাদিগকে প্রসব করেন—অলম্বুষা, মিশ্রকেশী, বিদ্যুৎপর্ণা, তিলোত্তমা, অরুণা, রক্ষিতা, রম্ভা, মনোরমা, কেশিনী, সুবাহু, সুরতা, সুরজা এবং সুপ্রিয়া। আর, অতিবাহু, হাহা, হুহু, এবং তুম্বুরু, এই চারিজন গন্ধর্ব্বও প্রাধার পুত্র ॥৪৬—৫২॥

অমৃত, ব্রাহ্মণ, গরু, অনেক গন্ধর্ব্ব ও অনেক অপ্সরা ইঁহারা দক্ষতনয়া কপিলার সন্তান; ইহা পুরাণে কথিত আছে ॥৫৩॥

মহারাজ! আমি এই আপনার নিকটে সমস্ত প্রাণীর উৎপত্তির কথা বলিলাম এবং গন্ধর্ব ও অপ্সরাদিগের জন্মবৃত্তান্ত বিবৃত করিলাম ॥৫৪॥

সর্প, পক্ষী, রুদ্র, বায়ু, গরু ও ধার্ম্মিক ব্রাহ্মণগণের জন্মবৃত্তান্ত আয়ু, ধর্ম্ম ও

---

[৫২]…হাহা হুহূঃ।

আয়ুষ্যশ্চৈব পুণ্যশ্চ ধন্যঃ শ্রুতিসুখাবহঃ।
শ্রোতব্যশ্চৈব সততং শ্রাব্যশ্চৈবানসূয়তা ॥৫৬॥ (যুগ্মকম্)
ইমন্তু বংশং নিয়মেন যঃ পঠেন্মহাত্মনাং ব্রাহ্মণদেবসন্নিধৌ।
অপত্যলাভং লভতে স পুষ্কলং শ্রিয়ং যশঃ প্রেত্য চ শোভনাং গতিম্ ॥৫৭॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি
সম্ভবে আদিত্যাদিবংশকথনং নাম ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

কর্ম্মণাং ব্রাহ্মণানাঞ্চ, সম্ভব উৎপত্তিঃ, আয়ুষ্য আয়ুষ্করঃ, পুণ্যঃ পুণ্যজনকঃ, ধন্যঃ প্রশংসার্হঃ, শ্রুতিসুখাবহশ্চ; অতএব অনসূয়তা পরদোষাবিষ্কারমকুর্ব্বতা জনেন, সততং শ্রোতব্যশ্চ, শ্রাব্যঃ শ্রাবয়িতব্যশ্চ ॥৫৫—৫৬॥

ইমমিতি। যো জনঃ, নিয়মেন ব্রহ্মচর্য্যাবলম্বনেন, মহাত্মনাম্ আদিত্যাদীনাম্, ইমং বংশম্, ব্রাহ্মণদেবসন্নিধৌ পঠেৎ; স জনঃ, পুষ্কলং প্রচুরম্ অপত্যলাভম্, শ্রিয়ং সম্পদম্, যশশ্চ, প্রেত্য পরলোকে চ শোভনাং গতিং ব্রহ্মলোকাদিস্থানম্, লভতে ॥৫৭॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়ামাদিপর্ব্বণি সম্ভবে ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

॥১৬—৩১॥ ক্রূরায়াঃ ক্রোধায়াঃ ॥৩২—৩৮॥ গুণভূতমপ্রধানরূপম্ ॥৩৯—৫৬॥ ব্রাহ্মণবৈদ্য-সন্নিধাবিতি পাঠে ব্রাহ্মণেষু বৈদ্যো বিদ্বাবান্ তৎসন্নিধৌ ॥৫৭॥

ইতি আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬০॥

—:০:—

শ্রুতিসুখ উৎপাদন করে এবং তাহা প্রশংসার যোগ্য। অতএব অসূয়াবিহীন লোক সর্ব্বদাই তাহা শুনিবেন এবং শুনাইবেন ॥৫৫—৫৬॥

যে লোক নিয়মপূর্ব্বক মহাত্মাদিগের এই জন্মবৃত্তান্ত ব্রাহ্মণ ও দেবগণের নিকটে পাঠ করিবে; সে লোক ইহলোকে প্রচুর সন্তান, সম্পদ ও যশ এবং পরলোকে উত্তম স্থান লাভ করিবে ॥৫৭॥

—:০:—

* 'ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ' 'পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ' 'দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ' ইতি পাঠভেদাঃ।

একষষ্টিতমোঽধ্যায়ঃ

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

ব্রহ্মণো মানসাঃ পুত্রা বিদিতাঃ ষণ্মহর্ষয়ঃ।
একাদশ সুতাঃ স্থাণোঃ খ্যাতাঃ পরমতেজসঃ ॥১॥
মৃগব্যাধশ্চ সর্পশ্চ নিঋ‍র্তিশ্চ মহাযশাঃ।
অজৈকপাদহির্ব্রধ্নঃ পিনাকী চ পরন্তপঃ ॥২॥
দহনোঽথেশ্বরশ্চৈব কপালী চ মহাদ্যুতিঃ।
স্থাণুর্ভগশ্চ ভগবান্ রুদ্রা একাদশ স্মৃতাঃ ॥৩॥
মরীচিরঙ্গিরা অত্রিঃ পুলস্ত্যঃ পুলহঃ ক্রতুঃ।
ষড়েতে ব্রহ্মণঃ পুত্রা বীর্য্যবন্তো মহর্ষয়ঃ ॥৪॥

ভারতকৌমুদী

অঙ্গিরঃপ্রভৃতীনাং পুত্রানভিধাতুং পুনর্ব্রহ্মণো মানসপুত্রানুদাহরতি ব্রহ্মণ ইতি। তথা স্থাণোঃ স্থিরতরস্য তস্যৈব ব্রহ্মণঃ, রুদ্রাখ্যাঃ পরমতেজস একাদশ সুতাঃ খ্যাতাঃ "কল্পাদাবাত্মনস্তুল্যং সুতং প্রধ্যায়তস্ততঃ। প্রাদুরাসীৎ প্রভোরঙ্কে কুমারো নীললোহিতঃ ॥" ইত্যাদিবিষ্ণুপুরাণাৎ ॥১॥

তেষামেকাদশানাং রুদ্রাণাং নামান্যাহ মৃগেতি। অজৈকপাৎ ইত্যেকঃ অহির্ব্রধ্নশ্চাপরঃ ॥২॥

দহন ইতি॥ ভগবান্ মাহাত্ম্যশালী। "ভগং শ্রীঃ কামমাহাত্ম্যবীর্য্যযত্নার্ককীর্ত্তিষু" ইত্যমরঃ ॥৩॥

অথ কে তে ষড়্ ব্রহ্মণো মানসাঃ পুত্রা ইত্যাহ মরীচিরিতি। অত্র পাঠক্রমো নাদরণীয়ঃ, "মরীচিরভবৎ পূর্ব্বং ততোঽত্রির্ভগবানৃষিঃ" ইতি মৎস্যপুরাণোক্তশাব্দক্রমস্য তদপেক্ষয়া বলবত্ত্বাৎ ॥৪॥

ভারতভাবদীপঃ

ব্রহ্মণ ইতি। ষণ্মহর্ষয়ঃ স্থাণুশ্চ সপ্তম ইতি বোধ্যম্। তত্রাদৌ স্থাণুসন্ততিমেবাহ,

---

বৈশম্পায়ন বলিলেন—ব্রহ্মার মানস পুত্র ছয় জন; তাঁহারা সকলেই জগৎপ্রসিদ্ধ মহর্ষি ছিলেন। আর, তাঁহারই পুত্র মহাতেজস্বী একাদশ রুদ্র ॥১॥

মৃগব্যাধ, সর্প, নিঋ‍র্তি, অজৈকপাৎ, অহির্ব্রধ্ন, পিনাকী, দহন, ঈশ্বর, কপালী, স্থাণু ও ভগ; ইঁহারাই একাদশ রুদ্র ॥২—৩॥

ব্রহ্মার মানসপুত্র ছয় জনের নাম—মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ এবং ক্রতু; ইঁহারা সকলেই তপঃপ্রভাবশালী মহর্ষি ছিলেন ॥৪॥

ত্রয়স্ত্বঙ্গিরসঃ পুত্রা লোকে সর্বত্র বিশ্রুতাঃ।
বৃহস্পতিরুতথ্যশ্চ সংবর্ত্তশ্চ ধৃতব্রতাঃ ॥৫॥
অত্রেস্তু বহবঃ পুত্রাঃ শ্রূয়ন্তে মনুজাধিপ!।
সর্বে বেদবিদঃ সিদ্ধাঃ শান্তাত্মানো মহর্ষয়ঃ ॥৬॥
রাক্ষসাশ্চ পুলস্ত্যস্য বানরাঃ কিন্নরাস্তথা।
যক্ষাশ্চ মনুজব্যাঘ্র! পুত্রাস্তস্য চ ধীমতঃ ॥৭॥
পুলহস্য সুতা রাজন্! শরভাশ্চ প্রকীর্ত্তিতাঃ।
সিংহাঃ কিম্পুরুষা ব্যাঘ্রা ঋক্ষা ঈহামৃগাস্তথা ॥৮॥
ক্রতোঃ ক্রতুসমাঃ পুত্রাঃ পতঙ্গসহচারিণঃ।
বিশ্রুতাস্ত্রিষু লোকেষু সত্যব্রতপরায়ণাঃ ॥৯॥
দক্ষস্ত্বজায়তাঙ্গুষ্ঠাদ্দক্ষিণাদ্ভগবানৃষিঃ।
ব্রহ্মণঃ পৃথিবীপাল! শান্তাত্মা সুমহাতপাঃ ॥১০॥

ভারতকৌমুদী

মরীচিপুত্রাণাং পূর্ব্বমভিধানাদিদানীং পারিশেষ্যাদঙ্গিরঃপ্রভৃতীনাং পুত্রানাহ ত্রয় ইতি ॥৫॥

অত্রেরিতি। সিদ্ধা অণিমাদ্যৈশ্বর্য্যবন্তঃ, শান্তাত্মানঃ শমগুণশালিনঃ ॥৬॥

পুলস্ত্যস্য সন্তানানাহ রাক্ষসা ইতি। কিয়ন্তঃ কিন্নরা ইত্যর্থঃ ॥৭॥

পুলহস্য পুত্রান্নির্দ্দিশতি পুলহস্যেতি। কিয়ন্তঃ কিম্পুরুষা ইতি তাৎপর্য্যং পুলস্ত্যস্যাপি তাদৃশপুত্রোল্লেখাৎ। শরভাঃ শশাঃ, ঋক্ষা ভল্লুকাঃ, ঈহামৃগাঃ কুক্কুরাকারব্যাঘ্রাঃ ॥৮॥

ক্রতুপুত্রানাহ ক্রতোরিতি। ক্রতুসমা যজ্ঞতুল্যপবিত্রাঃ, পতঙ্গসহচারিণঃ সূর্য্যসহচরা বালখিল্যনামানঃ। "পতঙ্গৌ পক্ষিসূর্য্যৌ চ" ইত্যমরঃ ॥৯॥

অঙ্গিরার তিন পুত্র—বৃহস্পতি, উতথ্য এবং সংবর্ত্ত; ইঁহারাও জগৎপ্রসিদ্ধ তপস্বী ছিলেন ॥৫॥

মহারাজ! অত্রির বহুতর পুত্রের কথা শুনা যায়; তাঁহারাও সকলেই বেদবিৎ, অণিমাদিসিদ্ধ এবং শমগুণশালী মহর্ষি ছিলেন ॥৬॥

মহারাজ! যক্ষ, রাক্ষস, বানর ও কতকগুলি কিন্নর সেই জ্ঞানী পুলস্ত্যের সন্তান ॥৭॥

শশক, সিংহ, ব্যাঘ্র, ভল্লূক, কুক্কুরাকার ব্যাঘ্র এবং অপর কতকগুলি কিন্নর পুলহের সন্তান ॥৮॥

যজ্ঞের তুল্য পবিত্র, সূর্য্যের তুল্য তেজস্বী, সত্যবাদী, তপস্বী এবং ত্রিভুবন-বিখ্যাত বালখিল্যমুনিগণ ক্রতুর পুত্র ॥৯॥

---

[৮]· শলভাঃ··· ব্যাঘ্রা যক্ষাঃ···।

বামাদজায়তাঙ্গুষ্ঠাদ্ভার্য্যা তস্য মহাত্মনঃ।
তস্যাং পঞ্চাশতং কন্যাঃ স এবাজনয়ন্মুনিঃ ॥১১॥
তাঃ সর্বাস্ত্বনবদ্যাঙ্গ্যঃ কন্যাঃ কমললোচনাঃ।
পুত্রিকাঃ স্থাপয়ামাস নষ্টপুত্রঃ প্রজাপতিঃ ॥১২॥
দদৌ স দশ ধর্ম্মায় সপ্তবিংশতিমিন্দবে।
দিব্যেন বিধিনা রাজন্! কশ্যপায় ত্রয়োদশ ॥১৩॥
নামতো ধর্ম্মপত্ন্যস্তাঃ কীর্ত্ত্যমানা নিবোধ মে।
কীর্ত্তির্লক্ষ্মীর্ধৃতির্মেধা পুষ্টিঃ শ্রদ্ধা ক্রিয়া তথা ॥১৪॥
বুদ্ধির্লজ্জা মতিশ্চৈব পত্ন্যো ধর্ম্মস্য তা দশ।
দ্বারাণ্যেতানি ধর্ম্মস্য বিহিতানি স্বয়ম্ভুবা ॥১৫॥

ভারতকৌমুদী

ইদানীং দক্ষস্যোৎপত্তিমাহ দক্ষ ইতি। ব্রহ্মণো দক্ষিণাদঙ্গুষ্ঠাদিতি সম্বন্ধঃ ॥১০॥

বামাদিতি। তস্য দক্ষস্য ভার্য্যা প্রসূতির্নাম, মহাত্মনো ব্রহ্মণঃ, বামাদঙ্গুষ্ঠাৎ অজায়ত। স মুনির্দক্ষঃ, তস্যাং ভার্য্যায়াম্, পঞ্চাশতং কন্যা অজনয়ৎ ॥১১॥

তা ইতি। নষ্টপুত্রঃ সৃষ্টিবিস্তারায় পুত্রাণাং চিরপ্রস্থানান্নিরুদ্দিষ্টপুত্রঃ, "অদ্যাপি ন নিবর্ত্তন্তে" ইতি শ্রীভাগবতাৎ, প্রজাপতির্দক্ষঃ, পুত্রিকাঃ স্থাপয়ামাস পুত্রিকাপুত্ররূপাশ্চকার ॥১২॥

দদাবিতি। স দক্ষঃ, দিব্যেন স্বর্গীয়েণ, বিধিনা শাস্ত্রেণ, দশ কন্যা ধর্ম্মায়, সপ্তবিংশতিং কন্যা ইন্দবে চন্দ্রায়, ত্রয়োদশ কন্যাশ্চ কশ্যপায় দদৌ ॥১৩॥

নামত ইতি। তা ধর্ম্মপত্ন্যঃ, নামতঃ কীর্ত্ত্যমানা বর্ত্তন্তে, তচ্চ মে নিবোধেত্যর্থঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

একাদশেতি ॥১—৭॥ ঈহামৃগা বৃকাঃ ॥৮॥ পতঙ্গসহচারিণঃ সূর্য্যসহচরা বালখিল্যাঃ

মহারাজ! শমগুণশালী ও মহাতপস্বী দক্ষ, ব্রহ্মার দক্ষিণ অঙ্গুষ্ঠ হইতে জন্ম গ্রহণ করেন ॥১০॥

দক্ষের ভার্য্যা প্রসূতি, ব্রহ্মার বাম অঙ্গুষ্ঠ হইতে জন্মিয়াছিলেন; তাঁহার গর্ভে দক্ষ পঞ্চাশটী কন্যা উৎপাদন করেন ॥১১॥

পুত্রগণ নিরুদ্দেশ হইয়া গেলে, দক্ষপ্রজাপতি, সর্বাঙ্গসুন্দরী ও পদ্মনয়না সেই সকল কন্যাকে পুত্রিকাপুত্র করিয়াছিলেন ॥১২॥

মহারাজ! দক্ষপ্রজাপতি সেই পঞ্চাশটী কন্যার মধ্যে দশটী ধর্ম্মকে, সতাইশটী চন্দ্রকে এবং তেরটী কশ্যপকে শাস্ত্রানুসারে দান করেন ॥১৩॥

ধর্ম্মের পত্নীগণের নাম বলিতেছি, শ্রবণ করুন; কীর্ত্তি, লক্ষ্মী, ধৃতি, মেধা,

সপ্তবিংশতিঃ সোমস্য পত্ন্যো লোকেষু বিশ্রুতাঃ।
কালস্য নয়নে যুক্তাঃ সোমপত্ন্যঃ শুচিব্রতাঃ ॥১৬॥
সর্ব্বা নক্ষত্রযোগিন্যো লোকযাত্রা বিধানতঃ।
পৈতামহো মনুর্দেবস্তস্য পুত্রঃ প্রজাপতিঃ।
তস্যাষ্টৌ বসবঃ পুত্রাস্তেষাং বক্ষ্যামি বিস্তরম্ ॥১৭॥
ধরো ধ্রুবশ্চ সোমশ্চ অহশ্চৈবানিলোঽনলঃ।
প্রত্যূষশ্চ প্রভাসশ্চ বসবোঽষ্টৌ প্রকীর্ত্তিতাঃ ॥১৮॥

ভারতকৌমুদী

বুদ্ধিরিতি। মতিরিচ্ছা। এতানি কীর্ত্ত্যাদীনি, ধর্ম্মস্য দ্বারাণি লাভোপায়াঃ। তথা চ লোকে যথা শিল্পিপত্নীং দ্বারীকৃত্য শিল্পী লভ্যতে, তথা কীর্ত্তিপ্রভৃতীর্দ্বারীকৃত্য ধর্ম্মো লভ্যত ইত্যাশয়ঃ ॥১৫॥

সপ্তেতি। নয়নে শুভাশুভাদিনিরূপণে, যুক্তা উপযোগিন্যঃ। শুচিব্রতাঃ পবিত্রনিয়মাঃ ॥১৬॥

নম্নু সোমপত্ন্যঃ কথং কালনিরূপণে উপযোগিন্যো ভবিতুমর্হন্তীত্যাহ সর্ব্বা ইতি। সর্ব্বা এব অশ্বিন্যাদয়ঃ সোমপত্ন্যঃ, নক্ষত্রে যোগিন্যো নক্ষত্রাত্মিকাঃ; অতএব লোকযাত্রাবিধানতো লৌকিকবিবাহাদিব্যবহারায় বর্ত্তন্তে। তত এব চ তাসাং কালস্য শুভাশুভাদিনিরূপণে উপযোগিত্বমিতি ভাবঃ। মনুর্দেবঃ পৈতামহঃ পিতামহস্য ব্রহ্মণঃ পুত্রঃ, তস্য চ মনোঃ পুত্রঃ প্রজাপতির্নাম। তস্য প্রজাপতেশ্চ অষ্টৌ বসবঃ পুত্রাঃ। ষট্‌পদমিদং পদ্যম্ ॥১৭॥

অথ কানি তেষাং বসূনাং নামানীত্যাহ ধর ইতি। সোমশ্চন্দ্রঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

॥৯—১৪॥ বুদ্ধির্নিশ্চয়ঃ। মতিঃ পরামর্শঃ। কীর্ত্ত্যাদয়ো দশ, ধর্ম্মদ্বারাণি ধর্ম্মপ্রবেশমার্গাঃ ॥১৫॥ নয়নে জ্ঞাপনে ॥১৬॥ নক্ষত্রযোগিন্যো নক্ষত্রনামযুক্তাঃ। বিধানতঃ বিধানার্থমভবন্। পৈতামহো দেবো ধর্ম্মঃ, পিতামহস্তনাজ্জাতত্বাৎ। তস্য পিতামহস্য পুত্রো দক্ষঃ, তদঙ্গুষ্ঠাজ্জাতত্বাৎ। তস্য সম্বন্ধিনী বসুনাম্নী কন্যা; তস্যাং ধর্ম্মাদ্বসবোঽষ্টৌ জাতা ইত্যর্থঃ। "বসোস্তু

', শ্রদ্ধা, ক্রিয়া, বুদ্ধি, লজ্জা এবং মতি; ইঁহারা দশ জন ধর্ম্মের পত্নী। ব্রহ্মা ইঁহাদিগকে ধর্ম্মলাভের উপায়রূপে সৃষ্টি করিয়াছেন ॥১৪—১৫॥

চন্দ্রের সাতাইশটী স্ত্রী জগদ্বিখ্যাত; তাঁহারা সময়ের শুভাশুভনিরূপণে উপযোগিনী ॥১৬॥

তাঁহারা সকলেই লৌকিক ব্যবহার সম্পাদনের জন্য নক্ষত্ররূপে অবস্থান করিতেছেন। ব্রহ্মার পুত্র মনু, মনুর পুত্র প্রজাপতি, প্রজাপতির পুত্র অষ্ট বসু; তাঁহাদের নাম বলিতেছি ॥১৭॥

ধর, ধ্রুব, চন্দ্র, দিন, বায়ু, অগ্নি, প্রত্যূষ ও প্রভাস এই আট জন বসু ॥১৮॥

[১৭]···পৈতামহো মুনির্দেবঃ···। [১৮]···আয়ুশ্চৈবানিলোঽনল··।

ধূম্রায়াস্তু ধরঃ পুত্রো ব্রহ্মবিদ্যো ধ্রুবস্তথা।
চন্দ্রমাস্তু মনস্বিন্যাঃ শ্বাসায়াঃ শ্বসনস্তথা ॥১৯॥
রতায়াশ্চাপ্যহঃ পুত্রঃ শাণ্ডিল্যাশ্চ হুতাশনঃ।
প্রত্যূষশ্চ প্রভাসশ্চ প্রভাতায়াঃ সুতৌ স্মৃতৌ ॥২০॥
ধরস্য পুত্রো দ্রবিণো হুতহব্যবহস্তথা।
ধ্রুবস্য পুত্রো ভগবান্ কালো লোকপ্রকালনঃ ॥২১॥
সোমস্য তু সুতো বর্চ্চা বর্চ্চস্বী যেন জায়তে।
মনোহরায়াঃ শিশিরঃ প্রাণোঽথ রমণস্তথা ॥২২॥
অহ্নঃ সুতস্তথা জ্যোতিঃ শমঃ শান্তস্তথা মুনিঃ।
অগ্নেঃ পুত্রঃ কুমারস্তু শ্রীমান্ শরবণালয়ঃ ॥২৩॥
তস্য শাখো বিশাখশ্চ নৈগমেয়শ্চ পৃষ্ঠজঃ।
কৃত্তিকাভ্যুপপত্তেশ্চ কার্ত্তিকেয় ইতি স্মৃতঃ ॥২৪॥

ভারতকৌমুদী

নমু কস্যা গর্ভে কো বসুর্জাত ইত্যাহ ধূম্রায়া ইতি। ধূম্রাদয়ঃ সপ্ত প্রজাপতেরেব পত্ন্যঃ। ব্রহ্মবিদ্যো ব্রহ্মবিদ্যাখ্যায়াঃ পুত্রঃ ॥১৯॥

রতায়া ইতি। একস্যা এব প্রভাতায়াঃ প্রত্যূষপ্রভাসাখ্যৌ দ্বৌ সুতাবিত্যর্থঃ ॥২০॥

ধরস্যেতি। লোকস্য প্রকালনঃ সংহর্ত্তা ॥২১॥

সোমস্যেতি। মনোহরায়া রোহিণ্যাঃ, তদাখ্যায়া অন্যপত্ন্যা বা গর্ভে, সোমস্য চন্দ্রস্য সুত ইতি সম্বন্ধঃ। যেন চন্দ্রপুত্রেণ বর্চ্চসা, লোকো বর্চ্চস্বী তেজস্বী জায়তে ॥২২॥

অহ্ন ইতি। শ্রীমান্ পরমসুন্দরঃ, শরবণালয়ঃ শরবণজন্মা ॥২৩॥

ভারতভাবদীপঃ

বসবঃ পুত্রাঃ” ইত্যন্যত্রোক্তেঃ ॥১৭—১৮॥ ধূম্রায়া ইতি। বসোরেব ধূম্রাদীনি নামান্তরাণি,

---

ধূম্রার পুত্র ধর, ব্রহ্মবিদ্যার পুত্র ধ্রুব, মনস্বিনীর পুত্র চন্দ্র, শ্বাসার পুত্র বায়ু, রতার পুত্র দিন, শাণ্ডিলীর পুত্র অগ্নি এবং প্রভাতার পুত্র প্রত্যূষ ও প্রভাস ॥১৯—২০॥

ধরের পুত্র দ্রবিণ ও হুতহব্যবহ এবং ধ্রুবের পুত্র মাহাত্ম্যশালী লোক-সংহর্ত্তা কাল ॥২১॥

চন্দ্রের ঔরসে রোহিণীর গর্ভে চারিটী পুত্র জন্মে—বর্চ্চা, শিশির, প্রাণ ও রমণ; ইহার মধ্যে বর্চ্চা দ্বারাই লোক তেজস্বী হইয়া থাকে ॥২২॥

দিনের পুত্র চারি জন—জ্যোতি, শম, শান্ত ও মুনি এবং অগ্নির পুত্র কুমার, তিনি পরমসুন্দর ছিলেন এবং শরবণে জন্মিয়াছিলেন ॥২৩॥

অনিলস্য শিবা ভার্য্যা তস্যাঃ পুত্ত্রো মনোজবঃ।
অবিজ্ঞাতগতিশ্চৈব দ্বৌ পুত্ত্রাবনিলস্য তু ॥২৫॥
প্রত্যূষস্য বিদুঃ পুত্ত্রমৃষিং নাম্নাঽথ দেবলম্।
দ্বৌ পুত্ত্রৌ দেবলস্যাপি ক্ষমাবন্তৌ মনীষিণৌ ॥২৬॥
বৃহস্পতেস্তু ভগিনী বরস্ত্রী ব্রহ্মবাদিনী।
যোগসক্তা জগৎ কৃৎস্নমসক্তা বিচচার হ ॥২৭॥
মরীচেঃ কশ্যপঃ পুত্ত্রঃ কশ্যপস্য সুরাসুরাঃ।
প্রভাসস্য তু ভার্য্যা সা বসূনামষ্টমস্য হ।
বিশ্বকর্ম্মা মহাভাগো জজ্ঞে শিল্পপ্রজাপতিঃ ॥২৮॥

ভারতকৌমুদী

তস্যেতি। তস্য কুমারস্য, পৃষ্ঠজঃ অনুজো ভ্রাতা। কৃত্তিকাভিঃ ষড়্‌ভিঃ অভ্যুপপত্তেঃ প্রাপ্তেঃ পরিপালনাদিত্যর্থঃ ॥২৪॥

অনিলস্যেতি। শিবা তদাখ্যা ॥২৫॥

প্রত্যূষস্যেতি। দেবলপুত্ত্রয়োস্তত্র নামনী নাখ্যাতে ॥২৬॥

বৃহস্পতেরিতি। ভগিনী অঙ্গিরসস্তনয়েত্যর্থঃ, বরস্ত্রী উত্তমস্ত্রী, ব্রহ্মবাদিনী বেদবক্ত্রী। "দ্বিবিধা স্ত্রিয়ঃ সদ্যোবধ্বো ব্রহ্মবাদিন্যশ্চ" ইত্যাদিযমবচনাদস্তি হি স্ত্রীণামপি ব্রহ্মবাদিত্বং মৈত্রেয্যাদিবৎ। অসক্তা বিষয়েষু নির্লিপ্তা, বিচচার বিবাহাৎ প্রাগিতি ভাবঃ ॥২৭॥

প্রভাসস্যেতি। সা বৃহস্পতিভগিনী, বসূনাং মধ্যে অষ্টমস্য প্রভাসস্য ভার্য্যা আসীৎ। শিল্পস্য প্রজাপতিঃ আদিকর্ত্তা, মহাভাগো বিশ্বকর্ম্মা, তাভ্যাং জজ্ঞে ॥২৮॥

কুমারের কনিষ্ঠ ভ্রাতা তিন জন—শাখ, বিশাখ এবং নৈগমেয়। ছয় জন কৃত্তিকা কুমারকে পরিপালন করিয়াছিলেন বলিয়া, তাঁহার নাম হইয়াছিল 'কার্ত্তিকেয়' ॥২৪॥

বায়ুর স্ত্রীর নাম শিবা; তাঁহার গর্ভে বায়ুর ঔরসে দুইটী পুত্ত্র জন্মে; তাঁহাদের নাম—মনোজব ও অবিজ্ঞাতগতি ॥২৫॥

প্রত্যূষের পুত্ত্র—মহর্ষি দেবল, দেবলের দুইটী পুত্ত্র জন্মিয়াছিল, তাঁহারা ক্ষমাশীল ও জ্ঞানী ছিলেন ॥২৬॥

বৃহস্পতির পরমসুন্দরী একটী ভগিনী ছিলেন; তিনি যোগে প্রবৃত্ত থাকিয়া বেদবক্তৃতা করিতেন এবং সর্ব্বত্র নির্লিপ্ত থাকিয়া বিবাহের পূর্ব্বে সমস্ত জগতে বিচরণ করিতেন ॥২৭॥

বসুগণের মধ্যে সর্ব্বকনিষ্ঠ প্রভাস বৃহস্পতির সেই ভগিনীকে বিবাহ করেন; তাঁহার গর্ভে প্রভাসের ঔরসে আদিশিল্পকর্ত্তা বিশ্বকর্ম্মা জন্মিয়াছিলেন ॥২৮॥

কর্ত্তা শিল্পসহস্রাণাং ত্রিদশানাঞ্চ বর্দ্ধকিঃ।
ভূষণানাঞ্চ সর্বেষাং কর্ত্তা শিল্পবতাং বরঃ ॥২৯॥
যো দিব্যানি বিমানানি ত্রিদশানাং চকার হ।
মনুষ্যাশ্চোপজীবন্তি যস্য শিল্পং মহাত্মনঃ।
পূজয়ন্তি চ যং নিত্যং বিশ্বকর্ম্মাণমব্যয়ম্ ॥৩০॥
স্তনস্তু দক্ষিণং ভিত্ত্বা ব্রহ্মণো নরবিগ্রহঃ।
নিঃসৃতো ভগবান্ ধর্ম্মঃ সর্ব্বলোকসুখাবহঃ ॥৩১॥
ত্রয়স্তস্য বরাঃ পুত্রাঃ সর্বভূতমনোহরাঃ।
শমঃ কামশ্চ হর্ষশ্চ তেজসা লোকধারিণঃ ॥৩২॥

ভারতকৌমুদী

অথ দ্বাভ্যাং বিশ্বকর্ম্মাণং বিশিনষ্টি কর্ত্তেতি। ত্রিদশানাং দেবানাঞ্চ, বর্দ্ধকিস্তক্ষা আসীৎ ॥২৯॥

য ইতি। উপজীবন্তি আশ্রিত্য জীবিকাং নির্ব্বাহয়ন্তি। কিঞ্চ মনুষ্যাঃ, যং বিশ্বকর্ম্মাণম্, অব্যয়ম্ অবিনশ্বরম্ ঈশ্বরং মন্যমানা ইতি শেষঃ, নিত্যং সর্বদা পূজয়ন্তি। তথা চ ন্যায়-কুসুমাঞ্জলৌ "যং কারবোঽপি বিশ্বকর্ম্মেত্যুপাসতে"। ষট্পদোঽয়ং শ্লোকঃ ॥৩০॥

ধর্ম্মোৎপত্তিমাহ স্তনমিতি। সর্বলোকসুখাবহো ভগবান্ ধর্ম্মঃ, নরবিগ্রহো মনুষ্যাকারঃ সন্, ব্রহ্মণো দক্ষিণং স্তনং ভিত্ত্বা নিঃসৃতো বভূব ॥৩১॥

ত্রয় ইতি। তস্য ধর্ম্মস্য। বরা উৎকৃষ্টাঃ। তেজসা প্রভাবেণ লোকধারিণো জগৎ-পালকাঃ ॥৩২॥

ভারতভাবদীপঃ

কল্পভেদাৎ। অন্যা এতাঃ, ন দক্ষকন্যা ইতি বা ॥১৯—২৩॥ কৃত্তিকানাং ষণ্ণাং মাতৃত্বেনাভ্যুপ-

---

শিল্পিশ্রেষ্ঠ বিশ্বকর্ম্মা দেবগণের ছুতার ছিলেন এবং তিনি নানাবিধ শিল্প ও সর্ব্বপ্রকার অলঙ্কার আবিষ্কার করিয়াছিলেন ॥২৯॥

যিনি দেবগণের জন্য উৎকৃষ্ট বিমান সকল নির্ম্মাণ করিয়াছিলেন এবং শিল্পী মনুষ্যেরা যে মহাত্মার আবিষ্কৃত শিল্প অবলম্বন করিয়া জীবিকা নির্ব্বাহ করে এবং ঈশ্বর মনে করিয়া যে বিশ্বকর্ম্মাকে সর্ব্বদা পূজা করিয়া থাকে ॥৩০॥

সমস্ত লোকের একমাত্র সুখের কারণ ভগবান্ ধর্ম্ম মনুষ্যের আকৃতি ধারণপূর্ব্বক ব্রহ্মার দক্ষিণ স্তন বিদারণ করিয়া নির্গত হইয়াছিলেন ॥৩১॥

সেই ধর্ম্মের তিনটী পুত্র জন্মিয়াছিলেন; তাঁহারা পরমসুন্দর ও মহাগুণ-বান্ ছিলেন; তাঁহাদের নাম—শম, কাম ও হর্ষ; ইঁহারাই আপন আপন প্রভাবে লোকরক্ষা করিয়া থাকেন ॥৩২॥

কামস্য তু রতির্ভার্য্যা শমস্য প্রাপ্তিরঙ্গনা।
নন্দা তু ভার্য্যা হর্ষস্য যাসু লোকাঃ প্রতিষ্ঠিতাঃ ॥৩৩॥
মরীচেঃ কশ্যপঃ পুত্রঃ কশ্যপস্য সুরাসুরাঃ।
জজ্ঞিরে নৃপশার্দ্দূল! লোকানাং প্রভবস্তু সঃ ॥৩৪॥
ত্বাষ্ট্রী তু সবিতুর্ভার্য্যা বড়বারূপধারিণী।
অসূয়ত মহাভাগা সান্তরিক্ষেঽশ্বিনাবুভৌ ॥৩৫॥
দ্বাদশৈবাদিতেঃ পুত্রাঃ শক্রমুখ্যা নরাধিপ!।
তেষামবরজো বিষ্ণুর্যত্র লোকাঃ প্রতিষ্ঠিতাঃ ॥৩৬॥
ত্রয়স্ত্রিংশত ইত্যেতে দেবাস্তেষামহং তব।
অন্বয়ং সম্প্রবক্ষ্যামি পক্ষৈশ্চ কুলতো গণান্ ॥৩৭॥

ভারতকৌমুদী

কামস্যেতি। প্রাপ্তির্নাম অঙ্গনা স্ত্রী। যাসু রত্যাদিষু স্থিতাসু, লোকাঃ প্রতিষ্ঠিতা অবস্থাতুং শক্তাঃ। রত্যাদ্যন্যতমাভাবে আশ্বাসাভাবান্মরণাবশ্যম্ভাব ইতি ভাবঃ ॥৩৩॥

মরীচেরিতি। সুরাসুরাস্তদাদয় ইত্যর্থ পুত্রা জজ্ঞিরে। প্রভবত্যস্মাদিতি প্রভবঃ কারণম্, স কশ্যপ এব প্রায়েণ লোকানামুৎপাদক ইত্যর্থঃ, অদিত্যাদিষু ত্রয়োদশসু স্ত্রীষু নানাবিধপ্রাণ্যুৎপাদনাৎ ॥৩৪॥

ত্বাষ্ট্রীতি। সবিতুঃ সূর্য্যস্য ভার্য্যা মহাভাগা সা প্রসিদ্ধা ত্বাষ্ট্রী, বড়বা অশ্বা তদ্রূপধারিণী সতী, অন্তরিক্ষে আকাশে, উভৌ অশ্বিনৌ অশ্বিনীকুমারদ্বয়ম্, অসূয়ত সভার্য্যসূর্য্যস্যাকাশ এব ভ্রমণাৎ ॥৩৫॥

দ্বাদশেতি। শক্রমুখ্যা ইন্দ্রপ্রভৃতয়ঃ। তে দ্বাদশ তু প্রাগেব নামতো গণিতাঃ। অবরজঃ কনিষ্ঠঃ, বিষ্ণুর্বামনাবতারঃ। প্রতিষ্ঠিতা বিশ্বম্ভরত্বাদিতি ভাবঃ ॥৩৬॥

ভারতভাবদীপঃ

পত্তেরঙ্গীকারাৎ ॥২৪—৩১॥ ত্রয় ইতি। অত্র ধর্ম্মসন্তানানাং সর্ব্বেষাং নামান্যন্বর্থকানি ॥৩২—৩৪॥ বড়বা অশ্বা। অন্তরিক্ষে অশ্বিনাবসূত নাসিকয়া শুক্রপ্রক্ষেপাৎ ॥৩৫—৩৬॥

কামের ভার্য্যা রতি, শমের ভার্য্যা প্রাপ্তি এবং হর্ষের ভার্য্যা নন্দা; যাঁহাদের উপরে নির্ভর করিয়া লোক সকল জীবন ধারণ করিয়া থাকে ॥৩৩॥

মহারাজ! মরীচির পুত্র কশ্যপ; সেই কশ্যপের পুত্রই দেবগণ ও অসুরগণপ্রভৃতি। সুতরাং কশ্যপই প্রায় প্রাণিগণের পিতা ॥৩৪॥

সূর্য্যের স্ত্রী ত্বাষ্ট্রী ঘোটকীর রূপ ধারণ করিয়া আকাশে অশ্বিনীকুমারদ্বয়কে প্রসব করিয়াছিলেন ॥৩৫॥

মহারাজ! ইন্দ্রপ্রভৃতি বার জন অদিতির পুত্র; তাঁহাদের মধ্যে সর্ব্বকনিষ্ঠ বামনরূপী বিষ্ণু; যাঁহার উপরে ত্রিভুবন প্রতিষ্ঠিত রহিয়াছে ॥৩৬॥

রুদ্রাণামপরঃ পক্ষঃ সাধ্যানাং মরুতাং তথা।
বসূনাং ভার্গবং বিদ্যাদ্বিশ্বেদেবাংস্তথৈব চ ॥৩৮॥
বৈনতেয়স্তু গরুড়ো বলবানরুণস্তথা।
বৃহস্পতিশ্চ ভগবানাদিত্যেষ্বেব গণ্যতে ॥৩৯॥
অশ্বিনৌ গুহ্যকান্ বিদ্ধি সর্বৌষধ্যস্তথা পশূন্।
এতে দেবগণা রাজন্! কীর্ত্তিতাস্তেঽনুপূর্বশঃ ॥৪০॥
যান্ কীর্ত্তয়িত্বা মনুজঃ সর্বপাপৈঃ প্রমুচ্যতে।
ব্রহ্মণো হৃদয়ং ভিত্ত্বা নিঃসৃতো ভগবান্ ভৃগুঃ ॥৪১॥

ভারতকৌমুদী

ত্রয় ইতি। আদিত্যা দ্বাদশ, বসবঃ অষ্টৌ, রুদ্রা একাদশ, প্রজাপতির্বষট্কারো চেতি ত্রয়স্ত্রিংশৎ। অন্বয়ং বংশম্। পক্ষৈরেকৈকশ্রেণিভিঃ, কুলতঃ কুলৈশ্চ, তেষাং গণান্ সম্প্রবক্ষ্যামি ॥৩৭॥

পক্ষৈর্গণান্ সম্প্রবক্তি রুদ্রাণামিতি। রুদ্রাণামেকঃ পক্ষঃ শ্রেণী, সাধ্যানাম্ অপরঃ পক্ষঃ, মরুতাং বসূনাঞ্চাপ্যেবম্। ভার্গবমন্যং পক্ষম্, বিশ্বেদেবান্ তঞ্চেতরং পক্ষং বিদ্যাদিত্যর্থঃ ॥৩৮॥

অথ বিনতাপুত্রগরুড়াদয়ঃ কস্মিন্ পক্ষ ইত্যাহ বৈনতেয় ইতি। আদিত্যেষ্বেব আদিত্যপক্ষ এব, বৈনতেয়াদীনাং তদানুকূল্যকরণাৎ পাণ্ডবাশ্বানাং পাণ্ডবপক্ষগণনাবদিতি ভাবঃ ॥৩৯॥

অশ্বিনাবিতি। অশ্বিনৌ অশ্বিনীকুমারদ্বয়ম্, গুহ্যকান্ গুহ্যকপক্ষভুক্তৌ, যাশ্চ সর্বৌষধ্যঃ সন্তি, তা অপি পশূন্ অপ্রকৃষ্টচেতনত্বসাম্যাৎ পশুপক্ষভুক্তাঃ, বিদ্ধি জানীহি। এতে শক্রাদয়ঃ ॥৪০॥

যানিতি। কীর্ত্তয়িত্বা জন্মবৃত্তান্ততঃ। নিঃসৃতো ব্রহ্মণ এব সঙ্কল্পেন ॥৪১॥

ভারতভাবদীপঃ

ত্রয়স্ত্রিংশৎ অষ্টৌ বসবঃ, একাদশ রুদ্রাঃ, দ্বাদশাদিত্যাঃ, প্রজাপতিশ্চ, বষট্কারশ্চ ॥৩৭—৪১॥

এই তেত্রিশ জন দেবতা (আদিত্য ১২, বসু ৮, রুদ্র ১১, প্রজাপতি ১ এবং বষট্কার ১); আমি আপনার নিকট তাঁহাদের বংশ এবং শ্রেণীক্রমে ও বংশক্রমে পক্ষ (দল) গুলি বলিতেছি ॥৩৭॥

রুদ্রগণ একদল, সাধ্যগণ আর একদল, মরুদ্গণ অন্য দল, বসুগণ অপর দল এবং ভার্গব ও বিশ্বেদেবগণ অপর দুই দল ॥৩৮॥

বিনতানন্দন গরুড় ও অরুণ এবং অঙ্গিরার পুত্র বৃহস্পতি ইঁহারা আদিত্যদলের মধ্যেই গণ্য হইয়া থাকেন ॥৩৯॥

অশ্বিনীকুমারদ্বয়কে গুহ্যকের অন্তর্গত এবং যে সকল তরু-লতা আছে, সে গুলিকে পশুর অন্তর্গত বলিয়া জানিবেন। মহারাজ! আপনার নিকট আনুপূর্ব্বীক এই দেবগণের জন্মবৃত্তান্ত বলিলাম ॥৪০॥

ভৃগোঃ পুত্রঃ কবির্বিদ্বান্ শুক্রঃ কবিসুতো গ্রহঃ।
ত্রৈলোক্যপ্রাণযাত্রার্থং বর্ষাবর্ষে ভয়াভয়ে।
স্বয়ম্ভুবা নিযুক্তঃ সন্ ভুবনং পরিধাবতি ॥৪২॥
যোগাচার্য্যো মহাবুদ্ধির্দৈত্যানামভবদ্গুরুঃ।
সুরাণাঞ্চাপি মেধাবী ব্রহ্মচারী যতব্রতঃ ॥৪৩॥
তস্মিন্ নিযুক্তে বিধিনা যোগক্ষেমায় ভার্গবে।
অন্যমুৎপাদয়ামাস পুত্রং ভৃগুরনিন্দিতম্ ॥৪৪॥

ভারতকৌমুদী

ভৃগোরিতি। কবিসুত ইত্যনেন ভৃগোরপি কবিত্বং সূচিতম্। স চ শুক্রো গ্রহঃ, ত্রৈলোক্যপ্রাণযাত্রার্থং স্থিতে যে বর্ষাবর্ষে বৃষ্ট্যবৃষ্টী ভয়াভয়ে চ তয়োর্বিষয়ে, স্বয়ম্ভুবা নিযুক্তো ব্যাপারিতঃ সন্, ভুবনং পরিধাবতি বিচরতি। ষট্পদমিদং পদ্যম্ ॥৪২॥

যোগেতি। যোগাচার্য্যঃ স্বয়ং মহাযোগিত্বাৎ পরেষু যোগোপদেষ্টা। যতব্রতো যত্নেন পালিততপোনিয়মঃ শুক্রঃ, দৈত্যানাম্ অসুরাণাং সুরাণাং দেবানাঞ্চাপি গুরুরভবৎ, যোগবলাদেকেনাত্মনা শুক্রবৃহস্পতিরূপদ্বয়ধারণাৎ "বৃহস্পতির্হি শুক্রো ভূত্বেন্দ্রস্যাভয়ায়াসুরেভ্যঃ ক্ষয়ায়েমামবিদ্যামসৃজৎ" ইতি মৈত্রাবরুণীয়শ্রুতেরিতি ভাবঃ ॥৪৩॥

তস্মিন্নিতি। তস্মিন্ তদুভয়রূপধারিণি, ভার্গবে শুক্রে, বিধিনা ব্রহ্মণা, সুরাসুরাণাম্, অনাগতস্যানয়নং যোগঃ আগতস্য রক্ষণং ক্ষেমং যোগযুক্তং ক্ষেমং যোগক্ষেমং তস্মৈ মন্ত্রিত্বকরণায়েত্যর্থঃ, নিযুক্তে সতি, ভৃগুঃ, অনিন্দিতং ধর্ম্মাত্মানম্, অতএব যশস্বিনং দীপ্ততপসঞ্চ,

ভারতভাবদীপঃ

শুক্রো গ্রহত্বাদেব লোকানাং প্রাণযাত্রায়াং বর্ষাবর্ষাদিকার্য্যে নিযুক্তঃ ॥৪২॥ যোগাচার্য্য ইতি। চাপী ব্যস্তৌ, সুরাণামপি চ গুরুরিতি সম্বন্ধঃ। দেবানাং গুরুরেব যোগাচার্য্যো যোগবলেন

মানুষ যাহা কীর্ত্তন করিয়া সমস্ত পাপ হইতে মুক্ত হয়। এদিকে ভগবান্ ভৃগু ব্রহ্মার হৃদয় ভেদ করিয়া নির্গত হইয়াছিলেন ॥৪১॥

সেই ভৃগুর পুত্র শুক্র; তিনি যথাকালে কবি ও জ্ঞানী হইয়া গ্রহগণের অন্তর্ভুক্ত হন; তাহার পর ব্রহ্মা তাঁহাকে ত্রিভুবনের জীবনযাত্রা নির্বাহের জন্য বৃষ্টি, অনাবৃষ্টি, ভয় ও নির্ভয়তা করিবার বিষয়ে নিযুক্ত করেন; সেই অবস্থায় তিনি জগৎ বিচরণ করিতেছেন ॥৪২॥

বুদ্ধিমান্, মেধাবী, তপস্বী ও যোগশিক্ষক সেই ভৃগুর পুত্র, শুক্র ও বৃহস্পতিরূপে দৈত্যগণ ও দেবগণের গুরু হইয়াছিলেন ॥৪৩॥

শুক্র ও বৃহস্পতিরূপী ভৃগুপুত্রকে দৈত্যগণ ও দেবগণের মন্ত্রিত্ব করিবার জন্য বিধাতা নিযুক্ত করিলে, ভৃগু চ্যবননামে আর একটি পুত্র উৎপাদন করেন; সেই চ্যবন যথাকালে তপস্বী, ধার্ম্মিক ও যশস্বী হইয়াছিলেন; যে

চ্যবনং দীপ্ততপসং ধর্ম্মাত্মানং যশস্বিনম্।
যঃ স রোষাচ্চ্যুতো গর্ভান্মাতুর্মোক্ষায় ভারত! ॥৪৫॥ (যুগ্মকম্)
আরুষী তু মনোঃ কন্যা তস্য পত্নী মনীষিণঃ।
ঔর্ব্বস্তস্যাং সমভবদূরুং ভিত্ত্বা মহাযশাঃ ॥৪৬॥
মহাতেজা মহাবীর্য্যো বাল এব গুণৈর্যুতঃ।
ঋচীকস্তস্য পুত্রস্তু জমদগ্নিস্ততোঽভবৎ ॥৪৭॥
জমদগ্নেস্তু চত্বার আসন্ পুত্রা মহাত্মনঃ।
রামস্তেষাং জঘন্যোঽভূদজঘন্যৈগুণৈর্যুতঃ।
সর্বশস্ত্রেষু কুশলঃ ক্ষত্রিয়ান্তকরো বশী ॥৪৮॥
ঔর্বস্যাসীৎ পুত্রশতং জমদগ্নিপুরোগমম্।
তেষাং পুত্রসহস্রাণি বভূবুর্ভুবি বিস্তরঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

চ্যবনং নাম, অন্যং পুত্রম্, উৎপাদয়ামাস। যঃ, স প্রসিদ্ধশ্চ্যবনঃ, পুলোমরাক্ষসাৎ মাতুর্মোক্ষায়, রোষাৎ গর্ভাৎ চ্যুতো বভূব। তদাখ্যানমুক্তম্ ॥৪৪—৪৫॥

আরুষীতি। মনোঃ কন্যা আরুষী তু, মনীষিণো জ্ঞানিনঃ, তস্য চ্যবনস্য পত্নী আসীৎ। মহাযশা ঔর্ব্বঃ, তস্যা এব উরুং ভিত্ত্বা, তস্যাম্ আরুষ্যাং সমভবৎ ॥৪৬॥

মহেতি। তস্য ঔর্বস্য পুত্র ঋচীকঃ; তত ঋচীকাৎ, জমদগ্নিরভূৎ ॥৪৭॥

জমদগ্নেরিতি। জঘন্যঃ কনিষ্ঠঃ; অজঘন্যৈঃ অনিকৃষ্টৈঃ। ষট্পদমিদং পদ্যম্ ॥৪৮॥

ঔর্বস্যেতি। ঔর্বস্যাপত্যমিত্যৌর্ব ঋচীক এবেতি পূর্ব্বোক্তেন ন বিরোধঃ। জমদগ্নিরেব

ভারতভাবদীপঃ

কায়দ্বয়ং কৃত্বা দেবানামপ্যাচার্য্যোঽভবদিত্যর্থঃ। তথাচ মৈত্রাবরুণীয়ে সমাম্নাতম্—"বৃহস্পতির্হি শুক্রো ভূত্বেন্দ্রস্যাভয়ায়াসুরেভ্যঃ ক্ষয়ায়েমামবিদ্যামসৃজৎ" ইতি ॥৪৩—৪৯॥ ধর্ম্মপ্রধানা

চ্যবন পুলোমারাক্ষসের হস্ত হইতে মাতাকে মুক্ত করিবার জন্য, ক্রোধে মাতৃগর্ভ হইতে নির্গত হইয়াছিলেন ॥৪৪–৪৫॥

মনুর কন্যা আরুষী সেই চ্যবনের পত্নী ছিলেন; সেই আরুষীর উরুদেশ ভেদ করিয়া ঔর্ব্ব জন্মিয়াছিলেন ॥৪৬॥

ঔর্ব্ব বাল্যকালেই মহাতেজস্বী, অসাধারণ প্রভাবশালী ও অত্যন্ত গুণবান্ হইয়াছিলেন। ঔর্ব্বের পুত্র ঋচীক, ঋচীকের পুত্র জমদগ্নি ॥৪৭॥

জমদগ্নির চারিটী পুত্র হইয়াছিল; তাহার মধ্যে রাম ছিলেন সর্ব্ব কনিষ্ঠ; অথ চ তাঁহার গুণ ছিল সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট। কেন না, তিনি সমস্ত অস্ত্রে নিপুণ ও জিতেন্দ্রিয় ছিলেন এবং ক্ষত্রিয়কুল সংহার করিয়াছিলেন ॥৪৮॥

দ্বৌ পুত্রৌ ব্রহ্মণস্ত্বন্যৌ যয়োস্তিষ্ঠতি লক্ষণম্ ।
লোকে ধাতা বিধাতা চ যৌ স্থিতৌ মনুনা সহ ॥৫০॥
তয়োরেব স্বসা দেবী লক্ষ্মীঃ পদ্মগৃহা শুভা ।
তস্যাস্তু মানসাঃ পুত্রাস্তুরগা ব্যোমচারিণঃ ॥৫১॥

ভারতকৌমুদী

পুরোগমঃ প্রথমো যস্ত তৎ। তেষাং জমদগ্নীতরৌর্বপুত্রাণাম্। অনেন চ ভুবি ভৃগুবংশস্য বিস্তরো বিস্তারো জাত ইত্যর্থঃ ॥৪৯॥

দ্বাবিতি। ব্রহ্মণস্তু অন্যৌ দ্বৌ পুত্রৌ জাতৌ। লোকে যয়োঃ পুত্রয়োরুপরি, লক্ষণং কর্ম্মফলনিয়মনং তিষ্ঠতি। কিং নামানৌ তাবিত্যাহ ধাতেতি। যৌ ধাতৃবিধাতারৌ, মনুনা সহ সাম্যেন স্থিতৌ ॥৫০॥

তয়োরিতি। পদ্মগৃহা পদ্মালয়া, শুভা শুভকারিণী, লক্ষ্মীর্দেবী, তয়োর্ধাতৃবিধাত্রোরেব, স্বসা ভগিনী ব্রহ্মণ এব কন্যাসীদিত্যর্থঃ। ব্যোমচারিণস্তুরগাঃ সূর্য্যরথনিযুক্তাদয়োঽশ্বাঃ ॥৫১॥

ভারতভাবদীপঃ

সৃষ্টিরুক্তা, অথাধর্ম্মপ্রধানাং বিবক্ষুস্তত্র শ্রোতৃণামনাদরনিবৃত্ত্যর্থমুভয়সাধারণীং সৃষ্টিং মধ্যে প্রাহ, দ্বাবিতি। যয়োর্লক্ষণং লোকে তিষ্ঠতি, তাবন্যৌ ধর্ম্মাধর্ম্মময়াৎ কার্য্যাৎ পরাবুদাসীনৌ, ব্রহ্মণঃ পুত্রৌ; যৌ ধাতা বিধাতা চেতি সংজ্ঞাবন্তৌ মনুনা সহ নিত্যং স্থিতাবিতি যোজনা। ইয়মত্র প্রক্রিয়া—"বৃত্তিতৎস্থচিদাভাসাবুভৌ ব্যাপ্নুবতো ঘটম্। তত্রাজ্ঞানং ধিয়া নশ্যেদাভাসেন ঘটঃ স্ফুরেৎ ॥" অস্যার্থঃ, যথা দীপপ্রভাচক্ষুর্ভ্যাং যুগপদ্ঘটো ব্যাপ্যতে, তত্র প্রভয়া ঘটাবরকং তমো নশ্যতি, চক্ষুষা ঘটঃ প্রকাশতে, তদ্বৃত্তিতৎস্থচিদাভাসাভ্যাং ঘটাজ্ঞাননাশঘটস্ফুরণে ক্রিয়েতে ইতি। তে অত্র ক্রমাদ্ধাতৃবিধাতৃসংজ্ঞে। তয়োর্লক্ষণং জাড্যস্ফুরণাত্মকং লোকে দৃশ্যতে। জড়ো ঘটঃ, স্ফুরতি ঘট ইতি স্ফুরণজন্যহর্ষবিষাদয়োর্মন্তা জীবো মনুস্তেন সহ নিত্যসম্বন্ধৌ ধাতাবিধাতারৌ। সুষুপ্তাবপি সূক্ষ্মবৃত্তিস্ফুরণয়োঃ সত্ত্বাৎ; "আনন্দভুক্ চেতোমুখঃ" ইতি শ্রুতেঃ, সুখমহমস্বাপ্সমিত্যনুভূতসৌষুপ্তসুখপরামর্শাচ্চ। ততশ্চ সর্ব্বং দৃষ্টং শ্রুতং ব্রহ্মপুত্রাভ্যাং ব্যাপ্তং ব্রহ্মৈব। তত্র দীপবদুদাসীনোঽপি চিদাত্মা বুদ্ধি-তাদাত্ম্যাধ্যাসাত্তদীয়দোষাক্রান্তো রাগদ্বেষাদিমানিব ভবতি। বিদ্বাংস্তু সর্ব্বস্য চিদ্বিলাসত্বং মত্বা অধর্ম্মাদিকথাদিভ্যোঽপি নোদ্বিজেতেতি ভাবঃ ॥৫০॥ ননু কেয়ং বিদ্যা যয়া সর্ব্বং চিন্মাত্র-

ঋচীকের জমদগ্নিপ্রভৃতি একশত পুত্র জন্মিয়াছিল; সেই পুত্রগণের আবার সহস্র পুত্র হইয়াছিল; ইহাতেই ভৃগুর বংশ বিস্তার লাভ করিয়াছিল ॥৪৯॥

ধাতা ও বিধাতা নামে ব্রহ্মার আর দুইটী পুত্র জন্মিয়াছিল; তাঁহারাই জগতে লোকের কর্ম্মফল দিয়া থাকেন এবং মনুর সঙ্গে সমানভাবে অবস্থান করেন ॥৫০॥

মঙ্গলকারিণী পদ্মবাসিনী লক্ষ্মীদেবী, ধাতা ও বিধাতারই ভগিনী (ব্রহ্মার কন্যা) ছিলেন; আকাশচারী অশ্বগণ তাঁহারই মানস পুত্র ॥৫১॥

বরুণস্য ভার্য্যা যা জ্যেষ্ঠা শুক্রাদ্দেবী ব্যজায়ত।
তস্যাঃ পুত্রং বলং বিদ্ধি সুরাঞ্চ সুরনন্দিনীম্ ॥৫২॥
প্রজানামন্নকামানামন্যোন্যপরিভক্ষণাৎ।
অধর্ম্মস্তত্র সঞ্জাতঃ সর্বভূতবিনাশকঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

এবং ধর্ম্মপ্রধানাং সৃষ্টিমভিধায়েদানীম্ অধর্ম্মপ্রধানাং সৃষ্টিমভিধত্তে বরুণস্যেতি। যা দেবী শুক্রাদ্ব্যজায়ত, সা বরুণস্য জ্যেষ্ঠা ভার্য্যা আসীৎ। তস্যা বলং নাম পুত্রম্, সুরাং নাম চ সুরনন্দিনীং বরুণদেবকন্যাম্, বিদ্ধি জানীহি। প্রথমপাদে অক্ষরাধিক্যমার্ষম্ ॥৫২॥

প্রজানামিতি। অন্নকামানাং ক্ষুধয়া অন্নং ভুঞ্জানানামিত্যর্থঃ, প্রজানাং প্রাগ্‌জাতানাং মন্বাদীনাম্, অন্যোন্যপরিভক্ষণাৎ পরস্পরান্নভোজনাৎ, তত্র তদানীমেব, সর্ব্বভূতবিনাশকঃ, অধর্ম্মঃ সঞ্জাতঃ, স্বান্নভোজনস্যৈব ধর্ম্মত্বাদিতি ভাবঃ ॥৫৩॥

ভারতভাবদীপঃ

ত্যিত্যেব পশ্যতি, তস্যাঃ কর্ম্মজন্যত্বে উপাসনাজন্যত্বে বা অনিত্যত্বাপত্তিঃ, প্রকারান্তরস্য চাসম্ভবাদিত্যাশঙ্ক্যাহ, তয়োরেবেতি। যথা ধীস্ফুরণে প্রমাণপরতন্ত্রে ন কর্ত্তুমকর্ত্তুমন্যথাকর্ত্তুং বা শক্যে, তথৈবেয়ং বিদ্যেতি সাদৃশ্যং স্বস্বশব্দেন লক্ষ্যতে। দেবী দ্যোতমানা শুদ্ধসত্ত্বময়ী, অহং ব্রহ্মাস্মীতিবাক্যজন্যা ধীবৃত্তিঃ। দশমস্ত্বমিতি বাক্যজন্যা ধীবৃত্তির্দশমত্বমিব ব্রহ্মভাবং জীবস্য গোচরয়ন্তী। লক্ষ্মীঃ পরব্রহ্মোপলক্ষকত্বাৎ। পদ্মগৃহা হৃদয়গুহায়ামেব স্ফুরন্তী। শুভা বন্ধননিবর্ত্তকত্বাৎ। ন চৈবং বৃত্তিবিষয়ত্বে ব্রহ্মণোঽনাত্মত্বং ঘটাদিবৎ স্যাদিতি বাচ্যম্। বৃত্তিব্যাপ্যত্বেঽপি ফলব্যাপ্যত্বানঙ্গীকারাৎ। যথোক্তম্—"ফলব্যাপ্যত্বমেবাস্য শাস্ত্রকৃদ্ভির্নিরাকৃতম্। ব্রহ্মণ্যজ্ঞাননাশায় বৃত্তিব্যাপ্তিরপেক্ষ্যতে" ইতি। তথাচ বস্তুতত্ত্ববিষয়িণ্যেব বিদ্যা অবিদ্যোন্মূলিকা, ন কর্ম্মোপাস্তিরূপা, যেনানিত্যা স্যাদিতি ভাবঃ। অস্যাঃ ফলমাহ, তস্যা ইতি। তস্যা বিদ্যায়াঃ পুত্র ইব পুত্রাঃ ফলানি। মানসা মনঃসঙ্কল্পমাত্রজন্যাঃ পিত্রাদয়ঃ। "সঙ্কল্পাদেবাস্য পিতরঃ সমুত্তিষ্ঠন্তি" ইতি শ্রুতেঃ। অস্য হার্দ্দব্রহ্মবিদঃ। তুরগাঃ তুরং গচ্ছন্তি তে তুরগাঃ, সদ্যো মনঃসংহার্য্যা এব। যতো ব্যোমচারিণঃ ব্যোম্নি হার্দ্দাকাশে চারিণঃ। "য এবং বেদাহং ব্রহ্মাস্মীতি স ইদং সর্ব্বং ভবতি" ইতি শ্রুতের্ব্রহ্মবিজ্ঞানাৎ সার্ব্বাত্ম্যং স্বীয়মবগচ্ছতঃ সর্ব্বপ্রাপ্তিরস্তীত্যর্থঃ। তস্মাদধর্ম্মপ্রভবসৃষ্টিশ্রবণেঽপি ন বিগানং কার্য্যম্, সর্ব্বস্য ব্রহ্মমাত্রত্বাৎ ॥৫১॥ এবমুপপাদিতারম্ভং সৃষ্ট্যন্তরং বক্তুমুপক্রমতে, বরুণস্যেত্যাদিনা। বরুণস্য শুক্রাৎ জ্যেষ্ঠা ভার্য্যা, বলং পুত্রং সুরাঞ্চ পুত্রীং ব্যজায়তেতি সম্বন্ধঃ

শুক্রাচার্য্যের কন্যা বরুণের জ্যেষ্ঠা ভার্য্যা ছিলেন; তাঁহার গর্ভে বল নামে এক পুত্র এবং সুরা নামে এক কন্যা জন্মগ্রহণ করিয়াছিল ॥৫২॥

মনুপ্রভৃতি আদিপুরুষেরা যখন পরস্পর পরস্পরের অন্ন ভোজন করিতেছিলেন, তখন তাহা হইতে অধর্ম্ম জন্ম গ্রহণ করেন; তিনিই সমস্ত প্রাণীর বিনাশের কারণ ॥৫৩॥

তস্যাপি নির্ঋতির্ভার্য্যা নৈর্ঋতা যেন রাক্ষসাঃ।
ঘোরাস্তস্যাস্ত্রয়ঃ পুত্রাঃ পাপকর্ম্মরতাঃ সদা ॥৫৪॥
ভয়ো মহাভয়শ্চৈব মৃত্যুর্ভূতান্তকস্তথা।
ন তস্য পুত্রো ভার্য্যা বা কশ্চিদস্ত্যন্তকো হি সঃ ॥৫৫॥
কাকীং শ্যেনীং তথা ভাসীং ধৃতরাষ্ট্রীং তথা শুকীম্।
তাম্রা তু সুষুবে দেবী পঞ্চৈতা লোকবিশ্রুতাঃ ॥৫৬॥
উলূকান্ সুষুবে কাকী শ্যেনী শ্যেনান্ ব্যজায়ত।
ভাসী ভাসানজনয়দ্‌গৃধ্রাংশ্চৈব জনাধিপ! ॥৫৭॥
ধৃতরাষ্ট্রী তু হংসাংশ্চ কলহংসাংশ্চ সর্বশঃ।
চক্রবাকাংশ্চ ভদ্রা তু জনয়ামাস সৈব তু ॥৫৮॥

ভারতকৌমুদী

তস্যেতি। তস্য অধর্ম্মস্যাপি, নির্ঋতির্নাম ভার্য্যাসীৎ; যেন হেতুনা, রাক্ষসাঃ, নির্ঋতেরপত্যানি পুমাংস ইতি নৈর্ঋতা উচ্যন্তে। তস্যা নির্ঋতেঃ, অপরেঽপি পুত্রা ইত্যর্থঃ ॥৫৪॥

অথ কানি তেষাং নামানীত্যাহ ভয় ইতি। ভূতান্তকঃ প্রাণিনাশকঃ। হি যস্মাৎ স মৃত্যুঃ অন্তকঃ, অতএব তস্য কশ্চিৎ পুত্রো ভার্য্যা বা নাসীৎ; সত্ত্বে তু তাবপি নাশয়েদিতি ভাবঃ ॥৫৫॥

কাকীমিতি। তাম্রা নাম দেবী, এতাঃ কাকীপ্রভৃতীঃ পঞ্চ কন্যাঃ সুষুবে; পুরুষানুল্লেখান্মনঃসঙ্কল্পেনেতি বোধ্যম্, লক্ষ্মীরিব তুরগান্। পুরাণান্তরে তু দক্ষকন্যা তাম্রা কশ্যপভার্য্যোক্তা ॥৫৬॥

উলূকানিতি। উলূকান্, পেচকান্, যোগ্যত্বাৎ কাকানপি, একস্যা এব ভাস্যা ভাসগৃধ্রয়োঃ প্রসববৎ। ব্যজায়তেতি সকর্ম্মকত্বমার্ষম্ ॥৫৭॥

ধৃতেতি। সর্ব্বশঃ সর্ব্বপ্রকারান্। সৈব প্রাগুক্তৈব ভদ্রা ॥৫৮॥

সেই অধর্ম্মের ভার্য্যা ছিলেন—'নির্ঋতি'; সেই নির্ঋতি হইতে বহুতর রাক্ষস জন্মিয়াছিল এবং সর্ব্বদা পাপকর্ম্মাসক্ত ও ভয়ঙ্করস্বভাব আরও তিন পুত্র নির্ঋতির গর্ভে জন্ম গ্রহণ করিয়াছিল ॥৫৪॥

তাহাদের নাম—ভয়, মহাভয় ও মৃত্যু। মৃত্যুর কোন পুত্র বা ভার্য্যা ছিল না। কারণ, মৃত্যু সমস্ত প্রাণীরই সংহার করিয়া থাকেন ॥৫৫॥

কাকী, শ্যেনী, ভাসী, ধৃতরাষ্ট্রী ও শুকী বিশ্वবিখ্যাত এই পাঁচটী কন্যাকে তাম্রাদেবী প্রসব করিয়াছিলেন ॥৫৬॥

মহারাজ! কাকী হইতে কাক ও পেচক, শ্যেনী হইতে শ্যেন এবং ভাসী হইতে ভাস ও গৃধ্র (শকুন) জন্মিয়াছিল ॥৫৭॥

শুকী চ জনয়ামাস শুকানেব যশস্বিনী।
কল্যাণগুণসম্পন্না সর্বলক্ষণপূজিতা ॥৫৯॥
নব ক্রোধবশা নারীঃ প্রজজ্ঞে ক্রোধসম্ভবাঃ।
মৃগী চ মৃগমন্দা চ হরী ভদ্রমনা অপি ॥৬০॥
মাতঙ্গী ত্বথ শার্দ্দূলী শ্বেতা সুরভিরেব চ।
সর্বলক্ষণসম্পন্না সুরসা চৈব ভামিনী ॥৬১॥
অপত্যন্তু মৃগাঃ সর্বে মৃগ্যা নরবরোত্তম !।
ঋক্ষাশ্চ মৃগমন্দায়াঃ সৃমরাশ্চ পরন্তপ ! ॥৬২॥
ততস্ত্বৈরাবতং নাগং জজ্ঞে ভদ্রমনাঃ সুতম্।
ঐরাবতঃ সুতস্তস্যা দেবনাগো মহাগজঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

শুকীতি। কল্যাণগুণৈঃ শুভসূচকাকারাদিভিঃ সম্পন্না, সর্ব্বৈর্লক্ষণৈর্মনুষ্যতুল্যবাগ্‌-বাদিত্বপ্রভৃতিভিঃ পূজিতা, অতএব যশস্বিনী ॥৫৯॥

নবেতি। ক্রোধসম্ভবাঃ ক্রোধাদেবোৎপন্নাঃ, অতএব ক্রোধবশাঃ কোপনাঃ, নব নারীঃ, প্রজজ্ঞে জনয়ামাস ব্রহ্মেতি শেষঃ। সকর্ম্মকত্বমত্রাপ্যার্ষম্ ॥৬০॥

মাতঙ্গীতি। সর্ব্বলক্ষণসম্পন্না সুরভিঃ, ভামিনী কোপনা সুরসা চেতি সম্বন্ধঃ ॥৬১॥

অপত্যমিতি। হে নরবরোত্তম! সর্ব্বে মৃগা মৃগ্যা অপত্যম্। হে পরন্তপ! ঋক্ষা ভল্লূকাঃ, সৃমরাঃ পশুবিশেষাঃ, মৃগমন্দায়া অপত্যমিত্যন্বয়ঃ ॥৬২॥

তত ইতি। ততো ভদ্রমনাঃ, ঐরাবতং নাম নাগং হস্তিনং সুতম্, জজ্ঞে জনয়ামাস। তস্যা ভদ্রমনসঃ সুতো মহাগজ ঐরাবতঃ, দেবনাগ ইন্দ্রহস্তী বভূব ॥৬৩॥

হইতে সর্ব্বপ্রকার হংস ও কলহংস এবং ভদ্রা হইতে চক্রবাক উৎপন্ন হইয়াছিল ॥৫৮॥

শুভসূচকগুণযুক্তা ও সর্বসুলক্ষণা যশস্বিনী শুকী শুকপক্ষিগণকে জন্মাইয়াছিল ॥৫৯॥

ক্রোধ হইতে কোপনস্বভাবা নয়টী স্ত্রী জন্মিয়াছিল। তাহাদের নাম—মৃগী, মৃগমন্দা, হরী, ভদ্রমনা, মাতঙ্গী, শার্দ্দূলী, শ্বেতা, সর্ব্বসুলক্ষণা সুরভি এবং কোপনস্বভাবা সুরসা ॥৬০–৬১॥

মহারাজ! মৃগ সকল মৃগীর সন্তান এবং ভল্লূক ও সৃমর (পশুবিশেষ) মৃগমন্দার সন্তান ॥৬২॥

তাহার পর, ভদ্রমনা হইতে ঐরাবত হস্তী জন্মিয়াছিল। সেই মহাহস্তী ঐরাবতই পরে ইন্দ্রের বাহন হইয়াছিল ॥৬৩॥

[৬০] নব ক্রোধবশান্নারী প্রজজ্ঞে ক্রোধসম্ভবা··। [৬১]···সুরসা চৈব ভাবিনী।

হর্য্যাশ্চ হরয়োঽপত্যং বানরাশ্চ তরস্বিনঃ।
গোলাঙ্গূলাংশ্চ ভদ্রং তে হর্য্যাঃ পুত্রান্ প্রচক্ষতে ॥৬৪॥
প্রজজ্ঞে ত্বথ শার্দ্দূলী সিংহান্ ব্যাঘ্রাননেকশঃ।
দ্বীপিনশ্চ মহাসত্ত্বান্ সর্বানেব ন সংশয়ঃ ॥৬৫॥
মাতঙ্গ্যপি চ মাতঙ্গানপত্যানি নরাধিপ !।
দিশাং গজং তু শ্বেতাখ্যং শ্বেতাজনয়দাশুগম্ ॥৬৬॥
তথা দুহিতরৌ রাজন্ ! সুরভির্বৈ ব্যজায়ত।
রোহিণীঞ্চৈব ভদ্রং তে গন্ধর্বীস্তু যশস্বিনীম্ ॥৬৭॥
বিমলামপি ভদ্রং তে অনলামপি ভারত !।
রোহিণ্যাং জজ্ঞিরে গাবো গন্ধর্ব্যাং বাজিনঃ সুতাঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

হর্য্যা ইতি। হরয়ো ভেকাঃ, তরস্বিনো বলবন্তো বানরাশ্চ হর্য্যা অপত্যম্। তে প্রসিদ্ধা মহর্ষয়ঃ, গোলাঙ্গূলান্ বানরবিশেষাংশ্চ, হর্য্যা এব পুত্রান্ ভদ্রং সম্যক্ প্রচক্ষতে ॥৬৪॥

প্রজজ্ঞ ইতি। অথ শার্দ্দূলী, অনেকশঃ সিংহান্ ব্যাঘ্রান্, মহাসত্ত্বান্ মহাবলান্ সর্ব্বানেব দ্বীপিনো বিচিত্রাঙ্গান্ ব্যাঘ্রবিশেষান্, প্রজজ্ঞে জনয়ামাস ; অত্র সংশয়ো নাস্তি ॥৬৫॥

মাতঙ্গীতি। হে নরাধিপ ! মাতঙ্গ্যপি চ, মাতঙ্গান্ গজান্, অপত্যানি সন্তানান্, শ্বেতা চ, শ্বেতাখ্যম্ আশুগং শীঘ্রগামিনম্, দিশাং গজম্ অজনয়ৎ ॥৬৬॥

তথেতি। হে রাজন্ ! তে তব ভদ্রং মঙ্গলমস্তু এতচ্ছ্রবণাদিতি ভাবঃ। বিষয়ান্তরাভিনিবেশাগমাত্মনস্কং জনমেজয়মভিমুখীকর্ত্তুমযমাশীর্বাদ ইতি বোধ্যম্। সুরভিঃ, রোহিণীং যশস্বিনীং গন্ধর্বীঞ্চ দুহিতরৌ, ব্যজায়ত অজনয়ৎ ॥৬৭॥

বিমলামিতি। হে ভারত ! তে ভদ্রমস্তু, পূর্ব্ববচ্চ ভাবঃ। বিমলামপি অনলামপি চ দুহিতরৌ সুরভির্ব্যজায়তেতি সম্বন্ধঃ ॥৬৮॥

ভেক, বানর ও গোলাঙ্গূলনামক বানরবিশেষ এই গুলি হরীর সন্তান ॥৬৪॥

তদনন্তর শার্দ্দূলী অনেক সিংহ, ব্যাঘ্র এবং সর্ব্বপ্রকার বিচিত্র ব্যাঘ্র প্রসব করেন ॥৬৫॥

মহারাজ ! মাতঙ্গী হস্তিগণকে এবং শ্বেতা শীঘ্রগামী শ্বেতনামক দিগ্‌-হস্তীকে উৎপাদন করেন ॥৬৬॥

মহারাজ ! আপনার মঙ্গল হউক। সুরভি হইতে রোহিণী ও গন্ধর্বী এই দুইটী কন্যা এবং বিমলা ও অনলা নামে অপর দুইটী কন্যা জন্ম গ্রহণ করে। তাহার মধ্যে রোহিণীর সন্তান গরু, আর গন্ধর্বীর সন্তান ঘোড়া ॥৬৭—৬৮॥

(৬৭)···রোহিণী চৈব ভদ্রং তে গন্ধর্বী তু যশস্বিনী। (৬৮)·· অমলামপি ভারত ··

ইরায়াঃ কন্যকা জাতাস্তিস্রঃ কমললোচনাঃ।
বনস্পতীনাং বৃক্ষাণাং বীরুধাঞ্চৈব মাতরঃ ॥৬৯॥
লতারুহে চ দ্বে প্রোক্তে বীরুধা চৈব তাঃ স্মৃতাঃ।
গৃহ্নন্তি যে বিনা পুষ্পং ফলানি তরবঃ পৃথক্ ॥৭০॥
লতাসু তাস্তে বিজ্ঞেয়াস্তানেবাহুর্বনস্পতীন্।
পুষ্পৈঃ ফলগ্রহান্ বৃক্ষান্ রুহায়াঃ প্রসবং বিদুঃ ॥৭১॥ (যুগ্মকম্)
লতাগুল্মানি বৃক্ষাশ্চ ত্বক্সারতৃণজন্তবঃ।
বীরুধায়াঃ প্রজাস্তস্যাস্ত্বত্র বংশঃ সমাপ্যতে ॥৭২॥
সপ্তপিণ্ডফলান্ বৃক্ষান্ অমলাপি ব্যজায়ত।
অনলায়াঃ শুকী পুত্রী কঙ্কস্তু সুরসাসুতঃ ॥৭৩॥

ভারতকৌমুদী

ইরায়া ইতি। কমললোচনাস্তিস্রঃ কন্যকাঃ, ইরায়াঃ পুরাণান্তরে কশ্যপভার্য্যাত্বেনাভিহিতায়া জাতাঃ। তাশ্চ পরং বনস্পতীনাং বৃক্ষাণাং বীরুধাং লতানাঞ্চ মাতরো বভূবুঃ ॥৬৯॥

অথ কানি তাসাং নামানীত্যাহ লতেতি। দ্বে লতারুহে প্রোক্তে, অপরা চ বীরুধা নাম, ইতি তাস্তিস্রঃ স্মৃতাঃ। নমু বনস্পত্যাদয়ঃ কিংলক্ষণা ইত্যাহ গৃহ্নন্তীতি। যে তরবঃ পুষ্পং বিনা পৃথক্ ফলানি গৃহ্নন্তি, তে লতায়াঃ সুতা বিজ্ঞেয়াঃ, তানেব চ বনস্পতীন্ আহুঃ। পুষ্পৈঃ ফলগ্রহান্ ফলধারিণস্তরূন্ বৃক্ষানাহুঃ, তাংশ্চ রুহায়াঃ প্রসবং সন্তানম্, বিদুঃ ॥৭০—৭১॥

লতেতি। লতাগুল্মানি, অবশিষ্টাঃ পুষ্পফলহীনা বৃক্ষাঃ, ত্বক্সারো বংশাদি তৃণং কুশাদি জন্তুর্জন্তুফলাখ্যবৃক্ষশ্চ তে, বীরুধায়াঃ প্রজাঃ সন্তানাঃ। তস্যাস্তু বীরুধায়া বংশঃ অত্র এষেব সমাপ্যতে। এতেন লতারুহয়োরন্যেঽপি সন্তানাঃ সন্তীতি সূচিতম্ ॥৭২॥

ভারতভাবদীপঃ

॥৫২—৭২॥ পিণ্ডফলান্ সপ্ত। "খর্জ্জুরস্তালহিন্তালৌ তালী খর্জ্জুরিকা তথা। গুবাকো

ইরার পদ্মনয়না তিনটি কন্যা জন্মিয়াছিল; তাহারাই পরে বনস্পতি, বৃক্ষ ও লতার মাতা হইয়াছিল ॥৬৯॥

সেই তিনটি কন্যার নাম—লতা, রুহা ও বীরুধা। যে সকল তরু ফুল ভিন্ন ফল ধরে, তাহারাই লতার সন্তান এবং তাহাদিগকেই বনস্পতি বলে। আর, যে যে তরু ফুল হওয়ার পর ফল ধরে, সেই গুলিকে বৃক্ষ বলে এবং তাহারাই রুহার সন্তান ॥৭০—৭১॥

লতা, গুল্ম, ফলপুষ্পহীন বৃক্ষ, বাঁশ ও তৃণ এই গুলি বীরুধার সন্তান; তাহার সন্তান এই পর্য্যন্তই ॥৭২॥

৬৯ শ্লোকাবধিশ্লোকচতুষ্টয়ং কুত্রাচিৎ পুস্তকে ন দৃশ্যতে। (৭০)···বীরুধাশ্চৈব তাঃ স্মৃতাঃ। [৭২]···বীরুধো যাঃ প্রজাঃ···। [৭৩]···অনলাপি ব্যজায়ত···।

অরুণস্য ভার্য্যা শ্যেনী তু বীর্য্যবন্তৌ মহাবলৌ ।
সম্পাতিং জনয়ামাস বীর্য্যবন্তং জটায়ুষম্ ॥৭৪॥
সুরসাজনয়ন্নাগান্ কদ্রুঃ পুত্রাংস্তু পন্নগান্ ।
দ্বৌ পুত্রৌ বিনতায়াস্তু বিখ্যাতৌ গরুড়ারুণৌ ॥৭৫॥
ইত্যেষ সর্বভূতানাং মহতাং মনুজাধিপ ! ।
প্রভবঃ কীর্ত্তিতঃ সম্যঙ্ময়া মতিমতাং বর ! ॥৭৬॥
যং শ্রুত্বা পুরুষঃ সম্যঙ্মুক্তো ভবতি পাপ্মনঃ ।
সর্বজ্ঞতাঞ্চ লভতে গতিমগ্র্যাঞ্চ বিন্দতি ॥৭৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি সম্ভবে প্রাণ্যাদ্যুৎপত্তির্নাম একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

ভারতকৌমুদী

সপ্তেতি। অমলাপি বিমলাপি। ব্যজায়ত অজনয়ৎ। পিণ্ডফলাস্তু "খর্জূরস্তালহিন্তালৌ তালী খর্জূরিকা তথা। গুবাকো নারিকেলাশ্চ সপ্ত পিণ্ডফলা ক্রমাঃ" ইতি নীলকণ্ঠোক্তাঃ। শুকীত্যপরা ॥৭৩॥

অরুণস্যেতি। "শ্যেনী শ্যেনান্ ব্যজায়ত" ইতি পূর্ব্বমুক্তম্, অত্র তু তদিতরৌ সম্পাতি-জটায়ুষৌ। বীর্য্যবন্তং সাহসিনম্ ॥৭৪॥

সুরসেতি। নাগান্ সংবর্ত্তকাদিমেঘান্, "নাগাঃ পন্নগমাতঙ্গক্রূরাচারিষু তোয়দে" ইতি বিশ্বঃ। পন্নগান্ সর্পান্। বিখ্যাতাবিত্যনেন বিনতায়া অপরেঽপি পুত্রা আসন্নিতি সূচিতমিতি ন পূর্বোক্তবিরোধঃ ॥৭৫॥

উপসংহরতি ইতীতি। মহতাং প্রধানানাম্। প্রভব উৎপত্তিঃ ॥৭৬॥

বিমলা হইতে সপ্তবিধ পিণ্ডফল বৃক্ষ জন্মিয়াছিল (টীকা দ্রষ্টব্য)। শুকী অনলার কন্যা এবং কঙ্কপক্ষী সুরসার পুত্র ॥৭৩॥

অরুণের ভার্য্যা শ্যেনী, মহাপরাক্রমী ও মহাসাহসী সম্পাতি ও জটায়ুকে জন্মাইয়াছিলেন ॥৭৪॥

সুরসা হইতে মেঘগণ এবং কদ্রু হইতে সর্পগণ জন্মিয়াছিল। আর, বিনতার পুত্রগণের মধ্যে গরুড় ও অরুণ এই দুইটী পুত্রই বিখ্যাত হইয়াছিলেন ॥৭৫॥

মহারাজ! এই আমি আপনার নিকট প্রধান প্রধান প্রাণীদিগের উৎপত্তির বিষয় যথাযথভাবে বলিলাম ॥৭৬॥

---

(৭৭)…রতিমগ্র্যাঞ্চ…। * 'সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ' 'ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ' 'ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ' ইতি পাঠান্তরাণি।

দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ

-:*:-

জনমেজয় উবাচ।

দেবানাং দানবানাঞ্চ গন্ধর্ব্বোরগরক্ষসাম্।
সিংহব্যাঘ্রমৃগাণাঞ্চ পন্নগানাং পতত্রিণাম্ ॥১॥
সর্ব্বেষাঞ্চৈব ভূতানাং সম্ভবং ভগবন্নহম্।
শ্রোতুমিচ্ছামি তত্ত্বেন মানুষেষু মহাত্মনাম্।
জন্ম কর্ম্ম চ ভূতানামেতেষামনুপূর্ব্বশঃ ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এতৎপ্রকরণশ্রবণফলমাহ যমিতি। যং প্রভবম্। অগ্র্যাং গতিং ব্রহ্মলোকাদিস্থানম্ ॥৭৭॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্ব্বণি সম্ভবে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

———:*:———

দেবানামিতি। উরগাঃ সর্পাঃ, পন্নগাশ্চ নাগা ইত্যপৌনরুক্ত্যম্। কিং বহুনা, মহাত্মনাং প্রধানানাম্, সর্ব্বেষামেব ভূতানাম্, মানুষেষু, সম্ভবম্ উৎপত্তিম্, তত্ত্বেন যাথার্থ্যেন, শ্রোতুমিচ্ছামি। কিঞ্চ, এতেষাং ভূতানাম্, জন্ম জন্মবৃত্তান্তম্, কর্ম্ম চরিত্রঞ্চ, অনুপূর্ব্বশঃ প্রথমাবধ্যেব, শ্রোতুমিচ্ছামীতি সম্বন্ধঃ। দ্বিতীয়পদ্যং ষট্পাদম্ ॥১—২॥

ভারতভাবদীপঃ

নারিকেলশ্চ সপ্ত পিণ্ডফলা ক্রমাঃ ॥" ইত্যুক্তরূপান্। ইহ পুরাণান্তরবিরোধো নামভেদাৎ কল্পভেদাদ্বাপনেয়ঃ ॥৭৩—৭৭॥

ইতি আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬১॥

———:০:———

দেবানামিতি অধ্যায়ো নিগদব্যাখ্যাতঃ ॥১ ... ... ৮৫॥

যাহা শুনিয়া মানুষ পাপ হইতে সর্ব্বপ্রকারে মুক্ত হইয়া থাকে, সর্ব্বজ্ঞতা লাভ করে এবং পরিণামে পরম পদ প্রাপ্ত হয় ॥৭৭॥

———:*:———

জনমেজয় বলিলেন—মহর্ষি! দেব, দানব, গন্ধর্ব্ব, সর্প, রাক্ষস, সিংহ, ব্যাঘ্র, মৃগ, নাগ ও পক্ষী, অধিক বলিয়া কি হইবে, প্রধান প্রধান সমস্ত প্রাণীই যে আসিয়া মানুষের ভিতরে জন্মিয়াছিলেন, আমি সে বিষয় যথাযথভাবে শুনিতে ইচ্ছা করি এবং এই সকল প্রাণীর জন্মবৃত্তান্ত ও চরিত্র আনুপূর্ব্বীক শুনিতে ইচ্ছা করি ॥১—২॥

বৈশম্পায়ন উবাচ।

মানুষেষু মনুষ্যেন্দ্র ! সম্ভূতা যে দিবৌকসঃ।
প্রথমং দানবাংশ্চৈব তাংস্তে বক্ষ্যামি সর্ব্বশঃ ॥৩॥
বিপ্রচিত্তিরিতি খ্যাতো য আসীদ্দানবর্ষভঃ।
জরাসন্ধ ইতি খ্যাতঃ স আসীন্মনুজর্ষভঃ ॥৪॥
দিতেঃ পুত্রস্তু যো রাজন্ ! হিরণ্যকশিপুঃ স্মৃতঃ।
স জজ্ঞে মানুষে লোকে শিশুপালো নরর্ষভঃ ॥৫॥
সংহ্লাদ ইতি বিখ্যাতঃ প্রহ্লাদস্যানুজস্তু যঃ।
স শল্য ইতি বিখ্যাতো জজ্ঞে বাহ্লীকপুঙ্গবঃ ॥৬॥
অনুহ্লাদস্তু তেজস্বী যোঽভূৎ খ্যাতো জঘন্যজঃ।
ধৃষ্টকেতুরিতি খ্যাতঃ স বভূব নরেশ্বরঃ ॥৭॥
যস্তু রাজন্ ! শিবির্নাম দৈতেয়ঃ পরিকীর্ত্তিতঃ।
দ্রুম ইত্যভিবিখ্যাতঃ স আসীদ্ভুবি পার্থিবঃ ॥৮॥

ভারতকৌমুদী

মানুষেষ্বিতি। হে মনুষ্যেন্দ্র ! যে দিবৌকসঃ স্বর্গবাসিনো দানবাঃ মানুষেষু সম্ভূতাঃ, তে তব সমীপে, প্রথমং তানেব সর্বশঃ সর্বান্ বক্ষ্যামি ॥৩॥
বিপ্রেতি। বিপ্রচিত্তির্নাম দানবর্ষভো দানবরাজঃ ॥৪॥
দিতেরিতি। শিশুপালো নাম চেদিরাজঃ ॥৫॥
সংহ্লাদ ইতি। বাহ্লীকপুঙ্গবো বাহ্লীকবংশশ্রেষ্ঠঃ ॥৬॥
অন্বিতি। জঘন্যজঃ প্রহ্লাদাদিভ্রাতৃগণমধ্যে কনিষ্ঠঃ ॥৭॥

বৈশম্পায়ন কহিলেন—মহারাজ ! যে সকল স্বর্গবাসী দানব আসিয়া মানুষের ভিতরে জন্মিয়াছিলেন, আমি আপনার নিকট প্রথমে তাঁহাদের বৃত্তান্তই বলিব ॥৩॥

যিনি বিপ্রচিত্তি নামে দানবগণের রাজা ছিলেন, তিনিই আসিয়া জরাসন্ধ নামে মানুষের রাজা হইয়াছিলেন ॥৪॥

যিনি হিরণ্যকশিপু নামে দিতির পুত্র ছিলেন, তিনি আসিয়া মনুষ্যলোকে শিশুপাল হইয়া জন্মিয়াছিলেন ॥৫॥

যিনি প্রহ্লাদের কনিষ্ঠ ভ্রাতা সংহ্লাদ নামে বিখ্যাত ছিলেন, তিনি বাহ্লীকশ্রেষ্ঠ শল্য হইয়া জন্মিয়াছিলেন ॥৬॥

অনুহ্লাদ নামে যে অসুর প্রহ্লাদপ্রভৃতি ভ্রাতৃগণের মধ্যে কনিষ্ঠ এবং বলবান্ বলিয়া বিখ্যাত ছিলেন, তিনিই আসিয়া ধৃষ্টকেতুনামক রাজা হইয়াছিলেন ॥৭॥

বাস্কলো নাম যস্তেষামাসীদসুরসত্তমঃ।
ভগদত্ত ইতি খ্যাতঃ স জজ্ঞে পুরুষর্ষভঃ ॥৯॥
অয়ঃশিরা অশ্বশিরা অয়ঃশঙ্কুশ্চ বীর্য্যবান্।
তথা গগনমূর্দ্ধা চ বেগবাংশ্চাত্র পঞ্চমঃ ॥১০॥
পঞ্চৈতে জজ্ঞিরে রাজন্! বীর্য্যবন্তো মহাসুরাঃ।
কেকয়েষু মহাত্মানঃ পার্থিবর্ষভসত্তমাঃ ॥১১॥
কেতুমানিতি বিখ্যাতো যস্ততোঽন্যঃ প্রতাপবান্।
অমিতৌজা ইতি খ্যাতঃ সোগ্রকর্ম্মা নরাধিপঃ ॥১২॥
স্বর্ভানুরিতি বিখ্যাতঃ শ্রীমান্ যস্তু মহাসুরঃ।
উগ্রসেন ইতি খ্যাত উগ্রকর্ম্মা নরাধিপঃ ॥১৩॥
যস্ত্বশ্ব ইতি বিখ্যাতঃ শ্রীমানাসীন্মহাসুরঃ।
অশোকো নাম রাজাভূন্মহাবীর্য্যোঽপরাজিতঃ ॥১৪॥

ভারতকৌমুদী

য ইতি। দৈতেয়ো দৈত্যঃ। পার্থিবো রাজা ॥৮॥
বাস্কল ইতি। তেষাং দেবাসুরাণাং মধ্যে ॥৯॥
অয় ইতি। অত্র পঞ্চমহাসুরগণমধ্যে ॥১০॥
পঞ্চেতি। কেকয়েষু তদাখ্যদেশে। পার্থিবর্ষভসত্তমাঃ শ্রেষ্ঠরাজপ্রধানাঃ ॥১১॥
কেতুমানিতি। ততস্তেভ্য উক্তাসুরেভ্যঃ। উগ্রকর্ম্মা ভয়ঙ্করকার্য্যকারী। সন্ধিরার্ষঃ ॥১২॥
স্বর্ভানুরিতি। শ্রীমান্ কান্তিমান্ ॥১৩॥
য ইতি। মহাবীর্য্যঃ, অতএব শক্রভিরপরাজিতঃ ॥১৪॥

মহারাজ। শিবি নামে যে দৈত্য ছিলেন, তিনিই আসিয়া দ্রুমনামে রাজা হইয়াছিলেন ॥৮॥

বাস্কল নামে যে প্রধান অসুর ছিলেন, তিনিই ভগদত্ত হইয়া জন্মিয়াছিলেন ॥৯॥

অয়ঃশিরা, অশ্বশিরা, অয়ঃশঙ্কু, গগনমূর্দ্ধা ও বেগবান্ এই পাঁচ জন বলবান্ মহাসুর আসিয়া কেকয়দেশে প্রধান প্রধান পাঁচ জন রাজা হইয়াছিলেন ॥১০—১১॥

তদ্ভিন্ন কেতুমান্ নামে যে প্রতাপশালী মহাসুর ছিলেন, তিনিই ভয়ঙ্কর-স্বভাব উত্তমৌজা নামে রাজা হইয়া জন্ম গ্রহণ করেন ॥১২॥

স্বর্ভানু নামে সুন্দরাকৃতি যে মহাসুর ছিলেন, তিনিই আসিয়া ভয়ঙ্করচরিত্র উগ্রসেননামক রাজা হইয়াছিলেন ॥১৩॥

তস্মাদবরজো যস্তু রাজন্নশ্বপতিঃ স্মৃতঃ।
দৈতেয়ঃ সোঽভবদ্রাজা হার্দ্দিক্যো মনুজর্ষভঃ ॥১৫॥
বৃষপর্ব্বেতি বিখ্যাতঃ শ্রীমান্ যস্তু মহাসুরঃ।
দীর্ঘপ্রজ্ঞ ইতি খ্যাতঃ পৃথিব্যাং সোঽভবন্নৃপঃ ॥১৬॥
অজকস্ত্ববরো রাজন্! য আসীদ্বৃষপর্ব্বণঃ।
স শাল্ব ইতি বিখ্যাতঃ পৃথিব্যামভবন্নৃপঃ ॥১৭॥
অশ্বগ্রীব ইতি খ্যাতঃ সত্ত্ববান্ যো মহাসুরঃ।
রোচমান ইতি খ্যাতঃ পৃথিব্যাং সোঽভবন্নৃপঃ ॥১৮॥
সূক্ষ্মস্তু মতিমান্ রাজন্! কীর্ত্তিমান্ যঃ প্রকীর্ত্তিতঃ।
বৃহদ্রথ ইতি খ্যাতঃ ক্ষিতাবাসীৎ স পার্থিবঃ ॥১৯॥
তুহুণ্ডু ইতি বিখ্যাতো য আসীদসুরোত্তমঃ।
সেনাবিন্দুরিতি খ্যাতঃ স বভূব নরাধিপঃ ॥২০॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। তস্মাৎ অশ্বাৎ, অবরজঃ পরজাতঃ কনিষ্ঠো ভ্রাতেত্যর্থঃ ॥১৫॥
বৃষেতি। শ্রীমান্ কান্তিমান্ সমৃদ্ধিমান্ বা ॥১৬॥
অজক ইতি। অজকো নাম, অবরঃ কনিষ্ঠো ভ্রাতা ॥১৭॥
অশ্বেতি। সত্ত্ববান্ বলবান্ ॥১৮॥
সূক্ষ্ম ইতি। মতিমান্ বুদ্ধিমান্ ॥১৯॥
তুহুণ্ডু ইতি। নরাধিপো রাজা ॥২০॥

সমৃদ্ধিশালী অশ্বনামে যে মহাসুর ছিলেন, তিনিই মহাবলবান্ অশোক নামে রাজা হইয়াছিলেন ॥১৪॥

মহারাজ! অশ্বের কনিষ্ঠ সহোদর অশ্বপতি নামে যে দৈত্য ছিলেন, তিনিই হার্দ্দিক্যনামে রাজা হইয়া জন্মিয়াছিলেন ॥১৫॥

সমৃদ্ধিশালী বৃষপর্ব্বা নামে যে মহাসুর ছিলেন, তিনিই পৃথিবীতে আসিয়া দীর্ঘপ্রজ্ঞনামক রাজা হইয়াছিলেন ॥১৬॥

মহারাজ! বৃষপর্ব্বার কনিষ্ঠ অজকনামে যে অসুর ছিলেন, তিনি ভূমণ্ডলে আসিয়া শাল্ব নামে রাজা হইয়াছিলেন ॥১৭॥

অশ্বগ্রীবনামে যে মহাবলবান্ মহাসুর ছিলেন, তিনি পৃথিবীতে আসিয়া রোচমান নামে বিখ্যাত রাজা হইয়াছিলেন ॥১৮॥

বুদ্ধিমান্ ও যশস্বী সূক্ষ্ম নামে যে অসুর ছিলেন, তিনি ভূমণ্ডলে আসিয়া বৃহদ্রথ নামে রাজা হইয়া জন্মিয়াছিলেন ॥১৯॥

একপান্নাম যস্তেষামসুরাণাং বলাধিকঃ।
নগ্নজিন্নাম রাজাসীদ্ভুবি বিখ্যাতবিক্রমঃ ॥২১॥
একচক্র ইতি খ্যাত আসীদ্যস্তু মহাসুরঃ।
প্রতিবিন্ধ্য ইতি খ্যাতো বভূব প্রথিতঃ ক্ষিতৌ ॥২২॥
বিরূপাক্ষস্তু দৈতেয়শ্চিত্রযোধী মহাসুরঃ।
চিত্রবর্ম্মেতি বিখ্যাতঃ ক্ষিতাবাসীৎ স পার্থিবঃ ॥২৩॥
হরস্ত্বরিহরো বীর আসীদ্যো দানবোত্তমঃ।
সুবাহুরিতি বিখ্যাতঃ শ্রীমানাসীৎ স পার্থিবঃ ॥২৪॥
অহরস্তু মহাতেজাঃ শত্রুপক্ষক্ষয়ঙ্করঃ।
বাহ্লীকো নাম রাজা স বভূব প্রথিতঃ ক্ষিতৌ ॥২৫॥
নিচন্দ্রশ্চন্দ্রবক্ত্রস্তু য আসীদসুরোত্তমঃ।
মুঞ্জকেশ ইতি খ্যাতঃ শ্রীমানাসীৎ স পার্থিবঃ ॥২৬॥

ভারতকৌমুদী

একপাদিতি। অসুরাণাং মধ্যে বলেন অধিকঃ প্রধানঃ ॥২১॥

একেতি। খ্যাতো লোকৈরুক্ত ইতি ন প্রথিতপদেন সহ পৌনরুক্ত্যম্ ॥২২॥

বিরূপাক্ষ ইতি। চিত্রযোধী নানাবিধভাবেন যুদ্ধকর্ত্তা ॥২৩॥

হর ইতি। অরিহরঃ শত্রুহন্তা, হরো নাম ॥২৪॥

অহর ইতি। শত্রুপক্ষস্য ক্ষয়ং করোতীতি শত্রুপক্ষক্ষয়ঙ্করঃ, আর্ষত্বাৎ খপ্রত্যয়ঃ। অহরো নাম ॥২৫॥

তুহুণ্ডনামে যে প্রধান অসুর ছিলেন, তিনি আসিয়া সেনাবিন্দু নামে রাজা হইয়াছিলেন ॥২০॥

অসুরদিগের মধ্যে প্রধান বলবান্ একপাৎ নামে যে দৈত্য ছিলেন, তিনিই ভূমণ্ডলে আসিয়া বিখ্যাতবিক্রম নগ্নজিৎ নামে রাজা হইয়াছিলেন ॥২১॥

একচক্রনামক মহাসুর প্রতিবন্ধ্য নামে রাজা হইয়া ভূতলে প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন ॥২২॥

বিচিত্রযোদ্ধা মহাসুর বিরূপাক্ষ, ভূতলে চিত্রবর্ম্মা নামে রাজা হইয়া বিখ্যাত হইয়াছিলেন ॥২৩॥

শত্রুহন্তা হরনামে যে মহাবীর দানব ছিলেন, তিনি সুবাহুনামক রাজা হইয়াছিলেন ॥২৪॥

শত্রুহন্তা মহাবলবান্ অহরনামক অসুর আসিয়া বাহ্লীকনামে রাজা হইয়া প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন ॥২৫॥

[২১] ইষুপান্নাম…।

নিকুম্ভস্ত্বজিতঃ সংখ্যে মহামতিরজায়ত।
ভূমৌ ভূমিপতিশ্রেষ্ঠো দেবাধিপ ইতি স্মৃতঃ ॥২৭॥
শরভো নাম যস্তেষাং দৈতেয়ানাং মহাসুরঃ।
পৌরবো নাম রাজর্ষিঃ স বভূব নরোত্তমঃ ॥২৮॥
কুপটস্তু মহাবীর্য্যঃ শ্রীমান্ রাজন্! মহাসুরঃ।
সুপার্শ্ব ইতি বিখ্যাতঃ ক্ষিতৌ জজ্ঞে মহীপতিঃ ॥২৯॥
কপটস্তু রাজন্! রাজর্ষিঃ ক্ষিতৌ জজ্ঞে মহাসুরঃ।
পার্বতেয় ইতি খ্যাতঃ কাঞ্চনাচলসন্নিভঃ ॥৩০॥
দ্বিতীয়ঃ শলভস্তেষামসুরাণাং বভূব হ।
প্রহ্লাদো নাম বাহ্লীকঃ স বভূব নরাধিপঃ ॥৩১॥

ভারতকৌমুদী

নিচন্দ্র ইতি। চন্দ্রবক্ত্রশ্চন্দ্রতুল্যসুন্দরবদনঃ, নিচন্দ্রো নাম ॥২৬॥

নিকুম্ভ ইতি। সংখ্যে যুদ্ধে, অজিতঃ শক্রুভিরবিজিতপূর্বঃ। দেবাধিপো নাম ॥২৭॥

শরভ ইতি। দৈতেয়ানাং মধ্যে মহাসুরঃ প্রাধান্যেন দেবানাং বিরোধী ॥২৮॥

কুপট ইতি। কুপটো নাম। শ্রীমান্ সমৃদ্ধিমান্ বা ॥২৯॥

কপট ইতি। রাজর্ষির্মহাসুরশ্চ কপটো নাম। কাঞ্চনাচলসন্নিভঃ সুমেরুতুল্যগৌর-কান্তিঃ ॥৩০॥

দ্বিতীয় ইতি। শলভঃ শরভো নাম, রলয়োরভেদাৎ ॥৩১॥

চন্দ্রবদন নিচন্দ্রনামে যে মহাসুর ছিলেন, তিনিই ভূমণ্ডলে অবতীর্ণ হইয়া মুঞ্জকেশ নামে সমৃদ্ধিশালী রাজা হইয়াছিলেন ॥২৬॥

মহাবুদ্ধিমান্ যুদ্ধবিজয়ী নিকুম্ভ দানব আসিয়া ভূমণ্ডলে দেবাধিপনামে প্রধান রাজা হইয়াছিলেন ॥২৭॥

দৈত্যগণের মধ্যে শরভনামে যে মহাসুর ছিলেন, তিনিই পৌরবনামে রাজর্ষি হইয়াছিলেন ॥২৮॥

মহারাজ! বলবান্ ও সমৃদ্ধিমান্ কুপটনামক মহাসুর পৃথিবীতে আসিয়া সুপার্শ্ব নামে রাজা হইয়াছিলেন ॥২৯॥

ধার্ম্মিক কপটনামক দৈত্য ভূমণ্ডলে আসিয়া, সুমেরুতুল্য গৌরকান্তি পার্ব্বতেয়নামে রাজা হইয়াছিলেন ॥৩০॥

অসুরদিগের মধ্যে দ্বিতীয় শলভ, বাহ্লীকদেশে প্রহ্লাদনামে রাজা হইয়াছিলেন ॥৩১॥

---

[২৭]···ভূমিপতিঃ শ্রেষ্ঠঃ··। [২৯] কুপথস্তু (৩০) ক্রথস্তু···।

চন্দ্রস্তু দিতিজশ্রেষ্ঠো লোকে তারাধিপোপমঃ।
চন্দ্রবর্ম্মেতি বিখ্যাতঃ কাম্বোজানাং নরাধিপঃ ॥৩২॥
অর্ক ইত্যভিবিখ্যাতো যস্তু দানবপুঙ্গবঃ।
ঋষিকো নাম রাজর্ষির্বভূব নৃপসত্তম ! ॥৩৩॥
মৃতপা ইতি বিখ্যাতো য আসীদসুরোত্তমঃ।
পশ্চিমানূপকং বিদ্ধি তং নৃপং নৃপসত্তম ! ॥৩৪॥
গবিষ্ঠস্তু মহাতেজা যঃ প্রখ্যাতো মহাসুরঃ।
দ্রুমসেন ইতি খ্যাতঃ পৃথিব্যাং সোঽভবন্নৃপঃ ॥৩৫॥
ময়ূর ইতি বিখ্যাতঃ শ্রীমান্ যস্তু মহাসুরঃ।
স বিশ্ব ইতি বিখ্যাতো বভূব পৃথিবীপতিঃ ॥৩৬॥
সুবর্ণ ইতি বিখ্যাতস্তস্মাদবরজস্তু যঃ।
কালকীর্ত্তিরিতি খ্যাতঃ পৃথিব্যাং সোঽভবন্নৃপঃ ॥৩৭॥

ভারতকৌমুদী

চন্দ্র ইতি। লোকে অসুরভুবনে, তারাধিপোপম আকৃত্যা চন্দ্রতুল্যঃ ॥৩২॥
অর্ক ইতি। হে নৃপসত্তম ! জনমেজয় ! ॥৩৩॥
মৃতপা ইতি। পশ্চিমানূপকং তদাখ্যম্। বিদ্ধি জানীহি ॥৩৪॥
গবিষ্ঠ ইতি। গবিষ্ঠো নাম, মহাতেজাঃ প্রশস্তবিক্রমঃ ॥৩৫॥
ময়ূর ইতি। ইতি নাম্না বিখ্যাতঃ ॥৩৬॥
সুবর্ণ ইতি। তস্মান্ময়ূরাৎ, অবরজঃ কনিষ্ঠঃ ॥৩৭॥

চন্দ্রতুল্য সুন্দর চন্দ্রনামক দৈত্য আসিয়া কাম্বোজদেশে চন্দ্রবর্ম্মানামে রাজা হইয়াছিলেন ॥৩২॥

মহারাজ! দানবশ্রেষ্ঠ অর্ক আসিয়া ঋষিকনামে রাজর্ষি হইয়াছিলেন ॥৩৩॥

মহারাজ! যিনি মৃতপা নামে প্রধান অসুর ছিলেন, তিনিই পশ্চিম-দেশে অনূপক নামে রাজা হইয়াছিলেন ॥৩৪॥

যিনি গবিষ্ঠ নামে বিক্রমশালী মহাসুর ছিলেন, তিনিই ভূমণ্ডলে আসিয়া দ্রুমসেন নামে রাজা হইয়াছিলেন ॥৩৫॥

যিনি ময়ূর নামে বিখ্যাত সমৃদ্ধিশালী মহাসুর ছিলেন, তিনিই বিশ্বনামে রাজা হইয়া জন্মিয়াছিলেন ॥৩৬॥

ময়ূরের কনিষ্ঠ ভ্রাতা সুবর্ণ নামে যে অসুর ছিলেন, তিনিই পৃথিবীতে কালকীর্ত্তি নামে রাজা হইয়াছিলেন ॥৩৭।

[৩৩]···নৃপসত্তমঃ। [৩৫] গ

চন্দ্রহন্তেতি যস্তেষাং কীর্ত্তিতঃ প্রবরোঽসুরঃ।
শুনকো নাম রাজর্ষিঃ স বভূব নরাধিপঃ ॥৩৮॥
বিনাশনস্তু চন্দ্রস্য য আখ্যাতো মহাসুরঃ।
জানকির্নাম বিখ্যাতঃ সোঽভবন্মনুজাধিপঃ ॥৩৯॥
দীর্ঘজিহ্বস্তু কৌরব্য! য উক্তো দানবর্ষভঃ।
কাশিরাজঃ স বিখ্যাতঃ পৃথিব্যাং পৃথিবীপতে! ॥৪০॥
গ্রহং তু সুষুবে যং তু সিংহিকার্কেন্দুমর্দ্দনম্।
স ক্রাথ ইতি বিখ্যাতো বভূব মনুজাধিপঃ ॥৪১॥
দনায়ুষস্তু পুত্রাণাং চতুর্ণাং প্রবরোঽসুরঃ।
বিক্ষরো নাম তেজস্বী বসুমিত্রো নৃপঃ স্মৃতঃ ॥৪২॥
দ্বিতীয়ো বিক্ষরাদ্‌যস্তু নরাধিপ! মহাসুরঃ।
পাণ্ড্যরাষ্ট্রাধিপ ইতি বিখ্যাতঃ সোঽভবন্নৃপঃ ॥৪৩॥

ভারতকৌমুদী

চন্দ্রেতি। তেষামসুরাণাং মধ্যে, প্রবরঃ প্রধানঃ ॥৩৮॥
বিনাশন ইতি। দেবাসুরযুদ্ধে চন্দ্রস্য বিনাশনঃ পলায়নপ্রযোজকত্বাৎ তদাখ্যঃ ॥৩৯॥
দীর্ঘেতি। কৌরব্যেতি জনমেজয়সম্বোধনম্ ॥৪০॥
গ্রহমিতি। যং গ্রহং রাহুমিত্যর্থঃ ॥৪১॥
দনেতি। দনায়ুষস্তদাখ্যায়া দক্ষসুতায়াশ্চতুর্ণাং পুত্রাণাং মধ্যে প্রবরঃ ॥৪২॥
দ্বিতীয়ইতি। বিক্ষরাৎ উক্তবিক্ষরনামকাদসুরাৎ। পাণ্ড্যরাষ্ট্রাধিপঃ পাণ্ড্যরাজ্যস্য রাজা ॥৪৩॥

চন্দ্রহন্তা নামে অসুরদের মধ্যে যিনি প্রধান ছিলেন, তিনিই আসিয়া শুনক নামে রাজর্ষি হইয়াছিলেন ॥৩৮॥

চন্দ্রবিজয়ী বিনাশননামক মহাসুর আসিয়া জানকিনামে রাজা হইয়াছিলেন ॥৩৯॥

মহারাজ! দীর্ঘজিহ্বনামক দানব আসিয়া পৃথিবীতে কাশিরাজ নামে বিখ্যাত রাজা হইয়াছিলেন ॥৪০॥

সিংহিকাদেবী চন্দ্র ও সূর্য্যের উৎপীড়ক যে গ্রহকে প্রসব করিয়াছিলেন, সেই রাহু আসিয়া ক্রাথ নামে রাজা হইয়াছিলেন ॥৪১॥

দনায়ুর চারি জন পুত্রের মধ্যে প্রধান বিক্ষরনামক তেজস্বী অসুর আসিয়া বসুমিত্র নামে রাজা হইয়া জন্মিয়াছিলেন ॥৪২॥

মহারাজ! যিনি বিক্ষরের কনিষ্ঠ সহোদর ছিলেন, তিনি পাণ্ড্যরাজ্যের রাজা হইয়াছিলেন ॥৪৩॥

বলীন ইতি বিখ্যাতো যস্ত্বাসীন্মহাসুরোত্তমঃ।
পৌণ্ড্রমাৎস্যক ইত্যেবং বভূব স নরাধিপঃ ॥৪৪॥
বৃত্র ইত্যভিবিখ্যাতো যস্তু রাজন্! মহাসুরঃ।
মণিমান্নাম রাজর্ষিঃ স বভূব নরাধিপঃ ॥৪৫॥
ক্রোধহন্তেতি যস্তস্য বভূবাবরজোঽসুরঃ।
দণ্ড ইত্যভিবিখ্যাতঃ স আসীন্নৃপতিঃ ক্ষিতৌ ॥৪৬॥
ক্রোধবর্দ্ধন ইত্যেবং যস্ত্বন্যঃ পরিকীর্ত্তিতঃ।
দণ্ডধার ইতি খ্যাতঃ সোঽভবন্মনুজর্ষভঃ ॥৪৭॥
কালেয়ানাস্তু যে পুত্রাস্তেষামষ্টৌ নরাধিপাঃ।
জজ্ঞিরে রাজশার্দ্দূল! শার্দ্দূলসমবিক্রমাঃ ॥৪৮॥
মগধেষু জয়ৎসেনস্তেষামাসীৎ স পার্থিবঃ।
অষ্টানাং প্রবরস্তেষাং কালেয়ানাং মহাসুরঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

বলীন ইতি। বলীন ইতি নাম্না। ইত্যেবং নাম ॥৪৪॥

বৃত্র ইতি। মহাসুর আসীদিতি শেষঃ ॥৪৫॥

ক্রোধেতি। অবরজঃ কনিষ্ঠঃ ॥৪৬॥

ক্রোধবর্দ্ধন ইতি। ইত্যেবং নাম, অন্যঃ অসুরঃ ॥৪৭॥

কালেয়ানামিতি। কালেয়ানাং কালাখ্যদক্ষতনয়াপুত্রাণাম্। তেষাং মধ্যে অষ্টৌ, অষ্টৌ নরাধিপা জজ্ঞিরে ॥৪৮॥

নমু কে কে তে অষ্টৌ নরাধিপা ইত্যাহ মগধেষিতি। তেষামষ্টানাং কালেয়ানাং

যিনি বলীন নামে মহাসুর ছিলেন, তিনি পৌণ্ড্রমাৎস্যকনামে রাজা হইয়া ছিলেন ॥৪৪॥

বৃত্রনামে যে মহাসুর ছিলেন, তিনি আসিয়া মণিমান্ নামে রাজা হইয়াছিলেন ॥৪৫॥

যিনি ক্রোধহন্তানামে বৃত্রের কনিষ্ঠ ভ্রাতা ছিলেন, তিনি ভূমণ্ডলে আসিয়া দণ্ডনামে রাজা হইয়াছিলেন ॥৪৬॥

ক্রোধবর্দ্ধন নামে অন্য যে অসুর ছিলেন, তিনি দণ্ডধারনামে রাজা হইয়াছিলেন ॥৪৭॥

মহারাজ! কালেয় অসুরদিগের যাঁহারা পুত্র ছিলেন, তাঁহাদের মধ্যে আট জন আসিয়া, আট জন সিংহতুল্য রাজা হইয়াছিলেন ॥৪৮॥

---

[৪৪]·· বলী বীরঃ·· বলীনরঃ···।

দ্বিতীয়স্তু ততস্তেষাং শ্রীমান্ হরিহয়োপমঃ।
অপরাজিত ইত্যেবং স বভূব নরাধিপঃ ॥৫০॥
তৃতীয়স্তু মহাতেজা মহামায়ো মহাসুরঃ।
নিষাদাধিপতির্জজ্ঞে ভুবি ভীমপরাক্রমঃ ॥৫১॥
তেষামন্যতমো যস্তু চতুর্থঃ পরিকীর্ত্তিতঃ।
শ্রেণিমানিতি বিখ্যাতঃ ক্ষিতৌ রাজর্ষিসত্তমঃ ॥৫২॥
পঞ্চমস্ত্বভবত্তেষাং প্রবরো যো মহাসুরঃ।
মহৌজা ইতি বিখ্যাতো বভূবেহ পরন্তপঃ ॥৫৩॥
ষষ্ঠস্তু মতিমান্ যো বৈ তেষামাসীন্মহাসুরঃ।
অভীরুরিতি বিখ্যাতঃ ক্ষিতৌ রাজর্ষিসত্তমঃ ॥৫৪॥
সমুদ্রসেনস্তু নৃপস্তেষামেবাভবদ্‌গণাৎ।
বিশ্রুতঃ সাগরান্তায়াং ক্ষিতৌ ধর্ম্মার্থতত্ত্ববিৎ ॥৫৫॥

ভারতকৌমুদী

কালাসন্তানানাং মধ্যে প্রবরো মহাসুরঃ তেষামষ্টানাং নরাধিপানাং মধ্যে, স প্রসিদ্ধো জয়ৎসেনো নাম মগধেষু পার্থিব আসীৎ ॥৪৯॥

দ্বিতীয় ইতি। তেষাং কালেয়ানাম্। শ্রীমান্ সমৃদ্ধিমান্, হরিহয়োপম ইন্দ্রতুল্যঃ ॥৫০॥

তৃতীয় ইতি। মহামায়ঃ অতীবচ্ছলকারী ॥৫১॥

তেষামিতি। তেষাং যশ্চতুর্থঃ পরিকীর্ত্তিতঃ, স ক্ষিতৌ অন্যতমো রাজর্ষিসত্তমো বভূবেত্যর্থঃ ॥৫২॥

পঞ্চম ইতি। ইহ ক্ষিতৌ। পরন্তপঃ প্রতাপেণ শত্রুদুঃখদাতা ॥৫৩॥

ষষ্ঠ ইতি। মতিমান্ বুদ্ধিমান্ ॥৫৪॥

সেই আট জন মহাসুরের মধ্যে প্রধান মহাসুর, সেই আট জন রাজার মধ্যে প্রধান জয়ৎসেন নামে মগধরাজ্যের রাজা হইয়াছিলেন ॥৪৯॥

তাহার পর, ইন্দ্রতুল্য সমৃদ্ধিশালী দ্বিতীয় কালকেয় আসিয়া অপরাজিত নামে রাজা হইয়াছিলেন ॥৫০॥

মহাতেজস্বী ও মহামায়াবী তৃতীয় কালকেয় ভূমণ্ডলে অবতীর্ণ হইয়া ভয়ঙ্কর-পরাক্রমশালী নিষাদরাজ্যের রাজা হইয়াছিলেন ॥৫১॥

চতুর্থ কালকেয় পৃথিবীতে আসিয়া শ্রেণিমান্ নামে রাজা হইয়াছিলেন ॥৫২॥

পঞ্চম কালকেয় ভূতলে আসিয়া মহৌজা নামে রাজা হইয়াছিলেন ॥৫৩॥

বুদ্ধিমান্ ও মহাবলবান্ ষষ্ঠ কালকেয়, পৃথিবীতে আসিয়া অভীরুনামে রাজা হইয়াছিলেন ॥৫৪॥

[৫৩]...পরন্তপ ইতি সম্বোধনান্তঃ ক্বচিৎ পাঠঃ।

বৃহন্নামাষ্টমস্তেষাং কালেয়ানাং নরাধিপ !।
বভূব রাজা ধর্ম্মাত্মা সর্ব্বভূতহিতে রতঃ ॥৫৬॥
কুক্ষিস্তু রাজন্ ! বিখ্যাতো দানবানাং মহাবলঃ।
পার্বতীয় ইতি খ্যাতঃ কাঞ্চনাচলসন্নিভঃ ॥৫৭॥
ক্রথনশ্চ মহাবীর্য্যঃ শ্রীমান্ রাজা মহাসুরঃ।
সূর্য্যাক্ষ ইতি বিখ্যাতঃ ক্ষিতৌ জজ্ঞে মহীপতিঃ ॥৫৮॥
অসুরাণাস্তু যঃ সূর্য্যঃ শ্রীমাংশ্চৈব মহাসুরঃ।
দরদো নাম বাহ্লীকো বরঃ সর্বমহীক্ষিতাম্ ॥৫৯॥
গণঃ ক্রোধবশো নাম যস্তে রাজন্ ! প্রকীর্ত্তিতঃ।
ততঃ সংজজ্ঞিরে বীরাঃ ক্ষিতাবিহ নরাধিপাঃ ॥৬০॥
মদ্রকঃ কর্ণবেষ্টশ্চ সিদ্ধার্থঃ কীকটস্তথা।
সুবীরশ্চ সুবাহুশ্চ মহাবীরোঽথ বাহ্লিকঃ ॥৬১॥

ভারতকৌমুদী

সমুদ্রেতি। তেষাং কালেয়ানাং গণাদেব সপ্তম ইতি শেষঃ ॥৫৫॥
বৃহদিতি। বৃহদিতি নাম নাম্না প্রসিদ্ধো রাজা ॥৫৬॥
কুক্ষিরিতি। কাঞ্চনাচলসন্নিভঃ সুমেরুতুল্যো গৌরকান্তির্মহাকায়শ্চ ॥৫৭॥
ক্রথন ইতি। অসুরমধ্যেঽপি রাজা ॥৫৮॥
অসুরাণামিতি। অসুরাণাং মধ্যে সূর্য্যো নাম ॥৫৯॥
গণ ইতি। ক্রোধবশো নাম যো গণঃ অসুরসমূহঃ ॥৬০॥

সপ্তম কালকেয় মর্ত্ত্যলোকে অবতীর্ণ হইয়া, সমুদ্রসেননামে ধার্ম্মিক রাজা হইয়াছিলেন ॥৫৫॥

অষ্টম কালকেয় ভূতলে আসিয়া, সমস্ত প্রাণীর হিতৈষী ও ধার্ম্মিক বৃহৎ নামে রাজা হইয়াছিলেন ॥৫৬॥

মহারাজ! কুক্ষিনামে বলবান্ কোন দানব পৃথিবীতে আসিয়া, সুমেরু-পর্ব্বততুল্য গৌরবর্ণ পার্ব্বতীয়নামে রাজা হইয়াছিলেন ॥৫৭॥

সুন্দর ও বলবান্ ক্রথনাসুর, পৃথিবীতে সূর্য্যাক্ষনামে রাজা হইয়া জন্মিয়াছিলেন ॥৫৮॥

অসুরগণের মধ্যে সূর্য্যনামে যে মহাসুর ছিলেন, তিনি আসিয়া দরদদেশে বাহ্লীকনামে প্রধান রাজা হইয়াছিলেন ॥৫৯॥

মহারাজ! আপনার নিকট ক্রোধবশনামে যে অসুরসমূহের কথা বলিয়াছিলাম, তাঁহারাই পৃথিবীতে আসিয়া মহাবীর বহুতর রাজা হইয়াছিলেন ॥৬০॥

ক্রথো বিচিত্রঃ স্থরথঃ শ্রীমান্ নীলশ্চ ভূমিপঃ।
চীরবাসাশ্চ কৌরব্য! ভূমিপালশ্চ নামতঃ ॥৬২॥
দন্তবক্ত্রশ্চ নামাসীদ্দুর্জয়শ্চৈব নামতঃ।
রুক্মী চ নৃপশার্দ্দূলো রাজা চ জনমেজয়ঃ ॥৬৩॥
আষাঢ়ো বায়ুবেগশ্চ ভূরিতেজাস্তথৈব চ।
একলব্যঃ স্থমিত্রশ্চ বাটধানোঽথ গোমুখঃ ॥৬৪॥
কারুষকাশ্চ রাজানঃ ক্ষেমধূর্ত্তিস্তথৈব চ।
শ্রুতায়ুরুদ্বহশ্চৈব বৃহৎসেনস্তথৈব চ ॥৬৫॥
ক্ষেমোগ্রতীর্থঃ কুহরঃ কলিঙ্গেষু নরাধিপঃ।
মতিমাংশ্চ মনুষ্যেন্দ্র ঈশ্বরশ্চেতি বিশ্রুতঃ ॥৬৬॥
গণাৎ ক্রোধবশাদেষ রাজপূগোঽভবৎ ক্ষিতৌ।
জাতঃ পুরা মহাভাগো মহাকীর্ত্তির্মহাবলঃ ॥৬৭॥
কালনেমিরিতি খ্যাতো দানবানাং মহাবলঃ।
স কংস ইতি বিখ্যাত উগ্রসেনস্থতো বলী ॥৬৮॥
যস্ত্বাসীদ্দেবকো নাম দেবরাজসমদ্যুতিঃ।
স গন্ধর্ব্বপতির্মুখ্যঃ ক্ষিতৌ জজ্ঞে নরাধিপঃ ॥৬৯॥

ভারতকৌমুদী

অথ কে তে নরাধিপা ইত্যাহ ষড়্ভির্মদ্রক ইতি। মদ্রকাদীনি রাজনামানি ॥৬১—৬৬॥
গণাদিতি। পুরা ক্রোধবশাৎ তদাখ্যাৎ, গণাৎ অসুরসমূহাৎ জাতঃ, এষ রাজ্ঞাং পূগঃ সমূহঃ, ক্ষিতৌ মহাভাগো মহাকীর্ত্তির্মহাবলশ্চ অভবৎ ॥৬৭॥
কালেতি। পরার্দ্ধে স ইতি তচ্ছন্দাৎ পূর্ব্বার্দ্ধে য ইতি যচ্ছব্দঃ পূরণীয়ঃ ॥৬৮॥

মদ্রক, কর্ণবেষ্ট, সিদ্ধার্থ, কীকট, স্থবীর, স্থবাহু, বাহ্লিক, ক্রথ, বিচিত্র, স্থরথ, নীল, চীরবাস, দন্তবক্ত্র, দুর্জয়, রুক্মী, জনমেজয়, আষাঢ়, বায়ুবেগ, ভূরিতেজ, একলব্য, স্থমিত্র, বাটধান, গোমুখ, কারুষক, ক্ষেমধূর্ত্তি, শ্রুতায়ু, উদ্বহ, বৃহৎসেন, ক্ষেম, উগ্রতীর্থ, কুহর এবং ঈশ্বর ॥৬১—৬৬॥

এই মদ্রকপ্রভৃতি রাজগণ ক্রোধবশনামক অসুরগণ হইতে জন্মিয়া, ভূমণ্ডলে অত্যন্ত ভাগ্যবান্, বিশেষযশস্বী ও মহাবলবান্ হইয়াছিলেন ॥৬৭॥

যিনি দানবগণের মধ্যে মহাবলবান্ কালনেমি বলিয়া বিখ্যাত ছিলেন, তিনিই আসিয়া উগ্রসেনের পুত্র কংসনামে বিখ্যাত হইয়াছিলেন ॥৬৮॥

---

[৬৩] দন্তবক্রশ্চ নামাসীৎ।...দুর্জয়শ্চৈব দানবঃ...। [৬৫] কারূষকাশ্চ...।

বৃহস্পতের্ব্বৃহৎকীর্ত্তের্দেবর্ষের্ব্বিদ্ধি ভারত ! ।
অংশাদ্‌দ্রোণং সমুৎপন্নং ভারদ্বাজমযোনিজম্ ॥৭০॥
ধন্বিনাং নৃপশার্দ্দূল ! যঃ সর্বাস্ত্রবিদুত্তমঃ।
মহাকীর্ত্তির্ম্মহাতেজাঃ স জজ্ঞে মনুজেশ্বর ! ॥৭১॥
ধনুর্বেদে চ বেদে চ যং তং বেদবিদো বিদুঃ।
বরিষ্ঠং চিত্রকর্ম্মাণং দ্রোণং স্বকুলবর্দ্ধনম্ ॥৭২॥
মহাদেবান্তকাভ্যাঞ্চ কামাৎ ক্রোধাচ্চ ভারত ! ।
একত্বমুপপন্নানাং জজ্ঞে শূরঃ পরন্তপঃ ॥৭৩॥
অশ্বত্থামা মহাবীর্য্যঃ শত্রুপক্ষভয়াবহঃ।
বীরঃ কমলপত্রাক্ষঃ ক্ষিতাবাসীন্নরাধিপ ! ॥৭৪॥ (যুগ্মকম্)
জজ্ঞিরে বসবস্ত্বষ্টৌ গঙ্গায়াং শন্তনোঃ সুতাঃ।
বসিষ্ঠস্য চ শাপেন নিয়োগাদ্বাসবস্য চ ॥৭৫॥

ভারতকৌমুদী

য ইতি। দেবরাজসমদ্যুতিঃ ইন্দ্রতুল্যতেজস্বী। গন্ধর্ব্বপতির্নাম ॥৬৯॥

অসুরাবতারমভিধায়েদানীং সুরাবতারং ক্রমাদভিধত্তে বৃহস্পতেরিতি। দ্রোণমাচার্য্যম্ ॥৭০॥

দ্রোণং বিশিনষ্টি ধন্বিনামিতি। ধন্বিনাং মধ্যে উত্তমঃ সর্ব্বাস্ত্রবিচ্চ য আসীৎ, স মহাকীর্ত্তির্ম্মহাতেজাশ্চ জজ্ঞে বভূব ॥৭১॥

ধনুরিতি। ধনুর্ব্বেদে চ বেদে চ বরিষ্ঠম্, চিত্রকর্ম্মাণম্ আশ্চর্য্যকার্য্যম্ ॥৭২॥

মহেতি। অংশেন একত্বমুপপন্নানাং সতাম্। কমলপত্রাক্ষঃ পদ্মদলতুল্যনয়নঃ। শূরবীরাদিশব্দানামর্থপৌনরুক্ত্যমার্ষত্বাৎ সোঢ়ব্যম্ ॥৭৩—৭৪॥

ইন্দ্রের তুল্য তেজস্বী দেবকনামে যে অসুর ছিলেন, তিনিই পৃথিবীতে অবতীর্ণ হইয়া গন্ধর্ব্বপতিনামে প্রধান রাজা হইয়াছিলেন ॥৬৯॥

মহারাজ ! মহাযশস্বী দেবর্ষি বৃহস্পতির অংশে ভরদ্বাজগোত্রে দ্রোণাচার্য্য জন্মিয়াছিলেন ; কিন্তু কাহারও গর্ভে নহে ॥৭০॥

তিনি ধনুর্দ্ধরগণের মধ্যে প্রধান ছিলেন এবং সমস্ত অস্ত্র জানিতেন ; সেই জন্য মহাতেজস্বী ও বিশেষকীর্ত্তিশালী হইয়াছিলেন ॥৭১॥

আর তিনি ধনুর্ব্বেদে এবং অন্যান্য বেদে বিশেষ পারদর্শী ছিলেন ; তাঁহার কার্য্যকলাপ আশ্চর্য্য ছিল এবং তিনি আপন বংশের উন্নতি করিয়াছিলেন ॥৭২॥

মহারাজ ! শিব, যম, কাল ও ক্রোধ এই চারি জন দেবতার সম্মিলিত অংশ হইতে মহাবীর অশ্বত্থামা জন্মিয়াছিলেন ॥৭৩—৭৪॥

তেষামবরজো ভীষ্মঃ কুরূণামভয়ঙ্করঃ।
মতিমান্ বেদবিদ্বাগ্মী শত্রুপক্ষক্ষয়ঙ্করঃ ॥৭৬॥
জামদগ্ন্যেন রামেণ সর্বাস্ত্রবিদুষাং বরঃ।
যোঽযুধ্যত মহাতেজা ভার্গবেণ মহাত্মনা ॥৭৭॥
যস্তু রাজন্! কৃপো নাম ব্রহ্মর্ষিরভবৎ ক্ষিতৌ।
রুদ্রাণান্তু গণাদ্বিদ্ধি সম্ভূতমতিপৌরুষম্ ॥৭৮॥
শকুনির্নাম যস্ত্বাসীদ্রাজা লোকে মহারথঃ।
দ্বাপরং বিদ্ধি তং রাজন্! সম্ভূতমরিমর্দ্দনম্ ॥৭৯॥
সাত্যকিঃ সত্যসন্ধশ্চ যোঽসৌ বৃষ্ণিকুলোদ্বহঃ।
পক্ষাৎ স জজ্ঞে মরুতাং দেবানামরিমর্দ্দনঃ ॥৮০॥

ভারতকৌমুদী

জজ্ঞির ইতি। বসিষ্ঠস্য শাপেন চ, বাসবস্য ইন্দ্রস্য নিয়োগাদাদেশাচ্চ, অষ্টৌ বসবো দেবাঃ, গঙ্গায়াং শন্তনো রাজ্ঞঃ সুতাঃ সন্তো জজ্ঞিরে ॥৭৫॥

তেষামিতি। তেষাং শন্তনুসুতীভূতানামষ্টানাং বসুনাম্, অবরজঃ কনিষ্ঠঃ। বক্ষ্যমাণ-ভীষ্মোৎপত্তিবিরোধস্তু কল্পভেদাঙ্গীকারেণ পরিহার্য্যঃ ॥৭৬॥

ভীষ্মং বিশিনষ্টি জামেতি। সর্বক্ষত্রিয়ান্তকারিণা রামেণ সহ যুদ্ধকরণাদ্ভীষ্মস্য সর্বপ্রধান-বীরত্বং সূচিতম্ ॥৭৭॥

য ইতি। অতিপৌরুষং মহাবীরং তং কৃপম্, রুদ্রাণাং গণাৎ সম্ভূতং জাতং বিদ্ধি ॥৭৮॥

শকুনিরিতি। দ্বাপরং তৃতীয়যুগাধিষ্ঠাতারং দেবম্। দেবোঽপ্যসৌ ক্রূর ইতি ভাবঃ ॥৭৯॥

বসিষ্ঠের শাপে এবং ইন্দ্রের আদেশে অষ্ট বসু আসিয়া গঙ্গার গর্ভে এবং শান্তনুর ঔরসে জন্মিয়াছিলেন ॥৭৫॥

ভীষ্ম সেই বসুগণের মধ্যে সর্ব্বকনিষ্ঠ ছিলেন এবং তিনি বুদ্ধিমান্, বেদজ্ঞ, বাক্‌পটু, কুরুবংশের অভয়দাতা ও শত্রুহন্তা ছিলেন ॥৭৬॥

অস্ত্রজ্ঞপ্রধান ও মহাতেজস্বী যে ভীষ্ম, মহাত্মা পরশুরামের সহিত যুদ্ধ করিয়াছিলেন ॥৭৭॥

মহারাজ! কৃপনামে যে ব্রহ্মর্ষি পৃথিবীতে জন্ম গ্রহণ করেন, তাঁহাকে আপনি রুদ্রগণের অংশ এবং মহাবীর বলিয়া জানিবেন ॥৭৮॥

নরনাথ! জগতে মহারথ বলিয়া বিখ্যাত শকুনিনামে যে রাজা ছিলেন, তাঁহাকে আপনি দ্বাপরের অংশ বলিয়া জানিবেন ॥৭৯॥

সত্যপ্রতিজ্ঞ, শত্রুহন্তা ও বৃষ্ণিবংশপ্রধান সাত্যকি ঊনপঞ্চাশৎ বায়ুর অংশে জন্মিয়াছিলেন ॥৮০॥

দ্রুপদশ্চৈব রাজর্ষিস্তত এবাভবদ্‌গণাৎ।
মানুষে নৃপ! লোকেঽস্মিন্ সর্বশস্ত্রভৃতাং বরঃ ॥৮১॥
ততশ্চ কৃতবর্ম্মাণং বিদ্ধি রাজন্! জনাধিপম্।
তমপ্রতিমকর্ম্মাণং ক্ষত্রিয়র্ষভসত্তমম্ ॥৮২॥
মরুতাস্তু গণাদ্বিদ্ধি সঞ্জাতমরিমর্দ্দনম্।
বিরাটং নাম রাজানং পররাষ্ট্রপ্রতাপনম্ ॥৮৩॥
অরিষ্টায়াস্তু যঃ পুত্রো হংস ইত্যভিবিশ্রুতঃ।
স গন্ধর্বপতির্জজ্ঞে কুরুবংশবিবর্দ্ধনঃ ॥৮৪॥
ধৃতরাষ্ট্র ইতি খ্যাতঃ কৃষ্ণদ্বৈপায়নাদপি।
দীর্ঘবাহুর্মহাতেজাঃ প্রজ্ঞাচক্ষুর্নরাধিপঃ ॥৮৫॥
মাতুর্দোষাদৃষেঃ কোপাদন্ধ এব ব্যজায়ত।
মরুতাস্তু গণাদ্‌বীরঃ সর্বশস্ত্রভৃতাং বরঃ ॥৮৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সাত্যকিরিতি। সত্যসন্ধঃ সত্যপ্রতিজ্ঞঃ। মরুতাং বায়ূনাম্ ॥৮০॥

দ্রুপদ ইতি। তত এব গণাৎ মরুদ্‌গণাৎ ॥৮১॥

তত ইতি। তং প্রসিদ্ধম্, অপ্রতিমকর্ম্মাণং নিরুপমকার্য্যকরম্। ততো মরুদ্‌গণাদেব জাতম্ ॥৮২॥

মরুতামিতি। অত্রাপি মরুতাং গণাজ্জাতমিতি শেষঃ ॥৮৩॥

অরিষ্টায়ামিতি। অরিষ্টায়াং তদ্‌গর্ভে জাত ইত্যর্থঃ ॥৮৪॥

ধৃতেতি। প্রজ্ঞাচক্ষুঃ প্রত্যক্ষচক্ষুষোরভাবাৎ বুদ্ধিমাত্রচক্ষুঃ। অন্ধ এব সন্ ॥৮৫—৮৬॥

মহারাজ! সকল অস্ত্রজ্ঞের মধ্যে শ্রেষ্ঠ রাজর্ষি দ্রুপদ সেই মরুদ্‌গণ হইতেই মর্ত্ত্যলোকে জন্মিয়াছিলেন ॥৮১॥

যাঁহার কার্য্যের তুলনা ছিল না, সেই ক্ষত্রিয়শ্রেষ্ঠ কৃতবর্ম্মাও মরুদ্‌গণ হইতে জন্মিয়াছিলেন ॥৮২॥

শত্রুহন্তা ও শত্রুরাজ্যের ভয়জনক বিরাট রাজাও মরুদ্‌গণ হইতে জন্মিয়াছিলেন ॥৮৩॥

অরিষ্টার যে পুত্র হংসনামে বিখ্যাত ছিলেন, তিনিই কুরুবংশে জন্মিয়া গন্ধর্ব্বদের রাজা হইয়াছিলেন ॥৮৪॥

সমস্ত অস্ত্রধারীর মধ্যে শ্রেষ্ঠ, মহাতেজস্বী ও আজানুলম্বিতবাহু ধৃতরাষ্ট্র,

[৮৫]…কৃষ্ণদ্বৈপায়নাত্মজঃ…। [৮৬]…পরার্দ্ধং পুস্তকবিশেষে নাস্তি।

তস্যৈবাবরজো ভ্রাতা মহাসত্ত্বো মহাবলঃ।
স পাণ্ডুরিতি বিখ্যাতঃ সত্যধর্ম্মরতঃ শুচিঃ ॥৮৭॥
ধর্ম্মাত্তু সুমহাভাগং পুত্ত্রং পুত্ত্রবতাং বরম্।
বিদুরং বিদ্ধি তং লোকে জাতং বুদ্ধিমতাং বরম্ ॥৮৮॥
কলেরংশস্তু সংজজ্ঞে ভুবি দুর্য্যোধনো নৃপঃ।
দুর্বুদ্ধির্দুর্ম্মতিশ্চৈব কুরূণাময়শস্করঃ ॥৮৯॥
জগতো যস্তু সর্বস্য বিদ্বিষ্টঃ কলিপূরুষঃ।
যঃ সর্বাং ঘাতয়ামাস পৃথিবীং পৃথিবীপতে! ॥৯০॥
উদ্দীপিতং যেন বৈরং ভূতান্তকরণং মহৎ।
পৌলস্ত্যা ভ্রাতরশ্চাস্য জজ্ঞিরে মনুজেষ্বিহ ॥৯১॥

ভারতকৌমুদী

তস্যেতি। অবরজঃ কনিষ্ঠঃ। মহাসত্ত্বঃ অতীবাধ্যবসায়ী ॥৮৭॥

ধর্ম্মাদিতি। পুত্ত্রবতাং পক্ষে বরমুৎকৃষ্টং দ্বৈপায়নস্য পুত্ত্রমিত্যর্থঃ, ধর্ম্মাৎ অণীমাণ্ডব্যশাপেন ধর্ম্মদেবাংশাজ্জাতম্ ॥৮৮॥

কলেরিতি। কলেশ্চতুর্থযুগাধিষ্ঠাতুর্দেবস্য। দুর্ম্মতির্দুরাশয়ঃ ॥৮৯॥

জগত ইতি। যঃ কলিপূরুষঃ, পাপিত্বাৎ সর্ব্বস্য জগতো বিদ্বিষ্টঃ; তস্যাংশজাতো যো দুর্য্যোধনঃ, সর্বাং পৃথিবীং পৃথিবীস্থান্ বীরান্, ঘাতয়ামাস ॥৯০॥

উদ্দীপিতমিতি। যেন দুর্য্যোধনেন, ভূতান্তকরণং সমস্তবীরনাশহেতুভূতম্, পাণ্ডবৈঃ সহ মহদ্বৈরম্, উদ্দীপিতম্; ইহ পৃথিব্যাম্, পৌলস্ত্যা রাক্ষসাঃ, অস্য দুর্য্যোধনস্য ভ্রাতরঃ সন্তো মনুজেষু জজ্ঞিরে ॥৯১॥

মাতার দোষে এবং ঋষির কোপে অন্ধ হইয়া, মরুদ্গণের অংশে বেদব্যাসের ঔরসে জন্মিয়াছিলেন ॥৮৫ – ৮৬॥

অত্যন্ত অধ্যবসায়ী, মহাবলবান্, সত্যধর্ম্মে নিরত ও পবিত্রস্বভাব পাণ্ডু সেই ধৃতরাষ্ট্রেরই কনিষ্ঠ ভ্রাতা হইয়া জন্ম গ্রহণ করিয়াছিলেন ॥৮৭॥

ভাগ্যবান্ ও মহাবুদ্ধিমান্ ব্যাসপুত্ত্র বিদুর, ধর্ম্মের অংশে ভূমণ্ডলে জন্মিয়াছিলেন ॥৮৮॥

কূটবুদ্ধি, দুরাশয় ও কুরুকুলের কলঙ্কজনক রাজা দুর্য্যোধন কলির অংশে পৃথিবীতে জন্ম গ্রহণ করিয়াছিলেন ॥৮৯॥

মহারাজ! যে কলি জগতে সমস্ত লোকের বিদ্বেষভাজন, সেই কলির অংশে জন্মিয়া যে দুর্য্যোধন, পৃথিবীর সমস্ত বীরের বিনাশের কারণ হইয়াছিলেন ॥৯০॥

[৮৮] অত্রেস্তু সুমহাভাগম্…। বিদুরং বিদ্ধি লোকেঽস্মিন্ ধর্ম্মং ধর্ম্মভৃতাং বর!।

শতং দুঃশাসনাদীনাং সর্বেষাং ক্রূরকর্ম্মণাম্।
দুর্ম্মুখো দুঃসহশ্চৈব যে চান্যে নানুকীর্ত্তিতাঃ ॥৯২॥
দুর্য্যোধনসহায়াস্তে পৌলস্ত্যা ভরতর্ষভ!।
বৈশ্যাপুত্রো যুযুৎসুশ্চ ধার্ত্তরাষ্ট্রঃ শতাধিকঃ ॥৯৩॥

জনমেজয় উবাচ।

জ্যেষ্ঠানুজ্যেষ্ঠতামেষাং নামধেয়ানি বা বিভো!।
ধৃতরাষ্ট্রস্য পুত্রাণামানুপূর্ব্ব্যেণ কীর্ত্তয় ॥৯৪॥

বৈশম্পায়ন উবাচ।

দুর্য্যোধনো যুযুৎসুশ্চ রাজন্! দুঃশাসনস্তথা।
দুঃসহো দুঃশলশ্চৈব দুর্ম্মুখশ্চ তথাপরঃ ॥৯৫॥
বিবিংশতির্বিকর্ণশ্চ জলসন্ধঃ সুলোচনঃ।
বিন্দানুবিন্দৌ দুর্দ্ধর্ষঃ সুবাহুর্দুষ্প্রধর্ষণঃ ॥৯৬॥

ভারতকৌমুদী

নম্ন কে তে ভ্রাতর ইত্যাহ শতমিতি। অত্র যুযুৎসুনা সহ শতং বেদিতব্যম্ ॥৯২॥

দুর্য্যোধনেতি। পৌলস্ত্যা রাক্ষসাংশৈর্জাতাঃ, তে দুঃশাসনাদয়ো ভ্রাতরঃ। দুর্য্যোধনগ্রহণে শতাধিকো ধার্ত্তরাষ্ট্রো যুযুৎসুঃ; স চ বৈশ্যায়াঃ পুত্রঃ ॥৯৩॥

জ্যেষ্ঠেতি। জ্যেষ্ঠানুজ্যেষ্ঠতাং জ্যেষ্ঠকনিষ্ঠতাম্, নামধেয়ানি বা নামানি চ ॥৯৪॥

দুর্য্যোধন ইতি। দুর্য্যোধন ইত্যাদীনি ধৃতরাষ্ট্রপুত্রশতনামানি ॥৯৫—১০৬॥

আবার যে দুর্য্যোধন পাণ্ডবগণের সঙ্গে বীরবিনাশের কারণ গুরুতর শত্রুতা জন্মাইয়াছিলেন, রাক্ষসগণ আসিয়া সেই দুর্য্যোধনের ভাই হইয়া এই পৃথিবীতে মনুষ্যের ভিতরে জন্মিয়াছিলেন ॥৯১॥

দুঃশাসন, দুর্ম্মুখ ও দুঃসহপ্রভৃতি তাঁহারা এক শত ভ্রাতা ছিলেন; তাঁহাদের সকলের কার্য্যকলাপই নিষ্ঠুর ছিল; কিন্তু তাঁহাদের সকলের নাম বলা হইল না ॥৯২॥

মহারাজ! রাক্ষসাংশজাত সেই দুঃশাসনপ্রভৃতি সকল ভ্রাতাই দুর্য্যোধনের সহায় ছিলেন। আর, বৈশ্যা স্ত্রীর গর্ভে ধৃতরাষ্ট্রের আর একটি পুত্র জন্মে, তাঁহার নাম ছিল—'যুযুৎসু'। তিনি ঐ এক শত ভ্রাতা হইতে অধিক ছিলেন ॥৯৩॥

জনমেজয় বলিলেন—প্রভু! এই ধৃতরাষ্ট্রপুত্রগণের আনুপূর্ব্বীক জ্যেষ্ঠকনিষ্ঠতা এবং নাম বলুন ॥৯৪॥

বৈশম্পায়ন বলিলেন—দুর্য্যোধন ১। যুযুৎসু ২। দুঃশাসন ৩। দুঃসহ ৪। দুঃশল ৫। দুর্ম্মুখ ৬। বিবিংশতি ৭। বিকর্ণ ৮। জলসন্ধ ৯। সুলোচন ১০।

দুর্ম্মর্ষণো দুর্ম্মুখশ্চ দুষ্কর্ণঃ কর্ণ এব চ।
চিত্রোপচিত্রৌ চিত্রাক্ষশ্চারুচিত্রাঙ্গদশ্চ হ ॥৯৭॥
দুর্ম্মদো দুষ্প্রহর্ষশ্চ বিবিৎসুর্বিকটঃ সমঃ।
ঊর্ণনাভঃ পদ্মনাভস্তথা নন্দোপনন্দকৌ ॥৯৮॥
সেনাপতিঃ সুষেণশ্চ কুণ্ডোদরমহোদরৌ।
চিত্রবাহুশ্চিত্রবর্ম্মা সুবর্ম্মা দুর্বিরোচনঃ ॥৯৯॥
অয়োবাহুর্ম্মহাবাহুশ্চিত্রচাপসুকুণ্ডলৌ।
ভীমবেগো ভীমবলো বলাকী ভীমবিক্রমঃ ॥১০০॥
উগ্রায়ুধো ভীমশরঃ কনকায়ুর্দৃঢায়ুধঃ।
দৃঢ়বর্ম্মা দৃঢ়ক্ষত্রঃ সোমকীর্ত্তিরনূদরঃ ॥১০১॥
জরাসন্ধো দৃঢ়সন্ধঃ সত্যসন্ধঃ সহস্রবাক্।
উগ্রশ্রবা উগ্রসেনঃ ক্ষেমমূর্ত্তিস্তথৈব চ ॥১০২॥
অপরাজিতঃ পণ্ডিতকো বিশালাক্ষো দুরাধনঃ।
দৃঢ়হস্তঃ সুহস্তশ্চ বাতবেগসুবর্চ্চসৌ ॥১০৩॥
আদিত্যকেতুর্বহ্বাশী নাগদত্তানুযায়িনৌ।
নিষঙ্গী কবচী দণ্ডী দণ্ডধারো ধনুর্গ্রহঃ ॥১০৪॥

বিন্দ ১১। অনুবিন্দ ১২। দুর্দ্ধর্ষ ১৩। সুবাহু ১৪। দুষ্প্রধর্ষণ ১৫। দুর্ম্মর্ষণ ১৬। দুর্ম্মুখ ১৭। দুষ্কর্ণ ১৮। কর্ণ ১৯। চিত্র ২০। উপচিত্র ২১। চিত্রাক্ষ ২২। চারুচিত্র ২৩। অঙ্গদ ২৪। দুর্ম্মদ ২৫। দুষ্প্রহর্ষ ২৬। বিবিৎসু ২৭। বিকট ২৮। সম ২৯। ঊর্ণনাভ ৩০। পদ্মনাভ ৩১। নন্দ ৩২। উপনন্দ ৩৩। সেনাপতি ৩৪। সুষেণ ৩৫। কুণ্ডোদর ৩৬। মহোদর ৩৭। চিত্রবাহু ৩৮। চিত্রবর্ম্মা ৩৯। সুবর্ম্মা ৪০। দুর্ব্বিরোচন ৪১। অয়োবাহু ৪২। মহাবাহু ৪৩। চিত্রচাপ ৪৪। সুকুণ্ডল ৪৫। ভীমবেগ ৪৬। ভীমবল ৪৭। বলাকী ৪৮। ভীমবিক্রম ৪৯। উগ্রায়ুধ ৫০। ভীমশর ৫১। কনকায়ু ৫২। দৃঢ়ায়ুধ ৫৩। দৃঢ়বর্ম্মা ৫৪। দৃঢ়ক্ষত্র ৫৫। সোমকীর্ত্তি ৫৬। অনূদর ৫৭। জরাসন্ধ ৫৮। ধৃঢ়সন্ধ ৫৯। সত্যসন্ধ ৬০। সহস্রবাক্ ৬১। উগ্রশ্রবা ৬২। উগ্রসেন ৬৩। ক্ষেমমূর্ত্তি ৬৪। অপরাজিত ৬৫। পণ্ডিতক ৬৬। বিশালাক্ষ ৬৭। দুরাধন ৬৮। দৃঢ়হস্ত ৬৯। সুহস্ত ৭০। বাতবেগ ৭১। সুবর্চ্চা ৭২। আদিত্যকেতু ৭৩। বহ্বাশী ৭৪। নাগদত্ত ৭৫। অনুযায়ী ৭৬। নিষঙ্গী ৭৭। কবচী ৭৮। দণ্ডী ৭৯। দণ্ডধার ৮০। ধনুর্গ্রহ ৮১। উগ্র ৮২। ভীমরথ ৮৩।

---

[১০৩]…বিশালাক্ষো দুরাধরঃ…।

উগ্রো ভীমরথো বীরো বীরবাহুরলোলুপঃ।
অভয়ো রৌদ্রকর্ম্মা চ তথা দৃঢ়রথশ্চয়ঃ ॥১০৫॥
অনাধৃষ্যঃ কুণ্ডভেদী বিরাবী দীর্ঘলোচনঃ।
দীর্ঘবাহুর্ম্মহাবাহুর্ব্যূঢ়োরুঃ কনকাঙ্গদঃ ॥১০৬॥
কুণ্ডজশ্চিত্রকশ্চৈব দুঃশলা চ শতাধিকা।
বৈশ্যাপুত্রো যুযুৎসুশ্চ ধার্ত্তরাষ্ট্রঃ শতাধিকঃ ॥১০৭॥
এতদেকশতং রাজন্! কন্যা চৈকা প্রকীর্ত্তিতা।
নামধেয়ানুপূর্ব্ব্যা চ জ্যেষ্ঠানুজ্যেষ্ঠতাং বিদুঃ ॥১০৮॥
সর্ব্বে ত্বতিরথাঃ শূরাঃ সর্বে যুদ্ধবিশারদাঃ।
সর্ব্বে বেদবিদশ্চৈব রাজন্! শাস্ত্রে চ পারগাঃ ॥১০৯॥
সর্ব্বে সংগ্রামবিদ্বাংসো বিদ্যাভিজনশোভিনঃ।
সর্বেষামনুরূপাশ্চ কৃতা দারা মহীপতে! ॥১১০॥

ভারতকৌমুদী

কুণ্ডজ ইতি। দুঃশলা তদাখ্যা কন্যা। ন কেবলং দুঃশলা শতাধিকা, অপি তু বৈশ্যাপুত্রো যুযুৎসুশ্চ শতাধিক ইত্যর্থঃ ॥১০৭॥

এতদিতি। একশতং বৈশ্যাপুত্রযুযুৎসুব্যতিরিক্তপুত্রাণামিত্যর্থঃ। নামধেয়ানুপূর্ব্ব্যা উক্তনামসমূহপৌর্ব্বাপর্য্যেণ, জ্যেষ্ঠানুজ্যেষ্ঠতাং জ্যেষ্ঠকনিষ্ঠতাম্ ॥১০৮॥

সর্ব্ব ইতি। অতিরথত্বং নিরূপয়িষ্যতে। শাস্ত্রে দণ্ডনীত্যাদৌ ॥১০৯॥

সর্ব্ব ইতি। সংগ্রামবিদ্বাংসো ধনুর্বেদাদিযুদ্ধশাস্ত্রজ্ঞাঃ, বিদ্যা কলাশাস্ত্রজ্ঞানম্ অভিজনস্তত্তন্নিবন্ধনা খ্যাতিস্তাভ্যাং শোভন্ত ইতি তে। দারাঃ কৃতাস্তৈরেব পরিণয়েন সংগৃহীতাঃ ॥১১০॥

বীর ৮৪। বীরবাহু ৮৫। অলোলুপ ৮৬। অভয় ৮৭। রৌদ্রকর্ম্মা ৮৮। দৃঢ়রথ ৮৯। চয় ৯০। অনাধৃষ্য ৯১। কুণ্ডভেদী ৯২। বিরাবী ৯৩। দীর্ঘলোচন ৯৪। দীর্ঘবাহু ৯৫। (দ্বিতীয়) মহাবাহু ৯৬। ব্যূঢ়োরু ৯৭। কনকাঙ্গদ ৯৮। কুণ্ডজ ৯৯। এবং চিত্রক ১০০। দুঃশলানাম্নী কন্যা উক্ত এক শতের অতিরিক্ত এবং বৈশ্যাগর্ভজাত যুযুৎসুনামক পুত্রও উক্ত এক শতের অতিরিক্ত ॥৯৫—১০৭॥

মহারাজ! এই এক শত পুত্র ও একটি কন্যার কথা বলিলাম। ইহাদের নামের পৌর্ব্বাপর্য্য অনুসারে জ্যেষ্ঠ-কনিষ্ঠ জানিতে হইবে ॥১০৮॥

ইহারা সকলেই অতিরথ ও বীর, সকলেই যুদ্ধকার্য্যে নিপুণ, সকলেই বেদবিৎ এবং সকলেই দণ্ডনীতিপ্রভৃতি শাস্ত্রে পারদর্শী ছিলেন ॥১০৯॥

আর, তাঁহারা সকলেই যুদ্ধশাস্ত্র জানিতেন এবং বিদ্যা ও সুখ্যাতিদ্বারা শোভিত ছিলেন এবং সকলেই অনুরূপ ভার্য্যা গ্রহণ করিয়াছিলেন ॥১১০॥

দুঃশলাং সময়ে রাজন্ ! সিন্ধুরাজায় কৌরবঃ ।
জয়দ্রথায় প্রদদৌ সৌবলানুমতে তদা ॥১১১॥
ধর্ম্মস্যাংশস্তু রাজানং বিদ্ধি রাজন্ ! যুধিষ্ঠিরম্ ।
ভীমসেনস্তু বাতস্য দেবরাজস্য চার্জ্জুনম্ ॥১১২॥
অশ্বিনোস্তু তথৈবাংশৌ রূপেণাপ্রতিমৌ ভুবি ।
নকুলঃ সহদেবশ্চ সর্বভূতমনোহরৌ ॥১১৩॥
যস্তু বর্চ্চা ইতি খ্যাতঃ সোমপুত্রঃ প্রতাপবান্ ।
সোঽভিমন্যুর্বৃহৎকীর্ত্তিরর্জ্জুনস্য সুতোঽভবৎ ॥১১৪॥
যস্যাবতরণে রাজন্ ! সুরান্ সোমোঽব্রবীদিদম্ ।
নাহং দদ্যাং প্রিয়ং পুত্রং মম প্রাণৈর্গরীয়সম্ ॥১১৫॥

ভারতকৌমুদী

দুঃশলামিতি। সময়ে বিবাহযোগ্যকালে। কৌরবো ধৃতরাষ্ট্রঃ। সৌবলস্য শকুনেঃ, অনুমতে সতি ॥১১১॥

ধার্ত্তরাষ্ট্রানভিধায়েদানীং পাণ্ডবানভিধত্তে ধর্ম্মস্যেতি। হে রাজন্ ! যুধিষ্ঠিরং রাজানম্, ধর্ম্মস্য অংশম্; ভীমসেনম্, বাতস্য বায়োরংশম্, অর্জ্জুনঞ্চ দেবরাজস্য অংশম্, বিদ্ধি জানীহি ॥১১২॥

অশ্বিনোরিতি। রূপেণাপ্রতিমত্বাদেব সর্বভূতমনোহরৌ বভূবতুঃ ॥১১৩॥

য ইতি। সোমস্য চন্দ্রস্য পুত্রঃ ॥১১৪॥

যস্যেতি। হে রাজন্ ! যস্য বর্চ্চসঃ অবতরণে বিষয়ে, সোমঃ, সুরানিদম্ অব্রবীৎ। প্রাণৈর্গরীয়সং প্রাণাপেক্ষয়াপি গরীয়াংসমিত্যর্থঃ। আর্ষোঽয়ং প্রয়োগঃ ॥১১৫॥

মহারাজ ! ধৃতরাষ্ট্র শকুনির মতানুসারে যথাকালে দুঃশলানাম্নী কন্যাটীকে সিন্ধুরাজ জয়দ্রথের হস্তে দান করিয়াছিলেন ॥১১১॥

এদিকে রাজা যুধিষ্ঠির ধর্ম্মের অংশে, ভীমসেন বায়ুর অংশে এবং অর্জ্জুন দেবরাজ ইন্দ্রের অংশে জন্মিয়াছিলেন ॥১১২॥

অশ্বিনীকুমারদ্বয়ের অংশ নকুল ও সহদেব মর্ত্ত্যলোকে অতুলনীয় সুন্দর হইয়া, সকল লোকেরই চিত্ত আকর্ষণ করিতেন ॥১১৩॥

বর্চ্চা নামে চন্দ্রের যে পুত্র ছিলেন, তিনিই আসিয়া অভিমন্যু নামে অর্জ্জুনের পুত্র হইয়া, প্রতাপশালী ও অসাধারণ যশস্বী হইয়াছিলেন ॥১১৪॥

মহারাজ ! যে বর্চ্চার (মর্ত্ত্যলোকে) আসিবার বিষয়ে চন্দ্র দেবগণকে এই কথা বলিয়াছিলেন, 'দেবগণ ! আমার প্রাণ অপেক্ষাও প্রিয়তম পুত্রকে আমি যাইতে দিতাম না ॥১১৫॥

---

[১১০] সর্ব্বে সংগ্রামবিন্যাসু··· ।

সময়ঃ ক্রিয়তামেষ ন শক্যমতিবর্ত্তিতুম্ ।
সুরকার্য্যং হি নঃ কার্য্যমসুরাণাং ক্ষিতৌ বধঃ ॥১১৬॥
তত্র যাস্যত্যয়ং বর্চ্চা ন চ স্থাস্যতি বৈ চিরম্ ।
ঐন্দ্রির্নরস্তু ভবিতা যস্য নারায়ণঃ সখা ॥১১৭॥
সোঽর্জ্জুনেত্যভিবিখ্যাতঃ পাণ্ডোঃ পুত্রঃ প্রতাপবান্ ।
তস্যায়ং ভবিতা পুত্রো বালো ভুবি মহারথঃ ॥১১৮॥
ততঃ ষোড়শ বর্ষাণি স্থাস্যত্যমরসত্তমাঃ ! ।
অস্য ষোড়শবর্ষস্য স সংগ্রামো ভবিষ্যতি ॥১১৯॥
যত্রাংশা বঃ করিষ্যন্তি কর্ম্ম বীরনিষূদনম্ ।
নরনারায়ণাভ্যাস্তু স সংগ্রামো বিনা কৃতঃ ॥১২০॥

ভারতকৌমুদী

সময় ইতি। হে সুরাঃ! যুষ্মাভিরেষ সময়ঃ শপথঃ ক্রিয়তাম্, কদাচিদপি তৎ সময়করণম্, অতিবর্ত্তিতুং লঙ্ঘয়িতুং যুষ্মাভির্ন শক্যম্। ক্ষিতৌ অসুরাণাং বধ ইত্যেব সুরকার্য্যম্; তচ্চ নঃ অস্মাকম্ আবয়োরপীত্যর্থঃ, কার্য্যং কর্ত্তব্যম্, সুরত্বসাম্যাৎ ॥১১৬॥

তত্রেতি। তত্র সুরকার্য্যসাধনে, অয়ং মম পুত্রো বর্চ্চা যাস্যতি। কিন্তু চিরঞ্চ ন স্থাস্যতি। নরো নাম ঋষিঃ, ঐন্দ্রিঃ ইন্দ্রপুত্রোঽর্জ্জুনঃ, ভবিতা, নারায়ণশ্চ যস্য ঐন্দ্রেঃ সখা ভবিষ্যতি ॥১১৭॥

স ইতি। পাণ্ডোঃ পুত্রো ভবিতা। অয়ং বর্চ্চাঃ, তস্য অর্জ্জুনস্য পুত্রঃ সন্, ভুবি বাল এব মহারথো ভবিতা ॥১১৮॥

তত ইতি। হে অমরসত্তমাঃ! ততঃ অর্জ্জুনপুত্রভবনাৎ পরম্, স্থাস্যতি বর্চ্চা ইতি শেষঃ। অস্য বর্চ্চসঃ ষোড়শবর্ষস্য সতঃ, স কুরুপাণ্ডবয়োঃ সংগ্রামঃ ॥১১৯॥

যত্রেতি। হে দেবাঃ! যত্র সংগ্রামে, বো যুষ্মাকম্, অংশা ভীমাদয়ঃ, বীরাণাং নিষূদনং

তবে, আপনারা এই শপথ করুন; এবং তাহা কখনও অতিক্রম করিতে পারিবেন না, মর্ত্ত্যলোকে যাইয়া অসুরগণকে বধ করা দেবগণের কার্য্য; সুতরাং তাহা আমাদেরও কর্ত্তব্য ॥১১৬॥

অতএব বর্চ্চা অবশ্যই যাইবে; কিন্তু দীর্ঘকাল থাকিতে পারিবে না। মহর্ষি নর ইন্দ্রের পুত্র অর্জ্জুন হইয়া জন্মিবেন; স্বয়ং নারায়ণ যাইয়া তাঁহার সখা হইবেন ॥১১৭॥

এই বর্চ্চা, সেই অর্জ্জুনের পুত্র হইয়া, বাল্যকালেই পৃথিবীতে মহাপ্রতাপশালী মহারথ হইবে ॥১১৮॥

তাহার পর, ষোল বৎসর থাকিবে; ইহার ষোল বৎসর বয়সের সময় সেই কুরুক্ষেত্র যুদ্ধ হইবে ॥১১৯॥

চক্রব্যূহং সমাস্থায় যোধয়িষ্যন্তি বঃ সুরাঃ ! ।
বিমুখান্ শাত্রবান্ সর্বান্ কারয়িষ্যতি মে সুতঃ ॥১২১॥
বালঃ প্রবিশ্য চ ব্যূহমভেদ্যং বিচরিষ্যতি ।
মহারথানাং বীরাণাং কদনঞ্চ করিষ্যতি ॥১২২॥
সর্বেষামেব শত্রূণাং চতুর্থাংশং নয়িষ্যতি ।
